१44

আর্য্য শাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

প্রবর্ত্তিত

শ্রীশ্রীরামনাম মাহাত্ম্য

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ

নামই পরম পুণ্য, নামই পরম তপস্যা, নামই পরমধর্ম্ম, নামই পরম গুরু, নামই পরম জ্ঞান, নামই অখিল জগৎ, নামই জীবের জীবন, নামই বিপুল ধন।

ত্রিজগতের মধ্যে নামই সত্য, নামই ত্রিজগতের প্রিয়, নামই ত্রিজগতের ধ্যান, নামই ত্রিজগতের শ্রেষ্ঠ।

নামই প্রাণীর আশ্রয়, নামই ত্রিজগতের গুরু, নামই ত্রিভুবনের বীজ, নামই উত্তম পবিত্রকারক।

যাঁহারা রামনামরত, তাঁহারা নিশ্চয় শ্রীরামভাবনশীল, তাঁহাদের দর্শনমাত্রই রসময়ী ভক্তি হয়।

কাম-ক্রোধ-লোভাদিগুণসংযুক্ত একমাত্র নামাশ্রয়ী যেরূপ (আমার) প্রীতিসম্পাদন করে, তদ্রূপ ষড়্গুণজয়কারীগণ করে না।

পরমানন্দবিবৃদ্ধিকারক নিত্য রামনাম-পরায়ণ সুবৈষ্ণব যে দেশে নাই, সে স্থান পতিত বলিয়া মনে করি।

রামনামরতা জীবা ন পতন্তি কদাচন।
ইন্দ্রাদ্যাঃ সম্পতন্ত্যন্যে তথা চান্যেঽধিকারিণঃ ॥
নামস্মরণমাত্রেণ প্রাণান্ মুঞ্চন্তি যে নরাঃ।
ফলং তেষাং ন পশ্যামি ভজামি তাংশ্চ পার্থিব ॥
নামস্মরণমাত্রেণ নরো যাতি নিরাপদম্।
যে স্মরন্তি সদা রামং তেষাং জ্ঞানেন কিং ফলম্ ॥
নামৈব জগতাং বন্ধুর্নামৈব জগতাং প্রভুঃ।
নামৈব জগতাং জন্ম নামৈব সচরাচরম্ ॥
নামৈব ধার্য্যতে বিশ্বং নামৈব পাল্যতে জগৎ।
নামৈব নীয়তে নাম নামৈব ভুজ্যতে ফলম্ ॥
নামৈব গৃহ্যতে নাম পরং গোপ্যং পরাৎপরম্।
নামৈব কার্য্যতে কর্ম্ম নামৈব নীয়তে ফলম্ ॥
নামৈব চাঙ্গশাস্ত্রাণাং তাৎপর্য্যার্থবরং মতম্।
নামৈব বেদসারাংশসিদ্ধান্তঃ সর্ব্বদা শিবঃ ॥

Presented to Ma Anandamayee Ashram Varanasi by N.C. Ghosh

LIBRARY
No. 2/2084(ব)
Shri Shri Anandamayee Ashram
BANARAS
2/2084(ব)

অহং সমাধায় মনো যথাহ
সঙ্কর্ষণস্তচ্চরণারবিন্দে।
ত্বদ্‌বজ্ররংহোলুলিতগ্রাম্যপাশো
গতিং মুনের্যাম্যপবিদ্ধলোকঃ ॥২১

পুংসাং কিলৈকান্তধিয়াং স্বকানাং
যাঃ সম্পদো দিবি ভূমৌ রসায়াম্।
ন রাতি যদ্ দ্বেষ উদ্বেগ আধি-
র্মদঃ কলির্ব্যসনং সম্প্রয়াসঃ ॥২২

সঙ্কর্ষণঃ ভগবান্ নঃ অস্মান্ যথা আহ, তথা তচ্চরণারবিন্দে (তস্য ভগবতঃ পাদপদ্মে) মনঃ সমাধায় স্থিরীকৃত্য, ত্বদ্‌বজ্ররংহোলুলিত-গ্রাম্যপাশঃ (তব বজ্রস্য রংহসা বেগেন লুলিতঃ ছিন্নঃ গ্রাম্যপাশঃ সংসারবন্ধনভূতঃ দেহ যস্য সঃ) অতএব অপবিদ্ধলোকঃ (তত্তল্লোকবিষয়ভোগ-বাসনা যেন সঃ তথাবিধঃ সন্) অহং মুনেঃ মননশীলস্য ভক্তস্য গতিং যামি যাস্যামি ॥২১

(ভগবতি) একান্তধিয়াং সমর্পিতচিত্তানাং স্বকানাং স্বকীয়ত্বেন অঙ্গীকৃতানাং পুংসাং (পুংভ্যঃ) যাঃ দিবি ভূমৌ রসায়াং চ সম্পদঃ, তাঃ কিল নিশ্চয়ে হরিঃ ন রাতি ন দদাতি ; যৎ যাভ্যঃ সম্পদ্ভ্যঃ দ্বেষঃ অন্যোন্যং বৈরম্, উদ্বেগঃ মনসঃ চাঞ্চল্যম্, আধিঃ মনসঃ সন্তাপঃ, মদঃ গর্ব্বঃ, কলিঃ কলহঃ, ব্যসনং তন্নাশাদৌ দুঃখম্, সম্প্রয়াসঃ সংবর্দ্ধন-সংরক্ষণাদি-প্রযত্নেন শ্রমঃ ভবন্তি ॥২২

হে দেবরাজ! আমার প্রভু ভগবান্ সঙ্কর্ষণ যেরূপ উপদেশ দান করিয়াছেন, আমি তদনুসারে তাঁহার পাদপদ্মে মনোনিবেশপূর্বক—তোমার বজ্রবেগে বিষয়ভোগবাসনা ছিন্ন হইলে—এ দেহ ত্যাগ করিয়া মননশীল যোগিগণের গতি লাভ করিব (অতএব বজ্রপ্রহারে আমার দুঃখের সম্ভাবনা নাই।)।২১

হে ইন্দ্র! যাঁহারা ভগবানের একনিষ্ঠ ভক্ত, ভগবান্ কখনও সেই নিজ জনগণকে স্বর্গ, মর্ত্য ও পাতালের সম্পদ্‌রাশি দান করেন না; কারণ—ঐ সকল সম্পদ্ হইতে লোকবিদ্বেষ, উদ্বেগ, মনঃপীড়া, মত্ততা, বিবাদ, বিপত্তি ও ক্লেশের উদয় হয়।২২

ত্রৈবর্গিকায়াসবিঘাতমস্মৎ-
পতির্বিধত্তে পুরুষস্য শক্র।
ততোঽনুমেয়ো ভগবৎপ্রসাদো
যো দুর্লভোঽকিঞ্চনগোচরোঽন্যৈঃ ॥২৩

অহং হরে তব পাদৈকমূল—
দাসানুদাসো ভবিতাস্মি ভূয়ঃ।
মনঃ স্মরেতাসুপতের্গুণানাং
গৃণীত বাক্ কর্ম্ম করোতু কায়ঃ ॥২৪

হে শক্র! অস্মৎপতিঃ ভগবান্ পুরুষস্য ভক্তজনস্য ত্রৈবর্গিকায়াসবিঘাতং (ত্রৈবর্গিকঃ ধর্ম্মার্থকাম-বিষয়ঃ যঃ আয়াসঃ তস্য বিঘাতং) বিধত্তে। ততঃ আয়াসোপরমাৎ এব ভগবৎপ্রসাদঃ অনুমেয়ঃ; যঃ প্রসাদঃ অকিঞ্চন-গোচরঃ একান্তভক্তলভ্যঃ; অন্যৈঃ বিষয়াবিষ্টচিত্তৈঃ, দুর্ল্লভঃ এব ॥২৩

(অথ ভগবন্তং প্রার্থয়তে) হে হরে! অহং তব পাদৈকমূলদাসানুদাসঃ (পাদৌ এব একমূলম্ আশ্রয়ঃ যেষাং দাসানাং তেষাম্ অনুদাসঃ) ভূয়ঃ পুনঃ ভবিতাস্মি ভবিষ্যামি ভবেয়ম্। অসুপতেঃ প্রাণনাথস্য গুণানাম্ অসুপতিং ত্বাং চ মম মনঃ স্মরেত চিন্তয়েৎ, গুণান্ বাক্ গৃণীত কীর্ত্তয়েৎ, কায়ঃ তস্য কর্ম্ম করোতু ॥২৪

হে ইন্দ্র! আমাদের প্রভু সেই ভগবান্ নিজ ভক্তের ধর্ম, অর্থ ও কামবিষয়ক প্রয়াস দূর করেন। সুতরাং কাহারও তাদৃশ প্রয়াস নিবৃত্ত হইলে তাহার প্রতি 'ভগবান্ প্রসন্ন হইয়াছেন' ইহা অনুমান করা যায়। বস্তুতঃ একমাত্র অকিঞ্চন ব্যক্তিগণই ভগবানের প্রসন্নতা অনুভব করিতে পারেন, অপরের পক্ষে তাহা দুর্লভই হয়।২৩

হে ভগবন্ শ্রীহরে! আমি পুনরায় একমাত্র আপনার পদতলের দাসগণের অনুগত দাস হইব। আমার মন যেন প্রাণাধিপতি আপনার গুণসমূহ স্মরণ করে, বাগিন্দ্রিয় যেন সেই সকল গুণ কীর্তন

ন নাকপৃষ্ঠং ন চ পারমেষ্ঠ্যং
ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
সমঞ্জস ত্বা বিরহয্য কাঙ্ক্ষে ॥২৫
অজাতপক্ষা ইব মাতরং খগাঃ
স্তন্যং যথা বৎসতরাঃ ক্ষুধার্ত্তাঃ।
প্রিয়ং প্রিয়েব ব্যুষিতং বিষণ্ণা
মনোঽরবিন্দাক্ষ দিদৃক্ষতে ত্বাম্ ॥২৬

মমোত্তমঃশ্লোকজনেষু সখ্যং
সংসারচক্রে ভ্রমতঃ স্বকর্ম্মভিঃ।
ত্বন্মায়য়াত্মাত্মজদারগেহে-
ষ্বাসক্তচিত্তস্য ন নাথ ভূয়াৎ ॥২৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে একাদশোঽধ্যায়ঃ ॥১১

হে সমঞ্জস নিখিলসৌভাগ্যনিধে! ত্বা ত্বাং বিরহয্য ত্যক্ত্বা, ন নাকপৃষ্ঠং (নাকঃ স্বর্গঃ তস্য পৃষ্ঠম্ ইন্দ্রাসনম্) ন পারমেষ্ঠ্যং (পরমেষ্ঠী ব্রহ্মা রাজসং ব্রহ্মলোকং), ন সার্ব্বভৌমং (সর্ব্ব-ভূমেঃ ঈশ্বরত্বং), ন রসাধিপত্যম্ (ভূমেরধঃ সর্ব্বলোকাধিপত্যং), ন যোগসিদ্ধীঃ (বৈদিকং তামসম্ অর্থম্) অপুনর্ভবং মুক্তিং বা অহং ন কাঙ্ক্ষে ন প্রার্থয়ে ॥২৫

অজাতপক্ষাঃ খগাঃ যথা মাতরং দ্রষ্টুম্ ইচ্ছন্তি; ক্ষুধার্ত্তা বৎসতরাঃ যথা স্তন্যং প্রার্থয়ন্তে; ব্যুষিতং দূরদেশগতং প্রিয়ং দ্রষ্টুং বিষণ্ণা প্রিয়া যথা ইচ্ছতি, হে অরবিন্দাক্ষ! মে মম মনঃ তথা ত্বাং দিদৃক্ষতে দ্রষ্টুম্ ইচ্ছতি ॥২৬

স্বকর্ম্মভিঃ সংসারচক্রে ভ্রমতঃ মম উত্তমঃশ্লোকজনেষু (উত্তমঃশ্লোকস্য তব জনেষু ভক্তেষু) সখ্যং ভূয়াৎ! তথা হে নাথ! স্বামিন্! ত্বন্মায়য়া মোহেন আত্মাদিষু (আত্মা দেহঃ আত্মজাঃ পুত্রাঃ, দারাঃ স্ত্রী, গেহং গৃহং তেষু) আসক্তচিত্তস্য সংখ্যং সঙ্গঃ ন ভূয়াৎ ॥২৭

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে একাদশোঽধ্যায়ঃ ॥

করে এবং দেহ যেন আপনার সেবাকার্যেই নিযুক্ত থাকে।২৪

হে ভগবান্। আপনি সকল সৌভাগ্যের আধার বলিয়া আমি আপনার সম্পর্কশূন্য অর্থাৎ আপনাকে ত্যাগ করিয়া ধ্রুবলোক, ব্রহ্মলোক, সার্বভৌম পদ, রসাতলের আধিপত্য, যোগসিদ্ধি, এমন কি সাক্ষাৎ মুক্তিপদও কামনা করি না।২৫

হে কমললোচন! যাহাদের পক্ষ উদ্গত হয় নাই, সেই সকল পক্ষিশাবক ক্ষুধার্ত হইলে মাতার দর্শনের জন্য, রজ্জুবদ্ধ গো-বৎস দুগ্ধপানের জন্য এবং প্রোষিতভর্ত্তৃকা কামসন্তপ্তা প্রিয়তমা প্রবাসস্থিত প্রিয়তমের জন্য যেরূপ আকুল হয়, আমার মনও সেরূপ আকুলভাবে আপনাকে দেখিতে ইচ্ছা করিতেছে।২৬

হে প্রভো! আপনার মায়াবশতঃ আমি বিষয়াসক্ত হইয়া নিজ কর্মানুসারে সংসারচক্রে পরিভ্রমণ করিতেছি। এ অবস্থায় উদারকীর্তি আপনার ভক্তগণের প্রতিই যেন আমার সখ্য অর্থাৎ অনুরাগ জন্মে, দেহ, পুত্র, স্ত্রী ও গৃহের প্রতি যেন আসক্তির উদয় না হয়।২৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ

[বৃত্রেণ সহ ইন্দ্রস্য যুদ্ধম্, বৃত্রস্য বধশ্চ ।]

ঋষিরুবাচ ।

এবং জিহাসুর্নৃপ দেহমাজৌ
মৃত্যুং বরং বিজয়ান্মন্যমানঃ ।
শূলং প্রগৃহ্যাভ্যপতৎ সুরেন্দ্রং
যথা মহাপুরুষং কৈটভোঽপ্সু ॥১
ততো যুগান্তাগ্নিকঠোরজিহ্ব-
মাবিধ্য শূলং তরসাসুরেন্দ্রঃ ।
ক্ষিপ্ত্বা মহেন্দ্রায় বিনদ্য বীরো
হতোঽসি পাপেতি রুষা জগাদ ॥২

খ আপতৎ তদ্ বিচলদ্গ্রহোল্কব-
ন্নিরীক্ষ্য দুষ্প্রেক্ষ্যমজাতবিক্লবঃ ।
বজ্রেণ বজ্রী শতপর্ব্বণাচ্ছিনদ্
ভুজঞ্চ তস্যোরগরাজভোগম্ ॥৩
ছিন্নৈকবাহুঃ পরিঘেণ বৃত্রঃ
সংরব্ধ আসাদ্য গৃহীতবজ্রম্ ।
হনৌ ততাড়েন্দ্রমঘামরেভং
বজ্রঞ্চ হস্তান্ন্যপতন্মঘোনঃ ॥৪

অন্বয়ঃ

ঋষিঃ শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! অপ্সু প্রলয়োদকে, মহাপুরুষং বিষ্ণুং কৈটভঃ তদাখ্যঃ দৈত্যঃ যথা অভ্যপতৎ তদ্বৎ বিজয়াৎ মৃত্যুং বরং শ্রেষ্ঠং মন্যমানঃ বৃত্রঃ আজৌ সমরে এবং দেহং জিহাসুঃ ত্যক্তুম্ ইচ্ছুঃ সন্ স্বয়ং শূলং প্রগৃহ্য সুরেন্দ্রং বাসবম্ অভ্যপতৎ ॥১

ততঃ বীরঃ অসুরেন্দ্রঃ বৃত্রঃ যুগান্তাগ্নি-কঠোর-জিহ্বং (যুগান্তাগ্নিবৎ কঠোরা জিহ্বা শিখা যস্য তৎ) শূলম্ আবিধ্য ভ্রাময়িত্বা মহেন্দ্রায় তরসা বেগেন ক্ষিপ্ত্বা বিনদ্য হে পাপ! ত্বং ময়া হতঃ অসি ইতি রুষা জগাদ ॥২

অন্বয়ঃ

খে আকাশে আপতৎ আগচ্ছৎ তথা বিচলদ্গ্রহোল্কবৎ (বিচলৎ বিভ্রমৎ গ্রহশ্চ উল্কা চ গ্রহোল্কং তদ্বৎ) দুষ্প্রেক্ষ্যং তৎশূলং নিরীক্ষ্য অজাতবিক্লবঃ ভয়শূন্যঃ এব বজ্রীঃ ইন্দ্রঃ শতপর্ব্বণা (শতং পর্ব্বাণি যস্য তেন) বজ্রেণ তৎশূলম্ অচ্ছিনৎ তথা উরগরাজভোগম্ (উরগরাজঃ বাসুকিঃ তস্য ভোগঃ দেহঃ তদাকারং) তস্য বৃত্রস্য ভুজম্ অচ্ছিনৎ ॥৩

ছিন্নৈকবাহুঃ (ছিন্নঃ একঃ বাহুঃ যস্য সঃ) বৃত্রঃ সংরব্ধঃ কুপিতঃ সন্ গৃহীতবজ্রম্ (গৃহীতঃ বজ্রঃ যেন সঃ তম্) ইন্দ্রম্ আসাদ্য প্রাপ্য পরিঘেণ লোহদণ্ডবিশেষেণ হনৌ কপোলপ্রান্তে

দ্বাদশ অধ্যায়

[বৃত্রের সহিত ইন্দ্রের যুদ্ধ এবং বৃত্রের বধ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর বৃত্রাসুর যুদ্ধে জয়লাভ করা অপেক্ষা মরণকেই শ্রেষ্ঠ মনে করিয়া সংগ্রামক্ষেত্রে দেহত্যাগ করিতেই ইচ্ছুক হইয়াছিল এবং প্রলয় সমুদ্রজলে কৈটভ দৈত্য যেরূপ ভগবান্ বিষ্ণুর অভিমুখে ধাবিত হইয়াছিল তদ্রূপ বৃত্রাসুরও ত্রিশূল উদ্যত করিয়া ইন্দ্রের অভিমুখে ধাবিত হইল।১

অতঃপর অসুরশ্রেষ্ঠ মহাবীর বৃত্র প্রলয়কালীন অগ্নির ন্যায় প্রচণ্ড-অগ্রভাগযুক্ত ত্রিশূলটিকে বেগে ঘূর্ণিত করিয়া সিংহনাদ সহকারে ইন্দ্রের প্রতি নিক্ষেপপূর্বক ক্রোধভরে—'হে পাপিষ্ঠ! তুমি হত হইয়াছ' এরূপ বলিয়াছিল।২

বজ্রধারী ইন্দ্র আকাশমার্গে কক্ষচ্যুত গ্রহ ও উল্কার ন্যায় দ্রুতবেগে আগত সেই দুর্দর্শ ত্রিশূলটিকে দর্শন করিয়াও অকাতরচিত্তে শতগ্রন্থি-বিশিষ্ট বজ্রদ্বারা সেই ত্রিশূলটি এবং বাসুকির দেহের ন্যায় স্থূল ও বিশাল বৃত্রাসুরের বাহুটি ছেদন করিয়াছিলেন।৩

এইরূপে একটি বাহু ছিন্ন হইলে বৃত্রাসুর ক্রোধভরে বজ্রধারী ইন্দ্রের নিকটে আসিয়া পরিঘ (লৌহময় অস্ত্রবিশেষ) দ্বারা তাঁহার গণ্ডপ্রান্তে

বৃত্রস্য কর্ম্মাতিমহাদ্ভুতং তৎ
সুরাসুরাশ্চারণসিদ্ধসঙ্ঘাঃ।
অপূজয়ংস্তৎ পুরুহূতসঙ্কটং
নিরীক্ষ্য হাহেতি বিচুক্রুশুর্ভৃশম্ ॥৫
ইন্দ্রো ন বজ্রং জগৃহে বিলজ্জিত-
শ্চ্যুতং স্বহস্তাদরিসন্নিধৌ পুনঃ।
তমাহ বৃত্রো হর আত্তবজ্রো
জহি স্বশত্রুং ন বিষাদকালঃ ॥৬

যুযুৎসতাং কুত্রচিদাততায়িনাং
জয়ঃ সদৈকত্র ন বৈ পরাত্মনাম্।
বিনৈকমুৎপত্তিলয়স্থিতীশ্বরং
সর্ব্বজ্ঞমাদ্যং পুরুষং সনাতনম্ ॥৭
লোকাঃ সপালা যস্যেমে শ্বসন্তি বিবশা বশে।
দ্বিজা ইব সিচা বদ্ধাঃ স কাল ইহ কারণম্ ॥৮

ততাড়। অথ অনন্তরম্ অমরেভম্ ঐরাবতং চ ততাড় তদা মঘোনঃ ইন্দ্রস্য হস্তাৎ বজ্রং চ ন্যপতৎ ॥৪

তৎ অতিমহাদ্ভুতং বৃত্রস্য কর্ম্ম সুরাদয়ঃ সর্ব্বে অপূজয়ন্ সৎকৃতবন্তঃ। তৎ পুরুহূতসঙ্কটং (পুরুহূতস্য ইন্দ্রস্য সঙ্কটং নিরীক্ষ্য) সুরাদয়ঃ হাহা ইতি শব্দং কৃত্বা ভৃশং চুক্রুশুঃ ॥৫

অরিসন্নিধৌ স্বহস্তাৎ চ্যুতং বজ্রম্ ইন্দ্রঃ বিলজ্জিতঃ এব পুনঃ ন জগৃহে ; অতঃ বৃত্রঃ তম্ আহ, হে হরে ইন্দ্র ! আত্তবজ্রঃ সন্ তং স্বশত্রুং মাং জহি ! অয়ং হি ন বিষাদস্য কালঃ ॥৬

উৎপত্তি-লয়-স্থিতীশ্বরম্ (জগতঃ উৎপত্তৌ, লয়ে উপসংহারে, স্থিতৌ পালনে চ যঃ ঈশ্বরঃ তম্) একম্ আদ্যং সর্ব্বজ্ঞং, সনাতনং, নিত্যং পুরুষং বিনা যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্ আততায়িনাং গৃহীত-শস্ত্রাণাং, পরাত্মনাং পরমেশ্বরাধীন-দেহানাম্ একত্র স্বপক্ষে এব সদা জয়ঃ ইতি নিয়মঃ বৈ ন ; কুত্রচিৎ জয়ঃ কুত্রচিৎ পরাজয়ঃ অপি ভবেৎ ॥৭

ইমে চতুর্দ্দশ সংখ্যকাঃ সপালাঃ লোকপালসহিতাঃ লোকাঃ যস্য বশে স্থিতাঃ বিবশাঃ সন্তঃ সিচা জালেন বদ্ধাঃ দ্বিজাঃ পক্ষিণঃ ইব যথা শ্বসন্তি চেষ্টন্তে, তথা সঃ কালঃ (কলয়তি ইতি কালঃ) ভগবান্ এব ইহ জয়ে পরাজয়ে চ কারণম্ ॥৮

আঘাত করিয়া পশ্চাৎ ঐরাবতকেও আঘাত করিয়াছিল এবং তাহাতে ইন্দ্রের হস্ত হইতে বজ্রটি স্খলিত হইয়া ভূতলে পতিত হইল।৪

তৎকালে বৃত্রাসুরের সেই অতিবিচিত্র কর্ম দর্শন করিয়া দেবতা, অসুর, চারণ ও সিদ্ধগণ সমস্বরে প্রশংসা করিলেন এবং দেবরাজ ইন্দ্রের সেই মহাসঙ্কট দেখিয়া উচ্চকণ্ঠে অতিশয় হাহাকার করিয়াছিলেন।৫

হস্ত হইতে বজ্র বিচ্যুত হওয়ায় দেবরাজ অত্যন্ত লজ্জিত হইয়াছিলেন এবং সেইহেতু শত্রুর সম্মুখে আর উহা গ্রহণ করিলেন না। তখন বৃত্রাসুরই তাঁহাকে সম্বোধন করিয়া বলিল—হে ইন্দ্র ! তুমি বজ্র ধারণ করিয়া নিজ শত্রু সংহার কর, এ সময়ে বিষাদ প্রকাশ করা সঙ্গত নহে।৬

হে ইন্দ্র ! একমাত্র জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের অধীশ্বর, সর্বজ্ঞ, নিত্য, অনাদি পুরুষ ব্যতীত, যাঁহাদের দেহ পরাধীন এরূপ কোন যুদ্ধাভিলাষী অস্ত্রধারী ব্যক্তিরই সর্বদা জয়লাভ হয় না, পরন্তু কখনও জয়, কখনও বা পরাজয় ঘটিয়াই থাকে।৭

হে দেবরাজ ! লোকপালকগণের সহিত এই লোকসমুদয় যাঁহার ইচ্ছার বশীভূত থাকিয়া জালে আবদ্ধ পক্ষিগণের ন্যায় স্বয়ং অবশভাবেই নিজ নিজ কার্যে নিযুক্ত রহিয়াছে, কালরূপী সেই ভগবানই সর্বত্র জয় পরাজয়ের কারণ।৮

ওজঃ সহো বলং প্রাণমমৃতং মৃত্যুমেব চ।
তমজ্ঞায় জনো হেতুমাত্মানং মন্যতে জড়ম্ ॥৯
যথা দারুময়ী নারী যথা পত্রময়ো মৃগঃ।
এবম্ভূতানি মঘবন্নীশতন্ত্রাণি বিদ্ধি ভোঃ ॥১০
পুরুষঃ প্রকৃতির্ব্যক্তমাত্মা ভূতেন্দ্রিয়াশয়াঃ।
শক্নুবন্ত্যস্য সর্গাদৌ ন বিনা যদনুগ্রহাৎ ॥১১

ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ। সহঃ মানসী শক্তিঃ। বলং শরীরশক্তিঃ। প্রাণম্ অমৃতং মৃত্যুম্ এব তত্তৎ রূপং তং কালম্ এব হেতুম্ অজ্ঞায় অবিজ্ঞায় জনঃ মোহাৎ জড়ম্ অস্বতন্ত্রম্ আত্মানং দেহম্ এব হেতুং মন্যতে ॥৯

ভোঃ মঘবন্ ইন্দ্র! যথা দারুময়ী নারী, যথা পত্রময়ঃ মৃগঃ স্বয়ং পরতন্ত্রম্, এবং সর্ব্বাণি ভূতানি ঈশতন্ত্রাণি ইতি বিদ্ধি জানীহি ॥১০

পুরুষঃ, প্রকৃতিঃ প্রধানং, ব্যক্তং মহত্তত্ত্বম্, আত্মা অহঙ্কারঃ, ভূতানি আকাশাদীনি, ইন্দ্রিয়াণি চক্ষুরাদীনি, আশয়াঃ মনোবুদ্ধিশ্চিত্তং চ এতে যস্য অনুগ্রহাৎ বিনা অস্য বিশ্বস্য সর্গাদৌ ন শক্নুবন্তি সমর্থাঃ ভবন্তি ॥১১

কালরূপী সেই ভগবান্ই জীবগণের মানস শক্তি, দৈহিক শক্তি, প্রাণ, অমৃত ও মৃত্যুস্বরূপ। আশ্চর্য্যের বিষয় এই যে, জীব তাঁহাকে জয়-পরাজয়ের কারণরূপে না জানিয়া জড় দেহকেই উহার কারণ মনে করে।৯

হে ইন্দ্র! কাষ্ঠনির্মিত কোন নারীমূর্তি অথবা পত্রনির্মিত কোন মৃগদেহ যেরূপ মানুষের পরিচালনায়ই ইতঃস্তত চালিত হয়, সেরূপ জগতের সকল প্রাণিবর্গকেই কালরূপী ভগবানের অধীন বলিয়া জানিবে।১০

সেই পরমেশ্বরের অনুগ্রহ অর্থাৎ প্রেরণা ব্যতীত জীব, প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চভূত, ইন্দ্রিয়বর্গ ও অন্তঃকরণ ইহারা এ জগতের সৃষ্টি প্রভৃতি কার্যে সমর্থ হয় না।১১

অবিদ্বানেবমাত্মানং মন্যতেঽনীশমীশ্বরম্।
ভূতৈঃ সৃজতি ভূতানি গ্রসতে তানি তৈঃ স্বয়ম্ ॥১২
আয়ুঃ শ্রীঃ কীর্ত্তিরৈশ্বর্য্যমাশিষঃ পুরুষস্য যাঃ।
ভবন্ত্যেব হি তৎকালে যথানিচ্ছোর্বিপর্য্যয়াঃ ॥১৩
তস্মাদকীর্ত্তিযশসোর্জয়াপজয়য়োরপি।
সমঃ স্যাৎ সুখ-দুঃখাভ্যাং মৃত্যুজীবিতয়োস্তথা ॥১৪

এবম্ ঈশ্বরং স্বতন্ত্রং সর্ব্বনিয়ন্তারম্ অবিদ্বান্ অজানন্ অনীশং পরাধীনম্, অতঃ অসমর্থম্ আত্মানং জীবম্ এব ঈশ্বরঃ স্বতন্ত্রং মন্যতে। পিত্রাদিরূপৈঃ ভূতৈঃ স্বয়ং ভগবান্ এব ভূতানি সৃজতি, তথা তৈঃ এব তানি গ্রসতে ॥১২

পুরুষস্য আয়ুঃ শ্রীঃ কীর্তিঃ ঐশ্বর্য্যং তথা আশিষঃ চ হি যস্মাৎ তৎকালে আয়ুরাদ্যুচিতে কালে ভগবতঃ এব ভবন্তি, যথা অনিচ্ছোঃ অপি বিপর্য্যয়াঃ অপকীর্ত্ত্যাদয়ঃ, যথা প্রযত্নং বিনা এব ভবন্তি ॥১৩

তস্মাৎ অকীর্ত্তিযশসোঃ জয়াপরাজয়োঃ সুখদুঃখাভ্যাং সুখদুঃখয়োঃ, তথা জীবিতয়োঃ চ সমঃ হর্ষবিষাদহীনঃ স্যাৎ ॥১৪

জীব ঈশ্বরেরই অধীন, পরন্তু মীমাংসক প্রভৃতি মতবাদিগণ ইহা না জানিয়া জীবকেই সৃষ্টি প্রভৃতি কার্যের স্বতন্ত্র কারণ মনে করেন। বস্তুতঃ ঈশ্বরই স্বয়ং পিতা প্রভৃতির দ্বারা পুত্র প্রভৃতির সৃষ্টি করেন, আবার তিনিই ব্যাঘ্রাদির দ্বারা সেই সৃষ্ট প্রাণিগণের সংহার করিয়া থাকেন।১২

পুরুষের অনিচ্ছা সত্ত্বেও যেরূপ যথাকালে আয়ুঃ, সৌন্দর্য, কীর্তি, ঐশ্বর্য ও অন্যান্য কাম্য বিষয়সমূহের অভাব ঘটিয়া থাকে, সেরূপ তাহার অনিচ্ছাসত্ত্বেও যথাকালে ঐ সকল বস্তুর প্রাপ্তি অবশ্যম্ভাবী।১৩

এইরূপে সকলই ঈশ্বরের অধীন বলিয়া কীর্তি-অকীর্তি, জয়-পরাজয়, সুখ-দুঃখ ও জীবন-মরণ সকল অবস্থায়ই হর্ষবিষাদশূন্য হইয়া সমভাবে অবস্থান করিবে।১৪

সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্নাত্মনো গুণাঃ।
তত্র সাক্ষিণমাত্মানং যো বেদ স ন বধ্যতে ॥১৫
পশ্য মাং নির্জিতং শক্র বৃক্ণায়ুধভুজং মৃধে।
ঘটমানং যথাশক্তি তব প্রাণজিহীর্ষয়া ॥১৬
প্রাণগ্লহোঽয়ং সমর ইষ্বক্ষো বাহনাসনঃ।
অত্র ন জ্ঞায়তেঽমুষ্য জয়োঽমুষ্য পরাজয়ঃ ॥১৭

শ্রীশুক উবাচ।

ইন্দ্রো বৃত্রবচঃ শ্রুত্বা গতালীকমপূজয়ৎ।
গৃহীতবজ্রঃ প্রহসংস্তমাহ গতবিস্ময়ঃ ॥১৮

ইন্দ্র উবাচ।

অহো দানব সিদ্ধোঽসি যস্য তে মতিরীদৃশী।
ভক্তঃ সর্ব্বাত্মনাত্মানং সুহৃদং জগদীশ্বরম্ ॥১৯
ভবানতার্ষীন্মায়াং বৈ বৈষ্ণবীং জনমোহিনীম্।
যদ্ বিহায়াসুরং ভাবং মহাপুরুষতাং গতঃ ॥২০

সত্ত্বঃ, রজঃ, তমঃ, ইতি গুণাঃ প্রকৃতেঃ এব ন আত্মনঃ জীবস্য, তত্র কার্য্যকারণাত্মকে দেহে স্থিতম্ আত্মানং যঃ সাক্ষিণম্ অধ্যায়রহিতং সাক্ষিমাত্রং বেদ জানাতি, সঃ ন (বিষাদাদিভিঃ) বধ্যতে ন লিপ্যতে ॥১৫

হে শক্র! বৃক্ণায়ুধভুজম্ (বৃক্ণং ছিন্নম্ আয়ুধং ভুজঃ চ যস্য তম্) অতএব ত্বয়া নির্জ্জিতং তথাপি তব প্রাণজিহীর্ষয়া যথা শক্তি মৃধেঃ যুদ্ধে ঘটমানং চেষ্টমানং মাং পশ্য ॥১৬

অয়ং সমরঃ সমরলক্ষণদ্যূতঃ প্রাণগ্লহঃ (প্রাণাঃ এব গ্লহঃ পণঃ যস্মিন্ সঃ) ইষ্বক্ষঃ (ইষবঃ এব অক্ষাঃ যস্মিন্ সঃ) বাহনাসনঃ (বাহনানি হস্ত্যশ্বাদীনি এব ততঃ চাল্যমানানি আসনানি ফলকাঃ যস্মিন্ সঃ) অত্র সমরে অপি (অক্ষপতনাধীন-জয়-পরাজয়য়োরিব) অমুষ্য জয়ঃ অমুষ্য পরাজয়ঃ ইতি পূর্ব্বং ন জ্ঞায়তে ॥১৭

শ্রীশুকঃ উবাচ,—গতালীকং নিষ্কপটং বৃত্রবচঃ শ্রুত্বা তং বৃত্রম্ অপূজয়ৎ সৎকৃতবান্, তথা গতবিস্ময়ঃ লব্ধবিবেকঃ অতঃ গৃহীতবজ্রঃ ইন্দ্রঃ প্রহসন্ তং বৃত্রম্ আহ ॥১৮

ইন্দ্রঃ উবাচ। অহো হে দানব! ত্বং সিদ্ধঃ কৃতার্থঃ অসি। যস্য তে তব ঈদৃশা বিবেকধৈর্য্যভক্ত্যাদি যুক্তা মতিঃ অস্তি। যতঃ জগতাং সুহৃদং মিত্রম্ ঈশ্বরং সর্বনিয়ন্তার ভগবন্তং সর্ব্বাত্মনা অনন্যভাবেন ত্বং ভক্তঃ সেবিতবান্ অসি ॥১৯

ভবান্ বৈ নিশ্চয়ে জনমোহিনীং বৈষ্ণবীং মায়াম্ অতার্ষীঃ যৎ যস্মাৎ আসুরং ভাবং ক্রৌর্য্য-মৌঢ্যাদিকং বিহায় মহাপুরুষতা জ্ঞানবৈরাগ্যভক্ত্যাদিভক্তলক্ষণং গতঃ প্রাপ্তঃ ॥২০

সত্ত্ব, রজঃ ও তমঃ—এই তিনটি পদার্থ প্রকৃতিরই গুণ, আত্মার নহে। যে ব্যক্তি আত্মা অর্থাৎ জীবকে উক্ত গুণত্রয়ের সাক্ষী বলিয়া অবগত হন, তিনি হর্ষাদি দ্বারা বদ্ধ হন না।১৫

হে ইন্দ্রে! তুমি আমার দিকেই দৃষ্টিপাত করিয়া দেখ—আমি যুদ্ধে তোমা কর্তৃক পরাভূত হইয়াছি, অধিকন্তু আমার অস্ত্র ও একটি বাহু ছিন্ন হইয়াছে, এ অবস্থায়ও আমি তোমার প্রাণসংহারের ইচ্ছায় যথাশক্তি চেষ্টা করিতেছি।১৬

এই যে যুদ্ধ ইহা অবিকল দ্যূতক্রীড়ার তুল্য; যোদ্ধা ও প্রতিযোদ্ধার প্রাণ অর্থাৎ জীবনই ইহার পণ, বাণাদি অস্ত্রসমূহই পাশা এবং হস্তী প্রভৃতি বাহনসমূহই ইতস্ততঃ চালিত ফলকস্বরূপ। এই যুদ্ধরূপ দ্যূতক্রীড়ায় অমুকের জয় হইবে. অমুকের পরাজয় হইবে—ইহা পূর্বে কেহই জানিতে পারে না।১৭

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবরাজ ইন্দ্র বৃত্রাসুরের পূর্বোক্ত নিষ্কপট বাক্য শ্রবণ করিয়া উহার প্রশংসা করিলেন এবং বিস্ময়শূন্যচিত্তে বজ্র ধারণপূর্বক হাসিতে হাসিতেই তাহাকে এরূপ বলিয়াছিলেন।১৮

ইন্দ্র বলিলেন হে দানব! যে তোমার এরূপ সুমতির উদয় হইয়াছে, সেই তুমি নিশ্চয়ই সিদ্ধিলাভ করিয়াছ। তুমি জগতের ঈশ্বর ও সুহৃদ্ পরমাত্মাকে সর্বান্তঃকরণে ভজন করিয়াছ।১৯

যেহেতু তুমি অসুরভাব পরিত্যাগপূর্বক মহা-পুরুষগণের স্বভাব প্রাপ্ত হইয়াছ, অতএব তুমি

খল্বিদং মহদাশ্চর্য্যং যদ্রজঃপ্রকৃতেস্তব।
বাসুদেবে ভগবতি সত্ত্বাত্মনি দৃঢ়া মতিঃ ॥২১
যস্য ভক্তির্ভগবতি হরৌ নিঃশ্রেয়সেশ্বরে।
বিক্রীড়িতোঽমৃতাম্ভোধৌ কিং ক্ষুদ্রৈঃ খাতকোদকৈঃ ॥২২

শ্রীশুক উবাচ।

ইতি ব্রুবাণাবন্যোন্যং ধর্ম্মজিজ্ঞাসয়া নৃপ।
যুযুধাতে মহাবীর্য্যাবিন্দ্রবৃত্রৌ যুধাং পতী ॥২৩

আবিধ্য পরিঘং বৃত্রঃ কার্ষ্ণায়সমরিন্দমঃ।
ইন্দ্রায় প্রাহিণোদ্ ঘোরং বামহস্তেন মারিষ ॥২৪

স তু বৃত্রস্য পরিঘং করঞ্চ পরিঘোপমম্।
চিচ্ছেদ যুগপদ্দেবো বজ্রেণ শতপর্ব্বণা ॥২৫

দোর্ভ্যা-মুৎকৃত্তমূলাভ্যাং বভৌ রক্তস্রবোঽসুরঃ।
ছিন্নপক্ষো যথা গোত্রঃ খাদ্‌ভ্রষ্টো বজ্রিণা হতঃ ॥২৬

ইদং খলু মহৎ আশ্চর্য্যং যৎ রজঃ প্রকৃতেঃ তব ভগবতি সত্ত্বাত্মনি বাসুদেবে দৃঢ়া মতিঃ জাতা ॥২১

নিঃশ্রেয়সেশ্বরে (নিঃশ্রেয়সং মোক্ষঃ তস্য ঈশ্বরে দাতরি) ভগবতি হরৌ ভক্তিঃ ভবতি ; অমৃতাম্ভোধৌ বিক্রীড়িতঃ জনস্য যথা ক্ষুদ্রৈঃ খাতকোদকৈঃ গর্ত্তজলৈঃ ন কিঞ্চিৎ প্রয়োজনম্ তথা তবাপি স্বর্গাদিভোগাপেক্ষা নাস্তি ॥২২

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! ইতি ধর্ম্মাজিজ্ঞাসয়া ব্রুবাণৌ মহাবীর্য্যৌ যুধাংপতী (যুধাং যুধ্যন্তে ইতি—যুধঃ যোদ্ধারঃ তেষাং পতী মুখ্যৌ) ইন্দ্রবৃত্রৌ অন্যোন্যং পরস্পরং যুযুধাতে ॥২৩

হে মারিষ! হে মান্য! অরিন্দমঃ বৃত্রঃ কার্ষ্ণায়সং লৌহনির্ম্মিতং ঘোরং পরিঘম্ আবিধ্য ভ্রাময়িত্বা বামহস্তেন ইন্দ্রায় প্রাহিণোৎ ॥২৪

সঃ তু দেবঃ ইন্দ্রঃ শতপর্ব্বণা বজ্রেণ বৃত্রস্য পরিঘং তথা পরিঘোপমং করং চ যুগপৎ একদৈব চিচ্ছেদ ॥২৫

উৎকৃত্তমূলাভ্যাম্ (উৎকৃত্তং মূলং যয়োঃ তাভ্যাং) দোর্ভ্যাং ভুজাভ্যাং রক্তস্রাবঃ রক্তং রুধিরং স্রবতীতি তথা ভূতঃ অসুরঃ বৃত্রঃ বজ্রিণা হতঃ, ছিন্নপক্ষঃ খাৎ অত্যুচ্চ-প্রদেশাৎ ভ্রষ্টঃ পতিতঃ গোত্রঃ পর্ব্বতঃ যথা তথা বভৌ বিরেজে ॥২৬

নিশ্চয়ই লোকমোহিনী বিষ্ণুমায়াকে অতিক্রম করিয়াছ।২০

ইহা অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে—তুমি রাজস-স্বভাব হইলেও সত্ত্বগুণময় ভগবান্ বাসুদেবের প্রতি তোমার মতি দৃঢ়তর হইয়াছে।২১

মুক্তির অধীশ্বর ভগবান্ শ্রীহরির প্রতি যাহার ভক্তি জন্মিয়াছে, সুধাসমুদ্রে বিহাররত সেই তোমার পক্ষে অল্পপরিসর গর্তাদির জলসদৃশ ক্ষুদ্র স্বর্গাদি সুখের প্রয়োজন কি ?২২

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! যুদ্ধনিপুণ মহাবলশালী ইন্দ্র ও বৃত্রাসুর ধর্মতত্ত্ব জানিবার ইচ্ছায় পরস্পর এরূপ বাক্যালাপ করিতে করিতে সংগ্রামে রত হইয়াছিলেন।২৩

হে মহামান্য মহারাজ! অনন্তর শত্রুদমনকারী বৃত্রাসুর বামহস্তে লৌহময় একটি ভয়ঙ্কর পরিঘ অস্ত্র ঘূর্ণিত করিয়া ইন্দ্রের প্রতি নিক্ষেপ করিয়াছিল।২৪

পরন্তু দেবরাজ ইন্দ্র শতগ্রন্থিবিশিষ্ট বজ্রদ্বারা বৃত্রাসুরের সেই পরিঘ অস্ত্র এবং পরিঘতুল্য বাম-বাহু এককালেই ছেদন করিয়াছিলেন।২৫

তৎকালে দুই বাহুর ছিন্ন মূলদেশ হইতে রক্তধারা ক্ষরিত হইতেছিল বলিয়া বৃত্রাসুর ইন্দ্রকর্তৃক আহত ও আকাশ হইতে পতিত ছিন্নপক্ষ পর্বতের ন্যায় শোভা পাইতেছিল।২৬

কৃত্বাধরাং হনুং ভূমৌ দৈত্যো দিব্যুত্তরাং হনুম্ ।
নভোগম্ভীরবক্ত্রেণ লেলিহোল্বণজিহ্বয়া ॥২৭
দংষ্ট্রাভিঃ কালকল্পাভির্গ্রসন্নিব জগত্ত্রয়ম্ ।
অতিমাত্রমহাকায় আক্ষিপংস্তরসা গিরীন্ ॥২৮
গিরিরাট্ পাদচারীব পদ্ভ্যাং নির্জরয়ন্মহীম্।
জগ্রাস স সমাসাদ্য বজ্রিণং সহবাহনম্ ॥২৯
মহাপ্রাণো মহাবীর্য্যো মহাসর্প ইব দ্বিপম্ ।
বৃত্রগ্রস্তং তমালোক্য সপ্রজাপতয়ঃ সুরাঃ ।
হা কষ্টমিতি নির্ব্বিণ্ণাশ্চুক্রুশুঃ সমহর্ষয়ঃ ॥৩০

নিগীর্ণোঽপ্যসুরেন্দ্রেণ ন মমারোদরং গতঃ ।
মহাপুরুষসন্নদ্ধো যোগমায়াবলেন চ ॥৩১

ভিত্ত্বা বজ্রেণ তৎকুক্ষিং নিষ্ক্রম্য বলভিদ্ বিভুঃ ।
উচ্চকর্ত্ত শিরঃ শত্রোর্গিরিশৃঙ্গমিবৌজসা ॥৩২

বজ্রস্তু তৎকন্ধরমাশুবেগঃ
কৃন্তন্ সমন্তাৎ পরিবর্ত্তমানঃ।
ন্যপাতয়ৎ তাবদহর্গণেন
যো জ্যোতিষাময়নে বার্ত্রহত্যে ॥৩৩

দৈত্যঃ বৃত্রঃ অধরাং হনুং ভূমৌ কৃত্বা, উত্তরাং হনুং দিবি আকাশে কৃত্বা নভো-গম্ভীরবক্ত্রেণ (নভোবৎ গম্ভীরেণ বক্ত্রেণ) লেলিহোল্বণজিহ্বয়া (লেলিহঃ সর্পঃ তদ্বৎ উল্বণয়া-ভয়ঙ্করয়া জিহ্বয়া) ॥২৭

কালকল্পাভিঃ মৃত্যুতুল্যাভিঃ চ দংষ্ট্রাভিঃ জগৎত্রয়ং গ্রসন্ ইব অতিমাত্রঃ অত্যুচ্ছ্রিতঃ মহাকায়ঃ যস্য সঃ তরসা বেগেন গিরীন্ আক্ষিপন্ চালয়ন্ ॥২৮

পদ্ভ্যাং মহীং নির্জরয়ন্ সংচূর্ণয়ন্ পাদচারী গিরিরাট্ ইব সবাহনম্ ঐরাবত-সহিতং বজ্রিণম্ ইন্দ্রং সমাসাদ্য ঝটিতি প্রাপ্য জগ্রাস ॥২৯

মহাপ্রাণঃ মহাবলঃ, মহাবীর্য্যঃ মহাপ্রভাবঃ, মহাসর্পঃ অজাগরঃ যথা দ্বিপং হস্তিনং গ্রসেৎ, তথা ইন্দ্রং বৃত্রগ্রস্তম্ (বৃত্রেণ গ্রস্তম্) আলোক্য সপ্রজাপতয়ঃ সমহর্ষয়ঃ সুরাঃ নির্ব্বিণ্ণাঃ বিষণ্ণাঃ সন্তঃ হা কষ্টম্ ইতি উক্ত্বা চুক্রুশুঃ খেদং চক্রুঃ ॥৩০

অসুরেন্দ্রেণ বৃত্রেণ নিগীর্ণঃ গিলিতঃ তথা উদরং গতঃ অপি মহাপুরুষসন্নদ্ধঃ (মহাপুরুষেণ শ্রীনারায়ণকবচরূপেণ সন্নদ্ধঃ দংশিতঃ) ইন্দ্রঃ স্বেন যোগমায়াবলেন চ ন মমার ॥৩১

ততশ্চ বলভিৎ বিভুঃ ইন্দ্রঃ বজ্রেণ তৎ কুক্ষিং ভিত্ত্বা নিষ্ক্রম্য গিরিশৃঙ্গম্ ইব শত্রোঃ বৃত্রস্য শিরঃ ওজসা বেগেন উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥৩২

আশুবেগঃ অতিবেগান্ অপি বজ্রঃ বৃত্রস্য কন্ধরং কন্ধরাং কৃন্তন্ তস্যাঃ সমন্তাৎ সর্ব্বদিক্ষু পরিবর্ত্তমানঃ অপি জ্যোতিষাং সূর্য্যাদীনাম্ অয়নে দক্ষিণোত্তরগতিরূপে সংবৎসরে যঃ

অনন্তর বিশালদেহ বৃত্রাসুর নীচের চোয়াল ভূতলে ও উপরের চোয়াল স্বর্গলোকে সংলগ্ন করিয়া, আকাশের ন্যায় গভীর মুখমণ্ডল, সর্পের ন্যায় উগ্র জিহ্বা এবং সাক্ষাৎ মৃত্যুর ন্যায় ভয়ঙ্কর তীক্ষ্ণ দন্তরাজি দ্বারা ত্রিভুবন গ্রাস করিতে উদ্যত হইয়াই যেন বেগভরে পর্বতসমূহকে চালিত করিয়া পদযুগল দ্বারা ভূমণ্ডল চূর্ণ করিতে করিতে পদচারী পর্বতের ন্যায় নিকটে আসিয়া ঐরাবতসহ ইন্দ্রকে গ্রাস করিয়াছিল ।২৭-২৯

মহাবল ও মহাপরাক্রমশালী মহাসর্প যেরূপ হস্তীকে গ্রাস করে, বৃত্রাসুরও সেরূপই ইন্দ্রকে গ্রাস করিয়াছিল। তৎকালে প্রজাপতিগণ ও মহর্ষিগণের সহিত দেবতাগণ সকলেই ইন্দ্রকে বৃত্রাসুর গ্রাস করিয়াছে দেখিয়া বিষণ্ণচিত্তে—"হায় কি কষ্ট" এরূপ আর্তনাদ করিয়াছিলেন ।৩০

অসুররাজ বৃত্র ইন্দ্রকে গ্রাস করিলে তিনি তাহার উদরস্থ হইয়াও শ্রীনারায়ণকবচকর্তৃক সর্বতোভাবে রক্ষাহেতু এবং যোগশক্তি ও মায়ার প্রভাবে মৃত্যুমুখে পতিত হন নাই ।৩১

পরন্তু মহাপ্রভাবশালী ইন্দ্র বজ্রদ্বারা বৃত্রের উদর বিদীর্ণ করিয়া তথা হইতে নিষ্ক্রান্ত হইয়াই বলপূর্বক পর্বতশৃঙ্গ-সদৃশ শত্রুর মস্তকটি ছেদন করিয়াছিলেন ।৩২

ইন্দ্রের বজ্র দ্রুতবেগযুক্ত হইলেও উহা বৃত্রাসুরের

তদা চ খে দুন্দুভয়ো বিনেদু-
গন্ধর্ব্বসিদ্ধাঃ সমহর্ষিসঙ্ঘাঃ।
বার্ত্রঘ্নলিঙ্গৈস্তমভিষ্টুবানা
মন্ত্রৈর্মুদা কুসুমৈরভ্যবর্ষন্ ॥৩৪

বৃত্রস্য দেহান্নিষ্ক্রান্তমাত্মজ্যোতিররিন্দম।
পশ্যতাং সর্ব্বদেবানামলোকং সমপদ্যত ॥৩৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২

অহর্গণঃ ষষ্ট্যুত্তরশতত্রয়াত্মকঃ তাবতাহর্গণেন বার্ত্রহত্যে বৃত্রহত্যাযোগ্যে কালে শিরঃ ন্যপাতয়ৎ ॥৩৩

তদা চ খে স্বর্গে দুন্দুভয়ঃ বিনেদুঃ, গন্ধর্ব্বসিদ্ধাঃ সমহর্ষিসঙ্ঘাঃ বার্ত্রঘ্নলিঙ্গৈঃ বৃত্রহন্তুঃ বীর্য্যপ্রকাশকৈঃ মন্ত্রৈঃ অভিষ্টুবানাঃ অভিষ্টুবন্তঃ; সমহর্ষিসঙ্ঘাঃ গন্ধর্ব্বসিদ্ধাঃ মুদা হর্ষেণ তম্ ইন্দ্রং কুসুমৈঃ অভ্যবর্ষন্ ॥৩৪

হে অরিন্দম! বৃত্রস্য দেহাৎ নিষ্ক্রান্তম্ আত্মজ্যোতিঃ জীবাখ্যং তেজঃ পশ্যতাং সর্ব্বদেবানাম্ অলোকং লোকাতীতং ভগবন্তং সমপদ্যত প্রাপ ॥৩৫

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি কৃতান্বয়ে দ্বাদশোঽধ্যায়ঃ ॥

হত্যাকার্যে তাহার গ্রীবাদেশের চতুর্দিকে ভ্রমণ করিয়া উহা ছেদন করিতে করিতে সূর্য্য প্রভৃতির উত্তরায়ণে ও দক্ষিণায়ণে যত দিন হয়, ততদিনে অর্থাৎ তিনশত ষাট দিনে উহার পতন ঘটাইয়াছিল।৩৩

(এইরূপে বৃত্রাসুর নিহত হইলে) তৎকালে আকাশে দুন্দুভিসমূহের ধ্বনি উত্থিত হইল এবং মহর্ষিগণের সহিত গন্ধর্ব ও সিদ্ধগণ বৃত্রসংহারকারী ইন্দ্রের বীর্যপ্রকাশক মন্ত্র উচ্চারণ পূর্বক তাঁহার স্তুতি করিতে করিতে হর্ষসহকারে পুষ্প বর্ষণ করিয়াছিলেন।৩৪

হে শত্রুদমন মহারাজ! তৎকালে বৃত্রাসুরের দেহ হইতে জ্যোতির্ময় আত্মা নির্গত হইয়া দেবতাগণের দৃষ্টির সম্মুখেই লোকাতীত ভগবান্‌কে প্রাপ্ত হইয়াছিল।৩৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

LIBRARY
No. . ...
Sh. . .- . . ..yee Ashram
BENARES

ত্রয়োদশঃ অধ্যায়ঃ

[ব্রহ্মহত্যাভয়াদিন্দ্রস্য পলায়নম্, অশ্বমেধযজ্ঞেন ব্রহ্মহত্যানিবারণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

বৃত্রে হতে ত্রয়ো লোকা বিনা শক্রেণ ভূরিদ।
সপালা হ্যভবন্ সদ্যো বিজ্বরা নির্ব্বৃতেন্দ্রিয়াঃ ॥১

দেবর্ষি-পিতৃ-ভূতানি দৈত্যা দেবানুগাঃ স্বয়ম্।
প্রতিজগ্মুঃ স্বধিষ্ণ্যানি ব্রহ্মেশেন্দ্রাদয়স্ততঃ ॥২

রাজোবাচ।

ইন্দ্রস্যানির্ব্বৃতের্হেতুং শ্রোতুমিচ্ছামি ভো মুনে।
যেনাসন্ সুখিনো দেবা হরের্দুঃখং কুতোঽভবৎ ॥৩

শ্রীশুক উবাচ।

বৃত্রবিক্রমসংবিগ্নাঃ সর্ব্বে দেবাঃ সহর্ষিভিঃ।
তদ্‌বধায়ার্থয়ন্নিন্দ্রং নৈচ্ছদ্ভীতো বৃহদ্‌বধাৎ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে ভূরিদ! রাজন্! বৃত্রে হতে সতি শক্রেণ বিনা (এবং শক্রং বিহায়) সপালাঃ ত্রয়ঃ লোকাঃ হি সদ্যঃ বিজ্বরাঃ সন্তাপরহিতাঃ নির্বৃতেন্দ্রিয়াঃ আনন্দিতমনসঃ চ অভবন্ ॥১

ততঃ দেবর্ষি-পিতৃ-ভূতানি দৈত্যাঃ দেবানুগাঃ সেনাপতয়ঃ গন্ধর্ব্বাদয়শ্চ তথা ব্রহ্মা ঈশঃ ইন্দ্রাদয়শ্চ সর্ব্বে ততঃ স্থানাৎ স্বয়ম্ (অনির্বৃতং শক্রম্ অপৃষ্ট্বৈব) স্বধিষ্ণ্যানি প্রতিজগ্মুঃ ॥২

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে মুনে! ইন্দ্রস্য অনির্বৃতেঃ বিষণ্ণভাবস্য হেতুং কারণং শ্রোতুম্ ইচ্ছামি; যেন বৃত্রবধেন দেবাঃ সুখিনঃ আসন্, তেন হরেঃ ইন্দ্রস্য কুতঃ দুঃখম্ অভবৎ ॥৩

শ্রীশুকঃ উবাচ। বৃত্রবিক্রমসংবিগ্নাঃ ঋষিভিঃ সহ সর্ব্বে দেবাঃ তস্য বৃত্রস্য বধায় ইন্দ্রম্ আর্থয়ন্ প্রার্থয়ন্ত। বৃহদ্‌বধাৎ ব্রাহ্মণবধাৎ ভীতঃ ইন্দ্রঃ তু তৎ ন ঐচ্ছৎ ॥৪

ত্রয়োদশ অধ্যায়

[ব্রহ্মহত্যাভয়ে ইন্দ্রের পলায়ন এবং অশ্বমেধযজ্ঞদ্বারা ব্রহ্মহত্যা নিবারণ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহাবদান্য মহারাজ! বৃত্রাসুর নিহত হইলে ইন্দ্রব্যতীত অন্যান্য লোকপালকগণের সহিত ত্রিলোকবাসী সকলেরই সন্তাপরাশি সদ্যঃ দূরীভূত হওয়ায় সকলেই চিত্তে আনন্দ অনুভব করিয়াছিলেন।১

অনন্তর দেবতাগণ, ঋষিগণ, পিতৃগণ, ভূতগণ, দৈত্যগণ, দেবানুচরগণ এবং ব্রহ্মা, মহাদেব ও ইন্দ্রপ্রভৃতি সকলেই নিজ নিজ স্থানে প্রস্থান করিলেন, কিন্তু কেহই ইন্দ্রকে কোন কথা জিজ্ঞাসা করেন নাই।২

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে মুনিবর! ইন্দ্রের দুঃখের কারণ কি তাহা আমি শুনিতে ইচ্ছা করি। বস্তুতঃ যে বৃত্রবধহেতু সকল দেবতাই সুখী হইয়াছিলেন, তাহাতে ইন্দ্রের কেন দুঃখ উপস্থিত হইয়াছিল?৩

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বৃত্রাসুরের পরাক্রমে উদ্বিগ্ন হইয়া ঋষিগণ ও দেবতাগণ তাহাকে বধ করিবার জন্য ইন্দ্রের নিকট প্রার্থনা করিলে ইন্দ্র ব্রহ্মহত্যার ভয়ে ভীত হইয়া প্রথমতঃ তদ্‌বিষয়ে ইচ্ছুক হন নাই।৪

ইন্দ্র উবাচ।

স্ত্রীভূদ্রুমজলৈরেনো বিশ্বরূপবধোদ্ভবম্।
বিভক্তমনুগৃহ্লদ্ভির্বৃত্রহত্যাং ক্ব মার্জ্ম্যহম্ ॥৫

শ্রীশুক উবাচ।

ঋষয়স্তদুপাকর্ণ্য মহেন্দ্রমিদমব্রুবন্।
যাজয়িষ্যাম ভদ্রং তে হয়মেধেন মাস্ম ভৈঃ ॥৬
হয়মেধেন পুরুষং পরমাত্মানমীশ্বরম্।
ইষ্ট্বা নারায়ণং দেবং মোক্ষ্যসেঽপি জগদ্‌বধাৎ ॥৭

ব্রহ্মহা পিতৃহা গোঘ্নো মাতৃহাচার্য্যহাঘবান্।
শ্বাদঃ পুক্কশকো বাপি শুধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ ॥৮
তমশ্বমেধেন মহামখেন
শ্রদ্ধান্বিতোঽস্মাভিরনুষ্ঠিতেন।
হত্বাপি সব্রহ্মচরাচরং ত্বং
ন লিপ্যসে কিং খলনিগ্রহেণ ॥৯

শ্রীশুক উবাচ।

এবং সঞ্চোদিতো বিপ্রৈর্মরুত্বানহনদ্ রিপুম্।
ব্রহ্মহত্যা হতে তস্মিন্নাসসাদ বৃষাকপিম্ ॥১০

ইন্দ্রঃ উবাচ। অনুগৃহ্লদ্ভিঃ ময়ি অনুগ্রহং কুর্ব্বদ্ভিঃ স্ত্রীভূদ্রুমজলৈঃ বিশ্বরূপোদ্ভবম্ এনঃ পাপং বিভক্তম্; বৃত্রহত্যাং তজ্জনিতং পাপং পুনঃ ক্ব কুত্র মার্জ্মি শোধয়ামি ॥৫

শ্রীশুকঃ উবাচ। তৎ ইন্দ্রবচনম্ উপাকর্ণ্য ঋষয়ঃ মহেন্দ্রম্ ইদম্ অব্রুবন্ যথা হে মহেন্দ্র! হয়মেধেন বয়ং তে ত্বাং যাজয়িষ্যাম তথা চ তে ভদ্রং ভবিষ্যতি পাপাৎ বিনির্ম্মুক্তঃ ভবিষ্যসি। মাস্ম ভৈঃ ভয়ং মা কুরু ॥৬

হয়মেধেন পুরুষং পূর্ণং পরমাত্মানম্ ঈশ্বরং সর্ব্বনিয়ন্তারং দেবং নারায়ণম্ ইষ্ট্বা পূজয়িত্বা জগদ্‌বধাৎ জগদ্‌বধজনিতাৎ অপি পাপাৎ ত্বং মোক্ষ্যসে ॥৭

ব্রহ্মহাদি-পুক্কশঃ-পর্যন্তাঃ মহাপাতকিনঃ জনাঃ যস্য নামকীর্ত্তনাৎ শুধ্যেরন্, তং ভগবন্তং ত্বং শ্রদ্ধান্বিতঃ ভূত্বা অস্মাভিঃ অনুষ্ঠিতেন মহামখেন অশ্বমেধেন ইষ্ট্বা সব্রহ্ম চরাচরং (ব্রাহ্মণসহিতং চরাচরং) হত্বাপি তৎপাপে যর্হি ন লিপ্যসে তর্হি খলস্য বৃত্রস্য নিগ্রহেণ নিগ্রহজনিতেন ন লিপ্যসে ইতি কিং বক্তব্যম্ ইতি ॥৮-৯

শ্রীশুকঃ উবাচ। এবং বিপ্রৈঃ সঞ্চোদিতঃ প্রেরিতঃ মরুত্বান্ ইন্দ্রঃ রিপুং বৃত্রম্ অহনৎ; তস্মিন্ বৃত্রে হতে সতি বৃষাকপিম্ ইন্দ্রং ব্রহ্মহত্যা আসসাদ ॥১০

ইন্দ্র বলিয়াছিলেন—আমি পূর্বে বিশ্বরূপকে বধ করায় যে পাপ উৎপন্ন হইয়াছিল, তৎকালে স্ত্রী, ভূমি, বৃক্ষ ও জল অনুগ্রহপূর্বক তাহা ভাগ করিয়া গ্রহণ করিয়াছিল, পরন্ত সম্প্রতি বৃত্রকে বধ করিলে যে পাপ হইবে তাহা কোথায় প্রক্ষালন করিব ?৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ঋষিগণ ইন্দ্রের বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে এরূপ বলিয়াছিলেন—হে দেবরাজ! তুমি ভীত হইও না, আমরা তোমাদ্বারা অশ্বমেধ যজ্ঞ করাইব, তোমার মঙ্গল হউক ।৬

তুমি অশ্বমেধ যজ্ঞদ্বারা জগতের অধীশ্বর, পরমাত্মা, পরমপুরুষ নারায়ণের আরাধনা করিয়া সমগ্র জগতের বধের পাপ হইতেও মুক্তিলাভে সমর্থ হইবে, বৃত্রবধের পাপ হইতে যে মুক্ত হইবে এবিষয়ে আর বক্তব্য কি ?৭

ব্রহ্মঘাতী, পিতৃঘাতী, গোহত্যাকারী, মাতৃঘাতী ও গুরুহত্যাকারী পাপী ব্যক্তি, কুক্কুরমাংসভোজী দুরাচার এবং নীচজাতি চণ্ডালও যাঁহার নামাদি কীর্তনের প্রভাবে শুদ্ধিলাভ করে, তুমি আমাদিগকর্তৃক অনুষ্ঠিত মহাযজ্ঞ অশ্বমেধ দ্বারা শ্রদ্ধাযুক্তচিত্তে সেই ভগবান্ নারায়ণের আরাধনা করিলে ব্রাহ্মণসহ এই চরাচর জগৎ সংহার করিয়াও পাপলিপ্ত হইবে না, সুতরাং দুষ্ট বৃত্রাসুরকে বধ করিলে যে পাপলিপ্ত হইবে না—এ বিষয়ে আর কথা কি ?৮-৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ইন্দ্র ব্রাহ্মণগণের এরূপ প্রেরণাবশতই নিজ শত্রু বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন এবং বৃত্র নিহত হইলে ব্রহ্ম-

তয়েন্দ্রঃ স্মাসহৎ তাপং নির্ব্বৃতির্নামুমাবিশৎ ।
হ্রীমন্তং বাচ্যতাং প্রাপ্তং সুখয়ন্ত্যপি নো গুণাঃ ॥১১
তাং দদর্শানুধাবন্তীং চাণ্ডালীমিব রূপিণীম্ ।
জরয়া বেপমানাঙ্গীং যক্ষ্মগ্রস্তামসৃক্পটাম্ ॥১২
বিকীর্য্য পলিতান্ কেশাংস্তিষ্ঠ তিষ্ঠেতি ভাষিণীম্ ।
মীনগন্ধ্যসুগন্ধেন কুর্ব্বতীং মার্গদূষণম্ ॥১৩

নভো গতো দিশঃ সর্ব্বাঃ সহস্রাক্ষো বিশাম্পতে ।
প্রাগুদীচীং দিশং তূর্ণং প্রবিষ্টো নৃপ মানসম্ ॥১৪
স আবসৎ পুষ্করনালতন্তূ-
নলব্ধভোগো যদিহাগ্নিদূতঃ ।
বর্ষাণি সাহস্রমলক্ষিতোঽন্তঃ
সঞ্চিন্তয়ন্ ব্রহ্মবধাদ্ বিমোক্ষম্ ॥১৫

তয়া দেবাদিভিঃ কারিতয়া হত্যয়া ইন্দ্রঃ তাপম্ এব অসহৎ অসহত স্ম । অমুম্ ইন্দ্রং নির্ব্বৃতিঃ সুখং ন আবিশৎ । যতঃ হ্রীমন্তং লজ্জাবন্তং বাচ্যতাং (স্বর্গাদিসুখলোভেন অয়ং ব্রাহ্মণং হতবান্ ইতি নিন্দ্যতাং) প্রাপ্তং জনং গুণাঃ ধৈর্য্যাদয়ঃ অপি ন সুখয়ন্তি ॥১১

জরয়া (বেপমানম্ অঙ্গং যস্যাঃ তাং) বেপমানাঙ্গীং যক্ষ্মগ্রস্তাং ক্ষয়রোগব্যাপ্তাম্ অসৃক্পটাং (অসৃক্ রুধিরং তদ্ব্যাপ্তঃ পটঃ যস্যাঃ তাং) চাণ্ডালীম্ ইব রূপিণীং তাং ব্রহ্মহত্যাম্ অনুধাবন্তীম্ ইন্দ্রঃ দদর্শ ॥১২

পলিতান্ লম্বমানান্ কেশান্ বিকীর্য্য, মীনগন্ধ্যসুগন্ধেন (মীনস্যেব গন্ধঃ যস্য সঃ মীনগন্ধিঃ সঃ চাসৌ অসুঃ শ্বাসবায়ুঃ তস্য গন্ধেন) মার্গদূষণং কুর্ব্বতীং তথা তিষ্ঠ তিষ্ঠ ইতি ভাষিণীং তাম্ অনুধাবন্তীং দৃষ্ট্বা ॥১৩

হে বিশাম্পতে ! সহস্রাক্ষঃ প্রথমং নভঃ আকাশং গতঃ, ততঃ সর্ব্বাঃ দিশঃ গতঃ, ততঃ হে নৃপ ! প্রাগুদীচীম্ ঐশানীং দিশং গতঃ সন্ তূর্ণং মানসং সরঃ প্রবিষ্টঃ ॥১৪

ব্রহ্মবধাৎ বিমোক্ষম্ অন্তঃ মনসি সঞ্চিন্তয়ন্ অলব্ধভোগঃ (নঃ লব্ধঃ ভোগঃ যেন সঃ) যৎ যস্মাৎ অগ্নিদূতঃ (অগ্নিঃ এব হবির্ভাগান্ নেতুং দূতঃ যস্য সঃ) ইন্দ্রঃ পুষ্করনালতন্তূন্ এব (পুষ্কর-নালস্য তন্তূন্) এব অলক্ষিতঃ অন্যৈঃ অজ্ঞাতঃ এব সহস্রং বর্ষাণি আবসৎ ॥১৫

হত্যার পাপ তাঁহাকে আশ্রয় করিয়াছিল।১০

দেবতাপ্রভৃতি সকলে ইন্দ্রদ্বারা বৃত্রবধ করাইলেও ইন্দ্র একাকীই সেই পাপের সন্তাপ ভোগ করিতে লাগিলেন, পরন্তু কোনরূপেই তাঁহার মনে শান্তি আসিতেছিল না। কারণ—লজ্জাশীল ব্যক্তি যে-কোন কারণে নিন্দাভাগী হইলে ধৈর্যাদি সদ্গুণসমূহও তাহাকে সুখ দান করে না।১১

তিনি দেখিলেন—মূর্তিমতী চণ্ডালীর ন্যায় সেই ব্রহ্মহত্যা ক্ষয়রোগগ্রস্ত দেহে রক্তবস্ত্র পরিধানপূর্বক পক্ব কেশরাশি ইতস্ততঃ বিক্ষিপ্ত করিয়া 'দাঁড়াও, দাঁড়াও' বলিতে বলিতে তাঁহার পশ্চাদ্ধাবন করিতেছে। জরাবশতঃ তাঁহার সর্বাঙ্গ কম্পিত হইতেছে এবং সে মৎস্যের ন্যায় গন্ধযুক্ত নিজ নিঃশ্বাসবায়ুর গন্ধদ্বারা পথকে দূষিত করিতেছে।১২-১৩

হে মহারাজ! ইন্দ্র তৎকালে ভীত হইয়া আকাশমণ্ডল এবং দশ দিক্ পরিভ্রমণ করিয়াছিলেন এবং কুত্রাপি পরিত্রাণ লাভ করিতে না পারিয়া পশ্চাৎ পূর্ব-উত্তর দিকে যাইয়া সত্বর মানস সরোবরে প্রবেশ করিলেন।১৪

তিনি সেখানে পদ্মের মৃণালসূত্রসমূহের মধ্যে অন্যের অলক্ষ্যে সহস্র বৎসর বাস করিয়া কেবলমাত্র ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্তিলাভের উপায় চিন্তা করিতেছিলেন। একমাত্র অগ্নিই তাঁহার দূত অর্থাৎ যজ্ঞভাগবহনকারী বলিয়া, অথচ জলমধ্যে অগ্নি যজ্ঞভাগ লইয়া প্রবেশ করিতে না পারায় দেবরাজ ভোগহীন অবস্থায়ই সেখানে কাল যাপন করিয়াছিলেন।১৫

তাবৎ ত্রিনাকং নহুষঃ শশাস
বিদ্যাতপোযোগবলানুভাবঃ।
স সম্পদৈশ্বর্য্যমদান্ধবুদ্ধি-
র্নীতস্তিরশ্চাং গতিমিন্দ্রপত্ন্যা ॥১৬
ততো গতো ব্রহ্মগিরোপহূত
ঋতম্ভরধ্যাননিবারিতাঘঃ।
পাপস্তু দিগ্দেবতয়া হতৌজা-
স্তং নাভ্যভূদবিতং বিষ্ণুপত্ন্যা ॥১৭
তঞ্চ ব্রহ্মর্ষয়োঽভ্যেত্য হয়মেধেন ভারত।
যথাবদ্দীক্ষয়াঞ্চক্রুঃ পুরুষারাধনেন হ ॥১৮
অথেজ্যমানে পুরুষে সর্ব্বদেবময়াত্মনি।
অশ্বমেধে মহেন্দ্রেণ বিততে ব্রহ্মবাদিভিঃ ॥১৯

তাবৎ কালং বিদ্যাতপোযোগবলানুভাবঃ (বিদ্যা রাজনীতিঃ, তপঃ ব্রতোপবাসাদিঃ, যোগঃ বিচারসামর্থ্যং, বলং শারীরং তৈঃ অনুভাবঃ স্বর্গপালনসামর্থ্যং যস্য সঃ) নহুষঃ ত্রিনাকং (ন অকং দুঃখং যস্মিন্ ইতি নাকঃ পুণ্যলোকঃ তৃতীয়ঃ নাকঃ ত্রিনাকঃ স্বর্গঃ তং) শশাস। ততশ্চ সম্পদৈশ্বর্য্যাভ্যাং যঃ মদঃ তেন অন্ধা বিবেকরহিতা বুদ্ধিঃ যস্য সঃ, সঃ নহুষঃ ইন্দ্রপত্ন্যা শচ্যা তিরশ্চাং গতিং সর্পযোনিং নীতঃ উপায়েন প্রাপিতঃ ॥১৬

ততঃ নহুষভ্রংশানন্তরম্ ঋতম্ভরধ্যান-নিবারিতাঘঃ (ঋতম্ভরঃ সত্যসঙ্কল্পঃ হরিঃ তস্য ধ্যানেন নিবারিতম্ অঘং যেন সঃ) ইন্দ্রঃ ব্রহ্মগিরা (ব্রহ্মণঃ বা ব্রাহ্মণানাং গিরা বাক্যেন) উপহূতঃ সন্ স্বর্গং গতঃ। দিগ্দেবতয়া ঈশানদিশি স্থিতয়া শ্রীরুদ্রদেবেন হতৌজাঃ (হতম্ ওজঃ যস্য সঃ) পাপঃ তু বিষ্ণুপত্ন্যা (মানসসরঃকমলবনস্থিতয়া লক্ষ্ম্যা) অবিতং রক্ষিতম্ ইন্দ্রং ন অভ্যভূৎ অভিভবং ন অকরোৎ ॥১৭

হে ভারত! ততঃ ব্রহ্মর্ষয়ঃ অভ্যেত্য সমাগম্য পুরুষারাধনেন পুরুষস্য আরাধনং যস্মিন্ তেন হয়মেধেন তম্ ইন্দ্রং যথাবৎ দীক্ষয়াঞ্চক্রুঃ ॥১৮

অথ ব্রহ্মাদিভিঃ মুনিভিঃ বিততে অনুষ্ঠিতে অশ্বমেধে সর্ব্বদেবময়াত্মনি পুরুষে সর্ব্বান্তর্য্যামিণি ভগবতি মহেন্দ্রেণ ইজ্যমানে সতি ॥১৯

হে মহারাজ! বিদ্যা, তপস্যা ও যোগবলের প্রভাবে রাজা নহুষ উক্ত সহস্র বৎসর কাল স্বর্গরাজ্যের শাসনে প্রবৃত্ত হইয়াছিলেন, কিন্তু স্বর্গীয় সম্পদ্ এবং ঐশ্বর্যমদে তাঁহার বিবেকবুদ্ধি বিলুপ্ত হওয়ায় ইন্দ্রমহিষী শ্রীশচীদেবী তাঁহাকে সর্পজন্ম লাভ করাইয়াছিলেন। (স্বর্গরাজ্যের আধিপত্য লাভ করিয়া নহুষ এক সময়ে সম্ভোগের জন্য শচীদেবীকে আহ্বান করিলে বৃহস্পতির মন্ত্রণাক্রমে শচীদেবী তাঁহাকে ব্রাহ্মণবাহিত শিবিকাযোগে নিজের নিকট আসিতে অনুরোধ করেন। তদনুসারে নহুষ অগস্ত্যপ্রভৃতি ব্রাহ্মণগণকে বাহক করিয়া শিবিকায় আরোহণপূর্বক শচীদেবীর নিকট যাইতে যাইতে সত্বর পথ অতিক্রম করিবার জন্য পদদ্বারা অগস্ত্যের মস্তক স্পর্শ করিয়া 'সর্প সর্প' (চল চল) এরূপ বলায় অগস্ত্য ক্রুদ্ধ হইয়া 'তুমি সর্প হও' এরূপ অভিশাপ প্রদান করেন। উহারই ফলে নহুষ অজগর সর্প হইয়াছিলেন)।১৬

ভগবান্ বিষ্ণুই যাঁহার প্রভু, ঈশানকোণের অধিপতি সেই রুদ্রদেবতা তৎকালে ইন্দ্রকে রক্ষা করায় হতবীর্য পাপ আর তাঁহাকে অভিভূত করিতে পারে নাই। আর ঋষিগণের বাক্যানুসারে প্রায়শ্চিত্তদ্বারাই আমার পাপ নষ্ট হইবে—এরূপ ধারণাবশতঃ বৃত্রবধে প্রবৃত্তিহেতু তাঁহার যে অপরাধ ঘটিয়াছিল, সত্যবাদী ভগবান্ শ্রীহরির ধ্যানের প্রভাবে তাহারও নিবারণ হইয়াছিল। এ অবস্থায় ব্রাহ্মণগণের আহ্বানে পুনরায় তিনি স্বর্গলোকে প্রত্যাগমন করিয়াছিলেন।১৭

হে ভরতকুলনন্দন! অনন্তর ব্রহ্মর্ষিগণ ইন্দ্রের নিকট উপস্থিত হইয়া যাহাতে মহাপুরুষ বিষ্ণুর আরাধনা হয়, এরূপ ভাবে তাঁহাকে শাস্ত্রবিধানানুসারে অশ্বমেধ যজ্ঞে ব্রতী করিয়াছিলেন।১৮

হে মহারাজ! অনন্তর ব্রহ্মবাদী ঋষিগণ কর্তৃক অনুষ্ঠিত অশ্বমেধ যজ্ঞে দেবরাজ ইন্দ্র সর্বদেবতাময়-পরমাত্মা পরমপুরুষ শ্রীহরির আরাধনায় প্রবৃত্ত

স বৈ ত্বাষ্ট্রবধো ভূয়ানপি পাপচয়ো নৃপ।
নীতস্তেনৈব শূন্যায় নীহার ইব ভানুনা ॥২০
স বাজিমেধেন যথোদিতেন
বিতায়মানেন মরীচিমিশ্রৈঃ।
ইষ্ট্বাধিযজ্ঞং পুরুষং পুরাণ-
মিন্দ্রো মহানাস বিধূতপাপঃ ॥২১
ইদং মহাখ্যানমশেষপাপ্মনাং
প্রক্ষালনং তীর্থপদানুকীর্ত্তনম্।
ভক্ত্যুচ্ছ্রয়ং ভক্তজনানুবর্ণনং
মহেন্দ্রমোক্ষং বিজয়ং মরুত্বতঃ ॥২২
পঠেয়ুরাখ্যানমিদং সদা বুধাঃ
শৃণ্বন্ত্যথো পর্ব্বণি পর্ব্বণীন্দ্রিয়ম্।
ধন্যং যশস্যং নিখিলাঘমোচনং
রিপুঞ্জয়ং স্বস্ত্যয়নং তথায়ুষম্ ॥২৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩

সঃ পূর্ব্বোক্তঃ ত্বাষ্ট্রবধঃ বৃত্রবধাৎ জাতঃ ভূয়ান্ পাপচয়ঃ হে নৃপ! নীহারঃ ভানুনা ইব পূজিতেন ভগবতা শূন্যায় নীতঃ ॥২০

সঃ ইন্দ্রঃ মরীচিমিশ্রৈঃ বিতায়মানেন অনুষ্ঠিতেন যথোদিতেন বাজিমেধেন অশ্বমেধেন অধিযজ্ঞং পুরাণং পুরুষম্ ইষ্ট্বা বিধূতপাপঃ সন্ মহান্ আস পূর্ব্ববৎ পূজ্যঃ বভূব ॥২১

ভক্ত্যুচ্ছ্রয়ং (ভক্তেঃ উচ্ছ্রয়ঃ উৎকর্ষঃ যস্মিন্ তৎ) তীর্থপদানুকীর্ত্তনং (তীর্থানি পাদয়োঃ যস্য সঃ তীর্থপাদঃ ভগবান্ তস্য অনুকীর্ত্তনং মাহাত্ম্যবর্ণনং যস্মিন্ তৎ) ভক্তজনানুবর্ণনং ভক্তজনানাম্ বৃত্রেন্দ্রাণাম্ অনুবর্ণনং যস্মিন্ তৎ মহেন্দ্রমোক্ষং (মহেন্দ্রস্য পাপাৎ মোক্ষঃ যস্মিন্ তৎ) মরুত্বতঃ ইন্দ্রস্য, বিশেষেণ জয়ঃ যস্মিন্ তৎ অশেষপাপানাং প্রক্ষালনং নিবর্ত্তকম্ ইদম্ আখ্যানং মহৎ এব ॥২২

ইন্দ্রিয়ম্ ইন্দ্রিয়-পাটব-করং, ধন্যং ধনপ্রদং, যশস্যং যশোবর্দ্ধকং, নিখিলাঘমোচনং সকলদুঃখনিবর্ত্তকং, রিপুঞ্জয়ং শত্রুজয়প্রদং, স্বস্ত্যয়নং পুত্রপৌত্রাদি-মঙ্গল-কারণং তথা আয়ুষম্ আয়ুর্বর্দ্ধকম্, অথ অতঃ ইদম্ আখ্যানং বুধাঃ পঠেয়ুঃ, অবকাশাভাবে তু পর্ব্বণি পর্ব্বণি তু অবশ্যম্ এব শৃণ্বন্তি ॥২৩

ইতি ষষ্ঠে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োদশোঽধ্যায়ঃ॥

হইলে, সূর্য যেরূপ কুজ্ঝটিকারাশিকে সম্পূর্ণরূপে নাশ করেন, সেইরূপ শ্রীহরিই ইন্দ্রের বৃত্রহত্যামূলক প্রভূত পাপরাশির উচ্ছেদ করিয়াছিলেন।১৯-২০

এইরূপে ইন্দ্র মরীচিপ্রভৃতি ব্রহ্মঋষিগণকর্তৃক যথাবিধি অনুষ্ঠিত অশ্বমেধ যজ্ঞদ্বারা যজ্ঞেশ্বর পুরাণ-পুরুষ শ্রীহরির আরাধনা করিয়া পাপবিমোচনহেতু পূর্বের ন্যায় মহত্ত্ব প্রাপ্ত হইয়াছিলেন।২১

এই আখ্যানটি অতি মহৎ। ইহাতে বিশেষভাবে ভগবান্ শ্রীহরি ও তাঁহার ভক্তগণের চরিত এবং দেবরাজ ইন্দ্রের পাপমুক্তি ও বিজয় বর্ণিত হইয়াছে। ইহা অশেষ পাপরাশি দূর করিয়া চিত্তে ভক্তির উদ্রেক করিয়া থাকে।২২

পণ্ডিত ব্যক্তিগণ সর্বদা এই আখ্যান পাঠ, অথবা প্রতি পর্বদিবসে ইহা শ্রবণ করিবেন। ইহাতে সকল প্রকার পাপ বিনষ্ট হয় এবং ইন্দ্রিয়বল, ধন, কীর্তি, শত্রুজয়, আয়ুঃ ও মঙ্গল লাভ ঘটিয়া থাকে।২৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের ষষ্ঠস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থকৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ

[বৃত্রাসুরস্য পূর্ব্বজন্মবৃত্তান্তকথনম্।]

পরীক্ষিদুবাচ।

রজস্তমঃস্বভাবস্য ব্রহ্মন্ বৃত্রস্য পাপ্মনঃ।
নারায়ণে ভগবতি কথমাসীদ্দৃঢ়া মতিঃ ॥১
দেবানাং শুদ্ধসত্ত্বানামৃষীণাঞ্চামলাত্মনাম্।
ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েণোপজায়তে ॥২
রজোভিঃ সমসংখ্যাতাঃ পার্থিবৈরিহ জন্তবঃ।
তেষাং যে কেচনেহন্তে শ্রেয়ো বৈ মনুজাদয়ঃ ॥৩
প্রায়ো মুমুক্ষবস্তেষাং কেচনৈব দ্বিজোত্তম।
মুমুক্ষূণাং সহস্রেষু কশ্চিন্মুচ্যেত সিধ্যতি ॥৪
মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ।
সুদুর্ল্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে ॥৫
বৃত্রস্তু স কথং পাপঃ সর্ব্বলোকোপতাপনঃ।
ইত্থং দৃঢ়মতিঃ কৃষ্ণ আসীৎ সংগ্রাম উল্বণে ॥৬

অন্বয়ঃ

পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! রজস্তমঃস্বভাবস্য পাপ্মনঃ পাপাচারযোগ্য-গৃহীতাসুরদেহস্য বৃত্রস্য ভগবতি নারায়ণে দৃঢ়া মতিঃ নিশ্চলা ভক্তিঃ কথম্ আসীৎ ॥১

শুদ্ধসত্ত্বানাম্ অতএব অমলাত্মনাং শুদ্ধান্তঃকরণানাং দেবানাম্ ঋষীণাং চ মুকুন্দচরণে ভক্তিঃ প্রায়েণ ন উপজায়তে ॥২

জন্তবঃ জীবাঃ পার্থিবৈঃ রজোভিঃ পরমাণুভিঃ সমাঃ সংখ্যাতাঃ অনন্তাঃ উক্তাঃ। তেষাং মধ্যে যে কেচন কতিপয়ে এব মনুজাদয়ঃ শ্রেয়ঃ ভগবদর্পিতং ধর্ম্মং বৈ ঈহন্তে কুর্ব্বন্তি ॥৩

হে দ্বিজোত্তম! তেষাং ধর্ম্মানুষ্ঠাতৃণাম্ অপি মধ্যে কেচন বৈ মুমুক্ষবঃ ভবন্তি। মুমক্ষূণাম্ অপি সহস্রেষু কশ্চিৎ এব মুচ্যেত জীবন্মুক্তঃ ভবতি, সিধ্যতি আত্মতত্ত্বং জানাতি ॥৪

হে মহামুনে! মুক্তানাং নিবৃত্তাধ্যাসানাং সিদ্ধানাং জ্ঞানিনাম্ অপি কোটিষু অপি মধ্যে প্রশান্তাত্মা ভোগবাসনা-রহিতান্তঃকরণঃ নারায়ণপরায়ণঃ নিরুপাধিক-ভগবৎ-স্নেহবান্ জনঃ সুদুর্ল্লভঃ এব ॥৬

সর্ব্বলোকোপতাপনঃ (সর্ব্বলোকান্ উপতাপয়তীতি) সঃ

চতুর্দ্দশ অধ্যায়

[বৃত্রাসুরের পূর্ব্বজন্মবৃত্তান্তকথন।]

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে মুনিবর! রজস্তমঃ-প্রকৃতি পাপাত্মা বৃত্রাসুরের কিরূপে ভগবান্ নারায়ণের প্রতি দৃঢ়া ভক্তির উদয় হইয়াছিল?১

শুদ্ধচিত্ত দেবতাগণ এবং নির্মলান্তঃকরণ ঋষিগণেরও প্রায়শঃ শ্রীহরির পাদপদ্মে ভক্তির উদয় হয় না।২

এ জগতে পৃথিবীর ধূলিকণার সমসংখ্যক অর্থাৎ অসংখ্য জীব বর্তমান রহিয়াছে, তন্মধ্যে মনুষ্য-প্রভৃতি কতিপয় জীবই মঙ্গললাভের জন্য যথোচিত চেষ্টা করে।৩

হে দ্বিজবর! ঐ সকল ব্যক্তির মধ্যেও অল্প-সংখ্যক ব্যক্তিই মুক্তিলাভে ইচ্ছুক হন, আর সেই মুক্তিকামিগণের মধ্যেও কোন ব্যক্তিবিশেষই গৃহাদির সঙ্গ হইতে মুক্ত হইয়া তত্ত্বজ্ঞান লাভ করিতে সমর্থ হন।৪

হে মহামুনে! গৃহাদির সঙ্গ হইতে মুক্ত সেই তত্ত্বজ্ঞ কোটি কোটি ব্যক্তির মধ্যেও নারায়ণ-পরায়ণ প্রশান্তচিত্ত পুরুষ অতি দুর্লভ।৫

হে প্রভো! এ অবস্থায় সকল লোকের পীড়াজনক পাপাত্মা বৃত্রাসুরের ভয়ঙ্কর সংগ্রামক্ষেত্রেও কিহেতু ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি এরূপ দৃঢ়া ভক্তির উদয় হইয়াছিল? বস্তুতঃ এবিষয়ে আমাদের

অত্র নঃ সংশয়ো ভূয়ান্ শ্রোতুং কৌতূহলং প্রভো।
যঃ পৌরুষেণ সমরে সহস্রাক্ষমতোষয়ৎ ॥৭

সূত উবাচ।

পরীক্ষিতোঽথ সম্প্রশ্নং ভগবান্ বাদরায়ণিঃ।
নিশম্য শ্রদ্দধানস্য প্রতিনন্দ্য বচোঽব্রবীৎ ॥৮

শ্রীশুক উবাচ।

শৃণুষ্বাবহিতো রাজন্নিতিহাসমিমং যথা।
শ্রুতং দ্বৈপায়নমুখান্নারদাদ্দেবলাদপি ॥৯

আসীদ্ রাজা সার্ব্বভৌমঃ শূরসেনেষু বৈ নৃপ।
চিত্রকেতুরিতিখ্যাতো যস্যাসীৎ কামধুঙ্ মহী ॥১০

তস্য ভার্য্যাসহস্রাণাং সহস্রাণি দশাভবন্।
সান্তানিকশ্চাপি নৃপো ন লেভে তাসু সন্ততিম্ ॥১১

রূপৌদার্য্যবয়োজন্মবিদ্যৈশ্বর্য্যশ্রিয়াদিভিঃ।
সম্পন্নস্য গুণৈঃ সর্ব্বৈশ্চিন্তা বন্ধ্যাপতেরভূৎ ॥১২

ন তস্য সম্পদঃ সর্ব্বা মহিষ্যো বামলোচনাঃ।
সার্ব্বভৌমস্য ভূশ্চেয়মভবন্ প্রীতিহেতবঃ ॥১৩

পাপঃ বৃত্রঃ তু সংগ্রামে উল্বণে ভয়ঙ্করস্থানে অপি কৃষ্ণে ইত্থং দৃঢ়মতিঃ (দৃঢ়াঃ নিশ্চলা মতিঃ যস্য সঃ) কথম্ আসীৎ ॥৬

হে প্রভো! অত্র বৃত্রস্য ভক্ত্যাদিমত্ত্বে নঃ অস্মাকং শ্রোতৄণাং ভূয়ান্ সংশয়ঃ ভবতি। তৎকারণং শ্রোতুং কৌতূহলম্ উৎসাহঃ বর্ত্ততে। যঃ বৃত্রঃ পৌরুষেণ সমরে সহস্রাক্ষম্ ইন্দ্রম্ অতোষয়ৎ ॥৭

সূতঃ উবাচ। শ্রদ্দধানস্য পরীক্ষিতঃ সম্প্রশ্নং নিশম্য শ্রুত্বা ভগবান্ বাদরায়ণিঃ তস্য বচঃ প্রতিনন্দ্য অব্রবীৎ ॥৮

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! দ্বৈপায়নমুখাৎ নারদাৎ দেবলাৎ অপি যথাক্রমেণ ময়া শ্রুতম্ ইমম্ ইতিহাসং ত্বম্ অবহিতঃ সাবধানঃ সন্ যথাবৎ শৃণুষ্ব শৃণু ॥৯

হে নৃপ! শূরসেনেষু দেশেষু চিত্রকেতুঃ ইতি খ্যাতঃ কশ্চিৎ সার্ব্বভৌমঃ রাজা আসীৎ। যস্য মহী কামধুক্ আসীৎ ॥১০

তস্য রাজ্ঞঃ সহস্রাণাং দশ সহস্রাণি এককোটিঃ ভার্য্যাঃ অভবন্। সান্তানিকঃ পুত্রোৎপাদনসমর্থঃ অপি সঃ নৃপঃ তাসু সন্ততিং ন লেভে ॥১১

রূপাদিভিঃ সর্ব্বৈঃ গুণৈঃ সম্পন্নস্য অপি তস্য বন্ধ্যাপতেঃ পুত্রং বিনা চিন্তা অভূৎ ॥১২

সার্ব্বভৌমস্য প্রাপ্ত-সকল-ভূমিরাজ্যস্য তস্য চিত্রকেতোঃ সর্ব্বাঃ সম্পদঃ, বামলোচনাঃ মনোহরনেত্রাঃ মহিষ্যঃ তথা ইয়ং ভূঃ চ প্রীতিহেতবঃ ন অভবন্ ॥১৩

প্রবল সংশয় উপস্থিত হওয়ায় ইহার কারণ জানিবার জন্য কৌতূহল জন্মিয়াছে। বৃত্রাসুর ইন্দ্রের ভয়ে ভীত হইয়া ভগবানের শরণাগত হইয়াছিল, এরূপ বলা যায় না—যেহেতু সে যুদ্ধক্ষেত্রে নিজ পরাক্রম-দ্বারা ইন্দ্রকে সন্তুষ্ট করিতে সমর্থ হইয়াছিল বলিয়া তাহার ভীরুতা কল্পনাতীত।৬-৭

শ্রীসূত বলিলেন—হে মুনিগণ! ভগবান্ শ্রীশুকদেব শ্রদ্ধাযুক্ত মহারাজ পরীক্ষিতের যুক্তিযুক্ত প্রশ্ন শ্রবণ করিয়া উহার অভিনন্দনপূর্বক এরূপ উত্তর বাক্য বলিয়াছিলেন।৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! আমি এ বিষয়ে পূর্বে মহর্ষি ব্যাসদেব এবং শ্রীনারদ ও দেবলের নিকট যে ইতিহাস শ্রবণ করিয়াছি, সম্প্রতি তুমি মনোযোগসহকারে আমার নিকট তাহা শ্রবণ কর।৯

হে মহারাজ! পুরাকালে শূরসেন অর্থাৎ মথুরা-মণ্ডলে চিত্রকেতুনামক এক সুপ্রসিদ্ধ সার্বভৌম নরপতি ছিলেন। তাঁহার রাজত্বকালে পৃথিবী ইচ্ছানুরূপ শস্যাদি সম্পদ্ দান করিতেছিল।১০

তাঁহার এক কোটি ভার্যা ছিলেন, পরন্তু তিনি সন্তান উৎপাদনে সমর্থ হইলেও ঐ সকল ভার্যার গর্ভে কোন সন্তান লাভ করিতে পারেন নাই।১১

রাজা চিত্রকেতু রূপ, উদারতা, যৌবন, সৎকুলে জন্ম অর্থাৎ কৌলীন্য, বিদ্যা, প্রভুত্ব ও সম্পদাদি সর্বগুণে অলঙ্কৃত হইলেও বন্ধ্যাপতি বলিয়া অর্থাৎ কোন সন্তান না হওয়ায় দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন।১২

অতএব সর্বপ্রকার সম্পদ্, মনোরমা সুন্দরী মহিষীগণ এবং এই পৃথিবী সেই সার্বভৌম নরপতির

তস্যৈকদা তু ভবনমঙ্গিরা ভগবানৃষিঃ ।
লোকাননুচরন্নেতানুপাগচ্ছদ্ যদৃচ্ছয়া ॥১৪
তং পূজয়িত্বা বিধিবৎ প্রত্যুত্থানার্হণাদিভিঃ ।
কৃতাতিথ্যমুপাসীদৎ সুখাসীনং সমাহিতঃ ॥১৫
মহর্ষিস্তমুপাসীনং প্রশ্রয়াবনতং ক্ষিতৌ ।
প্রতিপূজ্য মহারাজ সমাভাষ্যেদমব্রবীৎ ॥১৬

অঙ্গিরা উবাচ ।

অপি তেহনাময়ং স্বস্তি প্রকৃতীনাং তথাত্মনঃ ।
যথা প্রকৃতিভির্গুপ্তঃ পুমান্ রাজা চ সপ্তভিঃ ॥১৭
আত্মানং প্রকৃতিষ্বদ্ধা নিধায় শ্রেয় আপ্নুয়াৎ ।
রাজ্ঞা তথা প্রকৃতয়ো নরদেবাহিতাধয়ঃ ॥১৮

ভগবান্ শাপানুগ্রহসমর্থঃ অঙ্গিরা ঋষিঃ এতান্ লোকান্ অনুচরন্ যদৃচ্ছয়া ভগবৎপ্রেরণয়া তু একদা তস্য চিত্রকেতোঃ ভবনম্ উপাগচ্ছৎ ॥১৪

প্রত্যুত্থানার্হণাদিভিঃ বিধিবৎ পূজয়িত্বা কৃতাতিথ্যং ভুক্তবন্তং সুখম্ আসীনং তম্ অঙ্গিরসং সমাহিতঃ সংযতঃ এব রাজা উপাসীদৎ সমীপম্ উপবিবেশ ॥১৫

মহর্ষিঃ তং প্রশ্রয়াবনতং (প্রশ্রয়েণ বিনয়েন অবনতং) ক্ষিতৌ উপাসীনং রাজানং প্রতিপূজ্য সংকৃত্য হে মহারাজ! ইতি সমাভাষ্য ইদম্ অব্রবীৎ ॥১৬

অঙ্গিরা উবাচ। অপি কিং তে তব আত্মনঃ শরীরস্য তথা প্রকৃতীনাম্ অপি অনাময়ম্ আরোগ্যং, তথা স্বস্তি শুভম্ অস্তি? যথা সপ্তভিঃ প্রকৃতিভিঃ মহদহঙ্কারঃ-পঞ্চ-মহাভূত-রূপৈঃ গুপ্তঃ রক্ষিতঃ পুমান্ জীবঃ সুখম্ অনুভবতি তথা রাজা অপি সপ্তভিঃ 'স্বাম্যমাত্য-জনপদদুর্গ-দ্রবিণ-সঞ্চয়াঃ। দণ্ডো মিত্রঞ্চ' ইতি উক্তলক্ষণাভিঃ গুপ্তঃ এব সুখম্ অনুভবতি (তত্র স্বামী গুরুঃ, মন্ত্রসহায়ঃ মিত্রং, কর্ম্ম-সহায়ঃ অমাত্যঃ) ॥১৭

আত্মানং প্রকৃতিষু অদ্ধা সাক্ষাৎ নিধায় তদনুবর্ত্তিনং কৃত্বা রাজা শ্রেয়ঃ রাজ্যে সুখম্ আপ্নুয়াৎ; তথা হে নরদেব! প্রকৃতয়ঃ অপি রাজ্ঞা আহিতাধয়ঃ নিহিতনিক্ষেপাঃ ধনাদিভিঃ সমৃদ্ধাঃ ভবন্তি ॥১৮

প্রীতি উৎপাদনে সমর্থ হয় নাই।১৩

এরূপ অবস্থায় একদিন ভগবান্ অঙ্গিরা ঋষি যদৃচ্ছাক্রমে সকল লোক ভ্রমণ করিতে করিতে রাজা চিত্রকেতুর নিকট উপস্থিত হইয়াছিলেন।১৪

তৎকালে চিত্রকেতু অভ্যর্থনা ও নানারূপ উপহারাদিদ্বারা যথাবিধি পূজা করিয়া অতিথি-সৎকার সম্পাদন করিলে অঙ্গিরা ঋষি সুখে আসনে উপবেশন করিলেন এবং চিত্রকেতু সংযতভাবে তাঁহার নিকটে উপবেশন করিয়াছিলেন।১৫

হে মহারাজ! অনন্তর মহর্ষি অঙ্গিরা নিকটে ভূতলে উপবিষ্ট ও বিনয়াবনত রাজা চিত্রকেতুকে প্রত্যভিনন্দনপূর্বক সম্ভাষণ করিয়া এরূপ জিজ্ঞাসা করিলেন।১৬

অঙ্গিরা বলিলেন—হে মহারাজ! তুমি দৈহিক সুস্থতা অনুভব করিতেছ ত? তোমার নিজের এবং প্রকৃতিসমুদয়ের কুশল ত? জীব যেরূপ মহত্তত্ত্ব-প্রভৃতি সাংখ্য-শাস্ত্রোক্ত সপ্ত প্রকৃতিদ্বারা দেহমধ্যে রক্ষিত হয়, সেরূপ রাজাও সর্বদা নীতিশাস্ত্রোক্ত সপ্তবিধ প্রকৃতি দ্বারাই রক্ষিত হন।১৭

হে মহারাজ! রাজা যেরূপ সাক্ষাৎ প্রকৃতিবর্গের নিকট আত্মসমর্পণ করিয়াই অর্থাৎ সর্ববিষয়ে তাহাদের মতের অনুবর্তী হইয়াই রাজ্যসুখভোগে সমর্থ হন, প্রকৃতিবর্গও সেরূপ রাজপ্রদত্ত কর্মভার প্রাপ্ত হইয়াই ধনসমৃদ্ধি লাভ করিতে পারে।১৮

অপি দারাঃ প্রজামাত্যা ভৃত্যাঃ শ্রেণ্যোঽথ মন্ত্রিণঃ।
পৌরা জানপদা ভূপা আত্মজা বশবর্ত্তিনঃ ॥১৯
যস্যাত্মানুবশশ্চেৎ স্যাৎ সর্ব্বে তদ্‌বশগা ইমে।
লোকাঃ সপালা যচ্ছন্তি সর্ব্বে বলিমতন্দ্রিতাঃ ॥২০
আত্মনঃ প্রীয়তে নাত্মা পরতঃ স্বত এব বা।
লক্ষয়েঽলব্ধকামং ত্বাং চিন্তয়া শবলং মুখম্ ॥২১

দারাঃ, প্রজাঃ, অমাত্যাঃ চ, ভৃত্যাঃ চ, শ্রেণ্যঃ (সময়বিশেষেণ সংঘশো বর্ত্তমানাঃ বণিক্‌বিশেষাঃ), পৌরাঃ পুরবাসিনঃ, জনপদাঃ তত্তদ্দেশাধিকারিণঃ, ভূপাঃ খণ্ডমণ্ডলপতয়ঃ, আত্মজাঃ পুত্রাঃ চ অপি কিং তে বশবর্ত্তিনঃ ভবন্তি ন বা ॥১৯

যস্য আত্মা মনঃ অনুবশঃ অনুবর্ত্তী চেৎ স্যাৎ, তদা ইমে সর্ব্বে দারাপত্যাদয়ঃ তদ্‌বশগাঃ তস্য বশবর্ত্তিনঃ ভবন্তি। তস্মৈ সপালাঃ লোকাঃ সর্ব্বে অতন্দ্রিতাঃ নিরলসাঃ সন্তঃ বলিং পূজাং যচ্ছন্তি ; ভৃত্যাদীনাং কা বার্ত্তা ॥২০

আত্মনঃ তব আত্মা মনঃ স্বতঃ পরতঃ এব বা ন প্রীয়তে ন তুষ্যতি ইতি চিন্তয়া শবলং ব্যাপ্তং তব মুখং দৃষ্ট্বা অলব্ধকামং ত্বাম্ অহং লক্ষয়ে জানামি ॥২১

হে মহারাজ! তোমার ভার্য্যাগণ, প্রজাগণ, অমাত্যগণ, বণিক্‌প্রভৃতি সংঘবদ্ধ জনগণ, মন্ত্রিগণ, নগরবাসিগণ, বিভিন্ন দেশের অধিকারী সামন্তরাজগণ এবং পুত্রগণ সকলে তোমার বশবর্ত্তী রহিয়াছে ত ?১৯

হে মহারাজ! যাহার মন নিজের বশীভূত থাকে, পূর্বোক্ত ভার্য্যাপ্রভৃতি সকলেই তাহার বশীভূত হয় এবং লোকপালগণের সহিত সকল লোক সর্বদা নিয়মিতভাবে তাহাকে পূজোপহার প্রদান করে।২০

হে মহারাজ! তুমি যেন চিত্তের সন্তোষ বোধ করিতেছ না। এ অবস্থা কি নিজ হইতে বা অপর হইতে ঘটিয়াছে? তোমার মুখ চিন্তায় মলিন হইয়াছে, অতএব তুমি কোন অভীষ্টলাভে বঞ্চিত হইয়াছ—ইহাই আমার ধারণা।২১

এবং বিকল্পিতো রাজন্ বিদুষা মুনিনাপি সঃ।
প্রশ্রয়াবনতোঽভ্যাহ প্রজাকামস্ততো মুনিম্ ॥২২
চিত্রকেতুরুবাচ।
ভগবন্ কিং ন বিদিতং তপোজ্ঞানসমাধিভিঃ।
যোগিনাং ধ্বস্তপাপানাং বহিরন্তঃ শরীরিষু ॥২৩
তথাপি পৃচ্ছতো ব্রূয়াং ব্রহ্মন্নাত্মনি চিন্তিতম্।
ভবতো বিদুষশ্চাপি চোদিতস্ত্বদনুজ্ঞয়া ॥২৪

হে রাজন্! বিদুষা সর্ব্বজ্ঞেন মুনিনা অপি এবং বিকল্পিতঃ বিবিধ-প্রশ্নবিষয়ীকৃতঃ সঃ প্রজাকামঃ চিত্রকেতুঃ প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ) সন্ মুনিম্ অভি প্রতি আহ ॥২২

চিত্রকেতুঃ উবাচ। হে ভগবন্! সর্ব্বজ্ঞ! তপোজ্ঞানসমাধিভিঃ ধ্বস্তপাপানাং (ধ্বস্তং নিরস্তং পাপং চিত্তকালুষ্যং যেষাং তেষাং) যোগিনাং ভবতাং শরীরিষু বহিরন্তঃ যৎ অবস্থিতং, তৎ কিং ন বিদিতম্ ॥২৩

তথাপি হে ব্রহ্মন্! আত্মনি মনসি চিন্তিতং সঙ্কল্পিতং যৎ যৎ বিদুষঃ চাপি পৃচ্ছতঃ ভবতঃ (ভবতা) চোদিতঃ, অহং ত্বদনুজ্ঞয়া এব ব্রূয়াম্ ॥২৪

হে মহারাজ! মহর্ষি অঙ্গিরা সর্বজ্ঞ হইয়াও পূর্বোক্ত সংশয়াত্মক বাক্যে প্রশ্ন করিলে সন্তানকামী রাজা চিত্রকেতু বিনয়াবনত হইয়া তাঁহাকে এরূপ উত্তর দান করিয়াছিলেন।২২

চিত্রকেতু বলিলেন—হে ভগবন্! তপস্যা, জ্ঞান ও যোগের প্রভাবে যাঁহাদের চিত্ত নির্মল হইয়াছে, সেরূপ যোগিপুরুষগণের নিকট দেহধারী জীবগণের বাহিরের ও অন্তরের কোন্ বিষয় অজ্ঞাত থাকে ?২৩

হে ব্রহ্মন্! আপনি আমার সকল বিষয় জানিয়াও যেহেতু প্রশ্ন করিয়াছেন, অতএব আপনার আজ্ঞাদ্বারা পরিচালিত হইয়াই আমি নিজের চিন্তার বিষয় নিবেদন করিতেছি।২৪

লোকপালৈরপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্যসম্পদঃ।
ন নন্দয়ন্ত্যপ্রজং মাং ক্ষুত্তৃট্‌কামমিবাপরে ॥২৫
ততঃ পাহি মহাভাগ পূর্ব্বৈঃ সহ গতং তমঃ।
যথা তরেম দুষ্পারং প্রজয়া তদ্ বিধেহি নঃ ॥২৬
শ্রীশুক উবাচ।
ইত্যর্থিতঃ স ভগবান্ কৃপালুর্ব্রহ্মণঃ সুতঃ।
শ্রপয়িত্বা চরুং ত্বাষ্ট্রং ত্বষ্টারমযজদ্ বিভুঃ ॥২৭

জ্যেষ্ঠা শ্রেষ্ঠা চ যা রাজ্ঞো মহিষীণাঞ্চ ভারত।
নাম্না কৃতদ্যুতিস্তস্যৈ যজ্ঞোচ্ছিষ্টমদাদ্ দ্বিজঃ ॥২৮
অথাহ নৃপতিং রাজন্ ভবিতৈকস্তবাত্মজঃ।
হর্ষশোকপ্রদস্তুভ্যমিতি ব্রহ্মসুতো যযৌ ॥২৯
সাপি তৎপ্রাশনাদেব চিত্রকেতোরধারয়ৎ।
গর্ভং কৃতদ্যুতির্দেবী কৃত্তিকাগ্নেরিবাত্মজম্ ॥৩০

ক্ষুত্তৃড্‌ভ্যাম্ অন্নপানকামং পুরুষং যথা স্রক্‌চন্দনাদয়ঃ ন সুখয়ন্তি তথা লোকপালৈঃ অপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্যসম্পদঃ অপ্রজং পুত্রহীনং মাং ন নন্দয়ন্তি ॥২৫

ততঃ হে মহাভাগ! পুত্রাভাবাৎ পূর্ব্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমঃ নরকং মাং পাহি, তথা প্রজয়া হেতুভূতয়া যথা দুষ্পারং নরকং তরেম ন গচ্ছাম, তম্ উপায়ং নঃ বিধেহি উপদিশ ॥২৬

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ অর্থিতঃ রাজ্ঞা প্রার্থিতঃ সঃ কৃপালুঃ ব্রহ্মণঃ সুতঃ বিভুঃ কার্য্যসমর্থঃ ভগবান্ সর্ব্বজ্ঞঃ অঙ্গিরা ত্বাষ্ট্রং চরুং হবির্বিশেষং শ্রপয়িত্বা সিদ্ধং কৃত্বা ত্বষ্টারম্ অযজৎ ॥২৭

তথা রাজ্ঞঃ মহিষীণাং মধ্যে যা জ্যেষ্ঠা প্রথম-বিবাহিতা, শ্রেষ্ঠা গুণবিশিষ্টা নাম্না কৃতদ্যুতিঃ ইতি প্রসিদ্ধা পত্নী আসীৎ, হে ভারত! তস্যৈ সঃ দ্বিজঃ যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষম্ অদাৎ ॥২৮

অথ চরুদানানন্তরং হে রাজন্! তুভ্যং হর্ষশোকপ্রদঃ তব আত্মজঃ পুত্রঃ একঃ ভবিতা ভবিষ্যতি ইতি নৃপতিম্ আহ, তথা উক্ত্বা ব্রহ্মসুতঃ অঙ্গিরা ততঃ যযৌ ॥২৯

অগ্নেঃ সকাশাৎ যথা কৃত্তিকা দেবী আত্মজং স্কন্দম্ অধারয়ৎ, তথা কৃতদ্যুতিঃ অপি তস্য হবিঃ-শেষস্য প্রাশনাৎ ভক্ষণাৎ এব চিত্রকেতোঃ সকাশাৎ গর্ভম্ অধারয়ৎ ॥৩০

হে ব্রহ্মন্! যে ব্যক্তি ক্ষুধা-তৃষ্ণায় কাতর হইয়া অন্ন ও পানীয় লাভের আকাঙ্ক্ষা করে, মালাচন্দনপ্রভৃতি অপর ভোগ্য বস্তুসমূহ যেরূপ তাহাকে আনন্দ দান করিতে পারে না, যেরূপ লোকপালগণেরও বাঞ্ছনীয় এই সাম্রাজ্য, ঐশ্বর্য্য ও সম্পদ্‌রাশি সন্তানহীন আমাকে আনন্দ দান করিতে পারিতেছে না।২৫

হে মহাভাগ! আমি সন্তানের অভাবে পূর্ব পুরুষগণের সহিত নরকপ্রাপ্তির ভয়ে ভীত হইয়াছি, আপনি আমাকে রক্ষা করুন এবং যাহাতে সন্তানের সাহায্যে দুস্তর নরক উত্তীর্ণ হইতে পারি, তাহার ব্যবস্থা করুন।২৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা চিত্রকেতু এরূপ প্রার্থনা করিলে ব্রহ্মার পুত্র দয়ার্দ্রচিত্ত মহাপ্রভাবশালী ভগবান্ অঙ্গিরা ত্বষ্টৃদেবতার চরু পাক করিয়া তদ্দ্বারা ত্বষ্টৃদেবতার যাগ করিয়াছিলেন।২৭

হে ভরতকুলনন্দন! রাজা চিত্রকেতুর মহিষীগণের মধ্যে যিনি সর্বজ্যেষ্ঠা ও শ্রেষ্ঠা ছিলেন, তাঁহার নাম কৃতদ্যুতি; মহর্ষি অঙ্গিরা তাঁহাকে যজ্ঞের অবশিষ্ট চরুভাগ ভক্ষণ করিতে দিলেন।২৮

অনন্তর ব্রহ্মার পুত্র অঙ্গিরা চিত্রকেতুকে বলিলেন—হে মহারাজ! তোমার একটিমাত্র পুত্র হইবে, কিন্তু সে তোমাকে হর্ষ ও শোক প্রদান করিবে। এই কথা বলিয়াই মহর্ষি অঙ্গিরা তথা হইতে প্রস্থান করিলেন।২৯

হে মহারাজ! কৃত্তিকা যেরূপ অগ্নির ঔরসে নিজ গর্ভে পুত্রসন্তান ধারণ করিয়াছিলেন, দেবী

তস্যা অনুদিনং গর্ভঃ শুক্লপক্ষ ইবোড়ুপঃ।
ববৃধে শূরসেনেশতেজসা শনকৈর্নৃপ ॥৩১
অথ কাল উপাবৃত্তে কুমারঃ সমজায়ত।
জনয়ন্ শূরসেনানাং শৃণ্বতাং পরমাং মুদম্ ॥৩২
হৃষ্টো রাজা কুমারস্য স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ।
বাচয়িত্বাশিষো বিপ্রৈঃ কারয়ামাস জাতকম্ ॥৩৩
তেভ্যো হিরণ্যং রজতং বাসাংস্যাভরণানি চ।
গ্রামান্ হয়ান্ গজান্ প্রাদাদ্ধেনূনামর্ব্বুদানি ষট্ ॥৩৪

ববর্ষ কামানন্যেষাং পর্জন্য ইব দেহিনাম্।
ধন্যং যশস্যমায়ুষ্যং কুমারস্য মহামনাঃ ॥৩৫
কৃচ্ছ্রলব্ধেঽথ রাজর্ষেস্তনয়েঽনুদিনং পিতুঃ।
যথা নিঃস্বস্য কৃচ্ছ্রাপ্তে ধনে স্নেহোঽন্ববর্দ্ধত ॥৩৬
মাতুস্ত্বতিতরাং পুত্রে স্নেহো মোহসমুদ্ভবঃ।
কৃতদ্যুতেঃ সপত্নীনাং প্রজাকামজ্বরোঽভবৎ ॥৩৭
চিত্রকেতোরতিপ্রীতির্যথা দারে প্রজাবতি।
ন তথান্যেষু সঞ্জজ্ঞে বালং লালয়তোঽন্বহম্ ॥৩৮

হে নৃপ! তস্যাঃ গর্ভঃ অপি শুক্লপক্ষে উড়ুপঃ চন্দ্রঃ ইব শূরসেনেশস্য তেজসা শনকৈঃ ক্রমেণ ববৃধে অবর্দ্ধত ॥৩১

অথ কালে প্রসূতি-সময়ে উপাবৃত্তে প্রাপ্তে সতি শৃণ্বতাং শূরসেনানাং পরমাং মুদং হর্ষং জনয়ন্ কুমারঃ সমজায়ত ॥৩২

হে নৃপ ! যৎ দ্রব্যং যস্য পুরুষস্য যেন উপায়ে
যস্মিন্ দেশে কালে চ যতঃ সকাশাৎ অনিষিদ্ধং বিহিত
সঃ নরঃ তেন এব বিহিতেন দ্রব্যেণ কার্য্যাণি কর্ম্মাণি
কুর্য্যাৎ, ন অন্যৈঃ উপায়ান্তরোপার্জ্জিতৈঃ দ্রব্যৈঃ।
ইতি আপৎকালে তু কৃতেহপি ন দোষঃ ॥৬৬

হে রাজন্ ! এতৈঃ পূর্ব্বোক্তৈঃ অন্যৈঃ চ বৈ
বেদোক্তৈঃ স্বকর্ম্মভিঃ ভগবতি সমর্পিতৈঃ তদ্ভক্তিভাক
ভক্তঃ সন্ গৃহে বর্ত্তমানঃ অপি নরঃ অস্য ভগবতঃ
(লোকং স্বরূপং বা) যায়াৎ প্রাপ্নুয়াৎ ॥৬৭

নিজের সঙ্গে পুত্র কলত্র বা অন্য সকল
ধারীর অভিন্নতা আলোচনা করিয়া ধন সম্প
কামনার ঐক্য দর্শন দ্রব্যাদ্বৈত। দেহ পাঞ্চভৌ
অন্যান্য দ্রব্যও সেইরূপ ; পরমাত্মা এক অদ্বৈত।৬

বিপন্ন না হইলে যাহার জন্য যে উপা
যেখানে, যাহার নিকট হইতে, যে বস্তু ব্যবহা
নিষেধ নাই, উহা ব্যতীত অন্যদ্বারা কোনও
করিবে না।৬৬

পূর্বোক্ত বিধান অবলম্বনে এবং বেদো
অন্যান্য বিধান অনুসারে স্বকর্ম অনুশীলন ক
ভক্তিমান্ গৃহস্থও ভগবানের গতি লাভ করে।৬৭

যথা হি যূয়ং নৃপদেব তুস্ত্যজা-
দাপদ্গণাদুত্তরতাত্মনঃ প্রভোঃ।
যৎপাদপঙ্কেরুহসেবয়া ভবা-
নহার্ষীন্নির্জ্জিতদিগ্ গজঃ ক্রতূন্ ॥৬৮

অহং পুরাভবং কশ্চিদ্গান্ধর্ব্ব উপবর্হণঃ।
নাম্নাতীতে মহাকল্পে গন্ধর্ব্বাণাং সুসম্মতঃ ॥৬৯

রূপপেশলমাধুর্য্য-সৌগন্ধ্যপ্রিয়দর্শনঃ।
স্ত্রীণাং প্রিয়তমো নিত্যং মত্তঃ স্বপুরলম্পটঃ ॥৭০

একদা দেবসত্রে তু গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ।
উপহূতা বিশ্বসৃগ্ ভির্হরিগাথোপগায়নে ॥৭১

অহঞ্চ গায়ংস্তদ্বিদ্বান্ স্ত্রীভিঃ পরিবৃতো গতঃ।
জ্ঞাত্বা বিশ্বসৃজস্তন্মে হেলনং শেপুরোজসা।
যাহি ত্বং শূদ্রতামাশু নষ্টশ্রীঃ কৃতহেলনঃ ॥৭২

হে নৃপদেব! অথবা নৃপৈঃ দেবৈঃ চ সহায়ভূতৈঃ অপি তুস্ত্যজাৎ আপদ্গণাৎ যতঃ প্রভোঃ সর্ব্বথা সমর্থাৎ আত্মনঃ শ্রীকৃষ্ণাদেব হেতোঃ যথা যূয়ম্ উত্তরত; যথা চ যস্য পাদপঙ্কেরুহয়োঃ চরণ-কমলয়োঃ সেবয়া নির্জ্জিতদিগ্ গজঃ (নির্জ্জিতাঃ দিগ্ গজাঃ তৎপর্য্যন্তাঃ জনাঃ যেন তথাভূতঃ সন্) ভবান্ ক্রতূন্ রাজসূয়াশ্বমেধাদীন্ অতার্ষীৎ কৃতবান্, তথা অন্যোঽপি নরঃ ভগবৎকৃপয়া সংসারাৎ উত্তীর্য্য তং প্রাপ্নুয়াৎ ॥৬৮

পুরা পূর্ব্বম্ অতীতে মহাকল্পে গন্ধর্ব্বাণাং সুসম্মতঃ শ্রেষ্ঠঃ নাম্না উপবর্হণঃ কশ্চিৎ গন্ধর্ব্বঃ অহম্ অভবম্ ॥৬৯

রূপং চ পেশলং সৌকুমার্য্যং, মাধুর্য্যং মঞ্জুভাষিত্বং, সৌগন্ধ্যং সুগন্ধিত্বং, তৈঃ প্রিয়ং দর্শনং যস্য সঃ অতএব স্ত্রীণাং প্রীতিবিষয়ঃ, অতএব পুরলম্পটঃ তাসু অত্যাসক্তঃ অতঃ নিত্যং মত্তঃ কর্ত্তব্যানুসন্ধানহীনঃ অহম্ অভবম্ ॥৭০

একদা দেবসত্রে (দেবানাং সত্রসংজ্ঞকে যাগে) হরিগাথোপগায়নে ভগবদ্‌যশোগানার্থং বিশ্বসৃগ্ ভিঃ দক্ষমরীচ্যাদিভিঃ গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ (গন্ধর্ব্বাণাম্ অপ্সরসাং চ গণাঃ) উপহূতাঃ ॥৭১

অহং চ তৎ আহ্বানং বিদ্বান্ জানন্ স্ত্রীভিঃ পরিবৃতঃ উন্মত্তঃ সন্ গায়ন্ এব তত্র গতঃ। বিশ্বসৃজঃ তু তৎ আজ্ঞাং বিনৈব গানরূপং মে মম হেলনম্ অপরাধং জ্ঞাত্বা ওজসা ক্রোধেন শেপুঃ; যথা কৃতহেলনঃ (কৃতং হেলনম্ আজ্ঞাং বিনৈব গানেন অস্মদবজ্ঞানং যেন সঃ) অতঃ নষ্টশ্রীঃ (নষ্টা শ্রীঃ শোভা যস্য তথাভূতঃ সন্) ত্বম্ আশু শূদ্রতাং যাহি ॥৭২

হে নৃপতিশ্রেষ্ঠ যুধিষ্ঠির, তোমরা ভগবান্ শ্রীকৃষ্ণ কৃপায় তুস্ত্যজ বহু বিপদ হইতে উদ্ধার লাভ করিয়াছ। তাঁহার পাদপদ্ম সেবাদ্বারা তোমরা দিগ্ গজগণকেও পরাজিত করিয়া বহু যজ্ঞ অনুষ্ঠান করিয়াছ। সেইভাবে শ্রীকৃষ্ণকৃপায় এই সংসার হইতেও উদ্ধার লাভ কর।৬৮

(হে রাজন্, মহতের অবজ্ঞায় উচ্চপদ হইতে পতিত হয় এবং তাঁহাদের কৃপায় সর্ব্বত্র সিদ্ধিলাভ হয়; এই সম্বন্ধে আমার পূর্ববৃত্তান্ত শ্রবণ কর।) পুরাকালে অতীত মহাকল্পে আমি উপবর্হণ নামে এক গন্ধর্বগণের মধ্যে সম্মানিত গন্ধর্বশ্রেষ্ঠ ছিলাম।৬৯

আমার আঙ্গিক সৌন্দর্য্য, মাধুর্য্য, সৌকুমার্য্য, সৌগন্ধ্যগুণে আমি সকলকার প্রিয়দর্শন ছিলাম। স্ত্রীলোকেরা আমাকে ভালবাসিত, আমি প্রায়শঃ মদমত্ত ও লম্পটভাবে স্বগৃহে বাস করিতাম। একসময়ে দেবতাদের যজ্ঞে হরিগাথা গানের জন্য বিশ্বস্রষ্টা ব্রহ্মা গন্ধর্ব ও অপ্ সরা অঙ্গনাগণকে আহ্বান করিলেন।৭০-৭১

পূর্বোক্ত আহ্বানে আমিও স্ত্রীগণে পরিবেষ্টিত হইয়া প্রমত্তভাবে তাহাদের সঙ্গে গান করিতে করিতে সেখানে যাইয়া উপস্থিত হইলাম। আমার সেই অবহেলার ভাব ধৃষ্টতা দেখিয়া বিশ্বস্রষ্টা অভিশাপ দিলেন—তুমি দেবতাদের সভায় অবহেলা প্রদর্শন করিয়াছ, আমাদের প্রভাবে অনতিবিলম্বে তুমি নষ্টশ্রী হইয়া শূদ্রত্ব প্রাপ্ত হও।৭২

তাবদ্দাস্যামহং জজ্ঞে তত্রাপি ব্রহ্মবাদিনাম্।
শুশ্রূষয়ানুষঙ্গেণ প্রাপ্তোঽহং ব্রহ্মপুত্রতাম্ ॥৭৩

ধর্ম্মস্তে গৃহমেধীয়ো বর্ণিতঃ পাপনাশনঃ।
গৃহস্থো যেন পদবীমঞ্জসা ন্যাসিনামিয়াৎ ॥৭৪

যূয়ং নৃলোকে বত ভূরিভাগা
লোকং পুনানা মুনয়োঽভিযন্তি।
যেষাং গৃহানাবসতীতি সাক্ষাদ্
গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গম্ ॥৭৫

এবং শপ্তঃ অহং তাবৎ দাস্যাং জজ্ঞে জাতঃ। তত্র শূদ্রজন্মনি অপি ব্রহ্মবাদিনাং বিদুষাং শুশ্রূষয়ানুসঙ্গেন সেবা-প্রসঙ্গেন অহং ব্রহ্মপুত্রতাং প্রাপ্তঃ ॥৭৩

যেন ধর্ম্মেণ গৃহস্থঃ অপি ন্যাসিনাং পদবীং গতিম্ অঞ্জসা অনায়াসেন ইয়াৎ গচ্ছেৎ, সঃ গৃহমেধীয়ঃ গৃহসম্বন্ধী পাপনাশনঃ ধর্ম্মঃ তে তুভ্যং ময়া বর্ণিতঃ ॥৭৪

নৃলোকে জীবসমূহে যূয়ং ভূরিভাগাঃ অতিভাগ্যবন্তঃ। যতঃ স্বদর্শনাদিনা লোকং পুনানাঃ মুনয়ঃ অপি যেষাং যুষ্মাকং গৃহান্ অভিযন্তি সর্ব্বতঃ আগচ্ছন্তি; যস্মাৎ মনুষ্য-লিঙ্গং গূঢ়ং পরং ব্রহ্ম সাক্ষাৎ শ্রীকৃষ্ণঃ যেষাং গৃহান্ আবসতি ॥৭৫

সেই অভিশাপের ফলে ব্রহ্মবাদিমুনিগণের দাসীর গর্ভে আমার জন্ম হয়। তবে সেই মুনিগণের সেবা ও সঙ্গলাভ করিয়া পুনরায় ব্রহ্মার পুত্র হইয়া জন্ম লাভ করিয়াছি।৭৩

গৃহস্থগণের ধর্মসম্বন্ধে তোমার সমীপে বর্ণনা করিলাম। এই ধর্মসকল পাপ বিনষ্ট করে। গৃহস্থ উক্ত ধর্ম পালন করিয়াই সন্ন্যাসিগণের পদবী প্রাপ্ত হইতে পারে।৭৪

এই মর্ত্ত্যলোকে তোমরা অতিশয় ভাগ্যবান্। লোকপবিত্রকারী মুনিগণ তোমাদের গৃহে সর্বদা গমনাগমন করিতেছেন। এই গৃহে পরমব্রহ্ম মনুষ্য-চিহ্ন ধারণ করিয়া গূঢ়রূপে অবস্থান করিতেছেন।৭৫

স বা অয়ং ব্রহ্ম মহদ্বিমৃগ্য-
কৈবল্যনির্ব্বাণসুখানুভূতিঃ
প্রিয়ঃ সুহৃদ্ বঃ খলু মাতুলেয়
আত্মার্হণীয়ো বিধিকৃদ্গুরুশ্চ ॥
ন যস্য সাক্ষাদ্ভবপদ্মজাদিভী
রূপং ধিয়া বস্তুতয়োপবর্ণিতম্
মৌনেন ভক্ত্যোপশমেন পূজিতঃ
প্রসীদতামেষ স সাত্বতাং পতিঃ ॥

মহদ্ভিঃ বিবেকিভিঃ বিমৃগ্যম্ অন্বেষণীয়ং যৎ কৈ নির্ব্বাণসুখং নিরুপাধিপরমানন্দঃ তদনুভূতিঃ অনু ব্রহ্ম সঃ বৈ অয়ং খলু প্রসিদ্ধঃ বঃ যুষ্মাকং প্রিয়ঃ মাতুলেয়ঃ, আত্মা দেহবৎস্বাধীনঃ, অর্হণীয়ঃ আরাধনীয়ঃ কৃৎ আজ্ঞানুবর্ত্তী, গুরুঃ হিতোপদেষ্টা, শ্রীকৃষ্ণঃ এব ॥৭৬

যস্য ভগবতঃ শ্রীকৃষ্ণস্য রূপং তত্ত্বং ভবঃ মহাদেবঃ ব্রহ্মা, তদাদিভিঃ অপি ধিয়া অপি বস্তুতয়া যাথার্থ্যে সাক্ষাৎ উপবর্ণিতং ন বিষয়ীকৃতম্, সঃ এষ সাত্বতাং ভক্তপালকঃ মৌনেন ভক্ত্যা উপশমেন ইন্দ্রিয়াদিজয়েন আরাধিতঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৭৭

মহদ্ব্যক্তিগণের পরম অন্বেষণীয় নির্বাণসুখের অনুভূতিস্বরূপ সেই পরমব্রহ্ম তোমাদের প্রিয়, সুহৃৎ, মাতুলপুত্র ভ্রাতা, বিধানদাতা এবং গুরু; অতএব মত ভাগ্যবান্ আর কে আছে ?৭৬

হে রাজন্, সাক্ষাৎ শংকর ও ব্রহ্মা দেবগণ যাঁহার রূপ স্ব স্ব বুদ্ধিদ্বারা বিচার নিরূপণ করিতে অসমর্থ, আমি আর তাঁহার কি করিব ? আমার মৌনদ্বারা, ভক্তিদ্বারা শান্তভাবের দ্বারা সেই সাত্বতগণের প্রভু পূজিত হইয়া প্রসন্ন হউন।৭৭

শ্রীশুক উবাচ।

ইতি দেবর্ষিণা প্রোক্তং নিশম্য ভরতর্ষভঃ।
পূজয়ামাস সুপ্রীতঃ কৃষ্ণঞ্চ প্রেমবিহ্বলঃ ॥৭৮

কৃষ্ণপার্থাবুপামন্ত্র্য পূজিতঃ প্রযযৌ মুনিঃ
শ্রুত্বা কৃষ্ণং পরং ব্রহ্ম পার্থঃ পরমবিস্মিতঃ ॥৭৯

ইতি দাক্ষায়ণীনাং তে পৃথগ্বংশাঃ প্রকীর্ত্তিতাঃ।
দেবাসুরমনুষ্যাদ্যা লোকা যত্র চরাচরাঃ ॥৮০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যং সপ্তমস্কন্ধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং দেবর্ষিণা প্রোক্তং ধর্ম্মরহস্যং ভরতর্ষভঃ যুধিষ্ঠিরঃ নিশম্য শ্রুত্বা সুপ্রীতঃ সন্ নারদং শ্রীকৃষ্ণং চ প্রেমবিহ্বলঃ এব পূজয়ামাস ॥৩৮

পূজিতঃ মুনিঃ নারদঃ কৃষ্ণং পার্থং পৃথাপুত্রং যুধিষ্ঠিরং চ উপামন্ত্র্য পৃষ্ট্বা প্রযযৌ ; পার্থঃ যুধিষ্ঠিরঃ শ্রীকৃষ্ণং পরমব্রহ্ম শ্রুত্বা পরমবিস্মিতঃ আশ্চর্য্যযুক্তঃ জাতঃ ॥৭৯

ইতি এবং দাক্ষায়ণীনাং দক্ষকন্যানাং বংশাঃ তে তব ময়া পৃথক্ পৃথক্ প্রকীর্ত্তিতাঃ, যত্র বংশে দেবাদয়ঃ চরাচরলোকাঃ প্রাণিনঃ জাতাঃ ॥৮০

ইতি সপ্তমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥
সমাপ্তশ্চায়ং সপ্তমস্কন্ধান্বয়ঃ ॥

শ্রীশুকদেব বলিলেন,—দেবর্ষি এই প্রকারে বর্ণনা করিলে উহা শ্রবণপূর্ব্বক যুধিষ্ঠির অতিশয় প্রীত হইলেন এবং প্রেমবিহ্বল হইয়া শ্রীকৃষ্ণকেও পূজা করিলেন।৭৮

মুনিশ্রেষ্ঠ দেবর্ষি নারদ শ্রীকৃষ্ণ ও যুধিষ্ঠির বা শ্রীকৃষ্ণ ও অর্জুনকে পুনরায় প্রীতি সম্ভাষণ করিয়া এবং তাঁহাদের দ্বারা পূজিত, আদৃত ও সম্মানিত হইয়া স্বস্থানে গমন করিলেন। শ্রীকৃষ্ণ পরমব্রহ্ম এইকথা শুনিয়া শ্রীযুধিষ্ঠির পরম বিস্ময় লাভ করিলেন।৭৯

হে রাজন্ পরীক্ষিৎ! তোমার নিকট দাক্ষায়ণী-দের (দক্ষকন্যাগণের) পৃথক্ বংশের কথা বর্ণনা করিলাম। ঐ বংশেই দেবতা, অসুর, মনুষ্যপ্রভৃতি ও সম্পূর্ণ চরাচর জগৎ সৃষ্ট হইয়াছে।৮০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম-স্কন্ধে
প্রভুপাদ-শ্রীপ্রাণকিশোরগোস্বামি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত আর্য্যশাস্ত্রে
শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

অষ্টমঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়সমলঙ্কৃতঃ ।
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃতবঙ্গভাষানুবাদসহিতঃ ।

অষ্টমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ

[মন্বন্তরানুবর্ণনম্ ; যজ্ঞাবতারকথনঞ্চ ।]

রাজোবাচ

স্বায়ম্ভুবস্যেহ গুরো বংশোহয়ং বিস্তরাচ্ছ্রুতঃ ।
যত্র বিশ্বসৃজাং সর্গো মনূনন্যান্ বদস্ব নঃ ॥১

যত্র যত্র হরের্জন্ম কর্ম্মাণি চ মহীয়সঃ ।
গৃণন্তি কবয়ো ব্রহ্মংস্তানি নো বদ শৃণ্বতাম্ ॥২

যদ্‌যস্মিন্নন্তরে ব্রহ্মন্ ভগবান্ বিশ্বভাবনঃ ।
কৃতবান্ কুরুতে কর্ত্তা হ্যতীতেহনাগতেহদ্য বা ॥৩

ঋষিরুবাচ

মনবোহস্মিন্ ব্যতীতাঃ ষট্ কল্পে স্বায়ম্ভুবাদয়ঃ ।
আদ্যস্তে কথিতো যত্র দেবাদীনাঞ্চ সম্ভবঃ ॥৪

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে গুরো! ইহ ব্যতীতে গ্রন্থে যত্র বংশে বিশ্বসৃজাং মরীচ্যাদীনাং পুত্রপৌত্রাদিরূপঃ সর্গঃ জাতঃ, সঃ অয়ং স্বায়ম্ভুবস্য বংশঃ ময়া বিস্তরাৎ শ্রুতঃ। অথ নঃ অস্মভ্যম্ অন্যান্ মনূন্ বদস্ব স্বচরিত্রান্ তদ্‌বংশান্ কথয় ॥১

যত্র যত্র মন্বন্তরে চাতুর্বর্ণ্যাশ্রিতাঃ শুভাঃ ভগবৎ-পরিতোষ-জনকাঃ বিবিধাঃ ধর্ম্মাঃ নিরূপ্যন্তে, যত্র যত্র চ মহীয়সঃ লোকপাল-বন্দনীয়স্য হরেঃ জন্মকর্ম্মাণি কবয়ঃ গৃণন্তি, হে ব্রহ্মন্! তানি মন্বন্তরাণি শৃণ্বতাং নঃ অস্মাকং বদ ॥২

অন্বয়ঃ

হে ব্রহ্মন্! বিশ্বভাবনঃ ভগবান্ যস্মিন্ অতীতে মন্বন্তরে যৎ কর্ম্ম কৃতবান্ যস্মিন্ অনাগতে যৎ কর্ত্তা করিষ্যতি; অদ্য বা বর্ত্তমানে যৎ কুরুতে, তৎ বদ ॥৩

ঋষিঃ শুকদেবঃ উবাচ। অস্মিন্ কল্পে স্বায়ম্ভুবাদয়ঃ ষট্ মনবঃ ব্যতীতাঃ, তত্র আদ্যঃ স্বায়ম্ভুবঃ মনুঃ তে কথিতঃ। যত্র দেবাদীনাং দেব-মনুষ্যতির্যগাদীনাং সম্ভবঃ উৎপত্তিঃ উক্তঃ ॥৪

প্রথম অধ্যায়

[মন্বন্তরানুবর্ণন ও যজ্ঞাবতারকথন।]

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে গুরো! আমি আপনার নিকট হইতে স্বায়ম্ভুব মনুর বংশ বিস্তৃতভাবে শ্রবণ করিয়াছি। এই বংশেই বিশ্বস্রষ্টা মরীচিপ্রভৃতির পুত্র-পৌত্রাদির উৎপত্তি হইয়াছে। সম্প্রতি আপনি আমাদের নিকট অপর মনুগণের বর্ণন করুন।১

হে ব্রহ্মন্! যে যে মন্বন্তরে অতিমহান্ ভগবান্ শ্রীহরির যে সকল অবতার ও কর্মসমূহ পণ্ডিতগণ কর্তৃক বর্ণিত হয়, আপনি শ্রবণেচ্ছু আমাদের নিকট তৎসমুদয় কীর্ত্তন করুন।২

হে ব্রহ্মন্! জগৎকর্তা ভগবান্ অতীত যে মন্বন্তরে যাহা করিয়াছেন, বর্তমান মন্বন্তরে যাহা করিতেছেন এবং ভবিষ্যতে যে মন্বন্তরে যাহা করিবেন, আপনি তাহার সকল কথাই বর্ণন করুন।৩

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! এই মন্বন্তরে স্বায়ম্ভুবপ্রভৃতি ছয়টি মনু অতীত হইয়াছেন, তন্মধ্যে স্বায়ম্ভুব মনু প্রথম, আমি তাঁহার কথা এবং এই মন্বন্তরে দেবতাপ্রভৃতির জন্মের কথা তোমার নিকট কীর্তন করিয়াছি।৪

আকূত্যাং দেবহূত্যাঞ্চ দুহিত্রোস্তস্য বৈ মনোঃ।
ধর্ম্মজ্ঞানোপদেশার্থং ভগবান্ পুত্রতাং গতঃ ॥৫

কৃতং পুরা ভগবতঃ কপিলস্যানুবর্ণিতম্।
আখ্যাস্যে ভগবান্ যজ্ঞো যচ্চকার কুরূদ্বহ ॥৬

বিরক্তঃ কামভোগেষু শতরূপাপতিঃ প্রভুঃ।
বিসৃজ্য রাজ্যং তপসে সভার্য্যো বনমাবিশৎ ॥৭

সুনন্দায়াং বর্ষশতং পদৈকেন ভুবং স্পৃশন্।
তপ্যমানস্তপো ঘোরমিদমন্বাহ ভারত ॥৮

মনুরুবাচ

যেন চেতয়তে বিশ্বং বিশ্বং চেতয়তে ন যম্।
যো জাগর্ত্তি শয়ানেঽস্মিন্ নায়ং তং বেদ বেদ সঃ।
আত্মাবাস্যমিদং বিশ্বং যৎ কিঞ্চিজ্জগত্যাং জগ
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্ ॥১

তস্য মনোঃ বৈ দুহিত্রোঃ আকূত্যাং দেবহূত্যাং চ ধর্ম্মজ্ঞানোপদেশার্থং ভগবান্ বিষ্ণুঃ পুত্রতাং গতঃ ॥৫

তত্র ভগবতঃ কপিলস্য কৃতং জ্ঞানভক্ত্যুপদেশাদিকং পুরা তৃতীয়স্কন্ধে ময়া বর্ণিতম্; হে কুরূদ্বহ পরীক্ষিৎ! ভগবান্ যজ্ঞঃ যৎ চকার, তৎ ইদানীম্ আখ্যাস্যে কথয়িষ্যামি ॥৬

কামভোগেষু বিরক্তঃ শতরূপাপতিঃ প্রভুঃ জিতেন্দ্রিয়ঃ স্বায়ম্ভুবঃ মনুঃ রাজ্যং বিসৃজ্য পরিত্যজ্য তপসে তপঃ কর্ত্তুং সভার্য্যঃ বনম্ আবিশৎ ॥৭

হে ভারত! বনে সুনন্দায়াং সুনন্দায়াঃ নদ্যাঃ তীরে একেন পদা ভুবং স্পৃশন্ বর্ষশতং পর্য্যন্তং ঘোরং তপঃ তপ্যমানঃ সঃ মনুঃ ইদম্ আহ ॥৮

মনুঃ উবাচ। যেন চিদাত্মনা বিশ্বং দেহেন্দ্রিয়াস্তঃক
রূপং চেতয়তে চেতনীভবতি, বিশ্বং তু যং ন চেত
চেতনীকরোতি, (স্বতঃ এব চিন্ময়ত্বাৎ) অস্মিন্ দে
শয়ানে স্বপতি সতি যঃ জাগর্ত্তি সাক্ষিতয়া বর্ত্ততে,
জনঃ তং ন বেদ, সঃ তু তং বেদ ॥৯

জগত্যাং লোকে যৎ কিঞ্চিৎ জগৎ স্থাবর-জঙ্গমাত্মক
তৎ বিশ্বং সর্ব্বম্ আত্মনা ঈশ্বরেণ আবাস্যং সত্তাচৈত
সংব্যাপ্তম্; অতঃ তেনৈব ঈশ্বরেণ যৎ কিঞ্চিৎ ত্যক্ত
ধনং তেনৈব ভুঞ্জীথাঃ ভোগান্ ভুঙ্ক্ষ্ব। কস্যস্বিৎ ক
অপি ধনং মা গৃধঃ মাভিকাঙ্ক্ষীঃ ॥১০

ভগবান্ শ্রীহরি ধর্ম ও জ্ঞানের উপদেশদানের জন্য স্বায়ম্ভুব মনুর দুহিতা আকূতি এবং দেবহূতির গর্ভে যথাক্রমে যজ্ঞ ও কপিলরূপে আবির্ভূত হইয়া তাঁহাদের পুত্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন।৫

হে কুরুনন্দন! আমি পূর্বে ভগবান্ কপিলের চরিত্র বর্ণনা করিয়াছি, সম্প্রতি ভগবান্ যজ্ঞ যাহা করিয়াছিলেন, তাহা বর্ণন করিব।৬

শতরূপার পতি স্বায়ম্ভুব মনু বিষয়সুখভোগে বিরক্ত হইয়া রাজ্য পরিত্যাগপূর্বক পত্নীর সহিত তপস্যার জন্য বনে গমন করিয়াছিলেন।৭

হে ভরতনন্দন! তিনি সুনন্দানদীর তীরদেশে এক পদে ভূমি স্পর্শ করিয়া একশত বৎসর ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিতে করিতে এরূপ বাক্য বলিয়াছিলেন।৮

শ্রীমনু বলিলেন—যিনি এই বিশ্বকে চৈত
করেন, অথচ (যিনি) স্বয়ং চৈতন্য
বলিয়া বিশ্ব যাঁহাকে চৈতন্যযুক্ত করে না,
এই বিশ্ব নিদ্রামগ্ন হইলে একমাত্র যিনি
থাকেন বলিয়া তাঁহাকে এই জনগণ জানিতে
না, অথচ তিনি সকলকে জানিতেছেন।৯

এজগতে যে কিছু পদার্থ বিদ্যমান রহি
তাহার সমুদয়ই ঈশ্বরকর্তৃক স্বীয় সত্তা ও চৈ
দ্বারা পরিব্যাপ্ত জানিতে হইবে। অতএব ঈশ্বর
ধন দান করেন, তাহাদ্বারাই ভোগ্য বস্তুর
করিবে (অথবা ভোগ্য বস্তু মাত্রই ঈ
উদ্দেশ্যে অর্পণ করিয়া ভোগ করিবে),
ভোগের জন্য অপর কাহারও ধনের আ
করিও না।১০

যং পশ্যতি ন পশ্যন্তং চক্ষুর্যস্য ন রিষ্যতি ।
তং ভূতনিলয়ং দেবং সুপর্ণমুপধাবত ॥১১

ন যস্যাদ্যন্তৌ মধ্যঞ্চ স্বঃ পরো নান্তরং বহিঃ ।
বিশ্বস্যামূনি যদ্ যস্মাদ্ বিশ্বঞ্চ তদৃতং মহৎ ॥১২

স বিশ্বকায়ঃ পুরুহূত ঈশঃ
সত্যঃ স্বয়ংজ্যোতিরজঃ পুরাণঃ ।
ধত্তেঽস্য জন্মাদ্যজয়াত্মশক্ত্যা
তাং বিদ্যয়োদস্য নিরীহ আস্তে ॥১৩

অথাগ্র ঋষয়ঃ কর্ম্মাণীহন্তেঽকর্ম্মহেতবে ।
ঈহমানো হি পুরুষঃ প্রায়োঽনীহাং প্রপদ্যতে ॥১৪

ঈহতে ভগবানীশো নহি তত্র বিসজ্জতে ।
আত্মলাভেন পূর্ণার্থো নাবসীদন্তি যেঽনু তম্ ॥১৫

সর্ব্বং পশ্যন্তম্ অপি যম্ অয়ং জনঃ চক্ষুঃ বা ন পশ্যতি ; পশ্যতঃ অপি যস্য চক্ষুঃ জ্ঞানং ন রিষ্যতি ন নশ্যতি, তং ভূতনিলয়ং (ভূতানি নিলয়ঃ যস্য তং সর্ব্বান্তর্য্যামিণং) সুপর্ণম্ অসজং দেবম্ উপধাবত ভজধ্বম্ ॥১১

যস্য ভগবতঃ আদি জন্ম, অন্তঃ বিনাশঃ চ ন ভবতি ; অতএব মধ্যং মধ্যাবস্থা, স্বঃ স্বকীয়ঃ, পরঃ চ নাস্তি, তথা অন্তরং বহিঃ চ নাস্তি, তথাপি বিশ্বস্য অমূনি আদ্যান্তাদীনি যস্মাৎ ভবন্তি, বিশ্বং চ যৎ যদ্রূপম্ ; তৎ মহৎ পরিপূর্ণং ব্রহ্ম এব ঋতং সত্যং পরমার্থভূতম্ এব ॥১২

সঃ পূর্ব্বোক্তঃ বিশ্বকায়ঃ (বিশ্বম্ এব কায়ঃ শরীরং যস্য সঃ) অতএব (পূরূণি বহূনি হূতানি নামানি যস্য সঃ) পুরুহূতঃ স্বয়ং জ্যোতিঃ অজঃ পুরাণঃ সত্যঃ ঈশঃ বিদ্যয়া চিচ্ছক্ত্যা তাং মায়াম্ উদস্য তিরস্কৃত্য অস্য বিশ্বস্য জন্মাদি ধত্তে করোতি ; স্বয়ং তু নিরীহঃ সর্ব্বকামনাবিনির্ম্মুক্তঃ এব আস্তে ॥১৩

অথ তস্মাৎ বিবেকিনঃ ঋষয়ঃ অকর্ম্মহেতবে কর্ম্মবন্ধবিমোক্ষার্থম্ অগ্রে আদৌ কর্ম্মাণি ভগবদর্পিতানি এব ঈহন্তে কুর্ব্বন্তি। হি যস্মাৎ ঈহমানঃ ভগবদর্পণেন কর্ম্মাণি কুর্ব্বাণঃ পুরুষঃ প্রায়ঃ অনীহাং মোক্ষং প্রপদ্যতে প্রাপ্নোতি ॥১৪

ভগবান্ ষড়্‌গুণসম্পন্নঃ অপি ঈশ ঈহতে (রামকৃষ্ণাদ্যবতারে বেদোক্তকর্ম্মাণি করোতি ;) হি যস্মাৎ আত্মলাভেন পরমানন্দাত্মলাভেন এব পূর্ণার্থঃ পূর্ণকামঃ, অতঃ তত্র কর্ম্মণি ন বিসজ্জতে আসক্তিং ন করোতি ; তথা যে তং ভগবন্তম্ অনুবর্ত্তন্তে, তেঽপি ন অবসীদন্তি কর্ম্মভিঃ ন নিবধ্যন্তে ॥১৫

যিনি সর্বদা সকলকে দর্শন করিতেছেন অথচ লোকসমূহ বা চক্ষু যাঁহাকে দেখিতে পায় না, এইরূপ যাঁহার জ্ঞান কখনও বিনষ্ট হয় না, সেই সর্বান্তর্য্যামী নিঃসঙ্গ পুরুষকে ভজন কর ।১১

যাঁহার আদি, অন্ত, মধ্য, আত্মীয়, পর এবং অন্তর বা বাহির কিছুই নাই, অথচ বিশ্বের ঐ সকল যাহা হইতে হয় এবং এই বিশ্ব যৎস্বরূপ, তিনি সত্য ও পরিপূর্ণ ব্রহ্ম বস্তু ।১২

তিনি জগতের ঈশ্বর, জন্মরহিত, সত্য, স্বপ্রকাশ ও নির্বিকারস্বরূপ। এই বিশ্ব তাঁহার শরীর এবং তাঁহার নাম অনেক। তিনি নিজশক্তি মায়াদ্বারা এই বিশ্বের সৃষ্টিপ্রভৃতি সাধন করেন এবং তিনিই নিত্যসিদ্ধ বিদ্যা অর্থাৎ জ্ঞানদ্বারা মায়াকে নিরস্ত করিয়া নিষ্ক্রিয়ভাবে বিরাজ করিতেছেন ।১৩

(যেহেতু ঈশ্বর কর্ম করিয়া নৈষ্কর্ম্যপদে প্রতিষ্ঠিত রহিয়াছেন) এই হেতুই ঋষিগণ মুক্তিলাভের জন্য প্রথমতঃ কর্মসমূহেরেই আচরণ করেন। যেহেতু কর্মচেষ্টারত পুরুষই প্রায়শঃ কর্মে নিশ্চেষ্টতা লাভ করেন ।১৪

ভগবান্ আত্মলাভের দ্বারা সিদ্ধকাম বলিয়া কর্মসমূহে আসক্ত বা কর্মফলে আবদ্ধ হন না, এইরূপ যাঁহারা তাঁহার অনুকরণ করিয়া আত্মলাভে পরিপূর্ণ, তাঁহারা কর্ম করিয়াও তাহাতে আবদ্ধ হন না ।১৫

তমীহমানং নিরহঙ্কৃতং বুধং
নিরাশিষং পূর্ণমনন্যচোদিতম্ ।
নৄন্ শিক্ষয়ন্তং নিজবর্ত্ম সংস্থিতং
প্রভুং প্রপদ্যেঽখিলধর্ম্মভাবনম্ ॥১৬

শ্রীশুক উবাচ ।

ইতি মন্ত্রোপনিষদং ব্যাহরন্তং সমাহিতম্ ।
দৃষ্ট্বাসুরা যাতুধানা জগ্ধুমভ্যদ্রবন্ ক্ষুধা ॥১৭

তাংস্তথাবসিতান্ বীক্ষ্য যজ্ঞঃ সর্ব্বগতো হরিঃ।
যামৈঃ পরিবৃতো দেবৈর্হত্বাশাসৎ ত্রিবিষ্টপম্ ॥
স্বারোচিষো দ্বিতীয়স্তু মনুরগ্নেঃ সুতোঽভবৎ।
দ্যুমৎসুষেণরোচিষ্মৎপ্রমুখাস্তস্য চাত্মজাঃ ॥১৯
তত্রেন্দ্রো রোচনস্ত্বাসীদ্দেবাশ্চ তুষিতাদয়ঃ।
ঊর্জ্জস্তম্ভাদয়ঃ সপ্ত ঋষয়ো ব্রহ্মবাদিনঃ ॥২০
ঋষেস্তু বেদশিরসস্তুষিতা নাম পত্ন্যভূৎ।
তস্যাং যজ্ঞে ততো দেবো বিভুরিত্যভিবিশ্রুতঃ

ঈহমানং (মনুষ্যাধিকারপ্রাপ্তকর্ম্মাণি কুর্ব্বন্তং) নিরহঙ্কৃতম্ অহঙ্কার-শূন্যং বুধং সদা পরমানন্দস্বরূপং, পূর্ণং পূর্ণকামং, নিরাশিষং বিষয়কামনারহিতম্, অনন্যচোদিতং (স্বেচ্ছয়ৈব তস্য কর্ম্মসু প্রবৃত্তিঃ) নিজবর্ত্মসংস্থিতং স্বপ্রবর্ত্তিত-বেদমার্গে স্থিতম্ ; অখিল-ধর্ম্ম-ভাবনম্ (অখিলান্ ধর্ম্মান্ ভাবয়তি প্রবর্ত্তয়তি তথাবিধং), নৄন্ শিক্ষয়ন্তং তং স্বীকৃত-রামকৃষ্ণাদ্যবতারং ভগবন্তম্ অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥১৬

শ্রীশুকঃ উবাচ ইতি এবং মন্ত্রোপনিষদং ব্যাহরন্তম্ উচ্চারয়ন্তং সমাহিতং সমাহিতচিত্তং স্বায়ম্ভুবং মনুং দৃষ্ট্বা অসুরাঃ যাতুধানাঃ রাক্ষসাঃ চ ক্ষুধা নিমিত্তেন তং জগ্ধুম্ অত্তুম্ অভ্যদ্রবন্ ॥১৭

তথা অবসিতান্ মনুভক্ষণে কৃতনিশ্চয়ান্ তান্ অসুরাদীন্ বীক্ষ্য সর্ব্বগতঃ যজ্ঞঃ হরিঃ যামৈঃ স্বপুত্রৈঃ দেবৈঃ পরিবৃতঃ সন্ তান্ হত্বা ত্রিপিষ্টপং স্বর্গম্ অশাসৎ অপালয়ৎ (স্বয়মেব ইন্দ্রো বভূব) ॥১৮

অগ্নেঃ সুতঃ স্বারোচিষঃ দ্বিতীয়ঃ মনুঃ অভবৎ। সুষেণ-রোচিষ্মৎপ্রমুখাঃ তস্য আত্মজাঃ বভূবুঃ ॥১৯

তত্র মন্বন্তরে যজ্ঞপুত্রঃ রোচনঃ ইন্দ্রঃ জাতঃ। তুষিতাদয়ঃ দেবাঃ আসন্! (আদিপদেন "তোষঃ সন্তোষঃ ভদ্রঃ, শান্তিরিড়স্পতিঃ। ইধ্মঃ কবির্বিভুঃ সদেবো রোচন দ্বিষড়িতি চতুর্থস্কন্ধোক্তোঽবশিষ্টাঃ ঊর্জ্জস্তম্ভাদয়ঃ (ঊর্জ্জো বশিষ্ঠপুত্রশ্চ স্তম্ভঃ কাশ্যপ প্রাণো বৃহস্পতিশ্চৈব দত্তোঽত্রিশ্চারণস্তথা) ইতি ব্রহ্মবাদিনঃ ঋষয়ঃ বভূবুঃ ॥২০

বেদশিরসঃ ঋষেঃ তুষিতা নাম পত্নী অভূৎ। তুষিতায়াং ততঃ বেদশিরসঃ সকাশাৎ বিভুঃ ইতি বিখ্যাতঃ দেবঃ ভগবান্ যজ্ঞঃ প্রাদুরভূৎ ॥২১

যিনি নিখিল ধর্মের প্রবর্তক বলিয়াই মনুষ্যাবতারের অনুরূপ মার্গে সুপ্রতিষ্ঠিত থাকিয়া নিজ আচরণদ্বারা মানবগণের শিক্ষাদানের জন্যই কর্মের আচরণ করেন এবং যিনি জ্ঞানময় বলিয়া অহঙ্কার-সম্পর্কশূন্য, যিনি পূর্ণ (সর্বদা আত্মলাভে পরিপূর্ণ) বলিয়া নিষ্কাম ও যিনি প্রভু বলিয়া অন্যকর্তৃক অপরিচালিত, আমি তাঁহারই শরণাগত হইতেছি।১৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! স্বায়ম্ভুব মনু সমাধিমগ্ন অবস্থায় এরূপ মন্ত্রোপনিষদ্ উচ্চারণ করিতেছিলেন বলিয়া অসুরগণ তাঁহাকে বিবশ মনে করিয়া ক্ষুধাবশতঃ ভক্ষণ করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইয়াছিল।১৭

সেই অসুর ও রাক্ষসগণের তাদৃশ উদ্যোগ দেখিয়া যজ্ঞরূপী সর্বগত শ্রীহরি নিজ পুত্র দেবগণ দ্বারা পরিবৃত হইয়া অসুর ও সংহারপূর্বক স্বয়ং ইন্দ্ররূপে স্বর্গরাজ্য শাসন ছিলেন।১৮

অগ্নির পুত্র স্বারোচিষ দ্বিতীয় মনু দ্যুমান্, সুষেণ ও রোচিষ্মান্প্রভৃতি তাঁহার বলিয়া পরিচিত।১৯

উক্ত মন্বন্তরে রোচননামক ইন্দ্র, দেবতা এবং ঊর্জ ও স্তম্ভপ্রভৃতি সাতজন ঋষি ছিলেন।২০

বেদশিরা ঋষির তুষিতানামে পত্নী তাঁহার গর্ভে বিভু নামে প্রসিদ্ধ দেব করেন।২১

অষ্টাশীতিসহস্রাণি মুনয়ো যে ধৃতব্রতাঃ।
অন্বশিক্ষন্ ব্রতং তস্য কৌমারব্রহ্মচারিণঃ ॥২২
তৃতীয় উত্তমো নাম প্রিয়ব্রতসুতো মনুঃ।
পবনঃ সৃঞ্জয়ো যজ্ঞ হোত্রাদ্যাস্তৎসুতা নৃপ ॥২৩
বসিষ্ঠতনয়াঃ সপ্ত ঋষয়ঃ প্রমদাদয়ঃ।
সত্যা বেদশ্রুতা ভদ্রা দেবা ইন্দ্রস্তু সত্যজিৎ ॥২৪
ধর্ম্মস্য সুনৃতায়ান্তু ভগবান্ পুরুষোত্তমঃ।
সত্যসেন ইতি খ্যাতো জাতঃ সত্যব্রতৈঃ সহ ॥২৫
সোঽনৃতব্রতদুঃশীলানসতো যক্ষরাক্ষসান্।
ভূতদ্রুহো ভূতগণাংশ্চাবধীৎ সত্যজিৎসখঃ ॥২৬
চতুর্থ উত্তমভ্রাতা মনুর্নাম্না চ তামসঃ।
পৃথুঃ খ্যাতির্নরঃ কেতুরিত্যাদ্যা দশ তৎসুতাঃ ॥২৭
সত্যকা হরয়ো ধীরা দেবাস্ত্রিশিখ ঈশ্বরঃ।
জ্যোতির্ধামাদয়ঃ সপ্ত ঋষয়স্তামসেঽন্তরে ॥২৮
দেবা বৈধৃতয়ো নাম বিধৃতেস্তনয়া নৃপ।
নষ্টাঃ কালেন যৈর্বেদা বিধৃতাঃ স্বেন তেজসা ॥২৯

কৌমার-ব্রহ্মচারিণঃ তস্য বিভোঃ সকাশাৎ যে ধৃতব্রতাঃ যমনিয়মাদিসাধন-সম্পন্নাঃ অষ্টাশীতিসহস্রাণি মুনয়ঃ তে ব্রতম্ অন্বশিক্ষন্ ॥২২

হে নৃপ! প্রিয়ব্রতস্য সুতঃ উত্তমো নাম তৃতীয়ঃ মনুঃ অভবৎ। পবনঃ সৃঞ্জয়ঃ যজ্ঞহোত্রাদ্যাঃ তস্য সুতাঃ অভবন্ ॥২৩

তত্র প্রমদাদয়ঃ সপ্ত বশিষ্ঠতনয়াঃ ঋষয়ঃ সপ্ত অভবন্। সত্যাঃ বেদশ্রুতাঃ ভদ্রাঃ প্রভৃতয়ঃ দেবাঃ অভবম্ ; সত্যজিৎ ইন্দ্রঃ বভূব ॥২৪

ধর্মস্য ভার্যায়াং সুনৃতায়াং ভগবান্ পুরুষোত্তমঃ প্রিয়ব্রতৈঃ ভ্রাতৃভিঃ সহ সত্যসেনঃ ইতি নাম্না খ্যাতঃ সন্ জাতঃ ॥২৫

সত্যজিৎসখঃ (সত্যজিতঃ ইন্দ্রস্য সখা) সঃ ভগবান্ সত্যসেনঃ অনৃত-ব্রত-দুঃশীলান্ (অনৃতম্ অনৃতভাষণম্ এব ব্রতং যেষাং তান্), ভূতদ্রুহঃ ভূত (ভূতানি দ্রুহ্যন্তীতি), অসতঃ দুষ্টান্ যক্ষরাক্ষসান্ ভূতগণান্ অবধীৎ ॥২৬

উত্তমস্য ভ্রাতা (প্রিয়ব্রতস্য পুত্রঃ) নাম্না তামসঃ চতুর্থঃ মনুঃ আসীৎ। পৃথুঃ খ্যাতিঃ নরঃ কেতুঃ ইত্যাদ্যাঃ দশ তস্য সুতাঃ আসন্ ॥২৭

সত্যকাঃ হরয়ঃ বীরাঃ তত্র দেবাঃ আসন্। ত্রিশিখ-সংজ্ঞকঃ ঈশ্বরঃ ইন্দ্রঃ আসীৎ। তামসে মন্বন্তরে জ্যোতির্ধামাদয়ঃ সপ্ত ঋষয়ঃ আসন্ ॥২৮

হে নৃপ! বিবৃতৈঃ তনয়া বৈধৃতয়ঃ ইতি প্রসিদ্ধাঃ তদা দেবাঃ বভূবুঃ। কালেন নষ্টাঃ বেদাঃ যৈঃ দেবৈঃ স্বেন তেজসা

অষ্টাশীতি সহস্র মুনি নিয়মপালনসহকারে কুমার ব্রহ্মচারী সেই বিভুর নিকট ব্রত শিক্ষা করিয়াছিলেন।২২

হে মহারাজ! প্রিয়ব্রতের পুত্র উত্তম তৃতীয় মনু হন; পবন, সৃঞ্জয় ও যজ্ঞহোত্রপ্রভৃতি তাঁহার পুত্র।২৩

উক্ত মন্বন্তরে বশিষ্ঠের পুত্র প্রমদপ্রভৃতি সপ্তর্ষি হন এবং সত্য, বেদশ্রুত ও ভদ্রগণ দেবতা এবং সত্যজিৎ ইন্দ্র হইয়াছিলেন।২৪

এই মন্বন্তরেই ভগবান্ শ্রীহরি ধর্মের ভার্য্যা সুনৃতার গর্ভে সত্যব্রতগণের সহিত উৎপন্ন হইয়া সত্যসেন নামে বিখ্যাত হইয়াছিলেন।২৫

এই সত্যসেন সত্যজিৎ-সংজ্ঞক পূর্বোক্ত ইন্দ্রের সখা (হিতকারী) হইয়া মিথ্যারত, দুঃশীল, দুষ্ট যক্ষ ও রাক্ষসগণকে এবং নিরীহ প্রাণিগণের পীড়াদানকারী হিংস্র প্রাণিগণকে সংহার করিয়াছিলেন।২৬

উত্তমের ভ্রাতা তামস চতুর্থ মনু। পৃথু, খ্যাতি, নর ও কেতুপ্রভৃতি দশজন তাঁহার পুত্র।২৭

তামস মন্বন্তরে সত্যক, হরি ও বীরগণ দেবতা হন এবং ত্রিশিখ ইন্দ্র হন এবং জ্যোতির্ধাম প্রভৃতি সপ্তর্ষি হইয়াছিলেন।২৮

হে মহারাজ! উক্ত মন্বন্তরে বিধৃতির পুত্র বৈধৃতিগণও দেবতা হইয়াছিলেন এবং তাঁহারা কালক্রমে বিনষ্ট বেদসমূহকে নিজ নিজ তেজোবলে ধারণ করিয়াছিলেন।২৯

তত্রাপি জজ্ঞে ভগবান্ হরিণ্যাং হরিমেধসঃ।
হরিরিত্যাহৃতো যেন গজেন্দ্রো মোচিতো গ্রহাৎ ॥৩০

রাজোবাচ।

বাদরায়ণ এতৎ তে শ্রোতুমিচ্ছামহে বয়ম্।
হরির্যথা গজপতিং গ্রাহগ্রস্তমমূমুচৎ ॥৩১
তৎকথাসু মহৎ পুণ্যং ধন্যং স্বস্ত্যয়নং শুভম্।
যত্র যত্রোত্তমঃশ্লোকো ভগবান্ গীয়তে হরিঃ ॥৩২

সূত উবাচ।

পরীক্ষিতৈবং স তু বাদরায়ণিঃ
প্রায়োপবিষ্টেন কথাসু চোদি
উবাচ বিপ্রাঃ প্রতিনন্দ্য পার্থিবং
মুদা মুনীনাং সদসি স্ম শৃণ্বতাম্।৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে প্রথমোঽধ্যা

বিধ্বস্তাঃ ॥২৯

তত্রাপি মন্বন্তরে হরিমেধসঃ ভর্ত্তুঃ ভার্য্যায়াং হরিণ্যাং ভগবান্ হরিঃ ইতি আহৃতঃ ব্যাখ্যাতঃ জজ্ঞে; যেন হরিসংজ্ঞকেন গ্রহাৎ মকরাৎ গজেন্দ্রঃ মোচিতঃ ॥৩০

রাজা পরীক্ষিৎ উবাচ। হে বাদরায়ণ! গ্রাহগ্রস্তং গজপতিং হরিঃ যথা অমূমুচৎ, এতৎ তে ত্বত্তঃ শ্রোতুং বয়ম্ ইচ্ছামহে ॥৩১

যত্র যত্র কথায়াম্ উত্তমঃশ্লোকঃ ভগবান্ হরিঃ গীয়তে, তৎ কথাসু মহৎ পুণ্যং পুণ্যাবহং ধন্যং ধনাবহং, স্ব কামাবহং তথা শুভং মোক্ষাবহং ফলম্ অস্তি ॥৩২

সূতঃ উবাচ। প্রায়োপবিষ্টেন পরীক্ষিতা এবং চোদিতঃ প্রবর্ত্তিতঃ সঃ তু বাদরায়ণিঃ শুকঃ পার্থিবং ক্ষিতং প্রতিনন্দ্য মুদা হর্ষেণ মুনীনাং সদসি সভায়াং শৃণ্বতাং হে বিপ্রাঃ ইতি উবাচ ॥৩৩

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে প্রথমোঽ

সেই মন্বন্তরেই ভগবান্ বিষ্ণু হরিমেধসের ঔরসে হরিণীর গর্ভে আবির্ভূত হইয়া 'হরি' নামে বিখ্যাত হন এবং ইনিই কুম্ভীরের গ্রাস হইতে গজেন্দ্রকে মুক্ত করিয়াছিলেন।৩০

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ব্যাসনন্দন মুনিবর! হরি যেরূপে কুম্ভীরগ্রস্ত গজেন্দ্রকে মুক্ত করিয়াছিলেন, তাহা আমরা আপনার নিকট হইতে শুনিতে ইচ্ছা করি।৩১

যে যে কথায় মহাযশাঃ শ্রীহরির কীর্তন তাহা শুভ, মঙ্গলজনক, ধন্য ও পরম পবিত্র।৩২

শ্রীসূত বলিলেন—হে বিপ্রগণ! ব্যাস শ্রীশুকদেব প্রায়োপবেশনরত মহারাজ প কর্তৃক এরূপভাবে ভগবৎ-কথাবর্ণনে প্রার্থিত শ্রবণকারী মুনিগণের সভায় হৃষ্টচিত্তে রাজার অভিনন্দন প্রকাশপূর্ব্বক বলিতে লাগিলেন।৩৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[গজেন্দ্রোপাখ্যানম্ ।]

শ্রীশুক উবাচ ।

আসীদ্গিরিবরো রাজংস্ত্রিকূট ইতি বিশ্রুতঃ ।
ক্ষীরোদেনাবৃতঃ শ্রীমান্ যোজনাযুতমুচ্ছ্রিতঃ ॥১
তাবতা বিস্তৃতঃ পর্য্যক্ ত্রিভিঃ শৃঙ্গৈঃ পয়োনিধিম্ ।
দিশশ্চ রোচয়ন্নাস্তে রৌপ্যায়সহিরণ্ময়ৈঃ ॥২

অন্যৈশ্চ ককুভঃ সর্ব্বা রত্নধাতুবিচিত্রিতৈঃ ।
নানাদ্রুমলতাগুল্মৈর্নির্ঘোষৈর্নির্ঝরাম্ভসাম্ ॥৩
স চাবনিজ্যমানাঙ্ঘ্রিঃ সমন্তাৎ পয়ঊর্ম্মিভিঃ ।
করোতি শ্যামলাং ভূমিং হরিন্মরকতাশ্মভিঃ ॥৪
সিদ্ধচারণগন্ধর্ব্ববিদ্যাধরমহোরগৈঃ ।
কিন্নরৈরপ্সরোভিশ্চ ক্রীড়দ্ভির্জুষ্টকন্দরঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! ক্ষীরোদেন ক্ষীরসমুদ্রেণাবৃতঃ ক্ষীরাব্ধিদ্বীপস্থঃ যোজনাযুতম্ উচ্ছ্রিতঃ উন্নতঃ শ্রীমান্ ত্রিকূটঃ ইতি বিশ্রুতঃ প্রখ্যাতঃ কশ্চিৎ গিরিবরঃ আসীৎ ॥১

পর্য্যক্ পরিতঃ তাবতা যোজনাযুতেন বিস্তৃতঃ চ রৌপ্যায়সহিরণ্ময়ৈঃ ত্রিভিঃ মুখ্যৈঃ পয়োনিধিং দিশশ্চ রোচয়ন্ প্রকাশয়ন্ আস্তে ॥২

তথা রত্নধাতুভিঃ বিচিত্রিতৈঃ (নানাবিধানাং দ্রুমলতানাং গুল্মাঃ যেষু তৈঃ) অন্যৈঃ শৃঙ্গৈঃ তথা নির্ঝরাম্ভসাং নির্ঘোষৈঃ সর্ব্বাঃ ককুভঃ দিশঃ রোচয়ন্ আস্তে ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৩

সঃ চ ত্রিকূটঃ পয়ঊর্ম্মিভিঃ (পয়োধেঃ ঊর্ম্মিভিঃ) সমন্তাৎ সর্ব্বতঃ অবনিজ্যমানাঙ্ঘ্রিঃ (অবনিজ্যমানাঃ বিশোধ্যমানাঃ অঙ্ঘ্রয়ঃ মূলপ্রান্তাঃ যস্য সঃ তথাবিধঃ সন্) হরিন্মরকতাশ্মভিঃ (ঊর্ম্মিভিঃ আকর্ষণেন ঘর্ষিতৈঃ হরিদ্ভিঃ পালাশবর্ণৈঃ মরকতমণিভিঃ) ভূমিং শ্যামলাং করোতি ॥৪

তথা ক্রীড়দ্ভিঃ সিদ্ধৈঃ চারণৈঃ গন্ধর্ব্বৈঃ বিদ্যাধরৈঃ মহোরগৈঃ মহাসর্পৈঃ কিন্নরৈঃ অপ্সরোভিশ্চ জুষ্টাঃ সেবিতাঃ কন্দরাঃ গুহাঃ যস্য তথাভূতঃ আসীৎ ॥৫

দ্বিতীয় অধ্যায়

[গজেন্দ্রোপাখ্যান]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! চতুর্দিকে ক্ষীরোদ সমুদ্রদ্বারা পরিবেষ্টিত, দশসহস্র যোজন উন্নত চিত্রকূটনামে প্রসিদ্ধ একটি রমণীয় পর্বত আছে।১

ঐ পর্বতটি চতুর্দিকেও দশসহস্র যোজন বিস্তৃত এবং সেই পর্বত রৌপ্য, লৌহ ও সুবর্ণময় তিনটি (প্রধান) শৃঙ্গদ্বারা ক্ষীরসমুদ্র ও দিক্‌সমূহকে সমুজ্জ্বল করিয়া বিরাজ করিতেছে।২

এইরূপ ঐ পর্বতটি নানাবিধ বৃক্ষ-লতা-গুল্মযুক্ত এবং নানাবিধ রত্ন ও গৈরিকাদি ধাতুরঞ্জিত অন্যান্য শৃঙ্গসমূহদ্বারা ও নির্ঝরসমূহের জলপ্রপাতের শব্দদ্বারা সকল দিকের শোভা বর্ধন করিতেছে।৩

ক্ষীরোদ সমুদ্রের তরঙ্গরাজিদ্বারা চতুর্দিক্ হইতে সেই ত্রিকূটপর্বতের পাদমূল ধৌত হইতেছে এবং সেই পর্বতটি সবুজবর্ণ মরকতপ্রস্তররাশিদ্বারা সমীপস্থিত ভূমিভাগের শ্যামলতা সম্পাদন করিতেছে।৪

ক্রীড়ারত সিদ্ধ, চারণ, গন্ধর্ব, বিদ্যাধর, মহাসর্প, কিন্নর এবং অপ্সরাগণ উক্ত পর্বতের গুহাসমূহের সেবা করিয়া থাকেন।৫

যত্র সংগীতসন্নাদৈর্নদদ্গুহমমর্ষয়া।
অভিগর্জ্জন্তি হরয়ঃ শ্লাঘিনঃ পরশঙ্কয়া ॥৬
নানারণ্যপশুব্রাতসঙ্কুলদ্রোণ্যলঙ্কৃতঃ।
চিত্রদ্রুমসুরোদ্যানকলকণ্ঠবিহঙ্গমঃ ॥৭
সরিৎসরোভিরচ্ছোদৈঃ পুলিনৈর্মণিবালুকৈঃ।
দেবস্ত্রীমজ্জনামোদসৌরভাম্ব্বনিলৈর্যুতঃ ॥৮

যত্র ত্রিকূটে কিন্নরাদীনাং সংগীত-সন্নাদৈঃ নদদ্গুহং (নদন্ত্যঃ গুহাঃ যস্মিন্ প্রদেশে তং) প্রদেশং শ্লাঘিনঃ হরয়ঃ সিংহাঃ পরশঙ্কয়া সিংহান্তর-গমন-শঙ্কয়া নিমিত্তেন অমর্ষয়া অসহনেন অভিগর্জ্জন্তি ॥৬

নানাবিধাঃ যে আরণ্যাঃ অরণ্যপ্রভবাঃ পশবঃ তেষাং ব্রাতৈঃ সঙ্কুলাভিঃ ব্যাপ্তাভিঃ দ্রোণীভিঃ অলঙ্কৃতঃ তথা চিত্রাঃ দ্রুমাঃ যেষু সুরোদ্যানেষু কলকণ্ঠাঃ মধুরস্বনাঃ বিহঙ্গমাঃ যস্মিন সঃ তাদৃশঃ অভূৎ ॥৭

কিঞ্চ অচ্ছোদৈঃ স্বচ্ছোদকৈঃ সরিৎসরোভিঃ যুতঃ, মণয়ঃ ইব বালুকাঃ যেষু তৈঃ পুলিনৈঃ চ যুতঃ; দেবস্ত্রীণাং মজ্জনেন যঃ আমোদঃ তেন সৌরভেণ যুক্তানি অম্বূনি অনিলাশ্চ তৈঃ যুতঃ আস্তে ॥৮

উক্ত পর্বতের গুহাসমূহ কিন্নরপ্রভৃতির সঙ্গীতরবে প্রতিধ্বনিত হইলে দৃপ্ত সিংহগণ ঐ শব্দকে প্রতিপক্ষ সিংহের গর্জন মনে করিয়া অসহিষ্ণুতাবশতঃ নিজেরাও গর্জন করিতে থাকে।৬

নানাবিধ বন্য পশুগণের দ্বারা উক্ত পর্বতের সন্ধিস্থল সুশোভিত এবং উক্ত পর্বতে বিবিধ বিচিত্র বৃক্ষরাজিসমন্বিত ও দেবগণের বিহারযোগ্য উদ্যানসমূহে কলরবকারী পক্ষিগণ অবস্থান করে।৭

উক্ত পর্বতটি স্বচ্ছ জলপূর্ণ নদী ও সরোবরসমূহ, মণিতুল্য উজ্জ্বল বালুকাময় পুলিনরাজি এবং দেব-রমণীগণের অবগাহনহেতু সৌরভময় জলরাশি ও বায়ুপ্রবাহদ্বারা নিরন্তর যুক্ত রহিয়াছে।৮

তস্য দ্রোণ্যাং ভগবতো বরুণস্য মহাত্মনঃ।
উদ্যানমৃতুমন্নাম আক্রীড়ং সুরযোষিতাম্ ॥৯
সর্ব্বতোঽলঙ্কৃতং দিব্যৈর্নিত্যপুষ্পফলদ্রুমৈঃ।
মন্দারৈঃ পারিজাতৈশ্চ পাটলাশোকচম্পকৈঃ
চূতৈঃ পিয়ালৈঃ পনসৈরাম্রৈরাম্রাতকৈরপি।
ক্রমুকৈর্নারিকেলৈশ্চ খর্জ্জূরৈর্বীজপূরকৈঃ ॥

তস্য ত্রিকূটস্য দ্রোণ্যাং ভগবতঃ ঐশ্বর্য্যাদিসম্পন্নস্য লোকপালস্য বরুণস্য ঋতুমদাখ্যং সুরযোষিতাম্ ক্রীড়াস্থানং দিব্যৈঃ নিত্যপুষ্প-ফলদ্রুমৈঃ সর্ব্বতঃ উদ্যানম্ অস্তি।

কিঞ্চ মন্দার-পারিজাত-পাটলাশোক-চম্পক-চূত-পিয়াল সাম্রাম্রাতক-ক্রমুক-নারিকেল-খর্জ্জূর-বীজপূর-মধুক- তমালাসনার্জ্জুনারিষ্টোড়ুম্বর - প্লক্ষ - বট-কিংশুক - চন্দন কোবিদার-সুরদারু-দ্রাক্ষেক্ষু-রম্ভা-জম্বূ-বদরি-বিল্ব-কপিত্থ ভল্লাতকাদিভিঃ বৃক্ষৈঃ বৃতঃ ত্রিকূটঃ।

তস্মিন্ ত্রিকূটে লসৎকাঞ্চনপঙ্কজং (লসন্তি কাঞ্চন যস্মিন্ তৎ) কুমুদোৎপল-কহ্লার-শতপত্রাণাং শ্রিয়া সমৃদ্ধং সুবিপুলং সরঃ অস্তি।

সেই পর্বতের এক সন্ধিস্থলে মহাত্মা ভগবান্ বরুণের একটি উদ্যান আছে, উহার নাম ঋতুমান্ এবং উহা দেবরমণীগণের ক্রীড়াভূমি।৯

উক্ত উদ্যানটি সর্বত্র সকল ঋতুতে পুষ্পফল স্বর্গীয় মন্দার, পারিজাত, পারুল, চম্পক, আম্র, পিয়াল, আম্রবিশেষ, (আমড়া), গুবাক, নারিকেল, খর্জুর, (টাবা নেবু), মধুক (মউগাছ), শাল, তমাল, অসন (পীত শাল), অর্জুন, অরিষ্ট ডুমুর, অশ্বত্থ, বট, পলাশ, চন্দন, নিম্ব, (কাঞ্চন বৃক্ষ), সরল, দেবদারু, দ্রাক্ষা, জম্বু (জাম), বদরী (কুল), বহেড়া, আমলকী, বিল্ব, কপিত্থ (কয়েত বেল), ভল্লাতক (ভেলা) প্রভৃতি বৃক্ষরাজিদ্বারা সুশোভিত রহিয়াছে। উক্ত উদ্যানের মধ্যে কমলশোভিত একটি সুবিশাল সরোবর আছে।

মধুকৈঃ শালতালৈশ্চ তমালৈ রসনার্জ্জুনৈঃ।
অরিষ্টোডুম্বরপ্লক্ষৈর্বটৈঃ কিংশুকচন্দনৈঃ ॥১২
পিচুমর্দ্দৈঃ কোবিদারৈঃ সরলৈঃ সুরদারুভিঃ।
দ্রাক্ষেক্ষুরম্ভাজম্বুভির্বদর্য্যক্ষাভয়ামলৈঃ ॥১৩
বিল্বৈঃ কপিত্থৈর্জম্বীরৈর্বৃতো ভল্লাতকাদিভিঃ।
তস্মিন্ সরঃ সুবিপুলং লসৎকাঞ্চনপঙ্কজম্ ॥১৪
কুমুদোৎপলকহ্লারশতপত্রশ্রিয়োর্জ্জিতম্।
মত্তষট্‌পদনির্ঘুষ্টং শকুন্তৈশ্চ কলস্বনৈঃ ॥১৫
হংসকারণ্ডবাকীর্ণং চক্রাহ্বৈঃ সারসৈরপি।
জলকুক্কুটকোযষ্টিদাত্যূহকুলকূজিতম্ ॥১৬
মৎস্যকচ্ছপসঞ্চারচলৎপদ্মরজঃপয়ঃ।
কদম্ববেতসনল-নীপবঞ্জুলকৈর্বৃতম্ ॥১৭
কুন্দৈঃ কুরুবকাশোকৈঃ শিরীষৈঃ কুটজেঙ্গুদৈঃ।
কুব্জকৈঃ স্বর্ণযূথীভির্নাগপুন্নাগজাতিভিঃ ॥১৮
মল্লিকাশতপত্রৈশ্চ মাধবীজালকাদিভিঃ।
শোভিতং তীরজৈশ্চান্যৈর্নিত্যর্ত্তুভিরলং দ্রুমৈঃ ॥১৯
তত্রৈকদা তদ্গিরিকাননাশ্রয়ঃ
করেণুভির্ব্বারণযূথপশ্চরন্।
সকণ্টকং কীচকবেণুবেত্রবদ্-
বিশালগুল্মং প্ররুজন্ বনস্পতীন্ ॥২০
যদ্গন্ধমাত্রাদ্ধরয়ো গজেন্দ্রা
ব্যাঘ্রাদয়ো ব্যালমৃগাঃ সখড়্গাঃ।
মহোরগাশ্চাপি ভয়াদ্দ্রবন্তি
সগৌরকৃষ্ণাঃ সরভাশ্চমর্য্যঃ ॥২১

মধুপানেন মত্তৈঃ ষট্‌পদৈঃ ভ্রমরৈঃ তথা কলঃ মধুরস্বনঃ যেষাং তৈঃ শকুন্তৈঃ পক্ষিভিঃ চ নির্ঘুষ্টং নাদিতম্। হংসৈঃ কারণ্ডবৈঃ চক্রাহ্বৈঃ সারসৈঃ চ আকীর্ণং সঙ্কুলম্।

জলকুক্কুট-কোযষ্টি-দাত্যূহানাং কুলৈঃ কূজিতম্; মৎস্যানাং কচ্ছপানাং চ সঞ্চারেণ চলতাং পদ্মানাং রজসা যুক্তং পয়ঃ জলং যস্মিন্ তৎ।

কদম্ব-বেতস-নল-নীপ-বঞ্জুলকৈঃ বৃতম্, কুন্দৈঃ কুরুবকাশোকৈঃ কুটজেঙ্গুদৈঃ, কুব্জকৈঃ স্বর্ণযূথীভিঃ নাগ-পুন্নাগ-জাতিভিঃ মল্লিকা-শতপত্রাদিভিঃ তীরজৈঃ অন্যৈঃ নিত্যর্ত্তুভিঃ দ্রুমৈঃ অলম্ অত্যন্তং শোভিতং সরঃ অস্তি ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৯-১৯

তত্র একদা তদ্গিরিকাননাশ্রয়ঃ (সঃ গিরিঃ কাননং চ আশ্রয়ঃ স্থানং যস্য সঃ) বারণ-যূথপঃ গজেন্দ্রঃ করেণুভিঃ গজীভিঃ সহ চরন্ সকণ্টকং কীচক-বেণু-বেত্রবন্তং বিশালং গুল্মং লতাদিসন্দর্ভং বনস্পতীন্ প্ররুজন্ প্রভঞ্জন্ ॥২০

যস্য গজেন্দ্রস্য গন্ধমাত্রাৎ হরয়ঃ সিংহা, গজেন্দ্রাঃ অন্যে প্রতিপক্ষিণঃ গজাঃ, ব্যাঘ্রাদয়ঃ ব্যালমৃগাঃ সখড়্গাঃ সগৌরকৃষ্ণাঃ সরভাঃ চমর্য্যঃ মহোরগাঃ চাপি ভয়াৎ দ্রবন্তি পলায়ন্তে ॥২১

এই সরোবরটি কুমুদ, উৎপল, কহ্লার ও শতপত্রসমূহের শোভায় সুসমৃদ্ধ। মধুপানে মত্ত হইয়া ভ্রমরগণ সর্বদা তথায় গুঞ্জন করে। কলরবকারী বিবিধ পক্ষী বিশেষতঃ হংস, কারণ্ডব, চক্রবাক, সারস, জলকুক্কুট, টিট্টিভ ও দাত্যূহ (ডাহুক) পক্ষিগণের শব্দে ঐ সরোবরটি সর্বদা মুখর রহিয়াছে। মৎস্য ও কচ্ছপগণের সঞ্চরণহেতু চঞ্চল পদ্মপরাগরাশিদ্বারা উক্ত সরোবরের জলরাশি সর্বদা পরিব্যাপ্ত হইয়া থাকে। উক্ত সরোবরটি কদম্ব, বেতস, নল, কেলিকদম্ব ও বেতসলতাদ্বারা পরিবেষ্টিত এবং উহা কুন্দ, কুরুবক, অশোক, শিরীষ, কুটজ, ইঙ্গুদী, কুব্জক, স্বর্ণযূথিকা, নাগ, পুন্নাগ, জাতি, মল্লিকা, শতপত্র, মাধবীলতাজাল ও সকল ঋতুর নিত্যসমাবেশে ফলপুষ্পশালী তীরজাত অন্যান্য বৃক্ষরাজিদ্বারা সুশোভিত রহিয়াছে।১৫-১৯

সেই ত্রিকূটপর্বতে একদিন উক্ত পর্বতের অরণ্যপ্রদেশবাসী এক হস্তিযূথপতি হস্তিনীগণের সহিত বিচরণ করিতে করিতে কীচক (বায়ুবেগে শব্দায়মান বংশ), বেণু ও বেত্রবিশিষ্ট কণ্টকাকীর্ণ, বিশাল গুল্মরাজি এবং বৃক্ষসমূহের মর্দন করিতেছিল।২০

উহার গন্ধমাত্রেই সিংহ, হস্তী, গণ্ডার, ব্যাঘ্রপ্রভৃতি হিংস্র পশু, মহাসর্প, গৌর ও কৃষ্ণবর্ণ সরভ এবং চমরীগণ ভয়ে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল।২১

বৃকা বরাহা মহিষর্ক্ষশল্যা
গোপুচ্ছশালাবৃকমর্কটাশ্চ।
অন্যত্র ক্ষুদ্রা হরিণাঃ শশাদয়-
শ্চরন্ত্যভীতা যদনুগ্রহেণ ॥২২
স ঘর্ম্মতপ্তঃ করিভিঃ করেণুভি-
র্বৃতো মদচ্যুৎ করভৈরনুদ্রুতঃ।
গিরিং গরিম্ণা পরিতঃ প্রকম্পয়ন্
নিষেব্যমাণোঽলিকুলৈর্মদাশনৈঃ ॥২৩
সরোঽনিলং পঙ্কজরেণুরূষিতং
জিঘ্রন্ বিদূরান্মদবিহ্বলেক্ষণঃ।
বৃতঃ স্বযূথেন তৃষার্দ্দিতেন তৎ-
সরোবরাভ্যাসমথাগমদ্ দ্রুতম্
বিগাহ্য তস্মিন্নমৃতাম্বু নির্ম্মলং
হেমারবিন্দোৎপলরেণুরূষিত
পপৌ নিকামং নিজপুষ্করোদ্ধৃত-
মাত্মানমদ্ভিঃ স্নপয়ন্ গতক্লমঃ
স পুষ্করেণোদ্ধৃতশীকরাম্বুভি-
র্নিপায়য়ন্ সংস্নপয়ন্ যথা গৃ
ঘৃণী করেণুঃ করভাংশ্চ দুর্ম্মদো
নাচষ্ট কৃচ্ছ্রং কৃপণোঽমায়য়া

যস্য অনুগ্রহেণ অন্যত্র দৃষ্টিপথং ত্যক্ত্বা ক্ষুদ্রাঃ অল্পপ্রাণিনঃ বৃকাঃ, বরাহাঃ, মহিষাঃ, ঋক্ষাঃ, শল্যাঃ, গোপুচ্ছাঃ, শালাঃ বৃকাঃ, মর্কটাঃ, হরিণাঃ, শশাদয়ঃ অভীতাঃ নির্ভয়াঃ এব বিচরন্তি ॥২২

করিভিঃ গজৈঃ, করেণুভিঃ গজীভিঃ বৃতঃ করভৈ গজপোতৈঃ চ অনুদ্রুতঃ মদচ্যুৎ মদস্রাবী অতএব মদাশনৈঃ অলিকুলৈঃ নিষেব্যমাণঃ সঃ ঘর্ম্মতপ্তঃ গজেন্দ্রঃ গরিম্ণা স্থৌল্যেন গিরিং পরিতঃ প্রকম্পয়ন্ ॥২৩

পঙ্কজ-রেণু-রূষিতং পদ্ম-পরাগ-ব্যাপ্তং, সরসঃ অনিলং বায়ুং বিদূরাৎ এব জিঘ্রন্ মদবিহ্বলেক্ষণঃ সঃ তৃষা পিপাসয়া অর্দ্দিতেন পীড়িতেন স্বযূথেন বৃতঃ এব তস্য সরোবরস্য অভ্যাসং সমীপং দ্রুতম্ অগমৎ ॥২৪

তস্মিন্ সরসি বিগাহ্য প্রবিশ্য অদ্ভিঃ সরোজলৈঃ স্নপয়ন্ গতক্লমঃ শ্রমরহিতঃ নিজপুষ্করেণ স্বশুণ্ডাগ্রে হেমারবিন্দোৎপল-রেণুরূষিতং (হেমবৎপ্রকাশমানানাং পরাগব্যাপ্তং) নির্ম্মলম্ অমৃতং স্বাদু অম্বু জলং নিকাম পপৌ ॥২৫

অজমায়য়া (অজস্য ভগবতঃ মায়য়া) কৃপণঃ আর্দ্র দুর্ম্মদঃ গৃহী গৃহাত্মাসক্তঃ পুরুষঃ যথা তথা ঘৃণী কৃপালুঃ গজেন্দ্রঃ স্বপুষ্করেণ উদ্ধৃতৈঃ শীকরাম্বুভিঃ করেণূঃ গজীঃ তৎপোতান্ চ পায়য়ন্ সংস্নপয়ন্ কৃচ্ছ্রং কষ্টং ন আ আলোচিতবান্ ॥২৬

পরন্তু বৃক (নেকড়ে বাঘ), শূকর, মহিষ, ভল্লুক, সজারু, গোপুচ্ছনামক মৃগবিশেষ, বনকুক্কুর, বানর হরিণ ও শশকপ্রভৃতি ক্ষুদ্র জন্তুগণ তাহার অনুগ্রহে উক্ত অরণ্যের অপর ভাগে নির্ভয়ে বিচরণ করে।২২

একসময়ে হস্তি ও হস্তিনীগণকর্তৃক পরিবেষ্টিত, মদধারাবর্ষণকারী ও মদবিহ্বলদৃষ্টি সেই গজরাজ গ্রীষ্মসন্তপ্ত হইয়া দূর হইতে পদ্মরেণুযুক্ত সরোবরের বায়ু আঘ্রাণসহকারে নিজ দলস্থিত তৃষ্ণার্ত সকলের সহিত সত্বর সেই সরোবরের নিকট গমন করিয়াছিল। তৎকালে হস্তিশাবকগণ তাহার অনুগমন এবং মদজলপানকারী ভ্রমরগণ তাহার সেবা করিতেছিল অর্থাৎ গণ্ডদেশের নিকটে থাকিয়া তাহার অনুসরণ করিতেছিল। এ অবস্থায় গমন তাহার দেহের গুরুত্বহেতু সেই পর্বতটি চারিদি কম্পিত হইতেছিল।২৩-২৪

অনন্তর সেই গজরাজ উক্ত সরোবরে অব পূর্বক স্বর্ণপদ্ম ও উৎপলসমূহের পরাগদ্বারা স্বচ্ছ অমৃততুল্য জল নিজ শুণ্ডদ্বারা উত্তোলন ইচ্ছানুরূপ পান করিয়াছিল এবং ঐ জল নিজকে স্নান করাইয়া ক্লান্তি দূর করিয়াছিল।২৫

অতঃপর গৃহীর ন্যায় দয়ালু সেই গজ শুণ্ডযোগে উত্তোলিত জলকণারাশির হস্তিনী ও শাবকগণকে স্নান করাইয়া তাহাদি ঐ জল পান করাইতে লাগিল, পরন্তু ভগব

তং তত্র কশ্চিন্নৃপ দৈবচোদিতো
গ্রাহো বলীয়াংশ্চরণে রুষাগ্রহীৎ।
যদৃচ্ছয়ৈবং ব্যসনং গতো গজো
যথাবলং সোঽতিবলো বিচক্রমে ॥২৭
তথাতুরং যূথপতিং করেণবো
বিকৃষ্যমাণং তরসা বলীয়সা।
বিচুক্রুশুর্দীনধিয়োঽপরে গজাঃ
পার্ষ্ণিগ্রহাস্তারয়িতুং ন চাশকন্ ॥২৮

হে নৃপ! তত্র সরসি দৈবেন প্রারব্ধানুগুণং প্রবৃত্তেন ঈশ্বরেণ চোদিতঃ কশ্চিৎ বলীয়ান্ গ্রাহঃ মকরঃ তং গজেন্দ্রং চরণে পাদে রুষা ক্রোধেন অগ্রহীৎ জগ্রাহ। সঃ গজেন্দ্রঃ যদৃচ্ছয়া দৈবেন এবং ব্যসনং দুঃখং গতঃ প্রাপ্তঃ সন্ অতিবলঃ সঃ যথাবলং বিচক্রমে আত্মানং মোচয়িতুং পরাক্রমম্ অকরোৎ ॥২৭

তথা বলীয়সা গ্রাহেণ তরসা বলেন বিকৃষ্যমাণম্ অতএব আতুরং বিবশং যূথপতিং গজেন্দ্রং প্রতি দীনধিয়ঃ করেণবঃ বিচুক্রুশুঃ রুরুদুঃ। পার্ষ্ণিগ্রাহাঃ পৃষ্ঠতঃ উপোদ্বলকাঃ অন্যে চ গজাঃ তং তারয়িতুং বিমোচয়িতুং ন অশকন্ নাশক্নুবন্ ॥২৮

মায়ায় মোহিত হইয়া দুর্মদ গজরাজ উপস্থিত দুঃখ লক্ষ্য করিল না।২৬

হে মহারাজ! তৎকালে সেই সরোবরে এক মহাবলশালী কুম্ভীর দৈবপ্রেরিত হইয়াই ক্রোধের সহিত সেই গজরাজের পদ আক্রমণ করিলে মহাবলবান্ গজরাজ অকস্মাৎ এরূপ বিপত্তিগ্রস্ত হইয়া নিজ শক্তি-অনুসারে বিক্রম প্রকাশ করিতে লাগিল।২৭

তৎকালে হস্তিনীগণ বলবান্ কুম্ভীরকর্তৃক বেগভরে আকৃষ্ট ও কাতর গজরাজকে লক্ষ্য করিয়া কাতর চিত্তে চীৎকার করিয়াছিল। এ অবস্থায় সাহায্যকারী অপর হস্তিগণ তাহার উদ্ধারের জন্য উদ্যোগী হইয়াও তাহাকে উদ্ধার করিতে সমর্থ হইল না।২৮

নিযুধ্যতোরেবমিভেন্দ্রনক্রয়ো-
র্বিকর্ষতোরন্তরতো বহির্মিথঃ।
সমাঃ সহস্রং ব্যগমন্ মহীপতে
সপ্রাণয়োশ্চিত্রমমংসতামরাঃ ॥২৯
ততো গজেন্দ্রস্য মনোবলৌজসাং
কালেন দীর্ঘেণ মহানভূদ্ ব্যয়ঃ।
বিকৃষ্যমাণস্য জলেঽবসীদতো
বিপর্যয়োঽভূৎ সকলং জলৌকসঃ ॥৩০

হে মহীপতে! ইভেন্দ্র-নক্রয়োঃ গজেন্দ্র-গ্রাহয়োঃ এবং মিথঃ পরস্পরং নিযুধ্যতোঃ সপ্রাণয়োঃ জীবতোঃ এব সহস্রং সমাঃ সংবৎসরাঃ ব্যগমদ্ অতিক্রান্তাঃ বভূবুঃ। তৎ দৃষ্টা দেবাঃ অমরাঃ অপি চিত্রম্ আশ্চর্য্যম্ অমংসত মেনিরে ॥২৯

ততঃ সংবৎসর-সহস্রানন্তরং দীর্ঘেণ ভূয়সা কালেন জলে বিকৃষ্যমাণস্য অতএব অবসীদতঃ খিদ্যতঃ গজেন্দ্রস্য (আহার-সঞ্চারাভাবাৎ) মনোবলৌজসাং যথা মহান্ বিপর্য্যয়ঃ ক্ষয়ঃ অভূৎ, তথা জলৌকসঃ (জলম্ ওকঃ স্থানং যস্য তস্য) নক্রস্য (তু জলে সঞ্চরণাদিসম্ভবাৎ) সকলং মন আদিকং বিপর্য্যয়ঃ অধিকম্ অভূৎ ॥৩০

হে মহারাজ! এইরূপে সেই গজরাজ ও কুম্ভীর সংগ্রামরত হইয়া একে অপরকে যথাক্রমে জলের বাহিরে ও অভ্যন্তরে আকর্ষণ করিতে সচেষ্ট হইলে এক সহস্র বৎসর অতীত হইল। এই সুদীর্ঘ কালমধ্যে কাহারও প্রাণবিয়োগ ঘটিল না। ইহা দেখিয়া দেবতাগণ বিস্ময় বোধ করিয়াছিলেন ॥২৯

অনন্তর কুম্ভীরকর্তৃক দীর্ঘকাল জলমধ্যে আকর্ষণহেতু গজরাজ অবসন্ন হইয়া পড়িলে তাহার উৎসাহশক্তি, দেহবল ও ইন্দ্রিয়শক্তির প্রভূত ক্ষয় হইয়াছিল, পক্ষান্তরে জলবাসী কুম্ভীরের উৎসাহশক্তি, দেহবল ও ইন্দ্রিয়শক্তি অতিশয় বৃদ্ধি পাইয়াছিল।৩০

ইত্থং গজেন্দ্রঃ স যদাপ সঙ্কটং
প্রাণস্য দেহী বিবশো যদৃচ্ছয়া।
অপারয়ন্নাত্মবিমোক্ষণে চিরং
দধ্যাবিমাং বুদ্ধিমথাভ্যপদ্যত ॥৩১
ন মামিমে জ্ঞাতয় আতুরং গজাঃ
কুতঃ করিণ্যঃ প্রভবন্তি মোচিতুম্।
গ্রাহেণ পাশেন বিধাতুরাবৃতো-
ঽপ্যহঞ্চ তং যামি পরং পরায়ণম্ ॥৩২

যঃ কশ্চনেশো বলিনোঽন্তকোরগাৎ
প্রচণ্ডবেগাদভিধাবতো ভৃশ
ভীতং প্রপন্নং পরিপাতি যদ্ভয়া-
ন্মৃত্যুঃ প্রধাবত্যরণং তমীমহি ॥৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরা
পারমহংস্যং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্ক
দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

সঃ গজেন্দ্রঃ যদা ইত্থং যদৃচ্ছয়া বিবশঃ আত্মানং বিমোচয়িতুম্ অপারয়ন্ প্রাণস্য সঙ্কটং সংশয়ং প্রাপ, যতঃ দেহী দেহভৃৎ, তদা আত্মবিমোক্ষণে চিরং দধ্যে চিন্তিতবান্; অথ অনন্তরম্ ইমাং বক্ষ্যমাণাং বুদ্ধিম্ অভ্যপদ্যত প্রাপ ॥৩১

আতুরং গ্রাহবশবর্ত্তিতয়া ব্যাকুলং মাম্ ইমে মে জ্ঞাতয়ঃ গজাঃ বিমোচিতুং মোক্ষিতুং যদা ন প্রভবন্তি, তদা করিণ্যঃ কুতঃ প্রভবেয়ুঃ; অতঃ বিধাতুঃ দৈবস্য পাশেন পাশরূপেণ গ্রাহেণ আবৃতঃ নিবদ্ধঃ অহং তম্ এব পরং পরায়ণং পরমেশ্বরং যামি শরণং ব্রজামি ॥৩২

ভৃশম্ অভিধাবতঃ প্রচণ্ডবেগাৎ বলিনঃ অন্তক
(অন্তং বিনাশং করোতীতি মৃত্যুঃ সঃ এব উরগঃ
তস্মাৎ) ভীতং প্রপন্নং শরণাগতং জনং যঃ কশ্চ
পরিপাতি, যস্য ভয়াৎ মৃত্যুঃ প্রধাবতি, তম্ এব
শরণম্ ঈমহি ব্রজেম ॥৩৩

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽ

তৎকালে দেহধারী সেই গজেন্দ্র এইরূপ প্রাণসঙ্কটে পতিত হইয়া যখন নিজকে মুক্ত করিতে না পারিয়া সর্বতোভাবে বিহ্বল হইয়া পড়িল, তখন সে দীর্ঘকাল চিন্তা করিয়া এরূপ বুদ্ধি লাভ করিয়াছিল।৩১

আমার জ্ঞাতি এই হস্তিগণ আমাকে উদ্ধার করিতে পারিল না, সুতরাং হস্তিনীগণ কিরূপে আমাকে উদ্ধার করিতে সমর্থ হইবে? যেহেতু এই কুম্ভীররূপে বিধাতার পাশই আমাকে আ
করিয়াছে, অতএব আমিও ব্রহ্মাদিদেবগণের আ
স্বরূপ সেই পরমেশ্বরেরই শরণাপন্ন হইতেছি।৩২

যে অনির্বচনীয় পরমেশ্বর অতিশয় ধা
প্রচণ্ডবেগশালী কালরূপ সর্পের কবল হইতে
শরণাগত জীবকে রক্ষা করেন এবং স্বয়ং
যাঁহার ভয়ে পলায়ন করে, আমি তাঁহারই
গ্রহণ করিতেছি।৩৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[গজেন্দ্রমোক্ষণম্ ।]

শ্রীবাদরায়ণিরুবাচ ।

এবং ব্যবসিতো বুদ্ধ্যা সমাধায় মনো হৃদি ।
জজাপ পরমং জাপ্যং প্রাগ্‌জন্মন্যনুশিক্ষিতম্ ॥১

গজেন্দ্র উবাচ ।

ওঁ নমো ভগবতে তস্মৈ যত এতচ্চিদাত্মকম্ ।
পুরুষায়াদিবীজায় পরেশায়াভিধীমহি ॥২
যস্মিন্নিদং যতশ্চেদং যেনেদং য ইদং স্বয়ম্ ।
যোঽস্মাৎ পরস্মাচ্চ পরস্তং প্রপদ্যে স্বয়ম্ভুবম্ ॥৩

যঃ স্বাত্মনীদং নিজমায়য়ার্পিতং
ক্বচিদ্ বিভাতং ক্ব চ তৎ তিরোহিতম্ ।
অবিদ্ধদৃক্ সাক্ষ্যুভয়ং তদীক্ষতে
স আত্মমূলোঽবতু মাং পরাৎপরঃ ॥৪
কালেন পঞ্চত্বমিতেষু কৃৎস্নশো
লোকেষু পালেষু চ সর্ব্বহেতুষু ।
তমস্তদাসীদ্গহনং গভীরং
যস্তস্য পারেঽভিবিরাজতে বিভুঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ । এবং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ গজেন্দ্রঃ বুদ্ধ্যা মনঃ হৃদি সমাধায় স্থিরীকৃত্য প্রাগ্‌জন্মনি ইন্দ্রদ্যুম্ন-সংজ্ঞকে জন্মনি অনুশিক্ষিতম্ অভ্যস্তং পরমং জাপ্যং স্তোত্রং জজাপ ॥১

গজেন্দ্রঃ উবাচ । যতঃ চিদ্রূপাৎ এতৎ দেহেন্দ্রিয়াদিরূপং চিদাত্মকং চেতনং ভবতি, তস্মৈ শাস্ত্রপ্রসিদ্ধায় ভগবতে, আদিবীজায়, পরেশায় পুরুষায় অভি সর্ব্বতঃ ধীমহি ধ্যায়েম ॥২

যস্মিন্ অধিষ্ঠানে ইদং বিশ্বং তিষ্ঠতি, যতঃ উপাদানাৎ ইদং ভবতি, যেন কর্ত্রা যেন সাধনেন ইদং ক্রিয়তে, যঃ স্বয়মেব ইদং ভবতি, যঃ অস্মাৎ স্থূলাৎ কার্য্যাৎ পরস্মাৎ সূক্ষ্মাৎ কারণাৎ চ পরঃ, তং স্বয়ম্ভুবং স্বতঃসিদ্ধং প্রপদ্যে শরণং ব্রজামি ॥৩

অন্বয়ঃ

যঃ স্বাত্মনি স্বস্মিন্ এষ নিজমায়য়া অর্পিতং স্বসঙ্কল্পমাত্রেণ বিরচিতং ক্বচিৎ কদাচিৎ সৃষ্টিসময়ে স্থূল-কার্য্যতয়া বিভাতম্ অভিব্যক্তং ক্ব চ প্রলয়ে তিরোহিতং সূক্ষ্মকারণরূপেণ লীনং তৎ কার্য্যকারণাত্মকম্ উভয়ম্ ঈক্ষতে পশ্যতি, সঃ অবিদ্ধদৃক্ অলুপ্তদৃষ্টিঃ, সাক্ষী উদাসীনঃ, পরাৎপরঃ (পরেষাং ব্রহ্মাদীনাম্ অপি পরঃ কারণভূতঃ) আত্মমূলঃ ভগবান্ মাম্ অবতু রক্ষতু ॥৪

কালেন দ্বিপরার্দ্ধাবসানরূপেণ কৃৎস্নশঃ লোকেষু ব্রহ্মাদিশরীরেষু তথা সর্ব্বহেতুষু মহত্তত্ত্বাদিষু চ প্রকৃতৌ লীনেষু সৎসু তদা গহনং দুরবগাহং গভীরম্ অনন্তং তমঃ প্রকৃত্যাখ্যম্ আসীৎ, যঃ তস্য পারে তেন অনভিভূতঃ সন্ তস্য আশ্রয়ভূতঃ বিভুঃ ব্যাপকঃ অভিতঃ বিরাজতে ॥৫

তৃতীয় অধ্যায়

[গজেন্দ্রমোক্ষণ]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! সেই গজরাজ তৎকালে বুদ্ধিযোগে এরূপ স্থির করিয়া মনকে হৃদয়ে সমাধানপূর্ব্বক পূর্ব্বজন্মের শিক্ষিত জপযোগ্য এই উত্তম স্তোত্রটি জপ করিতে লাগিল ।১

যাঁহা হইতে এই দেহপ্রভৃতি সচেতন হয়, যিনি প্রকৃতি ও পুরুষস্বরূপ, যিনি দেহাদি পুরীমধ্যে কারণরূপে প্রবিষ্ট এবং স্বতন্ত্র পরমেশ্বর, সেই ভগবান্‌কে প্রণাম ও ধ্যান করি ।২

যে আধারে, যে উপাদান হইতে, যে কর্তার কর্তৃত্বহেতু যিনি স্বয়ংই এই বিশ্বরূপে প্রকাশিত হন (অর্থাৎ যিনি স্বয়ংই আধারপ্রভৃতি সর্বস্বরূপ), অথচ যিনি এই কার্য্য প্রপঞ্চ এবং তাহার কারণপদার্থ হইতে ভিন্ন, আমি সেই স্বতঃসিদ্ধ তত্ত্বকে আশ্রয় করিতেছি ।৩

নিজের মধ্যে নিজমায়াকর্তৃক আরোপিত, অথচ সৃষ্টিকালে অভিব্যক্ত ও প্রলয়কালে অন্তর্ধানপ্রাপ্ত,

ন যস্য দেবা ঋষয়ঃ পদং বিদু-
র্জন্তুঃ পুনঃ কোঽর্হতি গন্তুমীরিতুম্।
যথা 'নটস্যাকৃতিভির্বিচেষ্টতো
দুরত্যয়ানুক্রমণঃ স মাবতু ॥৬
দিদৃক্ষবো যস্য পদং সুমঙ্গলম্
বিমুক্তসঙ্গা মুনয়ঃ সুসাধবঃ।
চরন্ত্যলোকব্রতমব্রণং বনে
ভূতাত্মভূতাঃ সুহৃদঃ স মে গতিঃ ॥৭

দেবাঃ ঋষয়ঃ চ যস্য পদং যথাবৎ স্বরূপং ন বিদুঃ, তর্হি পুনঃ তমঃ-প্রধানঃ জন্তুঃ প্রাণী তং গন্তুং জ্ঞাতুম্, ঈরিতুং বর্ণয়িতুং বা কঃ অর্হতি ; এবং দুরত্যয়ানুক্রমণঃ (দুরত্যয়ং দুর্গমম্ অনুক্রমণং চরিতং কথনং বা যস্য) এবং রাজাদি-নানাকৃতিভিঃ বিচেষ্টতঃ নটস্য স্বরূপং যথা তথা দেবাদ্যবতারৈঃ ক্রীড়মানঃ সঃ মা মাম্ অবতু রক্ষতু ॥৬

যস্য সুমঙ্গলং পদং স্বরূপং দিদৃক্ষবঃ সাক্ষাৎ কর্ত্তুম্ ইচ্ছবঃ, বিমুক্তসঙ্গাঃ বিষয়াসক্তিরহিতাঃ, ভূতানাং প্রাণিনাম্ আত্মভূতাঃ স্বাত্মসমদর্শিনঃ, সুহৃদঃ বিশুদ্ধান্তঃকরণাঃ, সুসাধবঃ মুনয়ঃ মননশীলাঃ, বনে স্থিতাঃ অব্রণম্ অচ্ছিদ্রম্, নিরন্তরম্ অলোকব্রতং ব্রহ্মচর্য্যাদিকং চরন্তি, সঃ মে গতিঃ প্রাপ্তব্যঃ অস্তু ॥৭

কার্য্য-কারণাত্মক এই বিশ্বকে যিনি সাক্ষিরূপে দর্শন করিতেছেন, যাঁহার দৃষ্টি কখনও লুপ্ত হয় না এবং যিনি চক্ষুঃপ্রভৃতি প্রকাশক পদার্থসমূহেরও প্রকাশক, অথচ স্বপ্রকাশরূপে প্রসিদ্ধ হন, কালপ্রভাবে এই লোকসমূহ, লোকপালগণ এবং কারণবস্তুসমুদয় সম্পূর্ণরূপে লয়প্রাপ্ত হইলে যে দুর্ভেদ্য অনন্ত অন্ধকাররাশি বিদ্যমান থাকে, সেই অন্ধকারের পরপারে যিনি বিভুরূপে বিরাজ করেন, যিনি নটের ন্যায় নানা আকারে লীলা করেন বলিয়া দেবতা এবং ঋষিগণও যাঁহার স্বরূপ জানিতে পারেন না, সুতরাং অর্বাচীন মনুষ্যাদি কোন প্রাণীই যাঁহার স্বরূপ জানিতে বা বর্ণন করিতে সমর্থ হয় না, সেই দুর্জ্ঞেয় চরিত্র পরমেশ্বর আমাকে রক্ষা করুন।৪-৬

ন বিদ্যতে যস্য চ জন্ম কর্ম্ম বা
ন নামরূপে গুণদোষ এব
তথাপি লোকাপ্যয়সম্ভবায় যঃ
স্বমায়য়া তান্যনুকালমৃচ্ছতি।
তস্মৈ নমঃ পরেশায় ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
অরূপায়োরুরূপায় নম আশ্চর্য্যকর্ম্মণে ॥৯
নম আত্মপ্রদীপায় সাক্ষিণে পরমাত্মনে।
নমো গিরাং বিদূরায় মনসশ্চেতসামপি ॥১০

যস্য জন্ম কর্ম্ম বা ন বিদ্যতে, তথা ন নামরূপে
এব বা ন বিদ্যতে, তথাপি লোকস্য অপ্যয়ঃ প্রলয়ঃ,
উৎপত্তিঃ, তদর্থং স্বমায়য়া স্বেচ্ছয়া তানি জন্মাদীনি
তত্তদবসরে য ঋচ্ছতি স্বীকরোতি ॥৮

তস্মৈ অনন্তশক্তয়ে অরূপায় প্রাকৃত-স্বরূপ-রহিতায়
উরূণি বহূনি রূপাণি যস্য তস্মৈ, আশ্চর্য্যং বিশ্বসৃষ্ট্যাদি
যস্য তস্মৈ পরেশায় ব্রহ্মণে নমঃ ॥৯

নমঃ আত্মপ্রদীপায় (আত্মনা এব প্রদীপ্যতে ইতি
প্রদীপঃ স্বপ্রকাশঃ তস্মৈ) সাক্ষিণে বিকার
পরমাত্মনে সর্বান্তর্য্যামিণে, তথা মনসঃ গিরাং বাচাং
বিদূরায় অবিষয়ায় নমঃ ॥১০

সর্বভূতে আত্মদর্শী ও সর্বভূতের সুহৃদ্,
পরিজনাদির সঙ্গবিমুক্ত পরম সাধু মুনিগণ
দর্শনকামনায় বনবাসী হইয়া অক্ষুণ্ণরূপে ব্রহ্মচ
ব্রত পালন করেন, তিনিই আমার আশ্রয় হউন

যাঁহার জন্ম, কর্ম, নাম, রূপ, দোষ
কিছুই না থাকিলেও যিনি লোকসমূহের
প্রলয়সাধনের জন্য নিজমায়াদ্বারা জন্মাদি
করেন, আমি তাঁহাকে নমস্কার করি।৮

যাঁহার কর্মসমূহ আশ্চর্য্যজনক বলিয়া
অরূপ হইয়াও বহুরূপে বিরাজমান অনন্ত শক্তি
সেই পরমেশ্বর ব্রহ্মবস্তুকে প্রণাম করি।৯

যিনি সাক্ষী অর্থাৎ স্বপ্রকাশ বলিয়া
প্রকাশকরূপে অন্য কোন বস্তু নাই এবং
জীবগণের নিয়ন্তা বলিয়া বাক্য, মনঃ ও

সত্ত্বেন প্রতিলভ্যায় নৈষ্কর্ম্ম্যেণ বিপশ্চিতা ।
নমঃ কৈবল্যনাথায় নির্ব্বাণসুখসংবিদে ॥১১
নমঃ শান্তায় ঘোরায় মূঢ়ায় গুণধর্ম্মিণে ।
নির্ব্বিশেষায় সাম্যায় নমো জ্ঞানঘনায় চ ॥১২
ক্ষেত্রজ্ঞায় নমস্তুভ্যং সর্ব্বাধ্যক্ষায় সাক্ষিণে ।
পুরুষায়াত্মমূলায় মূলপ্রকৃতয়ে নমঃ ॥১৩

সর্ব্বেন্দ্রিয়গুণদ্রষ্ট্রে সর্ব্বপ্রত্যয়হেতবে ।
অসতাচ্ছায়য়োক্তায় সদাভাসায় তে নমঃ ॥১৪
নমো নমস্তেঽখিলকারণায়
নিষ্কারণায়াদ্ভুতকারণায় ।
সর্ব্বাগমাম্নায়মহার্ণবায়
নমোঽপবর্গায় পরায়ণায় ॥১৫

সত্ত্বেন নৈষ্কর্ম্ম্যেণ সন্ন্যাসেন, সাধনেন এব বিপশ্চিতা বিবেকিনা ভক্তেন এব প্রতিলভ্যায় প্রত্যক্ষেণ প্রাপ্তায় নির্ব্বাণসুখসংবিদে মোক্ষানন্দানুভূতায় কৈবল্যনাথায় কৈবল্যং প্রকৃতিসম্বন্ধরাহিত্যং মোক্ষাখ্যং তস্য নাথায় দাত্রে নমঃ ॥১১

শান্তায় কামক্রোধাদিরহিতায়, ঘোরায় দুষ্টানাং ভয়ঙ্কররূপায়, মূঢ়ায় সর্ব্বত্র বিদ্যমানত্বেঽপি অপ্রকটস্বরূপায়, গুণধর্ম্মিণে (গুণাঃ সত্ত্বাদয়ঃ ধর্ম্মতয়া বিদ্যতে যস্য তস্মৈ), নির্ব্বিশেষায় প্রকৃতদেহেন্দ্রিয়াদিরহিতায়, সাম্যায় কামক্রোধাদিজনিত-বৈষম্যরহিতায়, জ্ঞানঘনায় সচ্চিদানন্দ-বিগ্রহায় নমঃ ॥১২

ক্ষেত্রজ্ঞায় (ক্ষেত্রং শরীরেন্দ্রিয়াদিসংঘাতং জানাতীতি তস্মৈ) সাক্ষিণে সর্ব্বাধ্যক্ষায় সর্ব্বাধিপতয়ে নমঃ ; আত্মমূলায় স্বতঃসিদ্ধায় সর্ব্বেষাং মূলপ্রকৃতয়ে পরম-কারণায় পুরুষায় তে নম ; ॥১৩

সর্ব্বেষাম্ ইন্দ্রিয়াণাং তদ্‌গুণানাং শব্দাদিবিষয়াণাং চ দ্রষ্ট্রে, সর্ব্বপ্রত্যয়াঃ প্রমাণ-শংসয়-বিপর্য্যয়াদয়ঃ তেষাং হেতবে, অসতা জড়েন দেহেন্দ্রিয়াদি-সঙ্ঘাতেন ছায়য়া অবিনাভূতেন উক্তায় চৈতন্যতয়া সূচিতায় সদাভাসায় (সৎসু কার্য্যেষু আভা যস্য তস্মৈ) নমঃ ॥১৪

অখিল-কারণায় সর্ব্বস্য প্রপঞ্চমাত্রস্য কারণরূপায়, নিষ্কারণায় স্বয়ং তু কারণান্তরাসাধ্যায়, অদ্ভুতকারণায় লৌকিক-কারণতঃ বিলক্ষণায়, তে তুভ্যং নমো নমঃ। সর্ব্বাগমাম্নায়মহার্ণবায় (সর্ব্বে আগমাঃ পঞ্চরাত্রাদয়ঃ আম্নায়াঃ বেদাঃ তেষাং মহার্ণবায়) পর্য্যবসানভূময়ে অপবর্গায় মোক্ষরূপায় পরায়ণায় পরেষাম্ আশ্রয়রূপায় তে নমঃ ॥১৫

সমূহের অগোচর, তাঁহাকে প্রণাম করি ।১০

বিদ্বান্ ব্যক্তি সন্ন্যাস ও বিশুদ্ধ সত্ত্বগুণ (অথবা বিশুদ্ধ চিত্ত) দ্বারা যাঁহাকে প্রত্যক্ষভাবে উপলব্ধি করিতে সমর্থ হন এবং যিনি মুক্তিকালীন জ্ঞান ও আনন্দস্বরূপ, অথচ কৈবল্যপদের অধীশ্বর, তাঁহাকে প্রণাম করি ।১১

যিনি শান্ত, ঘোর ও মূঢ়রূপে যথাক্রমে সত্ত্ব, রজঃ ও তমোগুণের অনুকরণ করেন, অথচ বস্তুতঃ সর্বদা নির্বিশেষ, সমভাবাপন্ন জ্ঞানঘনস্বরূপ, তাঁহাকে প্রণাম করি ।১২

হে দেব ! আপনি ক্ষেত্রজ্ঞ, সাক্ষী ও সর্বাধ্যক্ষ, আপনি সকলের অগ্রে পূর্ণরূপে বিরাজমান বলিয়া জীবগণের মূল কারণ এবং বিশ্বপ্রকৃতিরও উৎপত্তির হেতু। আপনাকে নমস্কার করি ।১৩

আপনি সকল ইন্দ্রিয়ের বিষয়সমূহের দ্রষ্টা, ইন্দ্রিয়ের বৃত্তিসমূহই জগতের অগোচর আপনার জ্ঞাপক হয় (অর্থাৎ চেতনের অধিষ্ঠান ব্যতীত জড় ইন্দ্রিয়বৃত্তিসমূহের প্রকাশ হইতে পারে না, এই যুক্তিবলেই ইন্দ্রিয়বৃত্তিসমূহ তাহাদের অধিষ্ঠাতা ও প্রকাশকরূপে সর্বলোকের অগোচর আপনার সত্তা জ্ঞাপন করে), প্রতিবিম্ব যেরূপ অসৎ হইলেও তাহাদ্বারা তাহার মূলীভূত সৎ বিম্বপদার্থের অস্তিত্ব জানা যায়, সেরূপ জাগতিক অহঙ্কার প্রভৃতি অসৎপদার্থ দ্বারা আপনার তত্ত্ব-সূচনা হয়। কারণ— অসৎ বিষয়সমূহের মধ্যে আপনার আভাস সৎস্বরূপ। আপনাকে প্রণাম করি ।১৪

আপনি সকল জগতের কারণস্বরূপ, অথচ আপনার কোন কারণ নাই। আপনি মৃত্তিকাদি

গুণারণিচ্ছন্নচিদুষ্মপায়
তৎক্ষোভবিস্ফূর্জিতমানসায় ।
নৈষ্কর্ম্যভাবেন বিবর্জিতাগম-
স্বয়ংপ্রকাশায় নমস্করোমি ॥১৬
মাদৃক্প্রপন্নপশুপাশবিমোক্ষণায়
মুক্তায় ভূরিকরুণায় নমোঽলয়ায় ।

গুণাঃ সত্ত্বাদয়ঃ এব অরণিঃ তয়াচ্ছনং চিৎ জীবসমষ্টিরূপম্ উষ্মাণম্ অগ্নিং পিবতি উপসংহরতি যঃ তস্মৈ, যথা তেষাং গুণানাং ক্ষোভে কার্য্যে বিস্ফূর্জিতং বহির্বৃত্তিকং মানসং যস্য তস্মৈ, নৈষ্কর্ম্যম্ আত্মতত্ত্বং তস্য ভাবঃ ভাবনা তেন বিবর্জ্জিতা নিবর্ত্তিতা আগমা বিধিনিষেধ-লক্ষণা তৈঃ তেষাং স্বয়ম্ এব প্রকাশঃ যস্য তস্মৈ নমস্করোমি ॥১৬

মাদৃক্ মদ্বিধঃ, প্রপন্নঃ শরণাগতঃ পশুঃ তস্য পাশঃ অবিদ্যা, তস্য বিমোক্ষণং যস্মাৎ তস্মৈ, স্বয়ং তু মুক্তায় অবিদ্যা-পারবশ্য-রহিতায়, ভূরিকরুণায়, অলয়ায় তত্র অনলসায়, অতএব

কারণ পদার্থের ন্যায় বিকৃত হন না বলিয়া অদ্ভুত কারণরূপে প্রসিদ্ধ। নদীসমূহের যেরূপ সমুদ্রে পরিসমাপ্তি ঘটে, সেরূপ পঞ্চরাত্রাদি সমস্ত আগম-শাস্ত্র এবং নিখিল বেদরাশি আপনাতেই পরিসমাপ্ত হয় অর্থাৎ আপনার তত্ত্বপ্রতিপাদনেই তাহাদের পরিসমাপ্তি ঘটে। আপনি মোক্ষস্বরূপ এবং ব্রহ্মাদি উত্তম পুরুষগণেরও একমাত্র আশ্রয়। আপনাকে প্রণাম করি।১৫

আপনি চৈতন্যময় অগ্নিস্বরূপ। সত্ত্ব, রজঃ ও তমঃ—এই ত্রিগুণ-স্বরূপ অরণি অর্থাৎ মন্থনকাষ্ঠের মধ্যে আপনার স্বরূপ প্রচ্ছন্ন রহিয়াছে। গুণসমূহ সৃষ্টিকার্য্যে উন্মুখ হইলে আপনার চিত্তও বহির্মুখ হয় অর্থাৎ বহু রূপ ধারণের সংকল্প গ্রহণ করে। আর, যাঁহারা আত্মতত্ত্বের ভাবনাহেতু বিধিনিষেধ-রূপ শাস্ত্র নির্দেশ অতিক্রম করিয়াছেন, তাঁহাদের

স্বাংশেন সর্ব্বতনুভৃন্মনসি প্রতীত-
প্রত্যগ্দৃশে ভগবতে বৃহতে নমস্তে।
আত্মাত্মজাপ্তগৃহবিত্তজনেষু সক্তৈ-
র্দুষ্প্রাপণায় গুণসঙ্গবিবর্জ্জি
মুক্তাত্মভিঃ স্বহৃদয়ে পরিভাবিতায়
জ্ঞানাত্মনে ভগবতে নম ঈশ্বরায়।

স্বাংশেন অন্তর্যামিরূপেণ সর্ব্বেষাং তনুভৃতাং মনসি প্র প্রত্যক্ দৃক্ তস্মৈ, ভগবতে বৃহতে অপরিচ্ছিন্নায় তে নমঃ ॥১৭

আত্মাত্মজাপ্ত-গৃহবিত্তজনেষু দেহগেহাদিষু আসক্তৈ পণায় দুর্লভায়, গুণসঙ্গবিবর্জ্জিতায় (গুণকার্য্যং লি সঙ্গঃ আসক্তিঃ তেন বিবর্জ্জিতায়) মুক্তাত্মভিঃ আসক্তিরহিতৈঃ, স্বহৃদয়ে পরিভাবিতায় পরিতঃ চিন্তিতায়, জ্ঞানাত্মনে সচ্চিদানন্দবিগ্রহায়, ভগবতে তে নমঃ ॥১৮

নিকট আপনি স্বপ্রকাশ অর্থাৎ স্বয়ংই প্র হন। এরূপ আপনাকে প্রণাম করি।১৬

আপনি প্রভূত করুণাশালী, স্বয়ং আলস্যহীন বলিয়া আমার ন্যায় শরণাগত অবিদ্যারূপ বন্ধন ছেদন করিতে সমর্থ হন, আ প্রণাম করি। আপনি অন্তর্য্যামিরূপ নিজ অ সকল প্রাণিগণের চিত্তে জ্ঞানরূপে প্রতীত স্বরূপতঃ অপরিচ্ছিন্ন ও সকল প্রাণীর নিয়ন্ত্র আপনাকে প্রণাম করি।১৭

আপনি সকলের অন্তর্য্যামী হইলেও গুণস বলিয়া—দেহ, পুত্র, আত্মীয়, গৃহ ও পরি প্রতি আসক্তচিত্ত ব্যক্তিগণের নিকট (আ দুর্লভ, অথচ যাঁহাদের চিত্ত দেহাদিতে অ তাঁহারাই জ্ঞানময়রূপে আপনার ধ্যান করেন। ভগবান্ ও পরমেশ্বররূপী আপনাকে প্রণাম ক

যং ধর্ম্মকামার্থবিমুক্তিকামা
ভজন্ত ইষ্টাং গতিমাপ্নুবন্তি।
কিঞ্চাশিষো রাত্যপি দেহমব্যয়ং
করোতু মেহদভ্রদয়ো বিমোক্ষণম্ ॥১৯
একান্তিনো যস্য ন কঞ্চনার্থং
বাঞ্ছন্তি যে বৈ ভগবৎপ্রপন্নাঃ।
অত্যদ্ভুতং তচ্চরিতং সুমঙ্গলং
গায়ন্ত আনন্দসমুদ্রমগ্নাঃ ॥২০
তমক্ষরং ব্রহ্ম পরং পরেশ-
মব্যক্তমাধ্যাত্মিকযোগগম্যম্।
অতীন্দ্রিয়ং সূক্ষ্মমিবাতিদূর-
মনন্তমাদ্যং পরিপূর্ণমীড়ে ॥২১
যস্য ব্রহ্মাদয়ো দেবা বেদা লোকাশ্চরাচরাঃ।
নামরূপবিভেদেন ফল্গ্ব্যা চ কলয়া কৃতাঃ ॥২২
যথার্চ্চিষোহগ্নেঃ সবিতুর্গভস্তয়ো
নির্যান্তি সংযান্ত্যসকৃৎ স্বরোচিষঃ।
তথা যতোহয়ং গুণসম্প্রবাহো
বুদ্ধির্মনঃ খানি শরীরসর্গাঃ ॥২৩

ধর্ম্ম-কামার্থ-বিমুক্তি-কামাঃ ধর্ম্মাদি চতুর্বর্গ-ফলাভিলাষিণঃ জনাঃ যং ভজন্তঃ সন্তঃ ইষ্টাম্ অভিপ্রেতাং গতিং প্রাপ্নুবন্তি এব (তথা তৈঃ অকামিতাঃ অন্যাঃ অপি) আশিষঃ ভোগান্ অব্যয়ম্ অনশ্বরং দেহং যঃ রাতি দদাতি, সঃ অদভ্রদয়ঃ অপারকরুণঃ মে মম বিমোক্ষণম্ এব কেবলং করোতু ॥১৯

যস্য ভগবতঃ একান্তিনঃ অনন্যপরাঃ, অতঃ ভগবৎ-প্রপন্নাঃ যে তে অত্যদ্ভুতং তস্য ভগবতঃ সুমঙ্গলং চরিতং গায়ন্তঃ এব আনন্দসমুদ্রমগ্নাঃ সন্তঃ কঞ্চন অর্থং ন বাঞ্ছন্তি ॥২০

অক্ষরং স্বরূপতঃ গুণতঃ বা ক্ষয়রহিতং, ব্রহ্ম ব্যাপকং, পরং সর্ব্বোত্তমং, পরেশম্ (ব্রহ্মাদীনামপি নিরন্তরম্) অব্যক্তং চক্ষুরাদ্যগোচরম্, আধ্যাত্মিকযোগগম্যম্ (আধ্যাত্মিকযোগেন গম্যং প্রাপ্যম্) অতীন্দ্রিয়ম্ ইন্দ্রিয়াবিষয়ং, সূক্ষ্মম্ অতীব দূরম্, অনন্তং বিনাশরহিতম্, আদ্যং পরিপূর্ণং ভগবন্তম্ ঈড়ে আত্মনঃ বিমুক্ত্যর্থং স্তৌমি ॥২১

ব্রহ্মাদয়ঃ দেবাঃ, বেদাঃ, চরাচরাত্মকাঃ লোকাশ্চ নামরূপ-বিভেদেন যস্য ফল্গ্ব্যা স্বল্পয়া কলয়া অংশেন এব ন কৃতাঃ আচরিতাঃ, সঃ জয়তাৎ ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥২২

যথা অগ্নেঃ সকাশাৎ অর্চ্চিষঃ বিস্ফুলিঙ্গাঃ যথা চ সবিতুঃ সকাশাৎ স্বরোচিষঃ গভস্তয়ঃ অসকৃৎ বারংবারং নির্যান্তি উদ্ভবন্তি, সংযান্তি পুনঃ তত্রৈব লীয়ন্তে, তথা বুদ্ধিঃ মনঃ খানি শরীরসর্গাঃ ইতি অয়ং গুণসংপ্রবাহঃ গুণপরিণামপ্রপঞ্চঃ যতঃ ভবতি ॥২৩

ধর্ম, অর্থ, কাম ও মোক্ষপ্রার্থী পুরুষগণ যাঁহার ভজন করিয়া অভিলষিত ধর্মাদি লাভ করেন এবং যিনি সেই ভজনকারিগণকে প্রার্থনার অতিরিক্ত বস্তু এবং নিত্য শরীরও দান করেন, সেই প্রভূত করুণাময়, আমাকে মুক্ত করুন।১৯

ভগবানের একনিষ্ঠ ভক্তগণ—যাঁহারা সর্বজ্ঞ মুক্ত পুরুষগণের সেবা করিয়াছেন, তাঁহারা ভগবানের নিকট কোন বস্তুই প্রার্থনা করেন না, পরন্তু তাঁহারা ভগবানের মঙ্গলময় অতিবিচিত্র চরিতসমূহ গান করিতে করিতে আনন্দসমুদ্রে নিমগ্ন থাকেন।২০

(সেই পরমেশ্বর) অক্ষর, অব্যক্ত, আধ্যাত্মিক-যোগলভ্য, সূক্ষ্মবস্তুর ন্যায় অতীন্দ্রিয়, বহির্মুখগণের অতি দূরবর্তী, অনন্ত, সর্বাদি, পরিপূর্ণস্বরূপ, পরমেশ্বর. পরমব্রহ্ম। আমি তাঁহার স্তুতি করিতেছি।২১

যাঁহার অত্যল্প অংশমাত্রদ্বারা বিবিধ নাম ও বিবিধরূপবিভাগযুক্ত ব্রহ্মাদি দেবগণ, বেদরাশি এবং চরাচর লোকসমূহ রচিত হইয়াছে। অগ্নি হইতে তত্তুল্য দীপ্তিশালী শিখাসমূহের এবং সূর্য্য হইতে তত্তুল্য দীপ্তিশালী কিরণসমূহের নিরন্তর প্রকাশ ও তাহাতেই লয়প্রাপ্তির ন্যায়, যাহা হইতে বুদ্ধি, মনঃ, ইন্দ্রিয়বর্গ ও শরীররূপ ত্রিগুণাত্মক পদার্থসমূহ সৃষ্ট হইয়া তাহাতেই লয়প্রাপ্ত হইতেছে। এইরূপ, যিনি দেবতা, অসুর, মনুষ্য, তির্য্যক্প্রাণী, স্ত্রী, পুরুষ,

স বৈ ন দেবাসুরমর্ত্ত্যতির্য্যঙ্-
ন স্ত্রী ন ষণ্ডো ন পুমান্ ন জন্তুঃ।
নায়ং গুণঃ কর্ম্ম ন সন্ন চাস-
ন্নিষেধশেষো জয়তাদশেষঃ ॥২৪

জিজীবিষে নাহমিহামুয়া কিম্
অন্তর্ব্বহিশ্চাবৃতয়েভযোন্যা।
ইচ্ছামি কালেন ন যস্য বিপ্লব-
স্তস্যাত্মলোকাবরণস্য মোক্ষম্ ॥২৫

সোঽহং বিশ্বসৃজং বিশ্বমবিশ্বং বিশ্ববেদসম্।
বিশ্বাত্মানমজং ব্রহ্ম প্রণতোঽস্মি পরং পদম্
যোগরন্ধিতকর্ম্মাণো হৃদি যোগবিভাবিতে।
যোগিনো যং প্রপশ্যন্তি যোগেশং তং
নতোঽস্ম্যহম্

নমো নমস্তুভ্যমসহ্যবেগ-
শক্তিত্রয়ায়াখিলধীগু
প্রপন্নপালায় দুরন্তশক্তয়ে
কদিন্দ্রিয়াণামনবাপ্যবর্ত্মনে

সঃ দেবাসুর-মর্ত্ত্য-তির্য্যক্ ন ; স্ত্রী, ষণ্ডঃ পুমান্ ন, জন্তুঃ চ ন, নায়ং গুণঃ, ন চ সৎ অসৎ বা কর্ম্ম ; অপি নিষেধশেষঃ (সর্ব্বনিষেধে যঃ অবশিষ্যতে সঃ) অশেষঃ সর্ব্বরূপঃ পরমাত্মা জয়তাৎ মদ্বিমোক্ষণায় আবির্ভবতু ॥২৪

ইহ দুঃখালয়ে সংসারে অন্তর্বহিশ্চ আবৃতয়া দুঃখেন ব্যাপ্তয়া অমুয়া ইভযোন্যা গজেন্দ্রশরীরেণ কিং প্রয়োজনম্! কিন্তু যস্য আত্মলোকস্য স্বাত্মস্বরূপ-প্রকাশাবরণস্য অজ্ঞানস্য কালেন বিপ্লবঃ বিনাশঃ ন অস্তি, তস্য এব মোক্ষং নিবৃত্তিম্ ইচ্ছামি। অতঃ অহং ন জিজীবিষে গ্রাহাৎ শরীরস্য মোক্ষণেন জীবিতুং নৈব ইচ্ছামি ॥২৫

সঃ পরং পদং প্রাপ্তব্যঃ মুমুক্ষুঃ অহং বিশ্বসৃজং বি
বিশ্বং বিশ্বরূপম্, অবিশ্বং বিশ্বব্যতিরিক্তং, বিশ্ববেদঃ
বেদঃ ধনং ক্রীড়োপকরণং যস্য তং) বিশ্বাত্মানং বিশ্ব
অজং জন্মাদিবিকার-রহিতং, ব্রহ্ম সর্ব্বব্যাপকং
অস্মি ॥২৬

যোগেন ধ্যানাদিনা রন্ধিতানি দগ্ধানি কর্ম্মাণি
রূপাণি যেষাং তে যোগিনঃ যোগেন বিভাবিতে
হৃদি যং প্রপশ্যন্তি সাক্ষাৎ কুর্ব্বন্তি, যোগেশং যোগ
তম্ অহং নতঃ অস্মি ॥২৭

কদিন্দ্রিয়াণাম্ (কুৎসিতানি বিষয়াভিমুখানি

ক্লীব, কিংবা ত্রিবিধ লিঙ্গহীন প্রাণিমাত্র, অথবা—গুণ, ক্রিয়া, সৎ বা অসৎ কোন পদার্থই নহেন, পরন্তু যিনি নেতি নেতি বিচারক্রমে পূর্বোক্ত সর্বভাবের নিষেধের সীমারূপে অবশিষ্ট রহিয়াছেন, অথচ যিনি মায়াবলে অনন্তস্বরূপ, তিনি আমার উদ্ধারের জন্য আবির্ভূত হউন।২২-২৪

আমি কেবলমাত্র এই কুম্ভীরের গ্রাস হইতে মুক্ত হইয়াই জীবনধারণ করিতে চাই না ; কারণ—অন্তরে ও বাহিরে অজ্ঞানদ্বারা আচ্ছন্ন এই হস্তি-জন্মের প্রয়োজন কি ? পরন্তু আমি আত্মার প্রকাশের আবরণস্বরূপ অজ্ঞানেরই মোচন অর্থাৎ ধ্বংস কামনা করি, যেহেতু (উহাই জীবের মোক্ষ)—উহার আর নাশ হয় না।২৫

আমি যদিও অজ্ঞ, তথাপি যিনি বিশ্ব হইতে
পৃথক্ হইয়াও বিশ্বরূপে বিরাজমান, এই
যাঁহার উপকরণ এবং যিনি বিশ্বের আত্মা
রহিত পরমপদস্বরূপ—সেই ব্রহ্মবস্তুকে
করি।২৬

যোগ দ্বারা কর্মরাশি দগ্ধ হইলে
যোগবিশুদ্ধ হৃদয়মধ্যে যাঁহাকে দর্শন করে
সেই যোগেশ্বরকে প্রণাম করি।২৭

অন্তরে অসহ্য বেগশালী সত্ত্ব, রজঃ ও
গুণ-ত্রয় যাঁহার শক্তিস্বরূপ, অথচ বাহিরে
সকল ইন্দ্রিয়ের গুণরূপে অর্থাৎ শব্দ
প্রতীয়মান হন এবং যাহাদের ইন্দ্রিয়বর্গ
তাহারা যাঁহার পথ জানিতে পারে না,
শক্তিশালী শরণাগত রক্ষক সেই আপনাকে
করি।২৮

নায়ং বেদ স্বমাত্মানং যচ্ছক্ত্যাঽহংধিয়া হতম্ ।
তং দুরত্যয়মাহাত্ম্যং ভগবন্তমিতোঽস্ম্যহম্ ॥২৯

শ্রীশুক উবাচ ।

এবং গজেন্দ্রমুপবর্ণিতনির্ব্বিশেষং
ব্রহ্মাদয়ো বিবিধলিঙ্গভিদাভিমানাঃ ।
নৈতে যদোপসসৃপুর্নিখিলাত্মকত্বাৎ
তত্রাখিলামরময়ো হরিরাবিরাসীৎ ॥৩০

তং তদ্বদার্ত্তমুপলভ্য জগন্নিবাসঃ
স্তোত্রং নিশম্য দিবিজৈঃ সহ সংস্তবদ্ভিঃ ।
ছন্দোময়েন গরুড়েন সমুহ্যমান-
শ্চক্রায়ুধোঽভ্যগমদাশু যতো গজেন্দ্রঃ ॥৩১

সোঽন্তঃসরস্যুরুবলেন গৃহীত আর্ত্তো
দৃষ্ট্বা গরুত্মতি হরিং খ উপাত্তচক্রম্ ।
উৎক্ষিপ্য সাম্বুজবরং গিরমাহ কৃচ্ছ্রা-
ন্নারায়ণাখিলগুরো ভগবন্ নমস্তে ॥৩২

যেষাং তেষাম্) অনবাপ্যং দুরবগম্যং বর্ত্ম মার্গঃ যস্য তস্মৈ ; অসহ্যবেগশক্তিত্রয়ায় (অসহ্যঃ অপ্রতিহতঃ বেগঃ যস্য তথাভূতং শক্তিত্রয়ং যস্য তস্মৈ), দুরন্তশক্তয়ে (দুরন্তাঃ বিনাশরহিতাঃ শক্তয়ঃ যস্য তস্মৈ), অখিলধীগুণায় (অখিলাঃ ধীগুণাঃ শংসয়াদয়ঃ যস্মাৎ তস্মৈ), প্রপন্নপালায় (প্রপন্নানাং শরণাগতানাং পালায় রক্ষিত্রে) নমঃ নমঃ ॥২৮

অথ যস্য শক্ত্যা অবিদ্যাখ্যয়া যা অহংধীঃ তয়া হতম্ আবৃতং স্বম্ আত্মানং স্বরূপভূতম্ আত্মানম্ অয়ং জনঃ ন বেদ, তৎ দুরত্যয়-মাহাত্ম্যম্ অনতিক্রমণীয়প্রভাবং ভগবন্তম্ অহম্ ইতঃ গতঃ অস্মি শরণম্ আগতোঽস্মি ॥২৯

শ্রীশুকঃ উবাচ। এবম্ উক্তপ্রকারেণ উপবর্ণিত-নির্বিশেষম্ (উপবর্ণিতং নির্বিশেষং মূর্ত্তিভেদং বিনা পরং তত্ত্বং যেন তং) গজেন্দ্রং বিবিধলিঙ্গভিদাভিমানাঃ (বিবিধানি লিঙ্গানি তৎপ্রযুক্তা ভিদা মূর্ত্তিভেদঃ তস্য অভিমানঃ যেষাং তে) ব্রহ্মাদয়ঃ এতে যদা ন উপসসৃপুঃ জগ্মুঃ, তদা নিখিলাত্মকত্বাৎ অখিলামরময়ঃ হরিঃ তত্র আবিরাসীৎ ॥৩০

তদ্বদার্ত্তং তথা গ্রাহেণ পীড়িতং গজেন্দ্রম্ উপলভ্য জ্ঞাত্বা, তথা তৎকৃতং স্তোত্রং চ নিশম্য শ্রুত্বা, চক্রায়ুধঃ চক্রং গৃহীত্বা ছন্দোময়েন বেদরূপেণ গরুড়েন সমুহ্যমানঃ জগন্নিবাসঃ হরিঃ সংস্তবদ্ভিঃ দিবিজৈঃ সহ যতঃ যত্র গজেন্দ্রঃ তত্র আশু শীঘ্রম্ অভ্যাগমৎ ॥৩১

অন্তঃ-সরসি সরোমধ্যে উরুবলেন মহাবলেন গ্রাহেণ গৃহীতঃ, অতএব আর্ত্তঃ পীড়িতঃ সঃ গজেন্দ্রঃ খে আকাশে গরুত্মতি গরুড়ে স্থিতম্ উপাত্তচক্রং হরিং দৃষ্ট্বা সাম্বুজকরম্ উৎক্ষিপ্য হে নারায়ণ! হে অখিলগুরো! হে ভগবন্! তে তুভ্যং নমঃ ইতি গিরং কৃচ্ছ্রাৎ অতিকষ্টাৎ আহ ॥৩২

যাঁহার অহঙ্কার শক্তিদ্বারা আত্মা আচ্ছন্ন হইলে লোকসমূহ তাদৃশ নিজ আত্মাকে জানিতে পারে না, আমি সেই দুরতিক্রম মাহাত্ম্যশালী ভগবানের শরণাগত হইতেছি।২৯

গজরাজ এইরূপ নির্বিশেষভাবে অর্থাৎ কোনরূপ মূর্তিবিশেষের উল্লেখ না করিয়া পরমতত্ত্বের বর্ণনা করায়, বিভিন্ন মূর্তিবিশিষ্টরূপে আত্মাভিমানকারী ব্রহ্মাদি দেবতাগণ যেকালে তাহার উদ্ধারের জন্য নিকটে আসিলেন না, তখন সর্বস্বরূপ বলিয়া সর্বদেবময় শ্রীহরিই সেখানে আবির্ভূত হইয়াছিলেন।৩০

জগদাধার সুদর্শনধারী ভগবান্ শ্রীহরি গজেন্দ্রকে এরূপ পীড়িত লক্ষ্য করিয়া এবং তাহার কৃত স্তব শুনিয়া ছন্দোময় গরুড়ে আরোহণপূর্বক স্তুতিকারী দেবগণের সহিত গজরাজের নিকটে উপস্থিত হইলেন।৩১

তৎকালে সরোবরের অভ্যন্তরে মহাবলশালী কুম্ভীরকর্তৃক ধৃত ও পীড়িত গজেন্দ্র আকাশমার্গে গরুড়ের পৃষ্ঠে চক্রধারী শ্রীহরিকে দর্শন করিয়া পদ্মপুষ্পধারী শুণ্ডটি ঊর্ধ্বভাগে প্রসারণপূর্বক অতিকষ্টে—'হে অখিলগুরো! ভগবন্ নারায়ণ! আপনাকে নমস্কার' এরূপ বাক্য উচ্চারণ করিয়াছিল।৩২

তং বীক্ষ্য পীড়িতমজঃ সহসাবতীর্য্য
সগ্রাহমাশু সরসঃ কৃপয়োজ্জহার।
গ্রাহাদ্ বিপাটিতমুখাদরিণা গজেন্দ্রং
সংপশ্যতাং হরিরমূমুচদুচ্ছ্রিয়াণাম্ ॥৩৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরা
পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্ক
তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

অজঃ ভগবান্ তং গজেন্দ্রং পীড়িতং বীক্ষ্য সহসা ঝটিতি গরুড়াৎ অবতীর্য্য অবরুহ্য আশু শীঘ্রম্ এব সরসঃ সকাশাৎ সগ্রাহং গ্রাহেণ সহিতং তং কৃপয়া উজ্জহার নিষ্কাশিতবান্, তথা উচ্ছ্রিয়াণাং দেবানাং সংপশ্যতাম্ এব অরিণা চক্রেণ বিপাটিতমুখাৎ (বিপাটিতং মুখং যস্য তস্মাৎ) গ্রাহাৎ গজেন্দ্রম্ অমূমুচৎ ॥৩৩

ইতি অষ্টমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যা

অনন্তর ভগবান্ অজ শ্রীহরি গজেন্দ্রকে কাতর দেখিয়া সত্বর গরুড়ের পৃষ্ঠ হইতে জলে অবতরণপূর্বক কৃপাসহকারে শীঘ্রই কুম্ভীরসহ গজেন্দ্রকে উদ্ধার করিলেন এবং অতঃপর দর্শনকারী দেবগণের সম্মু চক্রদ্বারা কুম্ভীরের মুখ বিদারিত করিয়া গজে মুক্ত করিয়াছিলেন।৩৩

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের সপ্তম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থ অধ্যায়ঃ

[গজেন্দ্রমোক্ষণশ্রবণস্য ফলশ্রুতিকথনম্।]

শ্রীশুক উবাচ।

তদা দেবর্ষিগন্ধর্ব্বা ব্রহ্মেশানপুরোগমাঃ।
মুমুচুঃ কুসুমাসারং শংসন্তঃ কর্ম্ম তদ্ধরেঃ ॥১

নেদুর্দুন্দুভয়ো দিব্যা গন্ধর্ব্বা ননৃতুর্জগুঃ।
ঋষয়শ্চারণাঃ সিদ্ধাস্তুষ্টুবুঃ পুরুষোত্তমম্ ॥২
যোঽসৌ গ্রাহঃ স বৈ সদ্যঃ পরমাশ্চর্য্যরূপধৃক্
মুক্তো দেবলশাপেন হূহূর্গন্ধর্ব্বসত্তমঃ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। তথা গজেন্দ্রমোচনদশায়াং দেবর্ষি-গন্ধর্ব্বাঃ ব্রহ্মা চতুর্ম্মুখঃ, ঈশান রুদ্রঃ চ পুরোগমঃ অগ্রসরঃ যেষাং তে দেবাঃ তৎ হরেঃ কর্ম্ম শংসন্তঃ প্রশংসন্তঃ কুসুমাসারং পুষ্পবৃষ্টিং মুমুচুঃ চক্রুঃ, দুন্দুভয়ঃ নেদুঃ, গন্ধর্বাঃ ননৃতুঃ জগুঃ চারণাঃ সিদ্ধাঃ চ তুষ্টুবুঃ ॥১-২

যঃ অসৌ গ্রাহঃ পূর্ব্বজন্মনি হূহূনাম গন্ধর্ব্বসত্তমঃ সঃ এব দেবলশাপেন গ্রাহঃ জাতঃ। ইদানীং ভগব

চতুর্থ অধ্যায়

[গজেন্দ্রমোক্ষণশ্রবণের ফলশ্রুতি কথন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! সে সময়ে ব্রহ্মা ও শঙ্করপ্রমুখ দেবতা, ঋষি ও গন্ধর্বগণ শ্রীহরির সেই অদ্ভুত কর্মের প্রশংসা করিতে করিতে পুষ্প বর্ষণ করিয়াছিলেন।১

এইরূপ তৎকালে স্বর্গীয় দুন্দুভিসমূহ হইয়াছিল, গন্ধর্বগণ নৃত্যসহকারে গান করিয়া এবং ঋষিগণ, চারণগণ ও সিদ্ধগণ পুরু শ্রীহরির স্তুতি করিয়াছিলেন।২

প্রণম্য শিরসাধীশমুত্তমঃশ্লোকমব্যয়ম্ ।
অগায়ত যশোধাম কীর্ত্তন্যগুণসৎকথম্ ॥৪
সোঽনুকম্পিত ঈশেন পরিক্রম্য প্রণম্য তম্ ।
লোকস্য পশ্যতো লোকং স্বমগান্মুক্তকিল্বিষঃ ॥৫
গজেন্দ্রো ভগবৎস্পর্শাদ্ বিমুক্তোঽজ্ঞানবন্ধনাৎ ।
প্রাপ্তো ভগবতো রূপং পীতবাসাশ্চতুর্ভুজঃ ॥৬
স বৈ পূর্ব্বমভূদ্ রাজা পাণ্ড্যো দ্রবিড়সত্তমঃ ।
ইন্দ্রদ্যুম্ন ইতি খ্যাতো বিষ্ণুব্রতপরায়ণঃ ॥৭

স একদারাধনকাল আত্মবান্
গৃহীতমৌনব্রত ঈশ্বরং হরিম্ ।
জটাধরস্তাপস আপ্লুতোঽচ্যুতং
সমর্চ্চয়ামাস কুলাচলাশ্রমঃ ॥৮
যদৃচ্ছয়া তত্র মহাযশা মুনিঃ
সমাগমচ্ছিষ্যগণৈঃ পরিশ্রিতঃ ।
তং বীক্ষ্য তূষ্ণীমকৃতার্হণাদিকং
রহস্যুপাসীনমৃষিশ্চুকোপ হ ॥৯

শাপাৎ মুক্তঃ সন্তঃ পরমাশ্চর্য্যরূপধৃক্ সন্ ॥৩

অধীশম্ অব্যয়ম্ উত্তমঃশ্লোকং ভগবন্তং শিরসা প্রণম্য কীর্ত্তন্যগুণসৎকথং (কীর্ত্তন্যাঃ কীর্ত্তনীয়াঃ গুণাঃ সতী কথা চ যস্য তং) যশোধাম (যশসঃ ধাম আশ্রয়ং) তম্ অগায়ত ॥৪

ঈশেন অনুকম্পিতঃ অতঃ মুক্তকিল্বিষঃ নিষ্পাপঃ সঃ গন্ধর্ব্বঃ তং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য প্রণম্য চ লোকস্য পশ্যতঃ এব স্বং স্বকীয়ং গন্ধর্বলোকম্ অগাৎ ॥৫

ভগবৎস্পর্শাৎ অজ্ঞান-বন্ধনাৎ বিমুক্তঃ গজেন্দ্রঃ অপি ভগবতঃ রূপং প্রাপ্তঃ সন্ পীতবাসাঃ চতুর্ভুজঃ জাতঃ ॥৬

সঃ গজেন্দ্রঃ পূর্ব্বং পূর্ব্বজন্মনি পাণ্ড্যঃ পাণ্ড্যদেশপতিঃ দ্রবিড়দেশনিবাসিষু শ্রেষ্ঠঃ ইন্দ্রদ্যুম্নাখ্যঃ বিষ্ণুব্রতপরায়ণঃ রাজা আসীৎ ॥৭

কুলাচলে মলয়াদ্রৌ আশ্রমঃ যস্য সঃ ইন্দ্রদ্যুম্নঃ একদা ভগবদারাধনকালে ধৃতমৌনঃ গৃহীতমৌনব্রতঃ আত্মবান্ বশীকৃতচিত্তঃ জটাধরঃ তাপসঃ তপোনিষ্ঠঃ আপ্লুতঃ কৃতস্নানঃ সন্ ঈশ্বরং হরিং সমর্চ্চয়ামাস ॥৮

তদা শিষ্যগণৈঃ পরিশ্রিতঃ পরিবৃতঃ মহাযশাঃ মুনিঃ অগস্ত্যঃ তত্র যদৃচ্ছয়া সমাগমৎ, তথা রহসি একান্তে উপাসীনম্ উপবিষ্টং তূষ্ণীং বাচাপি অকৃতার্হণাদিকং তং রাজানং বীক্ষ্য ঋষিঃ চুকোপ ॥৯

এ সময়ে সেই কুম্ভীরও তৎক্ষণাৎ দেবলঋষির শাপ হইতে মুক্ত হইয়া পরম আশ্চর্য্য রূপ ধারণ করিল। সে পূর্বে হূহূনামক শ্রেষ্ঠ গন্ধর্ব ছিল ।৩

সে কীর্তনযোগ্য গুণসমূহের আধার ও সৎকথাসমূহের বিষয়ীভূত পুণ্যকীর্তি যশস্বী শ্রীহরিকে অবনতমস্তকে প্রণাম করিয়া তাঁহার গুণগান করিয়াছিল ।৪

পরমেশ্বর শ্রীহরির অনুকম্পাযুক্ত সেই গন্ধর্ব তখন পাপমুক্ত হইয়া ভগবান্‌কে প্রণাম ও প্রদক্ষিণ করিয়া সকল লোকের দৃষ্টির সম্মুখেই নিজ গন্ধর্বলোকে গমন করিয়াছিল ।৫

তৎকালে ভগবান্ শ্রীহরির স্পর্শে অজ্ঞান-বন্ধন হইতে মুক্ত গজরাজ পীতবসনধারী ও চতুর্ভুজ হইয়া ভগবান্ শ্রীহরির সারূপ্য (সমান রূপ) প্রাপ্ত হইয়াছিল ।৬

সেই গজরাজ পূর্বজন্মে ইন্দ্রদ্যুম্ন নামে বিখ্যাত, পাণ্ড্যদেশজাত, দ্রবিড়সত্তম, বিষ্ণুভক্তিপরায়ণ রাজা ছিলেন ।৭

মলয়পর্বতস্থিত আশ্রমবাসী জিতেন্দ্রিয় ও জটাধারী তাপস সেই রাজা একদিন স্নান করিয়া মৌনব্রত অবলম্বনপূর্বক ঈশ্বর শ্রীহরির অর্চনা করিতেছিলেন ।৮

এ সময়ে মহাযশা অগস্ত্য ঋষি নিজ শিষ্যগণের দ্বারা পরিবৃত হইয়া অকস্মাৎ সেখানে উপস্থিত হইলে, তাঁহাকে দেখিয়াও রাজা কোনরূপ অভ্যর্থনাদি সৎকার না করিয়া মৌনভাবে একান্তে উপাসনায় নিমগ্ন থাকায় ঋষি তাঁহার প্রতি ক্রুদ্ধ হইয়াছিলেন ।৯

তস্মা ইমং শাপমদাদসাধু-
রয়ং দুরাত্মাকৃতবুদ্ধিরদ্য।
বিপ্রাবমন্তা বিশতাং তমিস্রং
যথা গজস্তব্ধমতিঃ স এব ॥১০

শ্রীশুক উবাচ।
এবং শপ্ত্বা গতোঽগস্ত্যো ভগবান্ নৃপ সানুগঃ।
ইন্দ্রদ্যুম্নোঽপি রাজর্ষির্দিষ্টং তদুপধারয়ন্ ॥১১
আপন্নঃ কৌঞ্জরীং যোনিমাত্মস্মৃতিবিনাশিনীম্।
হর্য্যর্চ্চনানুভাবেন যদ্গজত্বেঽপ্যনুস্মৃতিঃ ॥১২

তস্মৈ ইমং শাপম্ অদাৎ, যথা অদ্য অকৃতবুদ্ধিঃ দুরাত্মা বিপ্রাবমন্তা অয়ম্ অসাধুঃ যতঃ স্তব্ধমতিঃ গজঃ ইব বর্ত্ততে, অতঃ সঃ এব তমিস্রং বিশতাম্ এব অজ্ঞানবহুলাং পশুযোনিং প্রাপ্নোতু ॥১০

শ্রীশুকঃ উবাচ। সানুগঃ সশিষ্যঃ ভগবান্ অগস্ত্যঃ এবং শপ্ত্বা গতঃ। রাজর্ষিঃ ইন্দ্রদ্যুম্নঃ অপি তৎ দিষ্টং দৈবপ্রাপিতং সর্ব্বম্ উপধারয়ন্ পশ্যন্ আত্মস্মৃতি-বিনাশিনীং কৌঞ্জরীং যোনিম্ আপন্নঃ প্রাপ্তঃ। হরেঃ অর্চ্চনানুভাবেন তু যৎ তস্য গজত্বেঽপি অনুস্মৃতিঃ জাতা ॥১১-১২

অজনাভঃ ব্রহ্মাদিজনকঃ ভগবান্ এবং গজযূথপং বিমুচ্য

অনন্তর ঋষিপ্রবর অগস্ত্য তাঁহাকে এরূপ অভিশাপ প্রদান করিলেন—অশিক্ষিতবুদ্ধি ও ব্রাহ্মণের অবমাননাকারী এই অসাধু দুরাত্মা নরকে প্রবেশ করুক। যেহেতু এই রাজা হস্তীর ন্যায় জড়বুদ্ধি, অতএব হস্তীই হউক।১০

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ঋষি অগস্ত্য এরূপ অভিশাপ দান করিয়া অনুচরগণের সহিত প্রস্থান করিলেন। এদিকে রাজর্ষি ইন্দ্রদ্যুম্নও ইহা দৈবেরই কার্য্য মনে করিয়া আত্মবিস্মৃতিজনক হস্তিজন্ম প্রাপ্ত হইলেন বটে, কিন্তু শ্রীহরির আরাধনার প্রভাবে পূর্বজন্মের কথা তাঁহার স্মৃতিপথে জাগ্রত ছিল।১১-১২

পদ্মনাভ শ্রীহরি এইরূপে গজরাজকে মুক্ত করিয়া

এবং বিমোক্ষ্য গজযূথপমব্জনাভ-
স্তেনাপি পার্ষদগতিং গমিতেন যুক্তঃ
গন্ধর্ব্বসিদ্ধবিবুধৈরুপগীয়মান-
কর্ম্মাদ্ভুতং স্বভবনং গরুড়াসনোঽগাৎ ॥১
এতন্মহারাজ তবেরিতো ময়া
কৃষ্ণানুভাবো গজরাজমোক্ষ
স্বর্গ্যং যশস্যং কলিকল্মষাপহং
দুঃস্বপ্ননাশং কুরুবর্য্য শৃণ্বতাম্ ॥১
যথানুকীর্ত্তয়ন্ত্যেতচ্ছ্রেয়স্কামা দ্বিজাতয়ঃ।
শুচয়ঃ প্রাতরুত্থায় দুঃস্বপ্নাদ্যুপশান্তয়ে ॥১৫

পার্ষদতাং গমিতেন প্রাপিতেন তেন যুক্তঃ গন্ধর্ব্বাদিভিঃ উ মানং কর্ম্ম যস্য সঃ গরুড়াসনঃ হরিঃ অদ্ভুতং স্বভবনম্ অগাৎ।

হে মহারাজ! কৃষ্ণানুভাবঃ তব তুভ্যং ময়া ঈ বর্ণিতঃ; হে কুরুবর্য্য! শৃণ্বতাং জনানাম্ এতৎ গজেন্দ্রমো ভগবচ্চরিতং স্বর্গ্যং স্বর্গ-প্রাপ্তি-সাধনং, যশস্যং য কলিকল্মষাপহং (কলৌ যুগে যৎ কল্মষং পাপং তদপহন্তি) দুঃস্বপ্ন-নাশং দুষ্টস্বপ্নজনিতফলপ্রতিবন্ধকম্ ॥১৪

অতএব শ্রেয়স্কামাঃ দ্বিজাতয়ঃ প্রাতঃ উত্থায় শুচয়ঃ দিনা বিশুদ্ধাঃ সন্তঃ দুঃস্বপ্নাদ্যুপশান্তয়ে এতৎ গজেন্দ্রমো যথাবৎ অনুকীর্ত্তয়ন্তি ॥১৫

তাঁহাকে নিজ পার্ষদত্ব প্রদান করিয়াছিলে অনন্তর গন্ধর্ব, সিদ্ধ ও দেবতাগণ তাঁহার এই অ কর্মের প্রশংসা করিতে আরম্ভ করিলে, তিনি গ আরোহণপূর্বক পার্ষদত্বপ্রাপ্ত সেই গজেন্দ্রের স নিজ ধামে গমন করিয়াছিলেন।১৩

হে কুরুবংশপ্রবর মহারাজ! শ্রবণকারী ব গণের স্বর্গজনক, যশোবর্ধক, কলিকলুষনাশক দুঃস্বপ্নবিঘাতক গজেন্দ্রমোচনরূপ শ্রীকৃষ্ণের এই গু আমি তোমার নিকট বর্ণনা করিলাম।১৪

মঙ্গলকামী দ্বিজাতিগণ দুঃস্বপ্নাদির নিবৃত্তির প্রাতঃকালে শয্যা হইতে উত্থিত ও পবিত্র যথানিয়মে এই গজেন্দ্রমোক্ষণ বৃত্তান্ত পাঠ ক থাকেন।১৫

ইদমাহ হরিঃ প্রীতো গজেন্দ্রং কুরুসত্তম।
শৃণ্বতাং সর্ব্বভূতানাং সর্ব্বভূতময়ো বিভুঃ ॥১৬
শ্রীভগবানুবাচ।
যে মাং ত্বাঞ্চ সরশ্চেদং গিরিকন্দরকাননম্।
বেত্রকীচকবেণূনাং গুল্মানি সুরপাদপান্ ॥১৭
শৃঙ্গাণীমানি ধিষ্ণ্যানি ব্রহ্মণো মে শিবস্য চ।
ক্ষীরোদং মে প্রিয়ং ধাম শ্বেতদ্বীপঞ্চ ভাস্বরম্ ॥১৮
শ্রীবৎসং কৌস্তুভং মালাং গদাং কৌমোদকীং মম।
সুদর্শনং পাঞ্চজন্যং সুপর্ণং পতগেশ্বরম্ ॥১৯
শেষঞ্চ মৎকলাং সূক্ষ্মাং শ্রিয়ং দেবীং মদাশ্রয়াম্।
ব্রহ্মাণং নারদমৃষিং ভবং প্রহ্লাদমেব চ ॥২০

মৎস্যকূর্ম্মবরাহাদ্যৈরবতারৈঃ কৃতানি মে।
কর্ম্মাণ্যনন্তপুণ্যানি সূর্য্যং সোমং হুতাশনম্ ॥২১
প্রণবং সত্যমব্যক্তং গোবিপ্রান্ ধর্ম্মমব্যয়ম্।
দাক্ষায়ণীর্ধর্ম্মপত্নীঃ সোমকশ্যপয়োরপি ॥২২

গঙ্গাং সরস্বতীং নন্দাং কালিন্দীং সিতবারণম্।
ধ্রুবং ব্রহ্মঋষীন্ সপ্ত পুণ্যশ্লোকাংশ্চ মানবান্ ॥২৩
উত্থায়াপররাত্রান্তে প্রযতাঃ সুসমাহিতাঃ।
স্মরন্তি মম রূপাণি মুচ্যন্তে তেঽংহসোঽখিলাৎ ॥২৪

যে মাং স্তুবন্ত্যনেনাঙ্গ প্রতিবুধ্য নিশাত্যয়ে।
তেষাং প্রাণাত্যয়ে চাহং দদামি বিপুলাং গতিম্ ॥২৫

হে কুরুসত্তম! সর্ব্বভূতানাং শৃণ্বতাম্ এব প্রীতঃ সর্ব্বভূতময়ঃ বিভুঃ হরিঃ গজেন্দ্রম্ ইদম্ আহ ॥১৬

শ্রীভগবান্ উবাচ। হে গজেন্দ্র! যে মাং ত্বাম্ ইদং সরঃ, গিরিকন্দরকাননং, বেত্রকীচক-বেণূনাং গুল্মানি সুরপাদপান্ ॥১৭

ব্রহ্মণঃ মে মম শিবস্য চ ধিষ্ণ্যানি, ইমানি শৃঙ্গাণি, ক্ষীরোদং সমুদ্রং তত্র মম প্রিয়ং ভাস্বরং ধাম শ্বেতদ্বীপম্ ॥১৮

শ্রীবৎসং, কৌস্তুভং, মালাং, কৌমোদকীং গদাং, সুদর্শনং চক্রং, পাঞ্চজন্যং শঙ্খং, পতগেশ্বরং সুপর্ণম্ ॥১৯

শেষং সঙ্কর্ষণম্, মৎকলাং মম অংশভূতাং সূক্ষ্মাং মদাশ্রয়াং দেবীং শ্রিয়ং মহালক্ষ্মীং, ব্রহ্মাণম্ ঋষিং নারদং, ভবং মহাদেবং, প্রহ্লাদম্ ॥২০

মৎস্যাদ্যবতারৈঃ কৃতানি মে মম অনন্তপুণ্যানি কর্ম্মাণি, সূর্য্যং রবিং, সোমং চন্দ্রং, হুতাশনম্ অগ্নিম্ ॥২১

প্রণবম্ ওঙ্কারং, সত্যং যথার্থবচনম্, অব্যক্তং প্রধানং, গাঃ, বিপ্রান্ ব্রাহ্মণান্, অব্যয়ং ধর্ম্মং ভগবদ্ভক্তিরূপং, দাক্ষায়ণীঃ দক্ষদুহিতৄঃ ধর্ম্মস্য পত্নীঃ, তথা সোম-কশ্যপয়োঃ পত্নীঃ ॥২২

গঙ্গাং, সরস্বতীং, নন্দাম্ অলকনন্দাং, কালিন্দীং যমুনাং, সিতবারণম্ ঐরাবতং, ধ্রুবং, সপ্ত ব্রহ্মর্ষীন্, পুণ্যশ্লোকান্ ধার্ম্মিকান্ মানবান্ ॥২৩

প্রযতাঃ প্রযত্নবন্তঃ, সুসমাহিতাঃ নিয়মিতাঃ সন্তঃ অপররাত্রান্তে প্রভাতে উত্থায় ইত্যাদীনি মম রূপাণি যে স্মরন্তি, তে অখিলাৎ অংহসঃ পাপাৎ মুচ্যন্তে ॥২৪

হে অঙ্গ! নিশাত্যয়ে প্রভাতে প্রতিবুধ্য যে অনেন ত্বৎকৃতেন

হে কুরুবর! তৎকালে সর্বভূতময় বিভু শ্রীহরি প্রসন্ন হইয়া সর্বলোকের শ্রুতিগোচরেই গজেন্দ্রকে ইহা বলিয়াছিলেন।১৬

শ্রীভগবান্ বলিলেন—হে গজেন্দ্র! যাহারা রাত্রি-শেষে উত্থানপূর্ব্বক সংযত হইয়া একাগ্রচিত্তে আমাকে, তোমাকে, এই সরোবর, পর্বত, গুহা ও অরণ্যকে, বেত্র ও বংশগুল্মরাজিকে এবং দেবতরুসমূহ, ব্রহ্মা, শঙ্কর ও আমার অধিষ্ঠান এই পর্বতশৃঙ্গসমূহ, আমার প্রিয় আবাসস্থান ক্ষীরোদসাগর, অত্যুজ্জ্বল শ্বেতদ্বীপ, শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা, আমার গদা কৌমোদকী, সুদর্শন চক্র, পাঞ্চজন্য শঙ্খ, পক্ষিরাজ গরুড়, আমার সূক্ষ্ম কলা (অংশ) শেষ নাগ, আমার আশ্রিতা লক্ষ্মীদেবী, ব্রহ্মা, নারদঋষি, শিব, প্রহ্লাদ, মৎস্য-কূর্ম-বরাহাদি অবতারে আমার অনুষ্ঠিত অনন্ত-পুণ্যজনক কর্মসমূহ, সূর্য, চন্দ্র, অগ্নি, প্রণব, সত্য, মায়া, গো, ব্রাহ্মণ, ভক্তিরূপ অক্ষয় ধর্ম, চন্দ্র ও কশ্যপের পত্নী, দক্ষ-কন্যাগণ, গঙ্গা, সরস্বতী, নন্দা, যমুনা, ঐরাবত হস্তী, ধ্রুব, সপ্ত ব্রহ্মর্ষি এবং পুণ্য-কীর্তি মানবগণকে আমার বিভূতিরূপে স্মরণ করে, তাহারা সকল প্রকার পাপ হইতে মুক্ত হয়।১৭-২৪

শ্রীশুক উবাচ।

ইত্যাদিশ্য হৃষীকেশঃ প্রধ্মায় জলজোত্তমম্।
হর্ষয়ন্ বিবুধানীকমারুরোহ খগাধিপম্ ॥২৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে চতুর্থোঽধ্যা

স্তোত্রেণ মাং স্তুবন্তি, তেষাং প্রাণাত্যয়ে প্রাণপ্রয়াণকালে বিপুলাম্ উৎকৃষ্টাং বিমলাং পবিত্রাং মদ্‌বিষয়াং গতিম্ অহং দদামি ॥২৫

শ্রীশুকঃ উবাচ। হৃষীকেশঃ ভগবান্ ইতি এবং গজেন্দ্রং প্রতি আদিশ্য আজ্ঞাপ্য জলজোত্তমং শঙ্খং প্রধ্মায় বিবুধানীকং ব্রহ্মাদিদেবতাবর্গং হর্ষয়ন্ খগাধিপং আরুরোহ ॥২৬

ইতি অষ্টমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽ

হে বৎস! যাহারা রাত্রিশেষে জাগ্রত হইয়া এই বৃত্তান্ত পাঠ দ্বারা আমার স্তুতি করে, আমি তাহাদের মৃত্যুকালে উত্তম গতি দান করিয়া থাকি।২৫

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ভগবান্ শ্রীহরি তৎকালে গজেন্দ্রকে এরূপ উপদেশ প্র পূর্ব্বক পাঞ্চজন্য শঙ্খের ধ্বনিদ্বারা দেবতা হর্ষোৎফুল্ল করিয়া গরুড়ে আরোহণ করিয়াছিলে

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে অষ্টমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমঃ অধ্যায়ঃ

[রৈবতচাক্ষুষমন্বন্তরবর্ণনম্, ব্রহ্মস্তুতিশ্চ।]

শ্রীশুক উবাচ।

রাজন্নুদিতমেতং তে হরেঃ কর্ম্মাঘনাশনম্।
গজেন্দ্রমোক্ষণং পুণ্যং রৈবতং ত্বন্তরং শৃণু ॥১

পঞ্চমো রৈবতো নাম মনুস্তামসসোদরঃ।
বলিবিন্ধ্যাদয়স্তস্য সুতা হার্জ্জুনপূর্ব্বকাঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! এতৎ পুণ্যং পুণ্যজনকং গজেন্দ্রমোক্ষণং হরেঃ অঘনাশনং কর্ম্ম তে তুভ্যং ময়া উদিতং বর্ণিতম্; অথ অনন্তরং তু রৈবতং পঞ্চমং মন্বন্তরং শৃণু ॥১

তামসসোদরঃ (তামসঃ চতুর্থঃ মনুঃ, তস্য সোদরঃ ভ্রাতা) রৈবতঃ নাম পঞ্চমঃ মনুঃ অভবৎ। তস্য মনোঃ অর্জ্জু (অর্জ্জুনঃ পূর্ব্বকঃ মুখ্যঃ যেষাং তাদৃশাঃ) বলিবিন্ধ্যাদ জাতাঃ ॥২

পঞ্চম অধ্যায়

[রৈবতচাক্ষুষ মন্বন্তর বর্ণন ও ব্রহ্মার স্তুতি]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! আমি তোমার নিকট ভগবান্ শ্রীহরির গজেন্দ্রমোচনরূপ পাপনাশক ও পুণ্যজনক কর্ম বলিয়াছি, রৈবত মন্বন্তরের কথা শ্রবণ কর।১

চতুর্থ মনু তামসের সহোদর রৈবত পঞ্চ অর্জুন, বলি ও বিন্ধ্যপ্রভৃতি তাঁহার পুত্র।২

বিভুরিন্দ্রঃ সুরগণা রাজন্ ভূতরয়াদয়ঃ।
হিরণ্যরোমা বেদশিরা ঊর্দ্ধ্বাহ্বাদয়ো দ্বিজাঃ ॥৩
পত্নী বিকুণ্ঠা শুভ্রস্য বৈকুণ্ঠৈঃ সুরসপ্তমৈঃ।
তয়োঃ স্বকলয়া জজ্ঞে বৈকুণ্ঠো ভগবান্ স্বয়ম্ ॥৪
বৈকুণ্ঠঃ কল্পিতো যেন লোকো লোকনমস্কৃতঃ।
রময়া প্রার্থ্যমানেন দেব্যা তৎপ্রিয়কাম্যয়া ॥৫
তস্যানুভাবঃ কথিতো গুণাশ্চ পরমোদয়াঃ।
ভৌমান্ রেণূন্ স বিমমে যো বিষ্ণোর্বর্ণয়েদ্ গুণান্ ॥৬
ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্রশ্চাক্ষুষো নাম বৈ মনুঃ।
পূরুপূরুষসুদ্যুম্নপ্রমুখাশ্চাক্ষুষাত্মজাঃ ॥৭
ইন্দ্রো মন্ত্রদ্রুমস্তত্র দেবা আপ্যাদয়ো গণাঃ।
মুনয়স্তত্র বৈ রাজন্ হর্য্যস্মদ্বীরকাদয়ঃ ॥৮
তত্রাপি দেবঃ সম্ভূত্যাং বৈরাজস্যাভবৎ সুতঃ।
অজিতো নাম ভগবানংশেন জগতীপতিঃ ॥৯
পয়োধিং যেন নির্ম্মথ্য সুরাণাং সাধিতা সুধা।
ভ্রমমাণোঽম্ভসি ধৃতঃ কূর্ম্মরূপেণ মন্দরঃ ॥১০

তত্র বিভুনামা ইন্দ্রঃ আসীৎ। হে রাজন্। ভূতরয়াদয়ঃ দেবাঃ আসন্। হিরণ্যরোমাদয়ঃ দ্বিজাঃ সপ্ত ঋষয়ঃ আসন্ ॥৩

শুভ্রস্য ভর্ত্তুঃ বিকুণ্ঠাখ্যা পত্নী আসীৎ; তয়োঃ বিকুণ্ঠাশুভ্রয়োঃ ভগবান্ কলয়া সাংশেন অন্যৈঃ সুরসত্তমৈঃ বৈকুণ্ঠাখ্যৈঃ সহ স্বয়ং জজ্ঞে ॥৪

দেব্যা স্বক্রীড়াসাধন-ভূতয়া রময়া লক্ষ্ম্যা প্রার্থ্যমানেন বৈকুণ্ঠসংজ্ঞকেন ভগবতা তস্যাঃ লক্ষ্ম্যাঃ প্রিয়কামনয়া লোকনমস্কৃতঃ সর্ব্বৈঃ প্রার্থ্যঃ বৈকুণ্ঠঃ লোকঃ যেন কল্পিতঃ ॥৫

তস্য বৈকুণ্ঠ-সংজ্ঞস্য ভগবতঃ অনুভাবঃ প্রভাবঃ (সনকাদিশাপেন দৈত্যতাং প্রাপ্তাভ্যাং স্বপার্ষদাভ্যাং হিরণ্যকশিপুহিরণ্যাক্ষাভ্যাং বরাহাদিরূপেণ যুদ্ধাদিলক্ষণঃ) গুণাঃ ব্রহ্মণ্যতাদয়ঃ, পরমোদয়াঃ মহর্দ্ধয়ঃ চ (তৃতীয়-স্কন্ধান্তে) কথিতাঃ। যঃ পুমান্ বিষ্ণোঃ গুণান্ বর্ণয়েৎ, সঃ ভৌমান্ রেণূন্ অপি বিমমে গণয়েৎ ॥৬

চক্ষুষঃ পুত্রঃ চাক্ষুষঃ নাম ষষ্ঠঃ মনুঃ জাতঃ। পূরু-পূরুষ-সুদ্যুম্নপ্রমুখাঃ তস্য আত্মজাঃ জাতাঃ। তত্র মন্ত্রদ্রুমঃ নাম ইন্দ্রঃ অভূৎ। আপ্যাদয়ঃ গণাঃ দেবাঃ জাতাঃ; হে রাজন্! তত্র মন্বন্তরে হর্য্যস্মদ্বীরকাদয়ঃ মুনয়ঃ সপ্তর্ষয়ঃ জাতাঃ ॥৭-৮

তত্র ষষ্ঠে মন্বন্তরে বৈরাজস্য ভর্ত্তুঃ সম্ভূত্যাং ভার্য্যায়াং দেবঃ সমুদ্র-মন্থনাদি-ক্রীড়াপরঃ জগতীপতিঃ জগৎপালকঃ ভগবান অংশেন অজিতঃ ইতি নাম্না প্রসিদ্ধঃ সুতঃ জাতঃ ॥৯

যেন অজিতাখ্যেন পয়োধিং ক্ষীর-সমুদ্রং নির্মথ্য সুরাণাং সুধা অমৃতং সাধিতা তথা যেন চ কূর্ম্মরূপেণ অম্ভসি ভ্রমমাণঃ মন্দরঃ অদ্রিঃ পৃষ্ঠে ধৃতঃ ॥১০

হে মহারাজ! উক্ত মন্বন্তরে বিভু ইন্দ্র, ভূতরয়-প্রভৃতি দেবতা এবং হিরণ্যরোমা, বেদশিরা ও ঊর্দ্ধ্ববাহুপ্রভৃতি ব্রাহ্মণগণ সপ্তর্ষি হইয়াছিলেন।৩

শুভ্রের পত্নীর নাম বিকুণ্ঠা। শুভ্রের ঔরসে বিকুণ্ঠার গর্ভে বৈকুণ্ঠনামক শ্রেষ্ঠ দেবগণের সহিত ভগবান্ শ্রীহরি স্বয়ং নিজ অংশ দ্বারা বৈকুণ্ঠ নামে আবির্ভূত হন।৪

বৈকুণ্ঠরূপী ভগবান্ শ্রীহরিই লক্ষ্মীদেবীর প্রার্থনায় তাঁহার প্রীতিসাধনের জন্য সর্বলোকের বন্দনীয় বৈকুণ্ঠলোক রচনা করেন।৫

সেই বৈকুণ্ঠের প্রভাব, গুণ ও মহাসমৃদ্ধিসমূহ তৃতীয়স্কন্ধান্তে কিঞ্চিৎ বর্ণন করিয়াছি। বস্তুতঃ যে ব্যক্তি পৃথিবীর রেণুসমূহ গণনা করিতে পারে, তাহার পক্ষেই শ্রীহরির গুণরাশির সম্পূর্ণরূপে বর্ণন সম্ভবপর হইতে পারে।৬

চক্ষুর পুত্র চাক্ষুষ ষষ্ঠ মনু। পূরু, পূরুষ ও সুদ্যুম্নপ্রভৃতি তাঁহার পুত্র।৭

উক্ত মন্বন্তরে মন্ত্রদ্রুম ইন্দ্র, আপ্যপ্রভৃতি দেবতা এবং হর্য্যস্মান্ ও বীরকপ্রভৃতি সপ্তর্ষি হইয়াছিলেন।৮

সেই মন্বন্তরেই বৈরাজের ঔরসে দেবসম্ভূতির গর্ভে ভগবান্ জগৎপতি শ্রীহরি নিজ অংশদ্বারা 'অজিত' নামে আবির্ভূত হন।৯

এই অজিত সমুদ্র মন্থনপূর্বক দেবগণের জন্য সুধা সংগ্রহ করিয়াছিলেন এবং মন্থনদণ্ড মন্দর পর্বত জলমধ্যে বিচলিত হইলে তিনি কূর্মরূপে তাহাকে পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন।১০

রাজোবাচ।

যথা ভগবতা ব্রহ্মন্ মথিতঃ ক্ষীরসাগরঃ।
যদর্থং বা যতশ্চাদ্রিং দধারাম্বুচরাত্মনা ॥১১

যথামৃতং সুরৈঃ প্রাপ্তং কিঞ্চান্যদভবৎ ততঃ।
এতদ্ভগবতঃ কর্ম্ম বদস্ব পরমাদ্ভুতম্ ॥১২

ত্বয়া সংকথ্যমানেন মহিম্না সাত্বতাং পতেঃ।
নাভিতৃপ্যতি মে চিত্তং সুচিরং তাপতাপিতম্ ॥১৩

সূত উবাচ।

সংপৃষ্টো ভগবানেবং দ্বৈপায়নসুতো দ্বিজাঃ।
অভিনন্দ্য হরেবীর্য্যমভ্যাচষ্টুং প্রচক্রমে ॥১৪

শ্রীশুক উবাচ।

যদা যুদ্ধেঽসুরৈর্দেবা বধ্যমানাঃ শিতায়ুধৈঃ।
গতাসবো নিপতিতা নোত্তিষ্ঠেরন্ স্ম ভূরিশঃ।
যদা দুর্ব্বাসঃশাপেন সেন্দ্রা লোকাস্ত্রয়ো নৃপ।
নিঃশ্রীকাশ্চাভবংস্তত্র নেশুরিজ্যাদয়ঃ ক্রিয়াঃ॥
নিশাম্যৈতৎ সুরগণা মহেন্দ্রবরুণাদয়ঃ।
নাধ্যগচ্ছন্ স্বয়ং মন্ত্রৈর্মন্ত্রয়ন্তো বিনিশ্চিতম্ ॥

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! ভগবতা ক্ষীরসাগরঃ যথা মথিতঃ যদর্থং যেষাং প্রয়োজনায় যতঃ চ হেতোঃ অম্বুচরাত্মনা কূর্ম্মরূপেণ অদ্রিং মন্দরাচলং দধার ॥১১

যথা যেন চ প্রকারেণ সুরৈঃ অমৃতং প্রাপ্তং, ততঃ মথনাৎ অন্যৎ অমৃতাদ্ ব্যতিরিক্তং বস্তু কিম্ অভবৎ, এতৎ পয়োধিমন্থনাত্মকম্ অদ্ভুতং কর্ম্ম বদস্ব ॥১২

ত্বয়া সম্যক্ কথ্যমানেন কীর্ত্যমানেন সাত্বতাং পতেঃ ভগবতঃ মহিম্না মে মম সুচিরং বহুকালং তাপৈঃ আধ্যাত্মিকাদিভিঃ তাপিতং দুঃখিতং চিত্তম্ অপি ন তৃপ্যতি ॥১৩

সূতঃ উবাচ। হে দ্বিজাঃ! দ্বৈপায়নস্য ব্যাসস্য সুতঃ ভগবান্ শুকঃ এবং সংপৃষ্টঃ সন্ তম্ অভিনন্দ্য হরেঃ বীর্য্যং মাহাত্ম্যম্ অভ্যাচষ্টুং কথয়িতুং প্রচক্রমে প্রারেভে ॥১৪

শ্রীশুকঃ উবাচ। যদা অসুরৈঃ কর্তৃভিঃ শিতৈঃ আয়ুধৈঃ বধ্যমানাঃ দেবাঃ গতাসবঃ প্রাণরহিতাঃ স ভূরিশঃ বহুশঃ নিপতিতাঃ, পুনঃ ন উত্তিষ্ঠেরন্ স্ম ॥১৫

হে নৃপ! যদা চ দুর্ব্বাসসঃ মুনেঃ শাপেন ইন্দ্রেণ ত্রয়ো লোকাঃ নিঃশ্রীকাঃ লক্ষ্মীরহিতাঃ অভবন্, ইজ্যাদয়ঃ যাগাদয়ঃ ক্রিয়াঃ নেশুঃ নষ্টাঃ বভূবুঃ ॥১৬

তদা মহেন্দ্র-বরুণাদয়ঃ সুরগণাঃ এতৎ নিঃশ্রীক দেবানাম্ অনুত্থানং চ নিশাম্য দৃষ্ট্বা স্বয়ং মন্ত্রৈঃ আলোচয়ন্তঃ অপি বিনিশ্চিতং নির্ণয়ং ন অধ্যগ প্রাপুঃ ॥১৭

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! ভগবান্ যেহেতু যেভাবে ক্ষীর-সমুদ্র মন্থন করিয়াছিলেন, যে কারণে কূর্মরূপে পৃষ্ঠে মন্দরপর্বত ধারণ করিয়াছিলেন, দেবগণ যেভাবে সুধা প্রাপ্ত হইয়াছিলেন এবং তৎকালে অন্য যাহা ঘটিয়াছিল, আপনি ভগবানের সেই সকল পরমাশ্চর্য্যজনক কর্ম আমাদের নিকট বর্ণন করুন।১১-১২

হে মুনিবর! আপনি জগৎপতি শ্রীহরির মহিমা সম্যগ ভাবে বর্ণন করিলেও উহাদ্বারা আমার চিরকালের সন্তাপতাপিত চিত্ত কোনরূপেই পরিতৃপ্ত হইতেছে না (পরন্তু শ্রবণের আগ্রহ উত্তরোত্তর বর্ধিতই হইতেছে)।১৩

শ্রীসূত বলিলেন—হে ঋষিগণ! মহারাজ শ্রীপরীক্ষিৎ এরূপ জিজ্ঞাসা করিলে শ্রীশুকদেব অভিনন্দনপূর্বক শ্রীহরির পরাক্রমসমূহ বর্ণন প্রবৃত্ত হইলেন।১৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! পুরা যে সময়ে দেবতাগণ যুদ্ধে অসুরগণকর্তৃক তীক্ষ্ণ সমূহ দ্বারা আহত হইয়া প্রাণত্যাগপূর্বক পতিত হইয়াছিল এবং তাঁহাদের অনেকেই পুনরায় উত্থিত হইলেন না, এইরূপ যে সময়ে ঋষির অভিশাপে ইন্দ্রপ্রমুখ ত্রিলোক হইয়াছিল এবং লোকমধ্যে যজ্ঞাদি সকল লোপ পাইয়াছিল, তৎকালে ইন্দ্র, বরুণ দেবতাগণ এ অবস্থা অবগত হইয়া মন্ত্রণা করিয়াও কোন উপায় স্থির

তেতো ব্রহ্মসভাং জগ্মুর্মেরোর্মূর্দ্ধনি সর্ব্বশঃ।
সর্ব্বং বিজ্ঞাপয়াঞ্চক্রুঃ প্রণতাঃ পরমেষ্ঠিনে ॥১৮

স বিলোক্যেন্দ্রবায্বাদীন্ নিঃসত্ত্বান্ বিগতপ্রভান্।
লোকানমঙ্গলপ্রায়ানসুরানযথা বিভুঃ ॥১৯

সমাহিতেন মনসা সংস্মরন্ পুরুষং পরম্।
উবাচোৎফুল্লবদনো দেবান্ স ভগবান্ পরঃ ॥২০

অহং ভবো যূয়মথোঽসুরাদয়ো
মনুষ্যতির্য্যগ্‌দ্রুমঘর্ম্মজাতয়ঃ।
যস্যাবতারাংশকলাবিসর্জিতা
ব্রজাম সর্ব্বে শরণং তমব্যয়ম্ ॥২১

ন যস্য বধ্যো ন চ রক্ষণীয়ো
নোপেক্ষণীয়াদরণীয়পক্ষঃ।
তথাপি সর্গস্থিতিসংযমার্থং
ধত্তে রজঃসত্ত্বতমাংসি কালে ॥২২

অয়ঞ্চ তস্য স্থিতিপালনক্ষণঃ
সত্ত্বং জুষাণস্য ভবায় দেহিনাম্।
তস্মাদ্ ব্রজামঃ শরণং জগদ্‌গুরুং
স্বানাং স নো ধাস্যতি শং সুরপ্রিয়ঃ ॥২৩

ততঃ তদা মেরোঃ মূর্দ্ধনি স্থিতাং ব্রহ্মণঃ সভাং সর্ব্বে জগ্মুঃ। তথা প্রণতাঃ সন্তঃ পরমেষ্ঠিনে সর্ব্বং তৎ বিজ্ঞাপয়াঞ্চক্রুঃ ॥১৮

ততঃ স বিভুঃ পরমেষ্ঠী ইন্দ্রবায্বাদীন্ দেবান্ নিঃসত্ত্বান্ বলহীনান্ বিগতপ্রাণান্ তথা অমঙ্গলপ্রভান্ লোকান্ তথা অসুরান্ অযথা বল-পুষ্ট্যাদিযুক্তান্ বিলোক্য ॥১৯

সমাহিতেন একাগ্রেণ মনসা পরমপুরুষং সংস্মরন্ সঃ উৎফুল্লবদনঃ পরঃ ভগবান্ ব্রহ্মা দেবান্ উবাচ।২০

অস্মদাদয়ঃ সর্ব্বে দেবাঃ মনুষ্যতির্য্যগ্‌-দ্রুমাদয়ঃ তথা ঘর্ম্মজাতয়ঃ স্বেদজাঃ জীবাঃ চ যস্য ভগবতঃ অবতারঃ অনিরুদ্ধঃ তস্য অংশকলয়া অংশাংশেন জ্ঞানশক্ত্যাদিগুণলেশেন বিসর্জ্জিতাঃ উৎপাদিতাঃ, তম্ অব্যয়ং ভগবন্তম্ এব বয়ং সর্ব্বে শরণং ব্রজাম ॥২১

যস্য পরমানন্দ-বিগ্রহস্য ভগবতঃ ন বধ্যঃ, ন চ রক্ষণীয়ঃ, নাপি কশ্চিৎ উপেক্ষণীয়ঃ বা আদরণীয়পক্ষঃ যদি ন অস্তি, সর্ব্বেষু অসৌ সমঃ ; তথাপি জগতঃ সর্গস্থিতি-সংযমার্থং কালে তত্তদবসরে রজঃ-সত্ত্ব-তমাংসি যথোচিত-কার্য্যার্থং ধত্তে ॥২২

দেহিনাং ভবায় স্থিতয়ে সত্ত্বগুণং জুষাণস্য স্বীকৃতবতঃ ভগবতঃ অয়ং স্থিতিপালনক্ষণঃ (স্থিতিঃ মর্য্যাদা তস্যাঃ পালনস্য ক্ষণঃ কালঃ) যতঃ তস্মাৎ সর্ব্বে বয়ং তং জগদ্‌গুরুং শরণং ব্রজামঃ অধ্যবসামঃ। সঃ সুরপ্রিয়ঃ (সুরাঃ প্রিয়াঃ যস্য সঃ) নঃ অস্মাকং স্বানাং শং সুখং ধাস্যতি করিষ্যতি ॥২৩

পারিলেন না।১৫-১৭

অনন্তর তাঁহারা সকলে সুমেরুর উপরিভাগে অবস্থিত ব্রহ্মার সভায় উপস্থিত হইয়া প্রণতিসহকারে ব্রহ্মার নিকট সকল কথা নিবেদন করিলেন।১৮

তৎকালে ভগবান্ ব্রহ্মা, ইন্দ্র, বায়ুপ্রভৃতি দেবতাগণকে নির্বীর্য্য ও কান্তিহীন, ত্রিলোককে প্রায়শঃ অমঙ্গলযুক্ত এবং অসুরগণকে বলবান্ ও কান্তিযুক্ত লক্ষ্য করিয়া একাগ্রচিত্তে পরমপুরুষ শ্রীহরিকে ধ্যান করিতে করিতে উৎফুল্লমুখে দেবতাগণকে এরূপ বলিয়াছিলেন।১৯-২০

হে দেবগণ! আমি, শঙ্কর, তোমরা, অসুর প্রভৃতি জীবগণ এবং মনুষ্য, তির্য্যক্ প্রাণী, বৃক্ষ ও স্বেদজ প্রাণিগণ যাঁহার অবতারস্বরূপ পুরুষের অংশরূপী ব্রহ্মার অংশজাত মরীচিপ্রভৃতি কর্তৃক পুত্রপৌত্রাদিক্রমে উৎপাদিত হইয়াছি, আমরা সকলে সেই অব্যয় পুরুষোত্তম শ্রীহরিরই শরণাপন্ন হইব।২১

তাঁহার বধ্য বা রক্ষণযোগ্য, উপেক্ষাযোগ্য বা আদরযোগ্য কেহ না হইলেও তিনি সৃষ্টি, স্থিতি ও সংহারের জন্য যথাসময়ে রজঃ, সত্ত্ব ও তমোগুণ আশ্রয় করেন।২২

প্রাণিগণের কল্যাণের জন্য সত্ত্ব-গুণধারী সেই শ্রীহরির ইহা স্থিতিরক্ষার সময় বলিয়া আমরা সেই জগদ্‌গুরুরই শরণাপন্ন হইব। সেই দেবতাপ্রিয় ভগবান্‌ই আমাদের মঙ্গলসাধন করিবেন।২৩

শ্রীশুক উবাচ।

ইত্যাভাষ্য সুরান্ বেধাঃ সহ দেবৈররিন্দম।
অজিতস্য পদং সাক্ষাজ্জগাম তমসঃ পরম্ ॥২৪

তত্রাদৃষ্টস্বরূপায় শ্রুতপূর্ব্বায় বৈ প্রভুঃ।
স্তুতিমব্রূত দৈবীভির্গীর্ভিস্ত্ববহিতেন্দ্রিয়ঃ ॥২৫

ব্রহ্মোবাচ।

অবিক্রিয়ং সত্যমনন্তমাদ্যং
গুহাশয়ং নিষ্কলমপ্রতর্ক্যম্।
মনোঽগ্রযাণং বচসানিরুক্তং
নমামহে দেববরং বরেণ্যম্ ॥২৬

বিপশ্চিতং প্রাণমনোধিয়াত্মনা-
মর্থেন্দ্রিয়াভাসমনিদ্রমব্র
ছায়াতপৌ যত্র ন গৃধ্রপক্ষৌ
তমক্ষরং খং ত্রিযুগং ব্রজামহে
অজস্য চক্রং ত্বজয়ের্য্যমাণং
মনোময়ং পঞ্চদশারমা
ত্রিনাভি বিদ্যুচ্চলমষ্টনেমি
যদক্ষমাহুস্তমৃতং প্রপদ্যে

শ্রীশুকঃ উবাচ। হে অরিন্দম! বেধাঃ ব্রহ্মা ইতি এবং সুরান্ আভাষ্য আজ্ঞাপ্য তৈঃ দেবৈঃ সহ তমসঃ পরং সাক্ষাৎ অজিতস্য পদং স্থানং জগাম ॥২৪

তত্র অবহিতেন্দ্রিয়ঃ বশীকৃতেন্দ্রিয়ঃ প্রভুঃ ব্রহ্মা বৈ নিশ্চয়েন অদৃষ্টং স্বরূপং যস্য তস্মৈ তথা শ্রুতং পূর্ব্বম্ ইতি শ্রুতপূর্ব্বঃ তস্মৈ তৎপ্রাপ্তয়ে দৈবীভিঃ বৈদিকীভিঃ গীর্ভিঃ স্তুতিম্ অব্রূত অকরোৎ ॥২৫

ব্রহ্মা উবাচ। হে ঈশ! অবিক্রিয়ং, সত্যম্, অনন্তম্, আদ্যং, গুহাশয়ং, নিষ্কলং নিরুপাধিম্, অপ্রতর্ক্যং, মনসঃ অপি অগ্রে বর্ত্তমানং, বচসা অনিরুক্তং, বরেণ্যং বরণীয়ং, দেববরং ত্বাং বয়ং নমামহে ॥২৬

প্রাণমনোধিয়াত্মনাং বিপশ্চিতং সাক্ষাৎ কর্ত্তারং তথাপি অর্থেন্দ্রিয়াভাসম্ (অর্থাঃ শব্দাদয়ো বিষয়াঃ ইন্দ্রিয়া
গ্রাহকাণি তেষাম্ আভাসং প্রকাশকং), তথাপি
জাগরাদ্যবস্থাত্রয়রহিতম্, অব্রণম্ অদেহম্, অক্ষরং
খং নিত্যসুখস্বরূপং যত্র যস্মিন্ গৃধ্রপক্ষৌ বাগাদি
পাতিনৌ ছায়াতপৌ অবিদ্যা তন্নিবর্ত্তিকা বিদ্যা চ
ত্রিযুগং ত্রিষু যুগেষু আবির্ভবন্তং শরণং ব্রজামহে ॥২৭

মনোময়ং মনঃপ্রধানং, পঞ্চদশারং (দশেন্দ্রিয়া
প্রাণাশ্চ ইতি পঞ্চদশ অরাঃ যস্য তৎ), আশু শীঘ্রগং,
(ত্রয়ঃ সত্ত্বাদয়ঃ গুণাঃ নাভিঃ যস্য তৎ), বিদ্যুদ্বৎচলম্,
(ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ, অহঙ্কার
অষ্টৌ প্রকৃতয়ঃ নেমিঃ যস্য তৎ), অজস্য ভগবতঃ
মায়য়া ঈর্য্যমাণং প্রবর্ত্তমানং চক্রবদাবর্ত্তমানং, যদক্ষং (যঃ

শ্রীশুকদেব বলিলেন—হে শত্রুদমন মহারাজ! ভগবান্ ব্রহ্মা দেবতাগণকে এরূপ বলিয়া তাঁহাদের সহিত তমোগুণের পরবর্ত্তী যে স্থান শ্রীহরির সাক্ষাৎ অধিষ্ঠানক্ষেত্র, সেই ক্ষীরোদসাগরে গমন করিয়াছিলেন।২৪

ভগবান্ ব্রহ্মা সেখানে উপস্থিত হইয়া—পূর্ব্বে যাঁহার কথা কেবল শুনিয়াছিলেন, কিন্তু যাঁহার রূপ দেখেন নাই—সেই শ্রীহরিকে সংযতচিত্তে লোকমধ্যে অপ্রসিদ্ধ বেদবাক্যসমূহ দ্বারা স্তুতি করিতে আরম্ভ করিলেন।২৫

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভগবন্! আপনি মন অপেক্ষাও বেগবান্ বলিয়া মনদ্বারা
অযোগ্য, উপাধিমুক্ত বলিয়া সর্ব্বত্র
আদ্যান্তরহিত বলিয়া নির্ব্বিকার, অতএব
অগোচর সত্যস্বরূপ বরেণ্য শ্রেষ্ঠ দেবতা।
আপনাকে প্রণাম করি ॥২৬

যিনি প্রাণ, মন, বুদ্ধি ও আত্মার (
বা দেহের) জ্ঞাতা, যিনি বিষয় ও
প্রকাশিত হন, অথচ যিনি স্বপ্নদ্রষ্টার ন্যায়
রহিত এবং দেহহীন বলিয়া আকাশের
ব্যাপক, যাঁহার মধ্যে জীবপক্ষপাতী
বিদ্যার সম্পর্ক নাই, ত্রিযুগে বিরাজমান

য একবর্ণং তমসঃ পরং ত-
দলোকমব্যক্তমনন্তপারম্ ।
আসাঞ্চকারোপসুপর্ণমেন-
মুপাসতে যোগরথেন ধীরাঃ ॥২৯
ন যস্য কশ্চাতিতিতর্ত্তি মায়াং
যয়া জনো মুহ্যতি বেদ নার্থম্ ।
তং নির্জ্জিতাত্মাত্মগুণং পরেশং
নমাম ভূতেষু সমং চরন্তম্ ॥৩০

ইমে বয়ং যৎপ্রিয়য়ৈব তন্বা
সত্ত্বেন সৃষ্টা বহিরন্তরাবিঃ ।
গতিং ন সূক্ষ্মামৃষয়শ্চ বিদ্মহে
কুতোঽসুরাদ্যা ইতরপ্রধানাঃ ॥৩১
পাদৌ মহীয়ং স্বকৃতৈব যস্য
চতুর্ব্বিধো যত্র হি ভূতসর্গঃ ।
স বৈ মহাপুরুষ আত্মতন্ত্রঃ
প্রসীদতাং ব্রহ্ম মহাবিভূতিঃ ॥৩২

অক্ষঃ যস্য তৎ যদধিষ্ঠানম্) আহুঃ, তম্ ঋতং সত্যম অহং প্রপদ্যে ॥২৮

যঃ উপসুপর্ণং (গরুড়স্য উপরি) বা জীবসমীপে নিয়ন্তৃত্বেন আসাঞ্চকার আস্তে স্ম, অতএব ধীরাঃ বিবেকিনঃ যোগরথেন তৎপ্রাপ্তিসাধনেন যোগাদিনা এনম্ এব উপাসতে ভজন্তে, তম্ একবর্ণম্ আনন্দৈকস্বরূপং, তমসঃ প্রকৃতেঃ পরম্, অলোকং লোকাতীতম্, অব্যক্তম্ অদৃশ্যম্, অনন্তপারং দেশকালবস্তুতঃ পরিচ্ছেদশূন্যং যৎ পরং ব্রহ্ম তদেব ননাম ॥২৯

(শরণাগতিমন্তরেণ) যস্য মায়াং কশ্চিৎ অপি ন অতিতিতর্ত্তি নাতিক্রামতি, যয়া মায়য়া জনঃ মুহ্যতি, অর্থম্ আত্মানং ন বেদ নির্জ্জিতাত্মাত্মগুণং (নির্জ্জিতঃ আত্মা আত্মভূতা মায়া শক্তিঃ তদ্‌গুণাঃ সত্ত্বাদয়ঃ চ যেন তং) ভূতেষু সমং চরন্তং তং পরেশং নমাম ॥৩০

ইমে বয়ং দেবাঃ ঋষয়ঃ চ যস্য প্রিয়য়া তন্বা সত্ত্বেন গুণেন সৃষ্টাঃ অপি অন্তর্ অন্তর্য্যামিরূপেণ, বহিঃ চ কালরূপেণ আবিঃ প্রকটাম্ অপি সূক্ষ্মাং গতিং স্বরূপং ন বিদ্মহে, তর্হি ইতরপ্রধানাঃ রজস্তমঃপ্রধানাঃ অসুরাদ্যাঃ কুতঃ বিদুঃ ; তং ননাম ॥৩১

যত্র যস্যাং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদেন চতুর্বিধঃ ভূতসর্গঃ তিষ্ঠতি, সা ইয়ং মহী যস্য পাদৌ, সঃ মহাবিভূতিঃ ব্রহ্ম আত্মতন্ত্রঃ মহাপুরুষঃ বৈ প্রসাদতাং প্রসীদতু ॥৩২

ভগবান্‌কে আমরা আশ্রয় করিতেছি ।২৭

জীবের দেহাদি চক্রতুল্য, উহা মায়াদ্বারা ঘূর্ণিত হইতেছে। মন এই চক্রের প্রধান অংশ, দশ ইন্দ্রিয় ও পঞ্চ প্রাণ এই পঞ্চদশটি এই চক্রের অরা অর্থাৎ চক্রের মধ্যভাগে গ্রথিত ও চারিদিকে প্রান্তভাগে সংলগ্ন শলাকা। সত্ত্বাদি তিনগুণ ইহার নাভি অর্থাৎ মধ্যভাগ। উহা বিদ্যুতের ন্যায় চঞ্চল। প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার ও শব্দাদি পঞ্চ তন্মাত্র— এই আটটি এই চক্রের নেমি অর্থাৎ প্রান্তভাগের ন্যায় আবরণস্বরূপ। যিনি এই চক্রের অক্ষ অর্থাৎ অধিষ্ঠান বা অবলম্বন, সেই সত্যস্বরূপ পরমেশ্বরের শরণাগত হইতেছি ।২৮

যিনি দেশ ও কালদ্বারা অপরিচ্ছিন্ন, অব্যক্ত ও অদৃশ্য হইয়া প্রকৃতির অতীত জ্ঞানমাত্ররূপে নিত্য বিরাজমান থাকিয়াও জীবের নিকটে তাহার নিয়ামকরূপে (অথবা ভক্তরক্ষার জন্য গরুড়ের উপর উপবিষ্টরূপে) বিদ্যমান রহিয়াছেন এবং ধীর পুরুষগণ যোগরূপ উপায়দ্বারা যাঁহার উপাসনা করেন, আমরা তাঁহাকেই প্রণাম করি ।২৯

যাঁহার মায়াকে কেহই উত্তীর্ণ হইতে পারে না— যে মায়ার প্রভাবে লোক আত্মাকে অবগত হইতেও সমর্থ হয় না, অথচ যিনি আত্মশক্তি, মায়া ও মায়িক গুণসমূহকে জয় করিয়াছেন, সর্বভূতে সমভাবে বিচরণশীল সেই পরমেশ্বরকে প্রণাম করি ।৩০

আমরা এই দেবতা ও ঋষিগণ যাঁহার প্রিয়-মূর্তি সত্ত্বগুণদ্বারা সৃষ্ট হইয়াও বাহিরে ও অন্তরে সত্তা ও প্রকাশদ্বারা সাক্ষাৎ প্রকাশমান যাঁহার সূক্ষ্ম স্বরূপ জানিতে পারি না, রজঃ ও তমোগুণপ্রধান অসুরাদি জীবগণ কিরূপে তাঁহাকে অবগত হইবে ?

অন্তস্তু যদ্রেতউদারবীর্য্যং
সিধ্যন্তি জীবন্ত্যুত বর্দ্ধমানাঃ ।
লোকা যতোঽথাখিললোকপালাঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৩
সোমং মনো যস্য সমামনন্তি
দিবৌকসাং যো বলমন্ধ আয়ুঃ ।
ঈশো নগানাং প্রজনঃ প্রজানাং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৪

উদারং বীর্য্যং শক্তিঃ যস্য তৎ অন্তঃ জলং তু যৎ যস্য রেতঃ, যতঃ অন্তসঃ ত্রয়ঃ লোকাঃ তথা অখিললোকপালাঃ চ- সিধ্যন্তি জায়ন্তে, যতঃ চ জীবন্তি বর্দ্ধমানাঃ চ ভবন্তি, সঃ ব্রহ্মপদ বাচ্যঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৩৩

সোমং চন্দ্রমসং যস্য মনঃ সমামনন্তি বেদাঃ বদন্তি, যং দিবৌকসং দেবানাম্ অন্ধঃ অন্নম্ অতএব বলম্ আয়ুশ্চ সমামনন্তি ; নগানাং বৃক্ষাণাম্ ঈশঃ রাজা, প্রজানাম্ অপি প্রজনঃ উৎপাদকঃ যঃ, সঃ মহাবিভূতিঃ নঃ প্রসীদতাম্ ॥৩৪

ক্রিয়াকাণ্ড-নিমিত্ত-জন্মা (ক্রিয়াকাণ্ডং তৎ প্রতিপাদ্যং কর্ম্ম তন্নিমিত্তং জন্ম যস্য সঃ) তথা অন্তঃ-সমুদ্রে উদরমধ্যে স্বধাতূন্ স্বপাকার্হান্ অন্নাদীন্ অনুপচন্ যথোচিতং পরিণাময়ন্ যথা প্রসিদ্ধসমুদ্রে অপি বাড়বরূপেণ উদকানি এব স্ব জাতবেদা (জাতং বেদো ধনং যস্মাৎ সঃ) অগ্নিঃ যস্য মুখং সঃ মহাবিভূতিঃ ন প্রসীদতাম্ ॥৩৫

আমরা তাঁহাকে প্রণাম করি ।৩১

যে পৃথিবীতে জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ-রূপ চারিপ্রকার প্রাণী সৃষ্ট হয়, নিজ রচিত সেই পৃথিবী যাঁহার পদযুগল, মহাবিভূতিশালী অচ্যুত-স্বরূপ সেই স্বতন্ত্র মহাপুরুষ ব্রহ্ম আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩২

মহাপ্রভাবশালী যে জল হইতে এই লোকসমষ্টি এবং নিখিল লোকপালগণ উৎপন্ন, জীবিত ও বর্দ্ধিত হয়, সেই জল যাঁহার রেতঃস্বরূপ, মহাবিভূতিশালী সেই পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৩

যে সোম দেবতাগণের বল, অন্ন ও আয়ুঃস্বরূপ, যিনি বৃক্ষগণের ঈশ এবং প্রজাগণের প্রবর্দ্ধক, সেই সোমকে পণ্ডিতগণ যাঁহার মন বলিয়া বর্ণন করেন, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৪

অগ্নির্মুখং যস্য তু জাতবেদা
জাতঃ ক্রিয়াকাণ্ডনিমিত্তজ
অন্তঃসমুদ্রেঽনুপচন্ স্বধাতূন্
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥
যচ্চক্ষুরাসীৎ তরণির্দেবযানং
ত্রয়ীময়ো ব্রহ্মণ এষ ধিষ্ণ্য
দ্বারঞ্চ মুক্তেরমৃতঞ্চ মৃত্যুঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥

দেবযানং (দেবলোক-প্রাপ্তিমার্গাধিষ্ঠাত্রী দেবতা) ঋক্ যজুঃ সাম বেদত্রয়-প্রচুরঃ, ব্রহ্মণঃ ধিষ্ণ্যং পরব্রহ্মণঃ উ স্থানং, মুক্তেঃ দ্বারম্, অমৃতম্ অমৃতসাধনম্, উদয়াস্ত আয়ুর্ব্যয়করত্বাৎ মৃত্যুঃ চ এষঃ প্রসিদ্ধঃ তরণিঃ সূর্য্যঃ য আসীৎ, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মান্ প্রতি প্রসীদতাম্ ॥

বেদের কর্মকাণ্ডের প্রতিপাদ্য যাগাদি ক্রি নুষ্ঠানের জন্য যাঁহার জন্ম, যিনি সমুদ্রে বাড়ব রূপে অবস্থানপূর্ব্বক জলপ্রভৃতির পাক করার জীবের উদরে থাকিয়া পরিপাকযোগ্য পরিপাক করেন এবং যে অগ্নি ধনপ্রসবকারী যজ্ঞে অর্চিত হইয়া যজমানের অভীষ্ট বিষয় করেন, সেই অগ্নি যাঁহার মুখস্বরূপ, সেই বিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি হউন ।৩৫

যে সূর্য উত্তরায়ণমার্গের দেবতা, যিনি বে স্বরূপ, যিনি ব্রহ্মের উপাসনার স্থান অর্থাৎ মধ্যে অধিষ্ঠিত ব্রহ্মের উপাসনা করা হয়, মুক্তিদ্বারস্বরূপ এবং যে সূর্য পুণ্যধাম বলিয়া ও কালরূপী বলিয়া মৃত্যুরূপে গণ্য হন, যাঁহার চক্ষুঃ, সেই মহাবিভূতিশালী

প্রাণাদভূদ্ যস্য চরাচরাণাং
প্রাণঃ সহো বলমোজশ্চ বায়ুঃ ।
অন্বাস্ম সম্রাজমিবানুগাঃ বয়ং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৭

শ্রোত্রাদ্ দিশো যস্য হৃদশ্চ খানি
প্রজজ্ঞিরে খং পুরুষস্য নাভ্যাঃ ।
প্রাণেন্দ্রিয়াত্মাসুশরীরকেতং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৮

বলান্মহেন্দ্রস্ত্রিদশাঃ প্রসাদা-
ন্মন্যোর্গিরীশো ধিষণাদ্ বিরিঞ্চিঃ ।
খেভ্যস্তু ছন্দাংস্যৃষয়ো মেঢ্রতঃ কঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৩৯

শ্রীর্বক্ষসঃ পিতরশ্ছায়য়াসন্
ধর্ম্মঃ স্তনাদিতরঃ পৃষ্ঠতোঽভূৎ ।
দ্যৌর্যস্য শীর্ষ্ণোঽপ্সরসো বিহারাৎ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪০

চরাচরাণাং সহঃ বলম্ ওজঃ তত্তদ্রূপঃ প্রাণরূপঃ বায়ুঃ যস্য প্রাণাৎ অভূৎ ; যৎ পঞ্চবৃত্তিং প্রাণম্ অনুগাঃ ইব বয়ম্ (বুদ্ধ্যাদ্যধিষ্ঠাতারঃ ব্রহ্মাদয়ঃ দেবতাঃ সম্রাজঃ সার্ব্বভৌমং তদ্ভৃত্যাঃ ইব) অন্বাস্ম অনুসৃত্য স্থিতাঃ সঃ মহাবিভূতিঃ নঃ প্রসীদতাম্ ॥৩৭

যস্য পুরুষস্য শ্রোত্রেন্দ্রিয়াৎ দিশঃ প্রজজ্ঞিরে, হৃদঃ খানি দেহগতাণি ছিদ্রাণি প্রজজ্ঞিরে, নাভ্যাঃ চ প্রাণেন্দ্রিয়াত্মাসু শরীর-কেতং (প্রাণঃ পঞ্চবৃত্তিকঃ, ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি, বাগাদীনি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি চ আত্মা অন্তঃকরণম্, অসবঃ নাগকূর্ম্মাদয়ঃ, শরীরং চ তেষাং কেতম্ অবকাশদাতৃত্বেন আশ্রয়ভূতং) খম্ আকাশঃ প্রজজ্ঞে, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৩৮

যস্য বলাৎ মহেন্দ্রঃ জজ্ঞে, প্রসাদাৎ ত্রিদশাঃ দেবাঃ জজ্ঞিরে, মন্যোঃ ক্রোধাৎ গিরিশঃ রুদ্রঃ জজ্ঞে, ধিষণাৎ বুদ্ধেঃ সকাশাৎ বিরিঞ্চিঃ ব্রহ্মা জজ্ঞে, খেভ্যঃ দেহছিদ্রেভ্যঃ ছন্দাংসি গায়ত্র্যাদীনি ঋষয়শ্চ জজ্ঞিরে, মেঢ্রাৎ কঃ প্রজাপতিঃ জজ্ঞে, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৩৯

যস্য বক্ষসঃ শ্রীঃ মহালক্ষ্মীঃ আসীৎ ; ছায়য়া পিতরঃ আসন্, স্তনাৎ ধর্ম্মঃ অভূৎ, পৃষ্ঠতঃ ইতরঃ অধর্ম্মঃ জাতঃ, শীর্ষ্ণঃ শিরসঃ দ্যৌঃ স্বর্গঃ অভূৎ, বিহারাৎ অপ্সরসঃ আসন্, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৪০

আমাদের প্রতি প্রসন্ন হউন ॥৩৬

ভৃত্যগণ যেরূপ সম্রাটের অনুবর্তন করে, সেইরূপ বুদ্ধিপ্রভৃতির অধিষ্ঠাতা আমরা দেবতাগণ যে মুখ্য প্রাণের অনুবর্তন করিতেছি, স্থাবর-জঙ্গম নিখিল জগতের মন, শরীর ও ইন্দ্রিয়বর্গের সামর্থ্যবিশিষ্ট সেই প্রাণবায়ু যাঁহার প্রাণ হইতে উৎপন্ন হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৭

যাঁহার শ্রবণেন্দ্রিয় হইতে দিক্‌সমূহ, হৃদয় হইতে দেহস্থিত রন্ধ্রসমূহ এবং নাভি হইতে প্রাণ, ইন্দ্রিয়, মন. নাগ-কূর্মাদি পঞ্চবায়ু ও দেহ—এই সকলের আশ্রয় আকাশ উৎপন্ন হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৮

যাঁহার বল হইতে ইন্দ্র, অনুগ্রহ হইতে দেবগণ, ক্রোধ হইতে রুদ্র, বুদ্ধি হইতে ব্রহ্মা, দেহচ্ছিদ্র হইতে বেদ ও ঋষিগণ এবং লিঙ্গ হইতে প্রজাপতির উৎপত্তি হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৩৯

যাঁহার বক্ষঃস্থল হইতে লক্ষ্মী, ছায়া হইতে পিতৃগণ, স্তন হইতে ধর্ম, পৃষ্ঠ হইতে অধর্ম, মস্তক হইতে স্বর্গ এবং বিহার হইতে অপ্সরাগণের উৎপত্তি হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৪০

বিপ্রো মুখাদ্ ব্রহ্ম চ যস্য গুহ্যং
রাজন্য আসীদ্ভুজয়োর্বলঞ্চ
ঊর্ব্বোর্বিড়োজোঽঙ্ঘ্রিরবেদশূদ্রৌ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪১

লোভোঽধরাৎ প্রীতিরুপর্য্যভূদ্ দ্যুতি-
র্নস্তঃ পশব্যঃ স্পর্শেন কামঃ।
ভ্রুবোর্যমঃ পক্ষ্মভবস্তু কালঃ
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ ॥৪২

যস্য মুখাৎ বিপ্রঃ ব্রাহ্মণকুলং, গুহ্যম্ অতীন্দ্রিয়ার্থাববোধকং ব্রহ্ম বেদঃ চ আসীৎ, ভুজয়োঃ বাহুভ্যাং রাজন্যঃ ক্ষত্রিয়ঃ, বলং প্রজাপালনসামর্থ্যং চ আসীৎ, ঊর্ব্বোঃ উরুভ্যাং বিট্ বৈশ্যঃ ওজঃ নৈপুণ্যং তস্য বৃত্তিঃ চ আসীৎ, অঙ্ঘ্রিঃ অঙ্ঘ্রেঃ সকাশাৎ অবেদঃ বেদব্যতিরিক্তা শুশ্রূষাবৃত্তিঃ, তদ্‌বৃত্তিমান্ শূদ্রঃ চ আসীৎ, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৪১

যস্য অধরাৎ অধরোষ্ঠাৎ লোভঃ আসীৎ, উপরি উত্তরোষ্ঠাৎ প্রীতিঃ অভূৎ, নস্তঃ নাসিকাতঃ দ্যুতিঃ কান্তিঃ অভূৎ, স্পর্শেন পশব্যঃ (পশূনাং তত্তুল্যানাম্ অজ্ঞানাং হিতঃ কামঃ) অভূৎ, ভ্রুবঃ যমঃ অভূৎ, কালঃ তু যস্য পক্ষ্মভবঃ পক্ষ্মণোঃ জাতঃ, সঃ মহাবিভূতিঃ নঃ অস্মাকং প্রসীদতাম্ ॥৪২

যাঁহার মুখ হইতে ব্রাহ্মণ ও পরমরহস্য বেদবাণী, ভুজযুগল হইতে ক্ষত্রিয় ও বল, উরুযুগল হইতে বৈশ্য ও পটুতা এবং পদ হইতে শূদ্র ও শুশ্রূষার উৎপত্তি হইয়াছে; সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৪১

যাঁহার অধর হইতে লোভ, ওষ্ঠ হইতে প্রীতি, নাসিকা হইতে দীপ্তি, স্পর্শ হইতে পশুগণের হিতজনক কাম, ভ্রূযুগল হইতে যম এবং পক্ষ্ম (চক্ষুর পাতা) হইতে কালের উৎপত্তি হইয়াছে, সেই মহাবিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি প্রসন্ন হউন ।৪২

দ্রব্যং বয়ঃ কর্ম্ম গুণান্ বিশেষং
যদ্‌যোগমায়াবিহিতান্
যদ্দুর্ব্বিভাব্যং প্রবুধাপবাধং
প্রসীদতাং নঃ স মহাবিভূতিঃ
নমোঽস্তু তস্মা উপশান্তশক্তয়ে
স্বারাজ্যলাভপ্রতিপূরিতা
গুণেষু মায়া চরিতেষু বৃত্তিভি-
র্ন সজ্জমানায় নভস্বদূতয়ে।

দ্রব্যং ভূতপঞ্চকং, বয়ঃ কালং, কর্ম্ম জীবাদৃ
সত্ত্বাদীন্ যৎ যস্মাৎ দুর্ব্বিভাব্যং প্রবুধাপবাধং বিবুধৈঃ
বিশেষং ব্রহ্মাণ্ডে তদুপলক্ষিতং কার্য্যকারণাত্মকং
যস্য যোগমায়য়া ঈক্ষণ-পূর্ব্বক-সঙ্কল্পাত্মিকয়া বিহিত
সঃ মহাবিভূতিঃ ইতি ॥৪৩

উপশান্তা অসংশ্লিষ্টাঃ শক্তয়ঃ সত্ত্বাদীনি যস্মিন্ তস্মৈ
পরমানন্দস্বরূপেণ রাজতে ইতি স্বরাট্ তস্য ভাবঃ
তল্লাভেনৈব প্রতিপূরিতঃ আত্মা মনঃ যস্য তস্মৈ
মায়ারচিতেষু প্রকৃত্যাঃ গুণেষু দর্শনাদিবৃত্তিভিঃ ন
আসক্তিরহিতায়, নভস্বদূতয়ে (নভস্বান্ বায়ুঃ তদ্বদূ
যস্য তস্মৈ) নমঃ ॥৪৪

জ্ঞানিগণ বিচারদ্বারা যাহার বাস্তবত্ব
করেন, অথচ বস্তুতঃ যাহা দুর্জ্ঞেয়, সেই
কাল, কর্ম, গুণ ও এই ভৌতিক প্রপঞ্চ
যোগমায়ার মহিমারূপে বর্ণিত হয়, সেই
বিভূতিশালী পরমেশ্বর আমাদের প্রতি
হউন ।৪৩

যাঁহার মধ্যে মায়াশক্তিসমূহ উপশান্ত
নিষ্ক্রিয় রহিয়াছে, যাঁহার স্বরূপ স্বারাজ্য
পরিপূর্ণ, যিনি দর্শনাদি বৃত্তিদ্বারা মায়াকল্পিত
সমূহে আসক্ত নহেন এবং যাঁহার লীলা
ন্যায় অপ্রতিহত, সেই পরমেশ্বরকে প্রণাম করি

স ত্বং নো দর্শয়াত্মানমস্মৎকরণগোচরম্।
প্রপন্নানাং দিদৃক্ষূণাং সস্মিতং তে মুখাম্বুজম্ ॥৪৫

তৈস্তৈঃ স্বেচ্ছাভৃতৈ রূপৈঃ কালে কালে
স্বয়ং বিভো।
কর্ম্ম দুর্ব্বিষহং যন্নো ভগবাংস্তৎ করোতি হি ॥৪৬

ক্লেশভূর্য্যল্পসারাণি কর্ম্মাণি বিফলানি বা।
দেহিনাং বিষয়ার্ত্তানাং ন তথৈবার্পিতং ত্বয়ি ॥৪৭

নাবমঃ কর্ম্মকল্পোঽপি বিফলায়েশ্বরার্পিতঃ।
কল্পতে পুরুষস্যৈষ স হ্যাত্মা দয়িতো হিতঃ ॥৪৮

যথা হি স্কন্ধশাখানাং তরোর্মূলাবসেচনম্।
এবমারাধনং বিষ্ণোঃ সর্ব্বেষামাত্মনশ্চ হি ॥৪৯

সঃ ভক্তবৎসলঃ ত্বং তে তব সস্মিতং প্রসন্নং মুখাম্বুজং দিদৃক্ষূণাং প্রপন্নানাং শরণাগতানাং নঃ অস্মাকং করণগোচরম্ ইন্দ্রিয়গ্রাহ্যং যথা ভবতি এবম্ আত্মানং স্বস্বরূপং দর্শয় ॥৪৫

হে বিভো সর্ব্বথা কর্ত্তুং সমর্থ! হি যস্মাৎ কালে কালে তত্তৎ অবসরে স্বস্য ইচ্ছয়া তেষাম্ ইচ্ছয়া বা ভৃতৈঃ ধৃতৈঃ, তৈঃ তৈঃ রূপৈঃ যৎ নঃ অস্মাকং দুর্বিষহম্ অশক্যং তৎ কর্ম্ম ভগবান্ স্বয়ম্ এব করোতি ॥৪৬

বিষয়ার্ত্তানাং বিষয়াসক্ত্যা দুঃখিতানাং দেহিনাং দেহাত্মাধ্যাসবতাং কর্ম্মাণি যথা ক্লেশভূর্য্যল্পসারাণি (ক্লেশঃ ভূরিঃ যেষু অল্পং সারং ফলং যেষু তথা ভূতানি অপি) বিফলানি (স্বর্গাদেঃ ফলস্যাপি বিনাশিত্বাৎ) ভবন্তি; ত্বয়ি অর্পিতং তু কর্ম্ম তথা ন এব ভবন্তিঃ; অপি তু সফলম্ এব ॥৪৭

হি যস্মাৎ সঃ এষঃ ঈশ্বরঃ পুরুষস্য সর্ব্বজীবস্য আত্মা স্বরূপম্ (তদংশত্বাৎ) অতএব দয়িতঃ প্রিয়ঃ হিতঃ চঃ অতঃ অবমঃ লৌকিকঃ ব্যাপারঃ অল্পঃ, তথা কর্ম্মকল্পঃ বৈদিকঃ কর্ম্মাভাসঃ ঈশ্বরে ত্বয়ি অর্পিতঃ চেৎ বিফলায় ন কল্পতে ॥৪৮

যথা তরোঃ মূলাবসেচনং (মূলস্য অবসেচনং জলেন সেকঃ) স্কন্ধানাং শাখানাং চ অবসেচনং ভবতি, এবং বিষ্ণোঃ আরাধনং সর্ব্বেষাং স্থাবরজঙ্গমাত্মকানাং প্রাণিনাং তথা আত্মনঃ স্বস্য আরাধকস্য চ আরাধনং ভবতি ॥৪৯

হে ভগবন্! আমরা আপনার শরণাগত এবং আপনার হাস্যোজ্জ্বল মুখপদ্ম দর্শনে অভিলাষী। আপনি আমাদের দৃষ্টিগোচররূপে নিজমূর্তি প্রদর্শন করুন।৪৫

হে বিভো! আমাদের পক্ষে যে যে কর্ম সম্পাদন করা অসম্ভব হয়, আপনি ভগবান্ বলিয়া যুগে যুগে স্বেচ্ছাকৃত বিভিন্ন অবতাররূপে তৎসমুদয় সম্পাদন করেন।৪৬

হে ভগবন্! বিষয়কাতর ব্যক্তিগণের বিষয়ানুসন্ধানমূলক কর্মসমূহে প্রচুর ক্লেশ এবং অতি অল্প ফলই জন্মিয়া থাকে, আবার কখনও বা ঐ সকল কর্ম সম্পূর্ণভাবেই নিষ্ফল হয়, পরন্তু ভক্তগণ আপনাতে যে কর্ম অর্পণ করেন, তাহা সেরূপ নহে অর্থাৎ তাহা কখনও নিষ্ফল না হইয়া পরম মহাফলই প্রদান করে।৪৭

হে ভগবন্! অতি অল্প পরিমাণ কর্মাভাসও যদি ঈশ্বরের উদ্দেশ্যে অর্পিত হয়, তাহা হইলেও উহা অনুষ্ঠানকারীর আয়াসজনক হয় না; যেহেতু ঈশ্বরই জীবের আত্মা, প্রিয় এবং হিতকারী বলিয়া তাদৃশ কর্মসমর্পণ নিষ্ফল হইতে পারে না।৪৮

বৃক্ষের মূলে জল সেচন বরিলে উহাতে যেরূপ কাণ্ড-শাখাপ্রভৃতি সকল অবয়বেরই সেচন নয়, সেরূপ ভগবান্ বিষ্ণুর আরাধনা করিলে উহাতে সর্বভূতের এবং নিজেরও আরাধনা হইয়া থাকে।৪৯

নমস্তুভ্যমনন্তায় দুর্ব্বিতর্ক্যাত্মকর্ম্মণে

নির্গুণায় গুণেশায় সত্ত্বস্থায় চ সাম্প্রতম্ ॥৫০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহং
সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে পঞ্চমোঽধ্যা

দুর্ব্বিতর্ক্যাত্মকর্ম্মণে (দুর্ব্বিতর্ক্যাণি বিভাবয়িতুম্ অশক্যানি আত্মনঃ স্বস্য কর্ম্মাণি লীলাঃ যস্য তস্মৈ) অনন্তায় দেশ-কাল-বস্তু পরিচ্ছেদ-রহিতায়, নির্গুণায় প্রাকৃত-গুণ-নির্ম্মুক্তায়, গুণেশায় গুণত্রয়নিয়ন্ত্রে, অতএব সাম্প্রতম্ ইদানীং পালনকালে স সত্ত্বগুণ-সঙ্গী কৃতবতে তুভ্যং নমঃ ॥৫০

ইতি অষ্টমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমো

হে ভগবন্! আপনার স্বভাব ও কর্মসমূহ বিতর্কের (বিচারের) অযোগ্য। আপনি নির্গুণ, গুণেশ্বর, সত্ত্বগুণে অধিষ্ঠিত ও স্বরূপতঃ অনন্ত। আমরা সম্প্রতি আপনার উদ্দেশ্যে কেবলমাত্র জ্ঞাপন করিতেছি ।৫০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের অষ্টম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চম অধ্যায় সমাপ্ত।

ষষ্ঠঃ অধ্যায়ঃ

[ভগবদাজ্ঞয়া দেবতানাং দিতিজৈঃ সহ সন্ধিস্থাপনম্, সমুদ্রমন্থনার্থ-মুদ্যোগশ্চ।]

শ্রীশুক উবাচ।

এবং স্তুতঃ সুরগণৈর্ভগবান্ হরিরীশ্বরঃ।
যেষামাবিরভূদ্ রাজন্ সহস্রার্কোদয়দ্যুতিঃ ॥১

তেনৈব মহসা সর্ব্বে দেবাঃ প্রতিহতেক্ষণাঃ।
নাপশ্যন্ খং দিশঃ ক্ষৌণীমাত্মানঞ্চ কুতো বি

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সুরগণৈঃ এবং স্তুতঃ সহস্রার্কোদয়দ্যুতিঃ (সহস্রানাম্ অর্কাণাং সূর্য্যানাম্ উদয়ে দ্যুতিঃ ইব দ্যুতিঃ যস্য তথাভূতঃ) ভগবান্ ঈশ্বরঃ হরিঃ তেষাং পুরতঃ আবিরভূৎ ॥১

অন্বয়ঃ

তেন এব মহসা তেজসা, প্রতিহতানি ঈক্ষণানি যেষাং তে সর্ব্বে দেবাঃ খং দিশঃ ক্ষৌণীং ধরিত্রীম্ চ যদা ন অপশ্যন্, তদা কুতঃ বিভুং ভগবন্তং পশ্যেয়ুঃ ॥২

ষষ্ঠ অধ্যায়।

[শ্রীভগবানের আদেশে দেবগণের অসুরকুলের সহিত সন্ধিস্থাপন এবং সমুদ্রমন্থনের জন্য উদ্যোগ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! দেবগণ ভগবান্ ঈশ্বর শ্রীহরির এরূপ স্তুতি করিলে, তিনি সহস্র সূর্য্যের ন্যায় উজ্জ্বল মূর্তিতে তাঁহাদের নিকট আবির্ভূত হইয়াছিলেন ।১

তাঁহার সেই সমুজ্জ্বল তেজে দৃষ্টি প্র
হওয়ায় দেবতাগণ আকাশ, দিঙ্মণ্ডল, পৃথি
নিজকে দেখিতে পাইলেন না, এ অবস্থায় ত
শ্রীহরিকে কিরূপে দেখিতে সমর্থ হইবেন ?২

বিরিঞ্চো ভগবান্ দৃষ্ট্বা সহ শর্ব্বেণ তাং তনুম্ ।
স্বচ্ছাং মরকতশ্যামাং কঞ্জগর্ভারুণেক্ষণাম্ ॥৩

তপ্তহেমাবদাতেন লসৎকৌষেয়বাসসা ।
প্রসন্নচারুসর্ব্বাঙ্গীং সুমুখীং সুন্দরভ্রুবম্ ॥৪

মহামণিকিরীটেন কেয়ূরাভ্যাঞ্চ ভূষিতাম্ ।
কর্ণাভরণনির্ভাত-কপোল-শ্রীমুখাম্বুজাম্ ॥৫

কাঞ্চীকলাপবলয়-হারনূপুরশোভিতাম্ ।
কৌস্তুভাভরণাং লক্ষ্মীং বিভ্রতীং বনমালিনীম্ ॥৬

সুদর্শনাদিভিঃ স্বাস্ত্রৈর্মূর্ত্তিমদ্ভিরুপাসিতাম্ ।
তুষ্টাব দেবপ্রবরঃ সশর্ব্বঃ পুরুষং পরম্ ।
সর্ব্বামরগণৈঃ সাকং সর্ব্বাঙ্গৈরবনিং গতৈঃ ॥৭

ব্রহ্মোবাচ ।

অজাতজন্মস্থিতিসংযমায়া-
গুণায় নির্ব্বাণসুখার্ণবায় ।
অণোরণিম্নেঽপরিগণ্যধাম্নে
মহানুভাবায় নমো নমস্তে ॥৮

সর্ব্বেণ রুদ্রেণ সহ ভগবান্ বিরিঞ্চঃ ব্রহ্মা দৃষ্ট্বা তাম্ আবির্ভূতাং তনুং স্বচ্ছাং মরকতমণিবৎ শ্যামাং কঞ্জগর্ভবৎ অরুণে ঈক্ষণে যস্যাং তাম্ ॥৩

তপ্তহেমবৎ অবদাতেন পীতেন, লসতা শোভমানেন কৌশেয়বাসসা পট্যবস্ত্রেণ যুক্তাং, প্রসন্নানি চারূণি সুন্দারাণি সর্ব্বাণি অঙ্গানি যস্যাং তাং, শোভনং মুখং যস্যাং তাং, সুন্দরে ভ্রুবৌ যস্যাং তাম্ ॥৪

মহান্তঃ মণয়ঃ যস্মিন্ তেন কিরীটেন, কেয়ূরাভ্যাং চ ভূষিতাং, কর্ণাভরণে কুণ্ডলে তাভ্যাং নিতরাং ভাতৌ কপোলৌ তাভ্যাং শ্রীঃ শোভা মুখাম্বুজে যস্যাঃ তাম্ ॥৫

কাঞ্চী-কলাপ-বলয়-হারনূপুরাদিভিঃ শোভিতাং, কৌস্তুভাভরণং কণ্ঠে যস্যাঃ তাং, বক্ষসি লক্ষ্মীং বিভ্রতীং, বনমালা অস্যাঃ অস্তীতি তাম্ ॥৬

মূর্ত্তিমদ্ভিঃ পুরুষাকৃতিভিঃ স্বকীয়ৈঃ অস্ত্রৈঃ সুদর্শনাদিভিঃ উপাসিতাং তাং তনুং দৃষ্ট্বা সর্ব্বাঙ্গৈঃ অবনিং গতৈঃ সাষ্টাঙ্গপ্রণতৈঃ সর্ব্বামরগণৈঃ সাকং সশর্ব্বঃ শর্ব্বেণ রুদ্রেণ সহিতঃ দেবপ্রবরঃ ব্রহ্মা পরং পুরুষং তুষ্টাব ॥৭

ব্রহ্মা উবাচ। ন জাতাঃ কর্ম্মাধীনাঃ জন্ম-স্থিতি-সংযমাঃ যস্য তস্মৈ, অগুণায় প্রাকৃতগুণরহিতায়, নির্ব্বাণসুখার্ণবায় নির্দুঃখপরমানন্দমহোদধয়ে, কিঞ্চ অনোঃ জীবাৎ অপি অনিম্নে অন্তর্য্যামিত্বাৎ অতিসূক্ষ্মায়, অপরিগণ্যং দেশ-কাল-বস্তু-পরিচ্ছেদ-রহিতং ধাম মূর্ত্তিঃ যস্য তস্মৈ, মহানুভাবায় তে তুভ্যং নমো নমঃ ॥৮

দেবপ্রধান ভগবান্ ব্রহ্মা শঙ্করের সহিত সেই মূর্তি দর্শন করিয়া, সাষ্টাঙ্গে ভূতলে প্রণত হইলেন এবং অন্য সকল দেবগণও শঙ্করের সহিত সেই পরমপুরুষকে স্তুতি করিয়াছিলেন। তাঁহার সেই মূর্তি সুনির্মল, মরকতমণির ন্যায় শ্যামবর্ণ, তাঁহার নয়নযুগল পদ্ম-পুষ্পের অভ্যন্তরভাগের ন্যায় রক্তবর্ণ, সর্বাঙ্গ উত্তপ্ত সুবর্ণের ন্যায় পীতবর্ণ, মনোহর কৌষেয় বস্ত্রদ্বারা আবৃত, অবয়বসমূহ প্রসন্ন ও সুন্দর, মুখমণ্ডল ও ভ্রূযুগল সুশোভন, মস্তক মহামণিময় মুকুটশোভিত, বাহুদ্বয় কেয়ূরমণ্ডিত, শ্রীমুখকমল কুণ্ডলযুগলদ্বারা উদ্ভাসিত গণ্ডদ্বয়ের শোভায় রমণীয়, নানা অঙ্গ চন্দ্রহার, বলয়, হার ও নূপুরদ্বারা অলঙ্কৃত এবং গলদেশ কৌস্তুভমণি ও বনমালাদ্বারা বিভূষিত হইয়াছিল। তিনি বক্ষঃস্থলে লক্ষ্মীদেবীকে ধারণ করিয়াছিলেন এবং সুদর্শনপ্রভৃতি নিজ অস্ত্রসমূহ মূর্তিমান্ হইয়া তাঁহার উপাসনা করিতেছিলেন।৩-৭

শ্রীব্রহ্মা বলিলেন—হে ভগবন্! যাঁহার জন্ম, স্থিতি ও বিনাশ আমাদের অজ্ঞাত, যিনি নির্গুণ ও অপার মুক্তিসুখস্বরূপ এবং যিনি অণু হইতেও অতিসূক্ষ্ম, অথচ যাঁহার মূর্তির ইয়ত্তা নাই, সেই মহাপ্রভাবশালী আপনাকে বার বার প্রণাম করি।৮

রূপং তবৈতৎ পুরুষর্ষভেজ্যং
শ্রেয়োঽর্থিভির্বৈদিকতান্ত্রিকেণ।
যোগেন ধাতঃ সহ নস্ত্রিলোকান্
পশ্যাম্যমুষ্মিন্নু হ বিশ্বমূর্ত্তৌ ॥৯

ত্বয্যগ্র আসীৎ ত্বয়ি মধ্য আসীৎ
ত্বয্যন্ত আসীদিদমাত্মতন্ত্রে।
ত্বমাদিরন্তো জগতোঽস্য মধ্যং
ঘটস্য মৃৎস্নেব পরঃ পরস্মাৎ ॥১০

ত্বং মায়য়াত্মাশ্রয়য়া স্বয়েদং
নির্ম্মায় বিশ্বং তদনুপ্রবি
পশ্যন্তি যুক্তা মনসা মনীষিণো
গুণব্যবায়েঽপ্যগুণং বিপশ্চিতঃ ॥১

যথাগ্নিমেধস্যমৃতঞ্চ গোষু
ভুব্যন্নমম্বূদ্যমনে চ বৃত্তি
যোগৈর্মনুষ্যা অধিযন্তি হি ত্বাং
গুণেষু বুদ্ধ্যা কবয়ো বদন্তি ॥

হে পুরুষর্ষভ! পুরুষোত্তম! হে ধাতঃ সর্ব্বস্রষ্টঃ! তে তব এতৎ রূপং বৈদিকতান্ত্রিকেণ বেদতন্ত্রাভ্যাম্ অববোধিতেন যোগেন সাধনেন শ্রেয়োর্থিভিঃ ইজ্যং পূজ্যং নঃ অস্মাভিঃ দেবৈ সহ ত্রিলোকান্ অমুষ্মিন্ অস্মিন্ এব বিশ্বমূর্ত্তৌ তব রূপে পশ্যামি ॥৯

ইদং বিশ্বম্ অগ্রে মধ্যে চ ত্বয়ি আত্মতন্ত্রে আশ্রয়ভূতে এব আসীৎ, ঘটস্য মৃৎস্না মৃত্তিকা ইব অস্য জগতঃ আদ্যবস্থং মধ্যাবস্থম্ অন্তাবস্থং চ পরস্মাৎ পরঃ ত্বম্ এব ॥১০

স্বয়া স্বাধীনয়া, স্বাশ্রয়য়া মায়য়া ইদং বিশ্বং নির্ম্মায় ত্বং তদনুপ্রবিষ্টঃ (অনুপশ্চাৎ অন্তর্য্যামিরূপতয়া বর্ত্তসে)। বিপশ্চিতঃ শাস্ত্রজ্ঞাঃ মনীষিণঃ গুণব্যবায়ে (গুণানাং পরিণামে অপি) অগুণম্ এব ত্বাং মনসা পশ্যন্তি ॥১১

যথা অগ্নিম্ এধসি কাষ্ঠে (মথনেন); ক্ষীরং গোষু দো ভুবি অন্নং (ব্রীহ্যাদি কর্ষণাদিনা) অম্বু জলং চ খন উদ্যমনে পুরুষকারে বাণিজ্যাদিনা বৃত্তিং জীবিকাম্, এবং তত্তদুপায়ৈঃ মনুষ্যাঃ যথা অধিযন্তি প্রাপ্নুবন্তি, এবং কার্য্যকারণ-সঙ্ঘাতেষু, কবয়ঃ বিবেকিনঃ বুদ্ধ্যা এব ত্বাং অধিযন্তি চ ॥১২

হে পুরুষোত্তম! আপনার এই মূর্তি শ্রেয়স্কামী ব্যক্তিগণ কর্তৃক বৈদিক ও তান্ত্রিক উপায়দ্বারা চিরকাল পূজনীয়, অতএব ইহা সনাতন। হে বিধাতঃ! এই নিখিল বিশ্ব আপনার মূর্তির মধ্যে অবস্থিত বলিয়া আমরা আপনার মধ্যে ত্রিলোকসহ আমাদের সকলকেই দর্শন করিতেছি; অতএব এই মূর্তি পরিচ্ছিন্ন নহে।৯

হে দেব! আপনি স্বতন্ত্র পুরুষ, এই বিশ্ব—সৃষ্টির পূর্বে আপনাতেই ছিল, মধ্যদশায় অর্থাৎ বর্তমানেও আপনাতেই আছে, ধ্বংসের পরেও আপনাতেই থাকিবে। আপনি প্রকৃতিরও পরবর্ত্তী তত্ত্ব, অতএব মৃত্তিকা যেরূপ ঘটের আদি, মধ্য ও অন্তস্বরূপ, সেরূপ আপনিই এই বিশ্বের আদি, মধ্য ও অন্তস্বরূপ হন।১০

আপনি নিজ অধীন মায়াদ্বারা এই বিশ্ব করিয়া তাহাতে প্রবেশ করিয়াছেন। বিবেকী যোগিগণ মনদ্বারা, প্রকৃতির গুণ পরিণামমধ্যেও আপনাকে গুণসম্পর্কশূন্য দর্শন করেন।১১

মনুষ্যগণ যেরূপ মন্থনদ্বারা কাষ্ঠের মধ্যে দোহনপ্রভৃতিদ্বারা গাভীর মধ্যে ঘৃত, কর্ষণাদি ভূতলে ধান্যাদি খাদ্য এবং বাণিজ্যাদিদ্বারা কারের মধ্যে জীবিকার আবিষ্কার করে, মনীষিগণ বুদ্ধিদ্বারা গুণসমূহের মধ্যে আপ লাভ করেন এবং ইহা বলিয়া থাকেন।১২

তং ত্বাং বয়ং নাথ সমুজ্জিহানং
সরোজনাভাতিচিরেপ্সিতার্থম্ ।
দৃষ্ট্বা গতা নির্ব্বৃতিমদ্য সর্ব্বে
গজা দবার্ত্তা ইর গাঙ্গমম্ভঃ ॥১৩

স ত্বং বিধৎস্বাখিললোকপালা
বয়ং যদর্থাস্তব পাদমূলম্ ।
সমাগতাস্তে বহিরন্তরাত্মন্
কিং বান্যবিজ্ঞাপ্যমশেষসাক্ষিণঃ ॥১৪

হে সরোজনাভ ! (ব্রহ্মাণ্ডাত্মকং কমলং নাভৌ যস্য তৎ সম্বোধনে) হে নাথ ! তং সর্ব্বকারণভূতম্ অতএব চিরাৎ ঈপ্সিতার্থং পরমপুরুষার্থরূপং সমুজ্জিহানম্ আবির্ভবন্তং ত্বাং প্রত্যক্ষতঃ দৃষ্ট্বা অদ্য বয়ং সর্ব্বে গাঙ্গং অম্ভঃ গঙ্গাজলং প্রাপ্তাঃ (তত্র নিমগ্নাঃ) দবার্ত্তাঃ দাবাগ্নিপীড়িতাঃ গজাঃ ইব নির্বৃতিং পরমানন্দং গতাঃ প্রাপ্তাঃ ॥১৩

অখিললোকপালাঃ বয়ং যদর্থাঃ যৎপ্রয়োজনাঃ সন্তঃ তব পাদমূলং শরণং সমাগতাঃ, সঃ উক্তবিধঃ অস্মাকং সর্ব্বেশ্বরঃ ত্বং তৎ বিধৎস্ব সম্পাদয় ! হে বহিরন্তরাত্মন্ বহিরন্তশ্চ ব্যাপিন্ অশেষসাক্ষিণঃ সর্ব্বজ্ঞস্য তে তব অন্যেন বিজ্ঞাপ্যং বা কিম্ অস্তি ন কিমপি অস্তি ইতি ॥১৪

হে প্রভো পদ্মনাভ ! দাবানলপীড়িত হস্তিগণ গঙ্গার জলরাশি প্রাপ্ত হইয়া যেরূপ শান্তিলাভ করে, আমরাও অদ্য চিরবাঞ্ছিত আপনাকে সাক্ষাৎ আবির্ভূত হইতে দেখিয়া সেরূপ শান্তিলাভ করিয়াছি।১৩

হে অন্তরাত্মন্ ! আমরা লোকপালগণ সকলে যে কার্য্যের জন্য আপনাব পদমূলে উপস্থিত হইয়াছি, আপনি তাহা সম্পাদন করুন। আপনি জগতে সকল বিষয়ই প্রত্যক্ষ করিতেছেন বলিয়া আপনার নিকট অপর লোকের জানাইবার কি আছে ?১৪

অহং গিরিত্রশ্চ সুরাদয়ো যে
দক্ষাদয়োঽগ্নেরিব কেতবস্তে ।
কিং বা বিদামেশ পৃথগ্বিভাতা
বিধৎস্ব শং নো দ্বিজদেবমন্ত্রম্ ॥১৫

শ্রীশুক উবাচ ।

হে মহাভাগ! আপনার হোতার ব্যভিচার-দোষেই সঙ্কল্পের এরূপ বৈষম্য ঘটিয়াছে, তথাপি আমি নিজ ব্রহ্মতেজের প্রভাবে আপনাকে সুপুত্রযুক্ত করিব।২০

হে মহারাজ! মহাযশাঃ ভগবান্ বশিষ্ঠদেব এরূপ নিশ্চয়পূর্বক ইলার পুরুষত্ব কামনায় আদিপুরুষ ভগবানের স্তুতি করিয়াছিলেন।২১

ভগবান্ ঈশ্বর শ্রীহরি সন্তুষ্ট হইয়া তাঁহার কামনার অনুরূপ বর দান করিলেন এবং তাহাতে ইলা সুদ্যুম্ন-নামক শ্রেষ্ঠ পুরুষরূপে পরিণত হইয়াছিলেন।২২

হে মহারাজ! কতিপয় অমাত্যে পরিবৃত মহাবীর সুদ্যুম্ন মনোজ্ঞ ধনুঃ, বিচিত্র বাণসমুদয় ও বর্মধারণপূর্বক সিন্ধুদেশীয় অশ্বে আরোহণ করি বনমধ্যে মৃগয়া করিতে করিতে মৃগের অনুসরণক্র উত্তরদিকে গমন করিয়াছিলেন।২৩-২৪

এইরূপে তিনি সুমেরু পর্বতের নিম্নভাগে যেস্থানে ভগবান্ শঙ্কর পার্বতীদেবীর সহিত বিহাররত রহিয়া ছেন, সেই সুরম্য বনমধ্যে প্রবেশ করিলেন।২৫

হে মহারাজ! শত্রুবীরনাশক সুদ্যুম্ন সেই বনে প্রবেশ করা মাত্রই নিজকে স্ত্রীরূপে এবং অশ্বকে বড়বারূপে লক্ষ্য করিলেন। এইরূপ তাঁহার অনুচরগণও সকলেই নিজ নিজ আকৃতির বিপর্য্য দর্শন করিয়া পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে করিতে চিত্তে দুঃখবোধ করিতে লাগিলেন।২৬-২৭

রাজোবাচ।

কথমেবংগুণো দেশঃ কেন বা ভগবন্ কৃতঃ।
প্রশ্নমেনং সমাচক্ষ্ব পরং কৌতূহলং হি নঃ ॥২৮

শ্রীশুক উবাচ।

একদা গিরিশং দ্রষ্টুমৃষয়স্তত্র সুব্রতাঃ।
দিশো বিতিমিরাভাসাঃ কুর্ব্বন্তঃ সমুপাগমন্ ॥২৯
তান্ বিলোক্যাম্বিকা দেবী বিবাসা ব্রীড়িতা ভৃশম্।
ভর্ত্তুরঙ্কাৎ সমুত্থায় নীবীমাশ্বথ পর্য্যধাৎ ॥৩০
ঋষয়োঽপি তয়োর্বীক্ষ্য প্রসঙ্গং রমমাণয়োঃ।
নিবৃত্তাঃ প্রযুক্তস্তস্মাৎ নরনারায়ণাশ্রমম্ ॥৩১
তদিদং ভগবানাহ প্রিয়ায়াঃ প্রিয়কাম্যয়া।
স্থানং যঃ প্রবিশেদেতৎ স বৈ যোষিদ্ভবেদিতি ॥৩২
তত ঊর্দ্ধ্বং বনং তদ্ বৈ পুরুষা বর্জ্জয়ন্তি হি।
সা চানুচরসংযুক্তা বিচচার বনাদ্ বনম্ ॥৩৩
অথ তামাশ্রমাভ্যাসে চরন্তীং প্রমদোত্তমাম্।
স্ত্রীভিঃ পরিবৃতাং বীক্ষ্য চকমে ভগবান্ বুধঃ ॥৩৪

রাজ পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! এবং গুণঃ (এবম্বিধঃ প্রবেশমাত্রেণ স্ত্রীসম্পাদকত্বলক্ষণঃ গুণঃ স্বভাবঃ যস্য তথাবিধঃ) দেশঃ কথং সম্ভবতি? কেন বা তথাবিধঃ কৃতঃ? এনং ময়া কৃতং প্রশ্নং সমাচক্ষ্ব, সমাধৎস্ব। হি যস্মাৎ এতচ্ছ্রবণে নঃ অস্মাকং পরং কৌতূহলম্ উৎসাহঃ বর্ত্ততে ॥২৮

শ্রীশুকঃ উবাচ। একদা স্বদীপ্ত্যা দিশঃ বিতিমিরাভাসঃ (বিগতং তিমিরম্ আভাসঃ অন্যপ্রকাশশ্চ যাসু তথাভূতাঃ) কুর্ব্বন্তঃ সুব্রতাঃ তপস্বিনঃ ঋষয়ঃ গিরিশং দ্রষ্টুং তত্র ইলাবৃতস্থবনে সমুপাগমন্ জগ্মুঃ ॥২৯

তান্ আগতান্ ঋষীন্ বিলোক্য বিবাসা বস্ত্ররহিতা দেবী অম্বিকা ভৃশং ব্রীড়িতা সতী ভর্ত্তুঃ অঙ্কাৎ সমুত্থায় আশু নীবীং বস্ত্রং পর্য্যধাৎ ধৃতবতী ॥৩০

ঋষয়ঃ অপি রমমাণয়োঃ তয়োঃ ভবভবান্যোঃ প্রসঙ্গং রত্যভিনিবেশং বীক্ষ্য তস্মাৎ স্থানাৎ নিবৃত্তাঃ নরনারায়ণাশ্রমং প্রযযুঃ ॥৩১

তৎ তদা, প্রিয়ায়াঃ প্রিয়কাম্যয়া ভগবান্ রুদ্রঃ ইদম্ আহ যথা, যঃ কশ্চিৎ পুমান্ এতৎ স্থানং প্রবিশেৎ, সঃ বৈ নিশ্চয়েন যোষিৎ ভবেৎ ইতি ॥৩২

ততঃ উর্দ্ধ্বং রুদ্রশাপাদনন্তরং তদ্বনং পুরুষাঃ বর্জ্জয়ন্তি ন তত্র প্রবিশন্তি। সা চ সুদ্যুম্নরূপা অনুচরসংযুক্তা স্ত্রী বনাৎ বনং বিচচার ॥৩৩

অথ স্ত্রীভিঃ পরিবৃতাম্ আশ্রমাভ্যাসে স্বকীয়াশ্রমস্য সমীপে চরন্তীং প্রমদোত্তমাং স্ত্রীশ্রেষ্ঠাং তাং বিলোক্য ভগবান্ বুধঃ চকমে ॥৩৪

মহারাজ শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্! ঐ বনপ্রদেশ কিহেতু এরূপ গুণযুক্ত হইল? আর কোন্ ব্যক্তই বা উহাকে এরূপ করিল? আমাদের এ বিষয়ে মহা কৌতূহল জন্মিয়াছে, আপনি আমাদের প্রশ্নের উত্তর দান করুন।২৮

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! একদিন উত্তমব্রতপরায়ণ ঋষিগণ ভগবান্ শ্রীশঙ্করকে দর্শন করিবার জন্য সেই বনে আগমন করিয়াছিলেন। তৎকালে তাঁহাদের দীপ্তিদ্বারা দিঙ্মণ্ডলের অন্ধকার এবং অন্য সকলের দীপ্তি নিরস্ত হইয়াছিল।২৯

অনন্তর তৎকালে বিবস্ত্রা পার্বতীদেবী তাঁহাদিগকে দেখিয়াই অতিশয় লজ্জিতা হইয়া স্বামীর ক্রোড়দেশ হইতে উত্থানপূর্বক সত্বর নীবী (কটিবস্ত্রের বন্ধন) পরিধান করিয়াছিলেন।৩০

এদিকে ঋষিগণও তাঁহাদের উভয়ের বিহারপ্রসঙ্গ লক্ষ্য করিয়াই তথা হইতে প্রতিনিবৃত্ত হইয়া নরনারায়ণাশ্রমে গমন করিলেন।৩১

তখন ভগবান্ শঙ্কর প্রিয়ার প্রীতিকামনায় এরূপ বলিয়াছিলেন যে—অতঃপর যে পুরুষ এখানে প্রবেশ করিবে, সে নিশ্চয়ই স্ত্রী হইবে।৩২

ইহার পর হইতেই পুরুষগণ সেই বন পরিত্যাগ করিয়াছে। এ অবস্থায় স্ত্রীমূর্তিধারী সুদ্যুম্ন স্ত্রীমূর্তিধারী অনুচরগণের সহিত এক বন হইতে ক্রমশঃ অন্য বনে বিচরণ করিতে লাগিলেন।৩৩

একসময়ে ভগবান্ বুধ রমণীগণকর্তৃক পরিবৃতা সেই পরমরমণীয়া রমণীকে নিজ আশ্রমের নিকট

সাপি তং চকমে সুভ্রূঃ সোমরাজসুতং পতিম্ ।
স তস্যাং জনয়ামাস পুরূরবসমাত্মজম্ ॥৩৫

এবং স্ত্রীত্বমনুপ্রাপ্তঃ সুদ্যুম্নো মানবো নৃপঃ ।
সস্মার স কুলাচার্য্যং বশিষ্ঠমিতি শুশ্রুম ॥৩৬

স তস্য তাং দশাং দৃষ্ট্বা কৃপয়া ভৃশপীড়িতঃ ।
সুদ্যুম্নস্যাশয়ন্ পুংস্ত্বমুপাধাবত শঙ্করম্ ॥৩৭

তুষ্টস্তস্মৈ স ভগবানৃষয়ে প্রিয়মাবহন্ ।
স্বাঞ্চ বাচমৃতাং কুর্ব্বন্নিদমাহ বিশাম্পতে ॥৩৮

মাসং পুমান্ স ভবিতা মাসং স্ত্রী তব গোত্রজঃ ।
ইত্থং ব্যবস্থয়া কামং সুদ্যুম্নোঽবতু মেদিনীম্ ॥৩৯

আচার্য্যানুগ্রহাৎ কামং লব্ধ্বা পুংস্ত্বং ব্যবস্থয়া ।
পালয়ামাস জগতীং নাভ্যনন্দন্ স্ম তং প্রজাঃ ॥৪০

সা সুভ্রূঃ অপি সোমরাজসুতং তং বুধং পতিং চকমে । সঃ চ বুধঃ তস্যাং পুরূরবসং তৎসংজ্ঞকম্ আত্মজং জনয়ামাস ॥৩৫

হে নৃপ ! মানবঃ মনুপুত্রঃ সুদ্যুম্নঃ এবং স্ত্রীত্বম্ অনুপ্রাপ্তঃ সন্ স্বকুলাচার্য্যং বশিষ্ঠং সস্মার ইতি বয়ং শুশ্রুম ॥৩৬

তস্য তাং দশাং দৃষ্ট্বা ভৃশপীড়িতঃ সঃ বশিষ্ঠঃ সুদ্যুম্নস্য পুংস্ত্বম্ আশয়ন্ ইচ্ছন্ শঙ্করম্ উপাধাবত আরাধয়ামাস ॥৩৭

হে বিশাম্পতে ! তুষ্টঃ সঃ ভগবান্ শঙ্করঃ তস্মৈ ঋষয়ে প্রিয়ম্ আবহন্ প্রীতিং দদানঃ তথা স্বাং বাচম্ ঋতং সত্য কুর্ব্বন্ ইদম্ আহ ॥৩৮

যথা সঃ তব গোত্রজঃ সুদ্যুম্নঃ মাসং পুমান্ মাসং স্ত্রী ভবি ভবিষ্যতি, ইত্থং ব্যবস্থয়া সঃ মেদিনীং কামম্ অবতু পালয়তু ।৩

এবম্ আচার্য্যস্য বশিষ্ঠস্য অনুগ্রহাৎ কামম্ ইষ্টং পুংস্ত ব্যবস্থয়া লব্ধ্বা সুদ্যুম্নঃ জগতীং পালয়ামাস । তথাপি প্রজাঃ ন অভ্যনন্দন্ স্ম ॥৪০

বিচরণ করিতে দেখিয়া তাহাকে লাভ করিতে ইচ্ছুক হইলেন ।৩৪

আর সুন্দরী সেই রমণীমূর্তিও চন্দ্রের পুত্র সেই বুধকে পতিরূপে কামনা করিলেন। অনন্তর বুধ তাঁহার গর্ভে পুরূরবাকে পুত্ররূপে উৎপাদন করিয়াছিলেন ।৩৫

আমরা শুনিয়াছি—মনুপুত্র রাজা সুদ্যুম্ন এইরূপে স্ত্রীভাব প্রাপ্ত হইয়া পশ্চাৎ কুলগুরু বশিষ্ঠকে স্মরণ করিয়াছিলেন ।৩৬

তখন বশিষ্ঠদেব সুদ্যুম্নের এরূপ অবস্থা লক্ষ্য করিয়া অতিশয় পীড়া বোধ করিলেন এবং কৃপাবশতঃ তাঁহার পুরুষত্ব কামনা করিয়া ভগবান্ শঙ্করের নিকট যাইয়া তাঁহার স্তুতি করিয়াছিলেন ।৩৭

হে মহারাজ ! তৎকালে ভগবান্ শঙ্কর বশিষ্ঠ-দেবের প্রীতিসাধন এবং নিজবাক্যেরও সত্যতা রক্ষা করিয়া এরূপ বলিলেন ।৩৮

হে ঋষিপ্রবর ! তোমার গোত্রজাত এই সুদ্যু একমাস পুরুষ এবং একমাস স্ত্রী হইবে। আর এরূপ ব্যবস্থাক্রমেই সে ইচ্ছানুসারে এই পৃথি পরিপালন করুক ।৩৯

এইরূপে কুলগুরু বশিষ্ঠদেবের অনুগ্রহে তিনি ব্যবস্থানুরূপ পুরুষত্ব লাভ করিয়া ইচ্ছানুসারে পৃথি পালন করিয়াছিলেন, কিন্তু যখন তিনি স্ত্রীভাব প্রা হইতেন তখন লজ্জায় লুক্কায়িত থাকিতেন বলিয় প্রজাগণ তাঁহার অভিনন্দন করিতে পারিত না ।৪০

তস্যোৎকলো গয়ো রাজন্ বিমলশ্চ ত্রয়ঃ সুতাঃ।
দক্ষিণাপথরাজানো বভূবুর্ধর্ম্মবৎসলাঃ ॥৪১
ততঃ পরিণতে কালে প্রতিষ্ঠানপতিঃ প্রভুঃ।
পুরূরবস উৎসৃজ্য গাং পুত্রায় গতো বনম্ ॥৪২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
প্রথমোঽধ্যায়ঃ ॥১

হে রাজন্! তস্য সুদ্যুম্নস্য উৎকলঃ গয়ঃ বিমলঃ চ ইতি ত্রয়ঃ সুতাঃ বভূবুঃ, তে চ দক্ষিণাপথ-রাজানঃ দক্ষিণ-দেশাধিপতয়ঃ ধর্ম্মপতয়ঃ ধর্ম্মবৎসলাঃ বভূবুঃ ॥৪১

ততঃ কালে পরিণতে ব্যতীতে সতি (কালবশাৎ জরায়াং প্রাপ্তায়াং সত্যাং) প্রতিষ্ঠান-পতিঃ (প্রতিতিষ্ঠন্তি অস্মিন্ ইতি প্রতিষ্ঠানং ভূমণ্ডলং তস্য পতিঃ) প্রভুঃ সুদ্যুম্নঃ পুরূরবসে স্বপুত্রায় গাম্ উৎসৃজ্য দত্ত্বা স্বয়ং তপসে বনং গতঃ ॥৪২

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে প্রথমোঽধ্যায়ঃ ॥

হে মহারাজ! সুদ্যুম্নের ধর্মপরায়ণ তিন পুত্র—উৎকল, গয় ও বিমল—ইঁহারা দক্ষিণাপথের রাজা হইয়াছিলেন।৪১

অনন্তর বৃদ্ধবয়সে প্রতিষ্ঠানপুরের অধিপতি রাজা সুদ্যুম্ন পুত্র পুরূরবাকে রাজ্য প্রদান করিয়া বনে গমন করিয়াছিলেন।৪২

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
প্রথম অধ্যায় সমাপ্ত

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ

[পৃষধ্র-কবিপ্রভৃতীনাং বংশবিস্তার-কথনম্।]

শ্রীশুক উবাচ।
এবং গতেঽথ সুদ্যুম্নে মনুর্বৈবস্বতঃ সুতে।
পুত্রকামস্তপস্তেপে যমুনায়াং শতং সমাঃ ॥১

অন্বয়ঃ

এবম্ উক্তপ্রকারেণ সুতে সুদ্যুম্নে বনং গতে সতি বৈবস্বতঃ মনুঃ পুত্রকামঃ সন্ যমুনায়াং শতং সমাঃ বৎসরশতং তপঃ তেপে ॥১

দ্বিতীয় অধ্যায়।

[পৃষধ্র-কবিপ্রভৃতির বংশবিস্তার কথন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! নিজ পুত্র সুদ্যুম্ন এইরূপে বনগমন করিলে বৈবস্বত মনু পুত্রলাভের জন্য যমুনায় শত বৎসর তপস্যা করিয়াছিলেন।১

ততোঽযজন্মনুর্দেবমপত্যার্থং হরিং প্রভুম্।
ইক্ষ্বাকুপূর্ব্বজান্ পুত্রান্ লেভে স্বসদৃশান্ দশ ॥২

অন্বয়ঃ

ততঃ তদা মনুঃ অপত্যার্থং প্রভুং হরিম্ অযজৎ আরাধিতবান্। ততঃ তৎপ্রসাদাৎ স্বসদৃশান্ আত্মতুল্যান্ ইক্ষ্বাকু-পূর্ব্বজান্ দশ পুত্রান্ লেভে ॥২

অনন্তর মনু পুত্রলাভের জন্য প্রভু শ্রীহরির উপাসনা করিয়া নিজের তুল্য ইক্ষ্বাকু প্রভৃতি দশটি পুত্র লাভ করেন।২

পৃষধ্রস্তু মনোঃ পুত্রো গোপালো গুরুণা কৃতঃ।
পালয়ামাস গা যত্তো রাত্র্যাং বীরাসনব্রতঃ ॥৩

একদা প্রাবিশদ্ গোষ্ঠং শার্দ্দূলো নিশি বর্ষতি।
শয়ানা গাব উত্থায় ভীতাস্তা বভ্রমুর্ব্রজে ॥৪

একাং জগ্রাহ বলবান্ সা চুক্রোশ ভয়াতুরা।
তস্যাস্তু ক্রন্দিতং শ্রুত্বা পৃষধ্রোঽনুসসার হ ॥৫

খড়্গমাদায় তরসা প্রলীনোড়ুগণে নিশি।
অজানন্নচ্ছিনদ্ বভ্রোঃ শিরঃ শার্দ্দূলশঙ্কয়া ॥৬

ব্যাঘ্রোঽপি বৃক্নশ্রবণো নিস্ত্রিংশাগ্রাহতস্ততঃ।
নিশ্চক্রাম ভৃশং ভীতো রক্তং পথি সমুৎসৃজন্ ॥৭

মন্যমানো হতং ব্যাঘ্রং পৃষধ্রঃ পররীরহা।
অদ্রাক্ষীৎ স্বহস্তাং বভ্রুং ব্যুষ্টায়াং নিশি দুঃখিতঃ ॥

তত্র মনোঃ পুত্রঃ পৃষধ্রঃ তু গুরুণা পিত্রা বশিষ্ঠেন গোপালঃ কৃতঃ; অতঃ রাত্র্যাং যত্তঃ সাবধানঃ, বীরাসন-ব্রতঃ (বীরাসনং জাগরণং তদেব ব্রতং নিয়মঃ যস্য সঃ) গাঃ (ব্যাঘ্রাদিভ্যঃ) পালয়ামাস ॥৩

একদা নিশি রাত্র্যাং পর্জন্যে বর্ষতি সতি শার্দ্দূলঃ ব্যাঘ্রঃ গোষ্ঠং গবাম্ উপবেশনস্থানং প্রাবিশৎ। তদা তং দৃষ্ট্বা শয়ানাঃ উপবিষ্টাঃ তাঃ গাবঃ ভীতাঃ উত্থায় ব্রজে গোষ্ঠে বভ্রমুঃ ॥৪

তত্র বলবান্ ব্যাঘ্রঃ একাং গাং জগ্রাহ; সা চ ভয়াতুরা সতী চুক্রোশ আক্রন্দিতবতী। তস্যাঃ তৎক্রন্দিতং শব্দং শ্রুত্বা পৃষধ্রঃ অনুসসার তৎসমীপং জগাম ॥৫

তথা খড়্গম্ আদায় বেগেন সমাগত্য প্রলীনোড়ুগ (প্রলীনাঃ উড়ুগণাঃ যস্যাং তাদৃশ্যাং) নিশি শার্দ্দূল-শ অজানন্ বভ্রোঃ কপিলায়াঃ গোঃ শিরঃ অচ্ছিনৎ চিচ্ছেদ ॥৬

নিস্ত্রিংশাগ্রাহতঃ (নিস্ত্রিংশসঃ অগ্রেণ আহতঃ) ব্যাঘ্রঃ অ বৃক্নশ্রবণঃ ছিন্নকর্ণঃ সন্ ভৃশং ভীতঃ পথি মার্গে রক্তং রু সমুৎসৃজন্ ত্যজন্ ততঃ গোষ্ঠাৎ নিশ্চক্রাম নির্গতঃ ॥৭

পরবীরহা শত্রুতাপনঃ পৃষধ্রঃ ব্যাঘ্রং হতং মন্যমানঃ অ নিশি ব্যুষ্টায়াম্ অতীতায়াং স গাং প্রভাতে স্বেন হতাং ব অদ্রাক্ষীৎ, ততশ্চ দুঃখিতঃ বভূব ॥৮

মনুর পুত্র পৃষধ্রকে তাঁহার গুরু গোরক্ষায় নিযুক্ত করিলে তিনি সংযতচিত্তে খড়্গ-হস্ত হইয়া রাত্রিকালে জাগরণপূর্বক গোরক্ষা করিতেন ।৩

একদিন রাত্রিকালে বৃষ্টিপাত হইতেছে এরূপ সময়ে একটি বাঘ আসিয়া গোষ্ঠে প্রবেশ করিলে শয়নরত গোসমূহ ভয়হেতু উঠিয়া গোষ্ঠের মধ্যে ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল ।৪

তৎকালে বলবান্ ব্যাঘ্র একটি গাভীকে ধরিয়া লইলে সেই গাভী ভয়ে কাতর হইয়া চীৎকার করিয়াছিল এবং পৃষধ্র সেই চীৎকার শুনিয়া তাহার অনুসরণ করিয়াছিলেন ।৫

রাত্রিতে সে সময়ে আকাশে তারাগণও মেঘে আচ্ছন্ন থাকায় খড়্গ হস্তে দ্রুতগামী পৃষধ্র না জানিয় ব্যাঘ্র মনে করিয়া একটি কপিলা গাভীর মস্তক ছেদ করিয়াছিলেন ।৬

তৎকালে খড়্গের অগ্রভাগের আঘাতে সে ব্যাঘ্রেরও একটি কর্ণ ছিন্ন হইলে সে অতিশয় ভী এবং তথা হইতে নির্গত হইয়া পথে পথে রক্তপা করিতে করিতে পলায়ন করিল ।৭

শত্রুবীরনাশক পৃষধ্র বাঘ্র নিহত হইয়াছে ম করিলেও রাত্রি প্রভাত হইলে নিজ কর্তৃক নিহতা সে কপিলাকে দেখিতে পাইলেন এবং তজ্জন্য দুঃখি হইয়াছিলেন ।৮

তং শশাপ কুলাচার্য্যঃ কৃতাগসমকামতঃ।
ন ক্ষত্রবন্ধুঃ শূদ্রস্ত্বং কর্ম্মণা ভবিতাঽমুনা ॥৯
এবং শপ্তস্তু গুরুণা প্রত্যগৃহ্ণাৎ কৃতাঞ্জলিঃ।
অধারয়দ্ ব্রতং বীর ঊর্দ্ধরেতা মুনিপ্রিয়ম্ ॥১০
বাসুদেবে ভগবতি সর্ব্বাত্মনি পরেঽমলে।
একান্তিত্বং গতো ভক্ত্যা সর্ব্বভূতসুহৃৎসমঃ ॥১১
বিমুক্তসঙ্গঃ শান্তাত্মা সংযতাক্ষোঽপরিগ্রহঃ।
যদৃচ্ছয়োপপন্নেন কল্পয়ন্ বৃত্তিমাত্মনঃ ॥১২

আত্মন্যাত্মানমাধায় জ্ঞানতৃপ্তঃ সমাহিতঃ।
বিচচার মহীমেতাং জড়ান্ধবধিরাকৃতিঃ ॥১৩
এবংবৃত্তো বনং গত্বা দৃষ্ট্বা দাবাগ্নিমুত্থিতম্।
তেনোপযুক্তকরণো ব্রহ্ম প্রাপ পরং মুনিঃ ॥১৪
কবিঃ কনীয়ান্ বিষয়েষু নিস্পৃহো
বিসৃজ্য রাজ্যং সহ বন্ধুভির্বনম্।
নিবেশ্য চিত্তে পুরুষং স্বরোচিষং
বিবেশ কৈশোরবয়াঃ পরং গতঃ ॥১৫

অকামতঃ অজ্ঞানতঃ কৃতং আগঃ গোবধরূপং পাপং যেন তং পৃষধ্রং কুলাচার্য্যঃ বশিষ্ঠঃ শশাপ, যথা ত্বং ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়াধমঃ অপি ন ভবিতা, কিন্তু অমুনা পাপ-কর্ম্মণা শূদ্রঃ এব ভবিতা ভবিষ্যতি ॥৯

এবং শপ্তঃ পৃষধ্রঃ কৃতাঞ্জলিঃ সন্ তং শাপং প্রত্যগৃহ্ণাৎ; ততশ্চ সঃ বীরঃ ঊর্দ্ধরেতাঃ জিতেন্দ্রিয়ঃ সন্ মুনিপ্রিয়ং ভগবত্তজনাস্তিকং ব্রতম্ অধারয়ৎ ॥১০

সর্ব্বভূতেষু সুহৃৎ দয়াবান্ সমঃ সমদর্শী পৃষধ্রঃ ভক্ত্যা সর্ব্বাত্মনি সর্ব্বোপাদানভূতে অমলে নির্ব্বিকারে পরে পরমেশ্বরে ভগবতি বাসুদেবে সাক্ষিভূতে চিদানন্দময়ে একান্তিত্বং তদেক-শরণং গতঃ প্রাপ্তঃ ॥১১

বিমুক্তসঙ্গঃ আসক্তিশূন্যঃ, শান্তাত্মা (শান্তঃ লোভাদিরহিতঃ আত্মা অন্তঃকরণং যস্য সঃ) সংযতাক্ষঃ (সংযতানি অক্ষাণি ইন্দ্রিয়াণি যেন সঃ), অপরিগ্রহঃ (ন বিদ্যতে পরিগ্রহঃ ভোগ-সম্বন্ধঃ যস্য সঃ), যদৃচ্ছয়া উপপন্নেন প্রারব্ধ-প্রাপ্তেন অন্নাদিনা আত্মনঃ বৃত্তিং কল্পয়ন্ জীবিকাং নির্ব্বাহয়ন্ ॥১২

আত্মনি পরমাত্মনি আত্মানং মনঃ আধায় স্থিরীকৃত্য জ্ঞানেন পরমানন্দ-স্বরূপানুভাবেন তৃপ্তঃ সমাহিতঃ সন্ জড়ান্ধ-বধিরাকৃতিঃ এব এতাং মহীং বিচচার ॥১৩

এবংবৃত্তঃ সঃ কদাচিৎ বনং গত্বা তত্র উত্থিতং দাবাগ্নিং দৃষ্ট্বা তেন উপযুক্তানি নিদগ্ধানি করণানি করচরণাদীনি ইন্দ্রিয়াণি যস্য সঃ তাদৃশঃ মুনিঃ মৌনী পৃষধ্রঃ পরং ব্রহ্ম প্রাপ ॥১৪

কনীয়ান্ কনিষ্ঠঃ কবিঃ কৈশোরবয়াঃ এব বিষয়েষু নিস্পৃহঃ, অতঃ বন্ধুভিঃ সহ রাজ্যং বিসৃজ্য ত্যক্ত্বা স্বরোচিষং স্বপ্রকাশং পুরুষং ভগবন্তং স্বচিত্তে নিবেশ্য ধ্যায়ন্ বনং গতঃ; ততঃ তম্

তিনি অজ্ঞানতঃ অপরাধ করিলেও কুলগুরু তাঁহাকে এরূপ অভিশাপ দান করিলেন—রে পাপিষ্ঠ! এই দুষ্কর্মহেতু তুমি তখন হইতে নিকৃষ্ট ক্ষত্রিয়রূপেও গণ্য না হইয়া শূদ্ররূপেই পরিচিত হইবে।৯

বীর পৃষধ্র গুরুকর্তৃক এরূপ অভিশপ্ত হইয়া যোড়হাতে তাহা স্বীকার করিয়া লইলেন এবং তখন হইতেই ঊর্ধ্বরেতা হইয়া ব্রত অবলম্বন করিয়াছিলেন।১০

অনন্তর তিনি সর্বাত্মা বিশুদ্ধস্বরূপ পরমপুরুষ ভগবান্ বাসুদেবের একনিষ্ঠ ভক্তিযোগ লাভ করিয়া সর্ব প্রাণীর সুহৃদ ও সমভাবাপন্ন হইলেন।১১

এইরূপে তিনি লোকসঙ্গ হইতে বিমুক্ত, শান্তচিত্ত, সংযতেন্দ্রিয়, দানগ্রহণশূন্য, জ্ঞানতৃপ্ত ও একাগ্রমনা হইয়া ভাগ্যক্রমে উপস্থিত দ্রব্যদ্বারাই নিজের জীবন ধারণপূর্বক পরমাত্মায় চিত্ত সমর্পণ করিয়া জড়, অন্ধ ও বধিরের ন্যায় পৃথিবী পর্য্যটন করিতে লাগিলেন।১২-১৩

এরূপ আচরণসম্পন্ন মুনিব্রতাবলম্বী পৃষধ্র একসময় বনে যাইয়া প্রজ্বলিত দাবানল দেখিতে পাইলেন এবং তাহার দ্বারা নিজ দেহ দগ্ধ হইলে পরম ব্রহ্মপদ লাভ করিয়াছিলেন ॥১৪

মনুর কনিষ্ঠপুত্র কবি বিষয়ে নিঃস্পৃহ হইয়া কৈশোরেই আত্মীয় বান্ধব ও রাজত্ব পরিত্যাগপূর্বক

করূষান্মানবাদাসন্ কারূষাঃ ক্ষত্রজাতয়ঃ।
উত্তরাপথগোপ্তারো ব্রহ্মণ্যা ধর্ম্মবৎসলাঃ ॥১৬
ধৃষ্টাদ্ধার্ষ্টমভূৎ ক্ষত্রং ব্রহ্মভূয়ং গতং ক্ষিতৌ।
নৃগস্য বংশঃ সুমতির্ভূতজ্যোতিস্ততো বসুঃ ॥১৭
বসোঃ প্রতীকস্তৎপুত্র ওঘবানোঘবৎপিতা।
কন্যা চোঘবতী নাম সুদর্শন উবাহ তাম্ ॥১৮
চিত্রসেনো নরিষ্যন্তাদৃক্ষস্তস্য সুতোঽভবৎ।
তস্য মীঢ্বাংস্ততঃ পূর্ণ ইন্দ্রসেনস্তু তৎসুতঃ ॥১৯

বীতিহোত্রস্ত্বিন্দ্রসেনাৎ তস্য সত্যশ্রবা অভূৎ।
উরুশ্রবাঃ সুতস্তস্য দেবদত্তস্ততোঽভবৎ ॥২০
ততোঽগ্নিবেশ্যো ভগবানগ্নিঃ স্বয়মভূৎ সুতঃ।
কানীন ইতি বিখ্যাতো জাতুকর্ণো মহানৃষিঃ ॥২১
ততো ব্রহ্মকুলং জাতমাগ্নিবেশ্যায়নং নৃপঃ।
নরিষ্যন্তান্বয়ঃ প্রোক্তো দিষ্টবংশমতঃ শৃণু ॥২২
নাভাগো দিষ্টপুত্রোঽন্যঃ কর্ম্মণা বৈশ্যতাং গতঃ।
ভলন্দনঃ সুতস্তস্য বৎসপ্রীতির্ভলন্দনাৎ ॥২৩

এব পুরুষং বিবেশ ॥১৫

মানবাৎ মনুপুত্রাৎ করূষাৎ উত্তরাপথগোপ্তারঃ উত্তরাদেশাধিপতয়ঃ ব্রহ্মণ্যাঃ ব্রাহ্মণভক্তাঃ ধর্ম্মবৎসলাঃ ক্ষত্রজাতয়ঃ আসন্ ॥১৬

ধৃষ্টাৎ মনুপুত্রাৎ ধার্ষ্টসংজ্ঞং ক্ষত্রম্ অভূৎ, তং চ ক্ষত্রং ক্ষিতৌ ব্রহ্মভূয়ং ব্রাহ্মণত্বং গতং প্রাপ্তম্ অভূৎ। নৃগস্য মনুপুত্রস্য বংশঃ পুত্রঃ সুমতিঃ অভূৎ, ততঃ ভূতজ্যোতিঃ, ততঃ চ বসুঃ অভবৎ ॥১৭

বসোঃ পুত্রঃ প্রতীকঃ, তস্য পুত্রঃ ওঘবান্, ওঘবতী কন্যা চ। তাং কন্যাং সুদর্শনঃ উবাহ। ওঘবতঃ পুত্রঃ ওঘবান্ ॥১৮

মনুপুত্রাৎ নরিষ্যন্তাৎ চিত্রসেনঃ সুতঃ অভবৎ। তস্য মীঢ্বান্, ততঃ মীঢুষঃ তস্য পূর্ণঃ (কূর্চঃ), তস্য সুতঃ ইন্দ্রসেনঃ ॥১৯

ইন্দ্রসেনাৎ বীতিহোত্রঃ, তস্য সত্যশ্রবাঃ পুত্রঃ অভূৎ। তস্য উরুশ্রবাঃ সুতঃ, ততশ্চ দেবদত্তঃ অভবৎ ॥২০

ততঃ ভগবান্ অগ্নিঃ স্বয়ম্ এব অগ্নিবেশ্যাখ্যঃ সুতঃ অভবৎ। সঃ এব মহান্ ঋষিঃ কানীন ইতি জাতুকর্ণঃ ইতি বিখ্যাতঃ ॥২১

ততঃ আগ্নিবেশ্যাৎ অগ্নিবেশ্যায়নাখ্যং ব্রাহ্মণকুলং ব্রাহ্ম গোত্রং জাতম্। নরিষ্যন্তান্বয়ঃ প্রোক্তঃ। অতঃপর দিষ্টবংশং শৃণু ॥২২

দিষ্টস্য মনুপুত্রস্য নাভাগঃ অন্যঃ পুত্রঃ জাতঃ, সঃ চ কর্ম্ম

বনে গমন করেন এবং স্বপ্রকাশ পরম পুরুষকে হৃদয়ে ধারণ করিয়া অর্থাৎ তাঁহার ধ্যানরত হইয়া পরম পদ লাভ করিয়াছিলেন।১৫

মনুর পুত্র করূষ হইতে কারূষ নামে বিখ্যাত ক্ষত্রিয়গণের উৎপত্তি হইয়াছিল, তাঁহারা উত্তরাপথের রক্ষক, ব্রাহ্মণগণের হিতকারী ও ধর্মানুরাগী ছিলেন।১৬

মনুর পুত্র ধৃষ্ট হইতে ধার্ষ্টনামক ক্ষত্রিয়কুলের সৃষ্টি হয়। ধার্ষ্টগণ পরে পৃথিবীতে ব্রাহ্মণত্ব লাভ করেন। মনুর পুত্র নৃগের বংশে নৃগের পুত্র সুমতি, সুমতির পুত্র ভূতজ্যেতিঃ এবং ভূতজ্যোতির পুত্র বসু জন্মগ্রহণ করিয়াছিলেন।১৭

বসুর পুত্রের নাম প্রতীক, প্রতীকের পুত্র ওঘবান্, ওঘবান্ হইতে ওঘবান্‌নামক পুত্র ও ওঘবতী নামে এক কন্যা জন্মগ্রহণ করেন। সুদর্শন সেই কন্যাকে বিবাহ করিয়াছিলেন।১৮

মনুর পুত্র নরিষ্যন্ত হইতে চিত্রসেনের জন্ম হয়। চিত্রসেনের পুত্র ঋক্ষ, ঋক্ষের পুত্র মীঢ্বান্, মীঢ্বানের পুত্র পূর্ণ এবং পূর্ণের পুত্র ইন্দ্রসেন।১৯

ইন্দ্রসেন হইতে বীতিহোত্র, বীতিহোত্র হইতে সত্যশ্রবা, সত্যশ্রবা হইতে উরুশ্রবা এবং উরুশ্রবা হইতে দেবদত্ত, দেবদত্ত হইতে ভগবান্ অগ্নি স্বয়ং অগ্নিবেশ্যনামক পুত্ররূপে উৎপন্ন হন। এই অগ্নিবেশ্যই কানীন এবং মহান্ ঋষি জাতুকর্ণ নামে বিখ্যাত হইয়াছিলেন।২০-২১

হে মহারাজ! এই অগ্নিবেশ্য হইতেই আগ্নি বেশ্যায়ন নামে বিখ্যাত ব্রাহ্মণবংশের সৃষ্টি হইয়াছিল। এইরূপে নরিষ্যন্তের বংশ বর্ণিত হইল। সম্প্রতি দিষ্টের বংশবিবৃতি শ্রবণ করুন।২২

বৎসপ্রীতেঃ সুতঃ প্রাংশুস্তৎসুতং প্রমতিং বিদুঃ।
খনিত্রঃ প্রমতেস্তস্মাচ্চাক্ষুষোঽথ বিবিংশতিঃ ॥২৪
বিবিংশতেঃ সুতো রম্ভঃ খনীনেত্রোঽস্য ধার্ম্মিকঃ।
করন্ধমো মহারাজ তস্যাসীদাত্মজো নৃপ ॥২৫
তস্যাবিক্ষিৎ সুতো যস্য মরুত্তশ্চক্রবর্ত্ত্যভূৎ।
সংবর্ত্তোঽযাজয়দ্ যং বৈ মহাযোগ্যঙ্গিরঃসুতঃ ॥২৬
মরুত্তস্য যথা যজ্ঞো ন তথান্যোঽস্তি কশ্চন।
সর্ব্বং হিরণ্ময়ং ত্বাসীদ্ যৎকিঞ্চাস্ত্যস্য শোভনম্ ॥২৭

অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ।
মরুতঃ পরিবেষ্টারো বিশ্বদেবাঃ সভাসদঃ ॥২৮
মরুত্তস্য দমঃ পুত্রস্তস্যাসীদ্ রাজবর্দ্ধনঃ।
সুধৃতিস্তৎসুতো জজ্ঞে সৌধৃতেয়ো নরঃ সুতঃ ॥২৯
তৎসুতঃ কেবলস্তস্মাৎ ধুন্ধুমান্ বেগবাংস্ততঃ।
বুধস্তস্যাভবদ্ যস্য তৃণবিন্দুর্মহীপতিঃ ॥৩০
তং ভেজেঽলম্বুষা দেবী ভজনীয়গুণালয়ম্।
বরাপ্সরা যতঃ পুত্রাঃ কন্যা চেলবিলাভবৎ ॥৩১

বৈশ্যতাং গতঃ। তস্য সুতঃ ভলন্দনঃ। ভলনন্দনাৎ বৎসপ্রীতিঃ সুতঃ জাতঃ ॥২৩

তস্মাৎ প্রাংশুঃ, তস্মাৎ প্রমতিঃ, তস্মাৎ খনিত্রঃ। তস্মাৎ চাক্ষুষঃ; তস্মাৎ বিবিংশতিঃ ।২৪

হে নৃপ! ততঃ রম্ভঃ, তস্য খনীনেত্রঃ, তস্য করংধমঃ পুত্রঃ আসীৎ ॥২৫

তস্য অবিক্ষিৎ, তস্য পুত্র মরুত্তঃ চক্রবর্ত্তী অভূৎ। অঙ্গিরসঃ সুতঃ মহাযোগী সংবর্ত্তঃ যং মরুত্তম্ অযাজয়ৎ ॥২৬

মরুত্তস্য যথা যাদৃশঃ যজ্ঞঃ অভূৎ, তাদৃশঃ কশ্চনাপি ন অভূৎ। অস্য যৎকিঞ্চিৎ যজ্ঞোপকরণ-পাত্রাদিকং তৎ সর্ব্বং তু শোভনং হিরণ্ময়ম্ এব আসীৎ ॥২৭

তথা যদ্ যজ্ঞে ইন্দ্রঃ সোমেন রসেন অমাদ্যৎ অহৃষ্যৎ; তথা দ্বিজাতয়ঃ ব্রাহ্মণাঃ দক্ষিণাভিঃ অমাদ্যন্, তত্র মরুতঃ পরিবেষ্টারঃ বিশ্বদেবাঃ সভাসদঃ আসন্ ॥২৮

মরুত্তস্য পুত্রঃ দমঃ, তস্য রাজবর্দ্ধনঃ, তস্য সুধৃতিঃ, তস্য সুধৃতেঃ নরঃ পুত্রঃ জজ্ঞে ॥২৯

তস্য সুতঃ কেবলঃ, তস্মাৎ ধুন্ধুমান্, তস্য বেগবান্, তস্য বুধঃ, তস্য তৃণবিন্দুঃ মহীপতিঃ অভবৎ ॥৩০

ভজনীয়াঃ গুণাঃ তেষাম্ আলয়ং স্থানং তং তৃণবিন্দুম্ অপ্সরা শ্রেষ্ঠা দেবী অলম্বুষা ভেজে, যতঃ যস্যাং তস্য পুত্রাঃ অভবন্, তথা ইলাবিলা নাম্নী কন্যা চ অভবৎ ॥৩১

দিষ্টের পুত্রের নাম নাভাগ, পরে যে নাভাগের কথা বলা হইবে, ইনি তাহা হইতে ভিন্ন। ইনি কর্মদ্বারা বৈশ্যত্ব প্রাপ্ত হন। ইহার পুত্র ভলন্দন এবং ভলন্দনের পুত্র বৎসপ্রীতি ।২৩

বৎসপ্রীতির পুত্র প্রাংশু, প্রাংশুর পুত্র প্রমতি, প্রমতির পুত্র খনিত্র, খনিত্রের পুত্র চাক্ষুষ এবং চাক্ষুষের বিবিংশতি ।২৪

হে মহারাজ! বিবিংশতির পুত্র রম্ভ, রম্ভের পুত্র ধর্মাত্মা খনীনেত্র এবং খনীনেত্রের পুত্র রাজা করন্ধম ।২৫

করন্ধমের পুত্রের নাম অবিক্ষিৎ, অবিক্ষিতের পুত্র মরুত্ত সার্বভৌম নরপতি ছিলেন। মহাযোগী অঙ্গিরার পুত্র সংবর্ত এই মরুত্তকে যজ্ঞ করাইয়াছিলেন ।২৬

মরুত্তের যজ্ঞের তুল্য যজ্ঞ আর হয় নাই। ঐ যজ্ঞে ব্যবহার্য্য পাত্রাদি সকলই সুবর্ণময় ও অতি মনোরম হইয়াছিল ।২৭

মরুত্তের যজ্ঞে দেবরাজ ইন্দ্র প্রচুর সোমপান এবং যাজ্ঞিক ব্রাহ্মণ প্রচুর দক্ষিণালাভ করিয়া অতিশয় হৃষ্ট হইয়াছিলেন। মরুদ্‌গণ সেখানে পরিবেশক এবং বিশ্বদেবগণ সভাসদ্ ছিলেন ।২৮

মরুত্তের পুত্র দম, তাঁহার পুত্র রাজবর্ধন, তাঁহার পুত্র সুধৃতি এবং সুধৃতির পুত্র নর ।২৯

নরের পুত্র কেবল, কেবলের পুত্র ধুন্ধুমান্, ধুন্ধুমানের পুত্র বেগবান্, বেগবানের পুত্র বুধ এবং বুধের পুত্র মহারাজ তৃণবিন্দু ।৩০

তৃণবিন্দু নানা সদ্‌গুণের আধার ছিলেন বলিয়া শ্রেষ্ঠা অপ্সরা অলম্বুষাদেবী তাঁহার ভজনা করিলে তাঁহার গর্ভে কয়েকটি পুত্র ও ইলবিলানাম্নী এক কন্যার জন্ম হয় ।৩১

যস্যামুৎপাদয়ামাস বিশ্রবা ধনদং সুতম্ ।
প্রাদায় বিদ্যাং পরমামৃষির্যোগেশ্বরঃ পিতুঃ ॥৩২

বিশালঃ শূন্যবন্ধুশ্চ ধূম্রকেতুশ্চ তৎসুতাঃ ।
বিশালো বংশকৃদ্ রাজা বৈশালীং নির্ম্মমে পুরীম্ ॥৩৩

হেমচন্দ্রঃ সুতস্তস্য ধূম্রাক্ষস্তস্য চাত্মজঃ ।
তৎপুত্রাৎ সংযমাদাসীৎ কৃশাশ্বঃ সহদেজবঃ ॥৩৪

যস্যাম্ ইলাবিলায়াং বিশ্রবাঃ পুলস্ত্যপুত্রঃ ধনদং কুবেরং সুতম্ উৎপাদয়ামাস। সঃ কুবেরঃ ঋষিঃ যোগেশ্বরাৎ পরমাং বিদ্যাম্ অন্তর্ধান-লক্ষণাং বিদ্যাং প্রাদায় অবাপ ॥৩২

বিশালঃ শূন্যবন্ধুঃ ধূম্রকেতুঃ চ ইতি ত্রয়ঃ পুত্রাঃ অলম্বুষায়াঃ জাতাঃ। তত্র বিশালঃ বংশকৃৎ বংশবর্দ্ধনঃ রাজা বৈশালীং পুরীং নির্ম্মমে ॥৩৩

তস্য বিশালস্য পুত্রঃ হেমচন্দ্রঃ, তস্য চাত্মজঃ ধূম্রাক্ষঃ, তস্য সুতঃ সংযমঃ, ততঃ সহদেবঃ, ততঃ কৃশাশ্বঃ আসীৎ ॥৩৪

যোগেশ্বর বিশ্রবাঋষি পিতার নিকট হইতে পরম বিদ্যা লাভ করিয়া এই ইলবিলার গর্ভে কুবেরকে পুত্র রূপে উৎপাদন করিয়াছিলেন ।৩২

তৃণবিন্দুর পুত্রগণের নাম বিশাল, শূন্যবন্ধু ও ধূম্রকেতু। ইহাদের মধ্যে রাজা বিশালই বংশরক্ষক ছিলেন এবং এই বিশালই বৈশালী পুরীর নির্মাণকারী ।৩৩

বিশালের পুত্র হেমচন্দ্র, হেমচন্দ্রের পুত্র ধূম্রাক্ষ এবং ধূম্রাক্ষের পুত্র সংযম হইতে কৃশাশ্ব ও দেবজ-নামক দুই পুত্র জন্মগ্রহণ করেন ।৩৪

কৃশাশ্বাৎ সোমদত্তোঽভূদ্ যোঽশ্বমেধৈরিড়স্পতিম্।
ইষ্ট্বা পুরুষমাপাগ্র্যাং গতিং যোগেশ্বরাশ্রিতাম্ ॥৩৫

সৌমদত্তিস্তু সুমতিস্তৎপুত্রো জনমেজয়ঃ।
এতে বৈশালভূপালাস্তৃণবিন্দোর্যশোধরাঃ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২

কৃশাশ্বাৎ সোমদত্তঃ অভূৎ, যঃ অশ্বমেধৈঃ ইড়স্পতিং যজ্ঞেশ্বরং পুরুষম্ ইষ্ট্বা যোগেশ্বরাশ্রিতাম্ অগ্র্যাম্ উত্তমাং গতিম্ আপ ॥৩৫

সোমদত্তস্য পুত্রঃ সুমতিঃ, তস্য পুত্রঃ জনমেজয়ঃ। এতে বিশালস্য অন্বয়ে জাতাঃ ভূপালাঃ তৃণোবিন্দোঃ যশোধরাঃ ॥৩৬

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি-কৃতায়া দ্বিতীয়োঽধ্যায়ঃ।

কৃশাশ্বের পুত্রের নাম সোমদত্ত, ইনি অনেক অশ্বমেধ যজ্ঞদ্বারা যজ্ঞপতি পরমপুরুষ শ্রীহরির আরাধনা করিয়া যোগীন্দ্রগণের প্রাপ্য উত্তম গতি লাভ করিয়াছিলেন ।৩৫

হে মহারাজ! সোমদত্তের পুত্র সুমতি এবং সুমতির পুত্র জনমেজয়। বিশালের বংশে উৎপন্ন এই সকল রাজা মহারাজ তৃণবিন্দুর যশঃ ধারণ করিয়াছিলেন অর্থাৎ তাঁহার ন্যায় যশস্বী হইয়াছিলেন ।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

[সুকন্যায়া রেবতকনায়াশ্চ চরিতবর্ণনম্ ।]

শ্রীশুক উবাচ ।

শর্য্যাতির্মানবো রাজা ব্রহ্মিষ্ঠঃ সম্বভূব হ ।
যো বা আঙ্গিরসাং সত্রে দ্বিতীয়মহরূচিবান্ ॥১
সুকন্যা নাম তস্যাসীৎ কন্যা কমললোচনা ।
তয়া সার্দ্ধং বনগতো হ্যগমচ্চ্যবনাশ্রমম্ ॥২
সা সখীভিঃ পরিবৃতা বিচিন্বন্ত্যঙ্ঘ্রিপান্ বনে ।
বল্মীকরন্ধ্রে দদৃশে খদ্যোতে ইব জ্যোতিষা ॥৩
তে দৈবচোদিতা বালা জ্যোতিষী কণ্টকেন বৈ ।
অবিধ্যন্মুগ্ধভাবেন সুস্রাবাসৃক্ ততো বহিঃ ॥৪
শকৃন্মূত্রনিরোধোঽভূৎ সৈনিকানাঞ্চ তৎক্ষণাৎ ।
রাজর্ষিস্তমুপালক্ষ্য পুরুষান্ বিস্মিতোঽব্রবীৎ ॥৫
অপ্যভদ্রং ন যুষ্মাভির্ভার্গবস্য বিচেষ্টিতম্ ।
ব্যক্তং কেনাপি নস্তস্য কৃতমাশ্রমদূষণম্ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ । মানবঃ মনুপুত্রঃ শর্য্যাতিঃ রাজা ব্রহ্মিষ্ঠঃ বেদার্থতত্ত্বজ্ঞঃ সম্বভূব । যঃ অঙ্গিরসাং সত্রে দ্বিতীয়াঃ অহঃ দ্বিতীয়েঽহ্নি ক্রিয়মাণং কর্ম্ম উচিবান্ উবাচ ॥১

তস্য শর্য্যাতেঃ কমললোচনা সুকন্যা নাম কন্যা আসীৎ ; তয়া সার্দ্ধং সহ অসৌ শর্য্যাতিঃ বনগতঃ সন্ চ্যবনস্য ঋষেঃ আশ্রমম্ অগমৎ ॥২

সখীভিঃ পরিবৃতা বনে অঙ্ঘ্রিপান্ দ্রুমান্ বিচিন্বন্তী বিপশ্যন্তী সা কন্যা বল্মীক-রন্ধ্রে খদ্যোতে ইব জ্যোতিষী দদৃশে দদর্শ ॥৩

তদা দৈবেন প্রারব্ধেন চোদিতা প্রেরিতা সতী মুগ্ধভাবেন মৌঢ্যেন চ সা কন্যা কণ্টকেন তে জ্যোতিষী অবিধ্যৎ । ততঃ চ বল্মীক-রন্ধ্রাৎ বহু অসৃক্ রুধিরং সুস্রাব ॥৪

তৎক্ষণাৎ তস্মিন্ ক্ষণে এব সৈনিকানাং শকৃন্মূত্রয়োঃ নিরোধঃ অভূৎ । তং মলমূত্রনিরোধম্ আলক্ষ্য জ্ঞাত্বা বিস্মিতঃ রাজর্ষিঃ শর্য্যাতিঃ স্বপুরুষান্ অব্রবীৎ ॥৫

অপি কিং যুষ্মাভিঃ ভার্গবস্য চ্যবনস্য অভদ্রম অনিষ্টং বিচেষ্টিতং কৃতম্ ? নঃ অস্মাকং কেনাপি প্রাণিনা তস্য আশ্রমস্য কিঞ্চিৎ দূষণং কৃতম্ ইতি তু ব্যক্তং নিশ্চিতম্ এব, অন্যথা এবম্ উপদ্রবো ন স্যাৎ ॥৬

তৃতীয় অধ্যায় ।

[সুকন্যা ও রেবতকন্যার চরিতবর্ণনম্ ।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ ! মনুর পুত্র রাজা শর্যাতি বেদার্থতত্ত্বজ্ঞ ছিলেন এবং ইনি অঙ্গিরাগণের যজ্ঞে দ্বিতীয় দিবসের করণীয় কর্মসমূহের উপদেশ দান করিয়াছিলেন ।১

শর্যাতির সুকন্যা নামে এক কমললোচনা কন্যা ছিল। একদিন রাজা শর্যাতি কন্যার সহিত বনে যাইয়া মহর্ষি চ্যবনের আশ্রমে প্রবেশ করিলেন ।২

রাজনন্দিনী সুকন্যা সখীগণকর্তৃক পরিবেষ্টিতা হইয়া বনমধ্যে বৃক্ষরাজি হইতে পুষ্পাদি চয়ন করিতে করিতে একস্থানে বল্মীকের (উই পোকার বাসস্তূপের) ছিদ্রমধ্যে খদ্যোতের ন্যায় দুইটি জ্যোতিঃ দেখিতে পাইলেন ।৩

অনন্তর সেই কন্যা দৈবেরই প্রেরণায় অজ্ঞতাবশতঃ কণ্টকদ্বারা সেই জ্যোতিঃ দুইটি বিদ্ধ করিলে তাহা হইতে বাহিরে রক্ত নিঃসরণ হইতে লাগিল ।৪

তৎক্ষণাৎ রাজার সৈন্যগণের মল মূত্র নির্গমনের বাধা উপস্থিত হইলে রাজর্ষি শর্যাতি তদ্দর্শনে বিস্মিত হইয়া নিজ অনুচরগণকে বলিলেন ।৫

তোমরা ভৃগুনন্দন মহর্ষি চ্যবনের সম্বন্ধে কোন অপরাধ কর নাই ত ? আমার মনে হয় আমাদের

সুকন্যা প্রাহ পিতরং ভীতা কিঞ্চিৎ কৃতং ময়া।
দ্বে জ্যোতিষী অজানন্ত্যা নির্ভিন্নে কণ্টকেন বৈ ॥৭

দুহিতুস্তদ্বচঃ শ্রুত্বা শর্য্যাতির্জাতসাধ্বসঃ।
মুনিং প্রসাদয়ামাস বল্মীকান্তর্হিতং শনৈঃ ॥৮

তদভিপ্রায়মাজ্ঞায় প্রাদাদ্ দুহিতরং মুনেঃ।
কৃচ্ছ্রান্মুক্তস্তমামন্ত্র্য পুরং প্রায়াৎ সমাহিতঃ ॥৯

সুকন্যা চ্যবনং প্রাপ্য পতিং পরমকোপনম্।
প্রীণয়ামাস চিত্তজ্ঞা অপ্রমত্তানুবৃত্তিভিঃ ॥১০

কস্যচিত্ত্বথ কালস্য নাসত্যাবাশ্রমাগতৌ।
তৌ পূজয়িত্বা প্রোবাচ বয়ো মে দত্তমীশ্বরৌ ॥১১

গ্রহং গৃহীষ্যে সোমস্য যজ্ঞে বামপ্যসোমপোঃ।
ক্রিয়তাং মে বয়ো রূপং প্রমদানাং যদীপ্সিতম্ ॥১২

তদা ভীতা সতী সুকন্যা ময়া কিঞ্চিৎ অভদ্রং কৃতম্ ইতি পিতরং প্রাহ ; যতঃ অজানন্ত্যা ময়া দ্বে জ্যোতিষী বৈ কণ্টকেন ভিন্নে ॥৭

এবং দুহিতুঃ তৎ বচঃ শ্রুত্বা জাতসাধ্বসঃ (জাতং সাধ্বসং ভয়ং যস্য সঃ) শর্য্যাতিঃ বল্মীকান্তর্হিতং মুনিং চ্যবনং শনৈঃ প্রসাদয়ামাস ॥৮

ততঃ তস্য মুনেঃ অভিপ্রায়ম্ (বিবাহসংকল্পম্) আজ্ঞায় মুনেঃ মুনয়ে তস্মৈ দুহিতরং প্রাদাৎ ; তদা কৃচ্ছ্রাৎ ক্লেশাৎ চ মুক্তঃ রাজা সমাহিতঃ সাবধানঃ সন্ তং মুনিম্ আমন্ত্র্য পৃষ্ট্বা স্বপুরং প্রায়াৎ ॥৯

পরমকোপনং চ্যবনং পতিং প্রাপ্য অপ্রমত্তা সাবধানা চিত্তজ্ঞা চিত্তানুকারিণী সুকন্যা অনুবৃত্তিভিঃ সেবাপ্রকারৈঃ প্রীণয়ামাস সন্তুষ্টম্ অকরোৎ ॥১০

অথ কস্যচিৎ তু কালস্য কস্মিন্‌চিৎ কালে স্বস্য আশ্রমং প্রতি আগতৌ নাসত্যৌ অশ্বিনৌ পূজয়িত্বা তৌ চ্যবনঃ প্রাহ ; যথা হে ঈশ্বরৌ ! বাং যুবাং মে (জরয়া গ্রস্তায় মহ্যং) বয়ঃ তারুণ্যং দত্ত প্রযচ্ছত ॥১১

যজ্ঞে অসোমপোঃ সোমপান-রহিতয়োঃ বাং যুবয়োঃ সোমস্য গ্রহং গ্রহীষ্যে সোমপূর্ণপাত্রং দাস্যামি (যুবাং সোমেন বক্ষ্যামি), অতঃ প্রমদানাং যৎ ঈপ্সিতং মনোহরং তাদৃশং মে মম বয়ঃ তারুণ্যরূপং সৌন্দর্য্যং চ যুবাভ্যাং ক্রিয়তাং সংপাদ্যতাম্ ॥১২

মধ্যেই কেহ তাঁহার আশ্রম দূষিত করিয়াছে।৬

তখন সুকন্যা ভীতা হইয়া পিতাকে বলিল—হে পিতঃ! আমি একটি কার্য্য করিয়াছি। আমি তত্ত্ব না জানিয়া দুইটি জ্যোতিঃকে কণ্টকবিদ্ধ করিয়াছি।৭

কন্যার বাক্য শ্রবণে রাজা শর্যাতির ভয়ের সঞ্চার হইল এবং তিনি বল্মীকের মধ্যে প্রচ্ছন্নরূপে অবস্থিত চ্যবনমুনিকে ক্রমশঃ ধীরে ধীরে প্রসন্ন করিয়াছিলেন।৮

তৎকালে রাজা কথাপ্রসঙ্গে মুনির অভিপ্রায় অবগত হইয়া তাঁহারই হস্তে কন্যা সমর্পণ করিলেন এবং বিপদ্ হইতে মুক্ত হইয়া মুনিকে সম্ভাষণপূর্বক তাঁহার অনুমতিক্রমে সুস্থচিত্তে নিজপুরে প্রত্যাগমন করিয়াছিলেন।৯

সুকন্যা অতিক্রোধশীল চ্যবনকে পতিরূপে লাভ করিয়া, তাঁহার চিত্তের অভিপ্রায় জানিয়া অতি সাবধানে সর্বদা আনুগত্যদ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিয়াছিলেন।১০

কোন এক সময়ে অশ্বিনীকুমারদ্বয় চ্যবনমুনির আশ্রমে উপস্থিত হইলে মুনি তাঁহাদের যথোচিত পূজা করিয়া বলিলেন—হে প্রভুদ্বয়! আপনারা আমাকে যৌবন দান করুন।১১

যজ্ঞে আপনাদের সোমপানের ব্যবস্থা না থাকিলেও আমি যজ্ঞে আপনাদিগকে সোমপূর্ণ পাত্র দান করিব। আপনারা আমার রমণীজনবাঞ্ছিত রূপ যৌবন সঞ্চার করুন।১২

বাঢ়মিত্যূচতুর্বিপ্রমভিনন্দ্য ভিষকৃতমৌ।
নিমজ্জতাং ভবানস্মিন্ হ্রদে সিদ্ধবিনির্ম্মিতে ॥১৩

ইত্যুক্তো জরয়া গ্রস্ত-দেহো ধমনিসন্ততঃ।
হ্রদং প্রবেশিতোঽশ্বিভ্যাং বলীপলিতবিগ্রহঃ ॥১৪

পুরুষাস্ত্রয় উত্তস্থুরপীব্যা বনিতাপ্রিয়াঃ।
পদ্মস্রজঃ কুণ্ডলিনস্তুল্যরূপাঃ সুবাসসঃ ॥১৫

ভিষকৃতমৌ দেববৈদ্যৌ অশ্বিনৌ তদ্বচনং বাঢ়ম্ ইতি অভিনন্দ্য অঙ্গীকৃত্য অস্মিন্ সিদ্ধৈঃ বিনির্ম্মিতে হ্রদে ভবান্ নিমজ্জতাম্ ইতি বিপ্রং চ্যবনং প্রতি উচতুঃ ॥১৩

ইতি এবম্ উক্তে জরয়া গ্রস্তদেহঃ, অতএব ধমনিভিঃ নাড়ীভিঃ সন্ততঃ ব্যাপ্তঃ, তথা বলীভিঃ পলিতেন চ উপলক্ষ্যমাণঃ বিগ্রহঃ দেহঃ যস্য সঃ চ্যবনঃ অশ্বিভ্যাং হ্রদে প্রবেশিতঃ ॥১৪

ততঃ চ হ্রদাৎ অপীব্যাঃ অতিকমনীয়াঃ, অতঃ বনিতানাং স্ত্রীণাং প্রিয়াঃ তুল্যরূপাঃ পদ্মস্রজঃ কুণ্ডলিনঃ সুবাসসঃ ত্রয়ঃ পুরুষাঃ উত্তস্থুঃ বিনির্গতাঃ ॥১৫

তখন স্বর্গরাজ্যের সেই সুনিপুণ চিকিৎসকদ্বয় মুনিকে অভিনন্দনপূর্ব্বক বলিলেন—'তাহাই হইবে। আপনি সিদ্ধনির্মিত এই হ্রদে অবগাহন করুন'।১৩

এইরূপ বলিয়া অশ্বিনীকুমারদ্বয় জরাক্রান্তদেহ, শিরাজালে পরিব্যাপ্ত, লোলচর্ম ও পক্ককেশ মুনিকে সেই হ্রদে প্রবেশ করাইয়াছিলেন (অর্থাৎ মুনিকে লইয়া তাঁহারাও সেই হ্রদে প্রবেশ করিয়াছিলেন)।১৪

অনন্তর সেই হ্রদ হইতে রমণীগণের প্রিয়, সুপুষ্টদেহ, পদ্মমালাবিভূষিত, কুণ্ডলশোভিত, মনোরম-বস্ত্রধারী, তুল্যরূপসম্পন্ন তিনটি পুরুষ উঠিয়া আসিলেন।১৫

তান্ নিরীক্ষ্য বরারোহা সরূপান্ সূর্য্যবর্চ্চসঃ।
অজানতী পতিং সাধ্বী অশ্বিনৌ শরণং যযৌ ॥১৬

দর্শয়িত্বা পতিং তস্যৈ পাতিব্রত্যেন তোষিতৌ।
ঋষিমামন্ত্র্য যযতুর্বিমানেন ত্রিবিষ্টপম্ ॥১৭

যক্ষ্যমাণোঽথ শর্য্যাতিশ্চ্যবনস্যাশ্রমং গতঃ।
দদর্শ দুহিতুঃ পার্শ্বে পুরুষং সূর্য্যবর্চ্চসম্ ॥১৮

সূর্য্যস্য ইব বর্চঃ যেষাং তান্ সমানরূপান্ তান্ পুরুষান্ নিরীক্ষ্য তেষাং মধ্যে স্বপতিম্ অজানতী সাধ্বী বরারোহা সুকন্যা (স্বপতিং প্রদর্শয়িতুম্) অশ্বিনৌ শরণং যযৌ ॥১৬

পাতিব্রত্যেন তোষিতৌ অশ্বিনৌ তস্যৈ সুকন্যায়ৈ পতিং দর্শয়িত্বা ঋষিং চ্যবনম্ আমন্ত্র্য পৃষ্ট্বা চ ত্রিপিষ্টপং স্বর্গং বিমানেন যযতুঃ ॥১৭

অথ কদাচিৎ যক্ষ্যমাণঃ যাগং করিষ্যমাণঃ শর্য্যাতিঃ চ্যবনস্য আশ্রমং গতঃ; তত্র চ দুহিতুঃ পার্শ্বে সূর্য্যবর্চ্চসম্ অগ্নিদৃশং পুরুষং দদর্শ ॥১৮

পতিব্রতা সুন্দরী সুকন্যা সূর্য্যের ন্যায় দীপ্তিশালী ও সমানরূপবিশিষ্ট সেই তিনটি পুরুষকে দর্শন করিয়া নিজ পতিকে চিনিতে না পারিয়া অশ্বিনীকুমারদ্বয়ের শরণাপন্ন হইলেন।১৬

তখন অশ্বিনীকুমারদ্বয় তাঁহার পাতিব্রত্যে সন্তুষ্ট হইয়া তাঁহাকে নিজ পতি দেখাইয়া দিলেন এবং পরে ঋষির অনুমতি লইয়া বিমানযোগে স্বর্গলোকে প্রস্থান করিলেন।১৭

অনন্তর এক সময়ে শর্যাতি যজ্ঞ করিবেন স্থির করিয়া চ্যবনমুনির আশ্রমে যাইয়া কন্যার পার্শ্বে সূর্য্যের ন্যায় তেজস্বী এক পুরুষকে দেখিতে পাইলেন।১৮

রাজা দুহিতরং প্রাহ কৃতপাদাভিবন্দনাম্ ।
আশিষশ্চাপ্রযুঞ্জানো নাতিপ্রীতমনা ইব ॥১৯
চিকীর্ষিতং তে কিমিদং পতিস্ত্বয়া
প্রলম্ভিতো লোকনমস্কৃতো মুনিঃ ।
যৎ ত্বং জরাগ্রস্তমসত্যসম্মতং
বিহায় জারং ভজসেঽমুমধ্বগম্ ॥২০
কথং মতিস্তেঽবগতান্যথা সতাং
কুলপ্রসূতে কুলদূষণন্ত্বিদম্ ।
বিভর্ষি জারং যদপত্রপা কুলং
পিতুশ্চ ভর্ত্তুশ্চ নয়স্যধস্তমঃ ॥২১
এবং ব্রুবাণং পিতরং স্ময়মানা শুচিস্মিতা ।
উবাচ তাত জামাতা তবৈষ ভৃগুনন্দনঃ ॥২২
শশংস পিত্রে তৎ সর্ব্বং বয়োরূপাভিলম্ভনম্ ।
বিস্মিতঃ পরমপ্রীতস্তনয়াং পরিষস্বজে ॥২৩
সোমেন যাজয়ন্ বীরং গ্রহং সোমস্য চাগ্রহীৎ ।
অসোমপোরপ্যশ্বিনোশ্চ্যবনঃ স্বেন তেজসা ॥২৪

ততঃ কৃতপাদাভিবন্দনাম্ অপি দুহিতরম্ আশিষম্ অপ্রযুঞ্জমানঃ রাজা ন অতিপ্রীতমনাঃ ইব প্রাহ ॥১৯

হে অসতি! তে ত্বয়া ইদং কিম্ অকার্য্যং কৃতম্? লোক-নমস্কৃতঃ সর্ব্বপূজ্যঃ মুনিঃ মননশীলঃ স্বপতিঃ প্রলম্ভিতঃ বঞ্চিতঃ; যৎ যস্মাৎ ত্বং জরাগ্রস্তম্ অতঃ অসম্মতম্ অনভীষ্টং মত্বা চ্যবনং বিহায় অমুম্ অধ্বগং পান্থং জারং ভজসে অনুবর্ত্তসে॥২০

হে সতাং কুলপ্রসূতে! তে তব মতিঃ অন্যথা তদ্বিপর্য্যয়েণ কথম্ অবগতা অবসন্না! যৎ যস্মাৎ অপত্রপা নির্লজ্জা সতী জারং বিভর্ষি। তৎ ইদং কুলদূষণম্, যতঃ তেন কর্ম্মণা পিতুঃ ভর্ত্তুঃ চ কুলম্ অধস্তমঃ নয়সি ॥২১

এবং ব্রুবাণং পিতরং স্ময়মানা শুচিস্মিতা সুকন্যা উবাচ যথা—হে তাত! এষঃ মৎপার্শ্ববর্ত্তী তব জামাতা ভৃগুনন্দনঃ চ্যবনঃ এব ॥২২

তথা পত্যুঃ বয়োরূপাভিলম্ভনং তত্তৎপ্রাপ্তিকারণং তৎ সর্ব্বং পিত্রে শশংস কথয়ামাস। তদা পরমপ্রীতঃ বিস্মিতঃ রাজা তনয়াং পরিষস্বজে আলিঙ্গিতবান্ ॥২৩

ততঃ চ্যবনঃ বীরং শর্য্যাতিং সোমেন অযাজয়ৎ সোমযাগং কারিতবান্। তস্মিন্ চ যাগে স্বেন তেজসা স্ব-তপোবলেন চ্যবনঃ অসোমপোঃ সোমপান-রহিতয়োঃ অপি অশ্বিনোঃ সোমস্য গ্রহম্ অগ্রহীৎ দত্তবান্ ॥২৪

কন্যা পিতার পদবন্দনা করিলে রাজা শর্যাতি কোনরূপ আশীর্বাদ না করিয়া কিঞ্চিৎ অসন্তুষ্টচিত্তের ন্যায় তাঁহাকে এরূপ বলিয়াছিলেন ।১৯

হে অসতি! তোমার ইহা কিরূপ অভিপ্রায়? তুমি সর্বলোকপূজিত নিজ পতি চ্যবনমুনিকে বঞ্চনা করিতেছ, যেহেতু তুমি জরাগ্রস্ত ও নিজ অপ্রিয় স্বামীকে ত্যাগ করিয়া এই পথিক উপপতিকে আশ্রয় করিয়াছ ।২০

তুমি সদ্‌বংশে জন্ম গ্রহণ করিয়াছ, অথচ তোমার বুদ্ধি কিরূপে বিপরীতভাবে এরূপ জঘন্য কার্যে প্রবৃত্ত হইল? তুমি এই যে উপপতি স্বীকার করিয়াছ, ইহাতে পিতৃকুল এবং স্বামিকুলকে নরকগামী করিতেছ ।২১

পিতা এরূপ বলিতে আরম্ভ করিলে, শুদ্ধহাসা কন্যা ঈষৎ হাস্য করিয়া বলিলেন—হে পিতঃ! ইনি আপনার জামাতা ভৃগুনন্দন (অর্থাৎ চ্যবনমুনি) ।২২

অনন্তর কন্যা যেরূপে স্বামীর রূপ যৌবন লাভ হইয়াছে, তাহার সকল কথাই পিতার নিকট বর্ণন করিলেন এবং রাজা শর্যাতিও ইহাতে বিস্মিত ও পরম সন্তুষ্ট হইয়া কন্যাকে আলিঙ্গন করিয়াছিলেন ।২৩

অনন্তর মহর্ষি চ্যবন বীর শর্যাতিকে সোমযাগ করাইতে প্রবৃত্ত হইয়া—যজ্ঞে অশ্বিনীকুমারদ্বয়ের সোমপানের ব্যবস্থা না থাকিলেও নিজের তেজঃ প্রভাবেই তাঁহাদিগকে সোমরসপূর্ণ পানপাত্র দান

হন্তুং তমাদদে বজ্রং সদ্যোমন্যুরমর্ষিতঃ।
সবজ্রং স্তম্ভয়ামাস ভুজমিন্দ্রস্য ভার্গবঃ ॥২৫
অন্বজানংস্ততঃ সর্ব্বে গ্রহং সোমস্য চাশ্বিনোঃ।
ভিষজাবিতি যৎ পূর্ব্বং সোমাহুত্যা বহিষ্কৃতৌ ॥২৬
উত্তানবর্হিরানর্ত্তো ভূরিষেণ ইতি ত্রয়ঃ।
শর্য্যাতেরভবন্ পুত্রা আনর্ত্তাদ্রেবতোঽভবৎ ॥২৭
সোঽন্তঃসমুদ্রে নগরীং বিনির্ম্মায় কুশস্থলীম্।
আস্থিতোঽভুঙ্‌ক্ত বিষয়াননর্ত্তাদীনরিন্দম।
তস্য পুত্রশতং জজ্ঞে ককুদ্মিজ্যেষ্ঠমুত্তমম্ ॥২৮

ককুদ্মী রেবতীং কন্যাং স্বামাদায় বিভুং গতঃ।
পুত্র্যা বরং পরিপ্রষ্টুং ব্রহ্মলোকমপাবৃতম্ ॥২৯
আবর্ত্তমানে গান্ধর্ব্বে স্থিতোঽলব্ধক্ষণঃ ক্ষণম্।
তদন্ত আদ্যমানম্য স্বাভিপ্রায়ং ন্যবেদয়ৎ ॥৩০
তৎ শ্রুত্বা ভগবান্ ব্রহ্মা প্রহস্য তমুবাচ হ।
অহো রাজন্ নিরুদ্ধাস্তে কালেন হৃদি যে কৃতাঃ ॥৩১
তৎ পুত্রপৌত্রনপ্তৄণাং গোত্রাণি চ ন শৃণ্মহে।
কালোঽভিযাতস্ত্রিনব-চতুর্যুগবিকল্পিতঃ ॥৩২

সদ্যঃ তৎক্ষণম্ এব মন্যুঃ যস্য সঃ ইন্দ্রঃ অমর্ষিতঃ অসহমানঃ তং যজন্তং শর্য্যাতিং হন্তুং বজ্রম্ আদদে। ভার্গবঃ চ্যবনঃ তু সবজ্রম্ ইন্দ্রস্য ভুজং স্তম্ভয়ামাস প্রতিববন্ধ ॥২৫

যৌ অশ্বিনৌ ভিষজৌ বৈদ্যৌ, অতঃ অযোগ্যৌ মত্বা পূর্ব্বং সোমাহুত্যাঃ বহিষ্কৃতৌ; তয়োঃ ততঃপ্রভৃতি সর্ব্বে দেবাদয়ঃ সোমস্য গ্রহম্ অন্বজানন্ অনুজ্ঞাতবন্তঃ ॥২৬

শর্য্যাতেঃ উত্তানবর্হিঃ, আনর্তঃ, ভূরিষেণঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ অভবন্। আনর্ত্তাৎ রেবতঃ অভবৎ ॥২৭

হে অরিন্দম! সঃ অন্তঃসমুদ্রে সমুদ্রমধ্যে কুশস্থলীং তৎসংজ্ঞাং নগরীং বিনির্ম্মায় তস্যাম্ আস্থিতঃ অধিবসন্ আনর্ত্তাদীন্ বিষয়ান্ দেশান্ অভুঙ্‌ক্ত ॥২৮

ককুদ্মিজ্যেষ্ঠম্ (ককুদ্মী জ্যেষ্ঠঃ যস্মিন্ তৎ) উত্তমং পুত্রশতং তস্য রেবতস্য জজ্ঞে। ককুদ্মী স্বাং রেবতীং কন্যাম্ আদায় বিভুং ব্রহ্মাণং তস্যাঃ পুত্র্যাঃ বরং পরিপ্রষ্টুম্ অপাবৃতং স্বগমন-প্রতিবন্ধক-রহিতং ব্রহ্মলোকং গতঃ। তত্র চ গান্ধর্বে গানে আসমন্তাৎ বর্ত্তমানে সতি অলব্ধঃ অপ্রাপ্তঃ ক্ষণঃ প্রশ্নাবসরঃ যেন সঃ ককুদ্মী ক্ষণং তূষ্ণীং স্থিতঃ ॥

তদন্তে গানাবসানে আদ্যং ব্রহ্মাণম্ আনম্য স্বাভিপ্রায়ং ন্যবেদয়ৎ অপৃচ্ছৎ। তৎ ককুদ্মিবচঃ শ্রুত্বা প্রহস্য ভগবান্ ব্রহ্মা আহ ॥

অহো রাজন্! আগমন-সময়ে ত্বয়া অস্য বরতয়া যে হৃদি কৃতাঃ মনসি চিন্তিতাঃ, তে সর্ব্বে কালেন নিরুদ্ধাঃ

করিয়াছিলেন।২৪

আশুক্রোধী দেবরাজ ইন্দ্র ইহা সহ্য করিতে না পারিয়া শর্য্যাতিকে বধ করিবার জন্য বজ্র ধারণ করিলেন, কিন্তু ভৃগুনন্দন মহর্ষি চ্যবন বজ্রসহ তাঁহার দক্ষিণ বাহুটিকে স্তব্ধ করিয়াছিলেন।২৫

অশ্বিনীকুমারদ্বয় চিকিৎসক বলিয়া পূর্বে সোমযাগ হইতে বহিষ্কৃত অর্থাৎ সোমপানের অনধিকারী থাকিলেও তখন হইতে সকলেই তাঁহাদের উভয়ের জন্য সোমপাত্রদানে সম্মত হইলেন।২৬

শর্যাতি হইতে উত্তানবর্হি, আনর্ত ও ভূরিষেণনামক তিন পুত্রের জন্ম হয়। তন্মধ্যে আনর্ত্ত হইতে রেবতনামক পুত্র উৎপন্ন হইয়াছিলেন।২৭

হে রিপুদমন! এই রেবত সমুদ্রগর্ভে কুশস্থলী নামক নগরী নির্মাণ করিয়া তথায় অবস্থানপূর্বক আনর্তপ্রভৃতি দেশসমূহের রাজত্ব ভোগ করিয়াছিলেন। তাঁহার একশত গুণবান্ পুত্র জন্ম গ্রহণ করেন, তাঁহাদের মধ্যে ককুদ্মী জ্যেষ্ঠ পুত্র।২৮

এক সময়ে ককুদ্মী নিজ কন্যা রেবতীকে সঙ্গে লইয়া ব্রহ্মাকে উপযুক্ত বরের কথা জিজ্ঞাসা করিবার জন্য মুক্তদ্বার ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন।২৯

তৎকালে তথায় গন্ধর্বগণের সঙ্গীত চলিতেছিল বলিয়া রাজা অবসর না পাইয়া ক্ষণকাল অপেক্ষা করিয়াছিলেন এবং সঙ্গীত সমাপ্ত হইলে ব্রহ্মাকে প্রণাম করিয়া নিজ অভিপ্রায় নিবেদন করিলেন।৩০

ভগবান্ ব্রহ্মা তাহা শ্রবণ করিয়া উচ্চ হাস্যসহকারে বলিলেন—হে রাজন্! তুমি পৃথিবীস্থিত যে

তদ্‌গচ্ছ দেবদেবাংশো বলদেবো মহাবলঃ।
কন্যারত্নমিদং রাজন্ নররত্নায় দেহি ভোঃ ॥৩৩
ভুবো ভারাবতারায় ভগবান্ ভূতভাবনঃ।
অবতীর্ণো নিজাংশেন পুণ্যশ্রবণকীর্ত্তনঃ ॥৩৪
ইত্যাদিষ্টোঽভিবন্দ্যাজং নৃপঃ স্বপুরমাগতঃ।
ত্যক্তং পুণ্যজনত্রাসাদ্ ভ্রাতৃভির্দিক্ষ্বস্থিতৈঃ ॥৩৫

সুতাং দত্ত্বানবদ্যাঙ্গীং বলায় বলশালিনে।
বদর্য্যাখ্যং গতো রাজা তপ্তুং নারায়ণাশ্রমম্ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩

উপসংহৃতাঃ। তেষাং পুত্র-পৌত্র-নপ্তৃণাং গোত্রাণি বংশান্ ন শৃণ্মহে। ত্রিনবচতুর্যুগবিকল্পিতঃ সপ্তবিংশতিঃ চতুর্যুগানি তৈঃ বিশেষতঃ কল্পিতঃ গণিতঃ কালঃ অভিযাতঃ ব্যতীতঃ ।২৯-৩০

তৎ তস্মাৎ ভোঃ রাজন্! ত্বং ভূলোকং গচ্ছ। তত্র দেবদেবাংশঃ মহাবলঃ বলদেবঃ অবতীর্ণঃ। নররত্নায় তস্মৈ ইদং কন্যারত্নং দেহি। ভুবঃ ভারাবতারায় পুণ্যে শ্রবণ-কীর্ত্তনে যস্য সঃ ভূতানি ভাবয়তি পালয়তি যঃ ভগবান্ নিজাংশেন অবতীর্ণঃ। ইতি এবম্ আদিষ্টঃ উপদিষ্টঃ নৃপঃ রৈবতঃ অজং ব্রহ্মাণম্ অভিবন্দ্য পুণ্যজন-ত্রাসাৎ বিপক্ষভয়াৎ দিক্ষু অবস্থিতৈঃ ভ্রাতৃভিঃ ত্যক্তং স্বপুরম্ আগতঃ ॥৩৩-৩৫

ততঃ চ অনবদ্যাঙ্গীম্ অনিন্দিতাঙ্গীং স্বসুতাং বলশালিনে বলায় দত্ত্বা রাজা রৈবতঃ তপঃ তপ্তুং বদর্য্যাখ্যং নারায়ণাশ্রমং যযৌ ॥৩৬

ইতি নবমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ।

সকল ব্যক্তিকে মনে মনে কন্যার বররূপে চিন্তা করিয়াছিলে, কালবশে তাহারা বিনাশ প্রাপ্ত হইয়াছে।৩১

সম্প্রতি তাহাদের পুত্র, পৌত্র ও নাতিগণেরও বংশের কথা শোনা যায় না। (কারণ তুমি এখানে আসার পর মনুষ্যের পরিমাণে) সপ্তবিংশতি চতুর্যুগ পরিমিত কাল অতীত হইয়াছে।৩২

হে রাজন্! সম্প্রতি দেবদেব ভগবানের অংশ মহাবল বলদেব যেখানে আছেন, তথায় গমন কর এবং তুমি সেই নররত্নকে এই কন্যারত্ন দান কর।৩৩

যাঁহার নামাদির শ্রবণ ও কীর্তন পরম পুণ্যজনক, সেই জগৎপতি ভগবান্ পৃথিবীর ভার হরণের জন্য নিজ অংশে অবতীর্ণ হইয়াছেন।৩৪

ব্রহ্মা এরূপ আদেশ করিলে রাজা ককুদ্মী তাঁহাকে প্রণাম করিয়া নিজ পুরীতে প্রত্যাগমন করিলেন। তৎকালে তাঁহার ভ্রাতৃগণ যক্ষগণের ভয়ে সেই পুরী ত্যাগ করিয়া নানাস্থানে বাস করিতেছিলেন।৩৫

অনন্তর রাজা ককুদ্মী বলশালী বলদেবকে অনিন্দনীয়া মনোরমাঙ্গী নিজ কন্যা সম্প্রদান করিয়া তপস্যা করিবার জন্য নারায়ণাশ্রম বদরিকাক্ষেত্রে গমন করিয়াছিলেন।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থঃ অধ্যায়ঃ

[নভগবংশবর্ণনম্, নাভাগচরিতকথনম্, অম্বরীষোপাখ্যানম্, দুর্বাসঃপলায়নঞ্চ ।]

শ্রীশুক উবাচ।

নাভাগো নভগাপত্যং যং ততং ভ্রাতরঃ কবিম্।
যবিষ্ঠং ব্যভজন্ দায়ং ব্রহ্মচারিণমাগতম্ ॥১

ভ্রাতরোঽভাঙ্‌ক্ত কিং মহ্যং ভজাম পিতরং তব।
ত্বাং মমার্য্যাস্ততাভাঙ্ক্ষুর্মা পুত্রক তদাদৃথাঃ ॥২

ইমে অঙ্গিরসঃ সত্রমাসতেঽদ্য সুমেধসঃ।
ষষ্ঠং ষষ্ঠমুপেত্যাহঃ কবে মুহ্যন্তি কর্ম্মণি ॥৩

তাংস্ত্বং সংশয় সূক্তে দ্বে বৈশ্বদেবে মহাত্মনঃ।
তে স্বর্য্যন্তো ধনং সত্রপরিশেষিতমাত্মনঃ ॥৪

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। মনুপুত্রস্য নভগস্য অপত্যং পুত্রঃ নাভাগঃ অভূৎ। যং যবিষ্ঠং কনিষ্ঠং কবিং ব্রহ্মচারিণং বহুকালং গুরুকুলে বসন্তং মত্বা বিভাগসময়ে তস্মৈ ভাগম্ অপ্রকল্প্যেব ভ্রাতরঃ সর্ব্বং দায়ং বিভজ্য গৃহীত্বা পশ্চাৎ গুরুকুলাৎ আগতং ভাগার্থিনং কবিং বিদ্বাংসং যবিষ্ঠং প্রতি ততং পিতরম্ এব দায়ং ব্যভজন্ ॥১

(নভগঃ পৃচ্ছতি) হে ভ্রাতরঃ! মহ্যং কিম্ অভাঙ্‌ক্ত ব্যভজত? কং ভাগং মদর্থং যূয়ং কল্পিতবন্তঃ! (ভ্রাতরঃ আহুঃ) তব পিতরং ভজাম বিভজাম (ত্বং ভাগত্বেন পিতরং গৃহাণ)। (সঃ চ পিতরম্ আহ) হে তত তাত! আর্য্যাঃ জ্যেষ্ঠাঃ মমত্বম্ অভাঙ্‌ক্ষুঃ ভাগং চক্রুঃ। মদীয়ঃ ভাগঃ ত্বম্ ইত্যর্থঃ। হে তাত! কিম্ ইদম্ উক্তং ত্বাং কিমর্থং মহ্যং দদুঃ? এবমুক্তঃ পিতা প্রাহ। হে পুত্রক! তৎ তৈঃ উক্তং মা আদৃথাঃ ॥২

ইমে সন্নিকৃষ্টাঃ অঙ্গিরসঃ অঙ্গিরোগোত্রোৎপন্নাঃ ব্রাহ্মণাঃ অদ্য দ্বাদশাহাখ্যং সত্রম্ আসতে অনুতিষ্ঠন্তি। হে কবে বিদ্বন্! তত্র অভিপ্লবঃ ষড়হো ভবতি ইতি ষষ্ঠঃ ষড়হো ভবতীতি বিহিতেষু ষড়হেষু আবর্ত্তমানেষু ষষ্ঠং ষষ্ঠম্ অহঃ কর্ম্ম উপেত্য প্রাপ্য তস্মিন্ কর্ম্মণি তদনুষ্ঠানে তে সুমেধসঃ বিদ্বাংসোঽপি সূক্তবিশেষাজ্ঞানেন মুহ্যন্তি ॥৩

তান্ মহাত্মনঃ ব্রাহ্মনান্ ত্বং বৈশ্বদেবে (বিশ্বদেব-দেবতা প্রকাশকে) "ইদমিত্থং রৌদ্রম্" ইতি তথা "যে যজ্ঞেন

চতুর্থ অধ্যায়

[নভগের বংশ বর্ণন, নাভাগচরিত কথন, অম্বরীষের উপখ্যান এবং দুর্বাসার পলায়ন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মনুর পুত্র নভগের পুত্রের নাম নাভাগ। (তিনি দীর্ঘকাল গুরুকুলবাসী হইলে তাঁহার জ্যেষ্ঠ সহোদরগণ তাঁহাকে নৈষ্ঠিক ব্রহ্মচারী মনে করিয়া তাঁহাকে বাদ দিয়াই অপর সকলে পিতার সম্পত্তি ভাগ করিয়া লইয়াছিলেন)। নাভাগ গুরুগৃহ হইতে গৃহে প্রত্যাবর্তন করিলে জ্যেষ্ঠ সহোদরগণ জ্ঞানী কনিষ্ঠ ভ্রাতাকে প্রাপ্য ভাগরূপে পিতাকেই দান করিলেন।১

'হে ভ্রাতৃগণ! আপনারা আমাকে কি ভাগ দিয়াছেন'? নাভাগ এরূপ জিজ্ঞাসা করিলে জ্যেষ্ঠ ভ্রাতৃগণ বলিলেন—পূর্বে তোমার কথা মনে ছিল না, এখন পিতাকেই তোমার ভাগরূপে দান করিতেছি। তখন নাভাগ পিতার নিকট যাইয়া বলিলেন—হে পিতঃ! পূজনীয় জ্যেষ্ঠ ভ্রাতৃগণ আপনাকেই আমার ভাগরূপে নির্ণয় করিয়াছেন। পিতা নভাগ ইহা শুনিয়া বলিলেন—হে পুত্র! তুমি তাহাদের প্রতারণা বাক্যে বিশ্বাস করিও না (কারণ—আমি সম্পত্তির ন্যায় ভোগ্য বস্তু নহি)।২

(তথাপি তাহারা যেহেতু আমাকে তোমার প্রাপ্য ভাগরূপে দান করিয়াছে সেইহেতু আমি তোমার জীবিকার নির্দেশ করিতেছি) হে বিজ্ঞ বৎস! অঙ্গিরার সন্তানগণ এখন যজ্ঞ করিতেছেন। তাঁহারা যদিও অতিশয় মেধাবী, তাহা হইলেও ছয়দিনে সম্পাদনীয় বিভিন্ন যজ্ঞীয় কর্মের অনুষ্ঠানকালে

দাস্যন্তি তেঽথ তান্ গচ্ছ তথা স কৃতবান্ যথা।
তস্মৈ দত্ত্বা যযুঃ স্বর্গং তে সত্রপরিশেষণম্ ॥৫
তং কশ্চিৎ স্বীকরিষ্যন্তং পুরুষঃ কৃষ্ণদর্শনঃ।
উবাচোত্তরতোঽভ্যেত্য মমেদং বাস্তুকং বসু ॥৬
মমেদমৃষিভির্দত্তমিতি তর্হি স্ম মানবঃ।
স্যান্নৌ তে পিতরি প্রশ্নঃ পৃষ্টবান্ পিতরং যথা ॥৭

যজ্ঞবাস্তুগতং সর্ব্বমুচ্ছিষ্টমৃষয়ঃ ক্বচিৎ।
চক্রুর্হি ভাগং রুদ্রায় স দেবঃ সর্ব্বমর্হতি ॥৮
নাভাগস্তং প্রণম্যাহ তবেশ কিল বাস্তুকম্।
ইত্যাহ মে পিতা ব্রহ্মন্ শিরসা ত্বাং প্রসাদয়ে ॥৯
যৎ তে পিতাবদদ্ধর্ম্মং ত্বঞ্চ সত্যং প্রভাষসে।
দদামি তে মন্ত্রদৃশো জ্ঞানং ব্রহ্ম সনাতনম্ ॥১০

দক্ষিণায়" ইতি চ দ্বে সূক্তে শংসয় পাঠয়; ততঃ কর্ম্মণি সমাপ্তে সতি স্বর্যন্তঃ স্বর্গং গচ্ছন্তঃ তে স্বসত্র-পরিশেষিতম্ অবশিষ্টম্ আত্মনঃ ধনং তুভ্যং দাস্যন্তি। অথ তস্মাৎ তান্ ত্বং গচ্ছ। শ্রীশুকঃ উবাচ। ততঃ অনন্তরং সঃ নাভাগঃ যথা পিত্রা উক্তং তথা কৃতবান্। ততশ্চ সত্রসমাপ্ত্যনন্তরং তে অঙ্গিরসঃ সত্রপরিশেষিতং ধনং তস্মৈ দত্ত্বা স্বর্গং যযুঃ ॥৪-৫

ততঃ তদ্ধনং স্বীকরিষ্যন্তং নাভাগং কশ্চিৎ কৃষ্ণদর্শনঃ পুরুষঃ রুদ্রঃ উত্তরতঃ অভ্যেত্য আগত্য ইদং বাস্তুকং বসু ধনং মম মদীয়ম্ ইতি উবাচ ॥৬

তর্হি স্ম তদৈব মানবঃ নাভাগঃ ঋষিভিঃ ইদং মম মহ্যং দত্তম্ ইতি উবাচ। তদা রুদ্রঃ উবাচ। নৌ আবয়োঃ অস্মিন্ বিবাদে তব পিতরি প্রশ্নঃ স্যাৎ ইতি এবম্ উক্তঃ নাভাগঃ পিতরং পৃষ্টবান্ ॥৭

পিতা উবাচ। ঋষয়ঃ যজ্ঞবাস্তুগতং সর্ব্বম্ উচ্ছিষ্টম্ উর্ব্বরিতং ভাগং ক্বচিৎ দক্ষাধ্বরে হি রুদ্রায় চক্রুঃ; অতঃ সঃ দেবঃ রুদ্রঃ সর্ব্বম্ অর্হতি ॥৮

এবং শ্রুত্বা নাভাগঃ আগত্য রুদ্রং প্রণম্য আহ—হে ঈশ! বাস্তুকং সর্ব্বং কিল ধনং তব ভাগঃ ইতি মে মম পিতা আহ! হে ব্রহ্মন্! অহং ত্বাং শিরসা প্রসাদয়ে ॥৯

তদা রুদ্রঃ উবাচ। যদা তে পিতা ধর্ম্মম্ অবদৎ, ত্বং চ সত্যং প্রভাষসে, অতঃ তুভ্যং মন্ত্রদৃশে মন্ত্রজ্ঞায় সনাতনং ব্রহ্ম জ্ঞানম্ অহং দদামি ॥১০

মন্ত্র বিশেষ না জানায় প্রতি কর্মেরই ষষ্ঠ দিবসীয় কর্মের আচরণ করিতে যাইয়া তাঁহারা বিভ্রান্ত হইতেছেন।৩

তুমি যাইয়া সে মহাত্মাদিগকে বৈশ্বদেবসম্বন্ধী মন্ত্র দুইটি পাঠ করাও। তাঁহারা স্বর্গে যাইবার সময় তোমাকে যজ্ঞের অবশিষ্ট ধন দিয়া যাইবেন, অতএব তুমি তাঁহাদের নিকট গমন কর। অনন্তর নাভাগ পিতার উপদেশানুসারে কার্য্য করিলে অঙ্গিরার সন্তানগণ যজ্ঞের অবশিষ্ট ধন তাঁহাকে দান করিয়া স্বর্গলোকে গমন করিলেন।৪-৫

অনন্তর নাভাগ সেই সকল ধন গ্রহণ করিতে উদ্যত হইলে কৃষ্ণকায় এক পুরুষ অর্থাৎ শ্রীরুদ্র উত্তর দিক্ হইতে সেখানে আসিয়া বলিলেন—যজ্ঞক্ষেত্রস্থিত এই ধন আমার।৬

নাভাগ তৎক্ষণাৎ বলিলেন—ঋষিগণ এই ধন আমাকে দিয়াছেন বলিয়া আমারই হইবে। তখন শ্রীরুদ্র বলিলেন—আমাদের এই বিবাদে তোমার পিতার নিকট প্রশ্ন করা সঙ্গত। তখন নাভাগ পিতার নিকট যাইয়া তাঁহাকে এবিষয় জিজ্ঞাসা করিলেন।৭

তখন পিতা নভগ বলিলেন—হে বৎস! প্রজাপতি দক্ষের যজ্ঞকার্য্যে যে সকল বস্তু উদ্বৃত্ত হইয়াছিল, ঋষিগণ ঐ সমুদয়কে রুদ্রের ভাগরূপেই স্থির করিয়াছিলেন, বিশেষতঃ শ্রীরুদ্রদেবই জগতে সর্ববস্তুর অধিকারী, সুতরাং যজ্ঞাবশিষ্ট এই সকল ধন সম্বন্ধে আর বক্তব্য কি?৮

তখন নাভাগ শ্রীরুদ্রের নিকট আসিয়া প্রণামপূর্বক বলিলেন—হে ঈশ! আমার পিতা বলিয়াছেন—যজ্ঞক্ষেত্রস্থিত এই ধন আপনারই হয়। হে ব্রহ্মন্! আমি সম্প্রতি মস্তক নত করিয়া আপনাকে প্রসন্ন

গৃহাণ দ্রবিণং দত্তং মৎসত্রপরিশেষিতম্ ।
ইত্যুক্ত্বান্তর্হিতো রুদ্রো ভগবান্ ধর্ম্মবৎসলঃ ॥১১

য এতৎ সংস্মরেৎ প্রাতঃ সায়ঞ্চ সুসমাহিতঃ ।
কবির্ভবতি মন্ত্রজ্ঞো গতিঞ্চৈব তথাত্মনঃ ॥১২

নাভাগাদম্বরীষোঽভূন্মহাভাগবতঃ কৃতী ।
নাস্পৃশদ্ ব্রহ্মশাপোঽপি যং ন প্রতিহতঃ ক্বচিৎ ॥১৩

রাজোবাচ ।
ভগবন্ শ্রোতুমিচ্ছামি রাজর্ষেস্তস্য ধীমতঃ ।
ন প্রাভূদ্ যত্র নির্ম্মুক্তো ব্রহ্মদণ্ডো দুরত্যয়ঃ ॥১৪
শ্রীশুক উবাচ ।
অম্বরীষো মহাভাগঃ সপ্তদ্বীপবতীং মহীম্ ।
অব্যয়াঞ্চ শ্রিয়ং লব্ধ্বা বিভবঞ্চাতুলং ভুবি ॥১৫
মেনেঽতিদুর্ল্লভং পুংসাং সর্ব্বং তৎ স্বপ্নসংস্তুতম্ ।
বিদ্বান্ বিভবনির্ব্বাণং তমো বিশতি যৎ পুমান্ ॥১৬

তথা মৎসত্রে পরিশেষিতং যৎ দ্রবিণং ময়া তুভ্যং দত্তং জীবিকার্থং ত্বং গৃহাণ। ইতি উক্ত্বা ধর্ম্মবৎসলঃ ভগবান্ রুদ্রঃ অন্তর্হিতঃ অন্তর্দধে ॥১১

যঃ পুমান্ সমাহিতচিত্তঃ সন্ এতদাখ্যানং সায়ং প্রাতঃ সংস্মরেৎ, সঃ কবিঃ মন্ত্রজ্ঞঃ ভবতি তথা আত্মনঃ গতিং প্রাপ্নোতি ॥১২

নাভাগাৎ মহাভাগবতঃ ভগবদ্ভক্তঃ কৃতী পুণ্যবান্ অম্বরীষঃ অভূৎ। ক্বচিৎ অপি ন প্রতিহতঃ ব্রহ্মশাপঃ অপি যং ন অস্পৃশৎ ॥১৩

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! হে সর্ব্বজ্ঞ! নির্ম্মুক্তঃ প্রযুক্তঃ, দুরত্যয়ঃ দুরতিক্রমঃ, ব্রহ্মশাপঃ ব্রহ্মদণ্ডঃ যত্র অম্বরীষে ন প্রাভূৎ, তস্য ধীমতঃ রাজর্ষেঃ চরিতং শ্রোতুম্ ইচ্ছামি ॥১৪

শ্রীশুকঃ উবাচ। মহাভাগঃ অম্বরীষঃ সপ্তদ্বীপবতীং মহীম্ অব্যয়াং শ্রিয়ম্ অতুলং বিভবং চ ভুবি পুংসাম্ অতি দুর্ল্লভম্ অপি লব্ধ্বা যৎ যস্মাৎ বিভবসঙ্গাৎ পুমান্ তমঃ নরকং বিশতি, তৎ বিভব-নির্ব্বাণং বিভব-ফলং বিদ্বান্ জানন্ তৎ সর্ব্বং স্বপ্নসংস্তুতং স্বপ্নদৃষ্ট-বস্তু-সদৃশম্ অনুপাদেয়ং মেনে ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৫-১৬

করিতে ইচ্ছা করি ।৯

তখন শ্রীরুদ্র বলিলেন—হে ব্রাহ্মণ! তোমার পিতা যে যথার্থ ধর্মের কথা বলিয়াছেন এবং তুমিও সত্য কথা বলিতেছ, এইহেতু আমি মন্ত্রদ্রষ্টা তোমাকে সনাতন ব্রহ্মজ্ঞান প্রদান করিতেছি ।১০

তুমি আমার নিকট হইতে যজ্ঞাবশিষ্ট এই ধন গ্রহণ কর, আমি ইহা দান করিলাম। ধর্মবৎসল ভগবান্ শ্রীরুদ্র এই বলিয়া অন্তর্হিত হইলেন ।১১

হে মহারাজ! যিনি প্রাতঃকাল ও সায়ংকালে সুসংযতচিত্তে ইহা স্মরণ করেন, তিনি জ্ঞানবান্ ও মন্ত্রজ্ঞ হন এবং আত্মার সদ্গতি লাভ করেন ।১২

নাভাগ হইতে মহাভাগবত ও পরমনিপুণ অম্বরীষের জন্ম হয়—সর্বত্র অপ্রতিহত ব্রহ্মশাপও যাঁহাকে স্পর্শ করিতে পারে নাই ।১৩

রাজা শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ভগবন্! দুর্লঙ্ঘ্য ব্রহ্মদণ্ডও যাঁহার প্রতি প্রযুক্ত হইয়া নিজ শক্তি প্রকাশে সমর্থ হয় নাই, সেই ধীমান্ রাজর্ষি অম্বরীষের কথা শ্রবণ করিতে ইচ্ছা করি ।১৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! মহাভাগ অম্বরীষ সপ্তদ্বীপযুক্তা পৃথিবী, অক্ষয় সম্পদ্ এবং অতুলনীয় ঐশ্বর্য্য যাহা লোকসমূহের অতিদুর্লভ—লাভ করিয়াও, বৈভবের বিনশ্বরতা জানিয়া, যে বিভবদ্বারা ও বিভবের নাশহেতু মানুষ মোহগ্রস্ত হয় সেই বিভবরাশিকে স্বপ্নের ন্যায় তুচ্ছ জ্ঞান করিয়াছিলেন ।১৫-১৬

বাসুদেবে ভগবতি তদ্ভক্তেষু চ সাধুষু।
প্রাপ্তোভাবং পরং বিশ্বং যেনেদং লোষ্ট্রবৎস্মৃতম্ ॥১৭
স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।
করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিং চকারাচ্যুতসৎকথোদয়ে ॥১৮
মুকুন্দলিঙ্গালয়দর্শনে দৃশৌ
তদ্‌ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গসঙ্গমম্।
ঘ্রাণঞ্চ তৎপাদসরোজসৌরভে
শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে ॥১৯
পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে
শিরো হৃষীকেশপদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া
যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ ॥২০
এবং সদা কর্ম্মকলাপমাত্মনঃ
পরেঽধিযজ্ঞে ভগবত্যধোক্ষজে।
সর্ব্বাত্মভাবং বিদধন্মহীমিমাং
তন্নিষ্ঠবিপ্রাভিহিতঃ শশাস হ ॥২১

ভগবতি বাসুদেবে তদ্‌ভক্তেষু সাধুষু চ তস্য ভগবতঃ পরম্ উৎকৃষ্টং ভাবং প্রাপ্তঃ, যেন ভাবেন ইদং বিশ্বং লোষ্ট্রবৎ স্মৃতম্ ॥১৭

স প্রসিদ্ধঃ অম্বরীষঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ মনঃ, বৈকুণ্ঠস্য গুণানুবর্ণনে বচাংসি, হরেঃ মন্দির-মার্জ্জনাদিষু করৌ, তথা অচ্যুতস্য সৎকথানাম্ উদয়ে শ্রবণে শ্রুতিং শ্রোত্রং চকার ॥১৮

মুকুন্দস্য মুক্তিদাতুঃ ভগবতঃ লিঙ্গানি বিগ্রহাঃ আলয়াঃ স্থানানি চ তেষাং দর্শনে দৃশৌ নেত্রে, তথা তস্য যে ভৃত্যাঃ ভক্তাঃ তেষাং গাত্রাণাং স্পর্শে অঙ্গসঙ্গমং সকলাঙ্গব্যাপি ত্বগিন্দ্রিয়ং চকার; শ্রীমত্তুলস্যাঃ যৎ তস্য পাদসরোজ-সম্বন্ধেন সৌরভং সুগন্ধঃ তস্মিন্ ঘ্রাণেন্দ্রিয়ং চকার ॥১৯

হরেঃ ক্ষেত্রাণি মথুরাদীনি পদানি অন্যানি স্থানানি তেষু অনুসর্পণে পুনঃ পুনঃ গমনে পাদৌ; হৃষীকাণাম্ ইন্দ্রিয়াণাম্ ঈশস্য নিয়ন্তুঃ ভগবতঃ পদয়োঃ অভিবন্দনে শিরঃ মূর্দ্ধানং চকার। কামং তস্য দাস্যে, ন তু কামকাম্যয়া বিষয়োভোগেচ্ছয়া। তথা উত্তমঃশ্লোকঃ ভগবান্ তস্য জনাঃ ভক্তাঃ তদাশ্রয়া রতিঃ ভক্তিঃ যথা ভবেৎ, তথা সর্ব্বং চকার ॥২০

এবং সদা প্রতিদিনম্ আত্মানং কর্মকলাপং কর্ম্মসমূহং পরে অধিযজ্ঞে অধোক্ষজে ভগবতি সর্ব্বাত্মভাবং বিদধৎ অনুকুর্ব্বন্ তন্নিষ্ঠৈঃ ভগবদ্ভক্তৈঃ বিপ্রৈঃ বশিষ্ঠাদিভিঃ অভিহিতঃ উপদিষ্টঃ ইমাং মহীং শশাস পালয়ামাস ॥২১

তিনি ভগবান্ বাসুদেব এবং তাঁহার ভক্ত সাধুগণের প্রতি পরম ভক্তি লাভ করিয়াছিলেন, যাহার ফলে এই বিশ্ব তাঁহার নিকট লোষ্ট্রের মত তুচ্ছ বস্তুরূপে প্রতীত হইয়াছিল।১৭

যাহাতে ভগবান্ শ্রীহরির ভক্তগণের প্রতি অনুরাগ উৎপন্ন হয়, মহারাজ অম্বরীষ সেভাবেই নিজ চিত্তকে শ্রীকৃষ্ণের পাদপদ্মযুগলে, বাক্যকে শ্রীহরির গুণকীর্তনে, করযুগলকে ভগবানের মন্দির মার্জনাদি কার্য্যে, কর্ণকে ভগবদ্‌বিষয়িণী সৎকথাসমূহের শ্রবণে, নয়নযুগলকে শ্রীভগবদ্‌বিগ্রহের অধিষ্ঠানক্ষেত্রসমূহের দর্শনে, আলিঙ্গনক্রিয়াকে ভগবদ্ভক্তগণের অঙ্গসঙ্গে, নাসিকাকে ভগবানের পাদপদ্মের সংসর্গহেতু সদ্‌গন্ধযুক্ত তুলসীর সৌরভগ্রহণে, জিহ্বাকে ভগবৎপ্রসাদান্ন আস্বাদনে, পদযুগলকে ভগবান্ শ্রীহরির ক্ষেত্রপরিক্রমায়, মস্তককে তাঁহার শ্রীপাদপদ্মের প্রণাম কার্য্যে এবং কাম অর্থাৎ মাল্যচন্দনাদি সেবাকে ভগবানের প্রসাদীকৃত মাল্যচন্দনাদি গ্রহণেই নিযুক্ত করেন পরন্তু বিষয়ভোগের জন্য কামনা নাই।১৮-২০

এইরূপে তিনি সর্বত্র আত্মচিন্তামূলক নিজ সকল কার্যই সর্বদা সর্বযজ্ঞের অধিষ্ঠাতা ও সর্বেন্দ্রিয়ের অগোচর ভগবানে সমর্পণ করিয়া ভগবদ্ভক্ত ব্রাহ্মণগণের উপদেশানুসারে পৃথিবীতে রাজত্ব করিতেছিলেন।২১

ঈজেঽশ্বমেধৈরধিযজ্ঞমীশ্বরং
মহাবিভূত্যোপচিতাঙ্গদক্ষিণৈঃ।
ততৈর্বশিষ্ঠাসিতগোতমাদিভি-
র্ধন্বন্যভিস্রোতমসৌ সরস্বতীম্ ॥২২
যস্য ক্রতুষু গীর্ব্বাণৈঃ সদস্যা ঋত্বিজো জনাঃ।
তুল্যরূপাশ্চানিমিষা ব্যদৃশ্যন্ত সুবাসসঃ ॥২৩
স্বর্গো ন প্রার্থিতো যস্য মনুজৈরমরপ্রিয়ঃ।
শৃণ্বদ্ভিরুপগায়দ্ভিরুত্তমঃশ্লোকচেষ্টিতম্ ॥২৪
সংবর্দ্ধয়ন্তি যৎকামাঃ স্বারাজ্য-পরিভাবিতাঃ।
দুর্লভা নাপি সিদ্ধানাং মুকুন্দং হৃদি পশ্যতঃ ॥২৫
স ইত্থং ভক্তিযোগেন তপোযুক্তেন পার্থিবঃ।
স্বধর্ম্মেণ হরিং প্রীণন্ সর্ব্বান্ কামান্ শনৈর্জহৌ ॥২৬

মহাবিভূত্যা উপচিতানি বিপুলীকৃতানি অঙ্গানি দক্ষিণাঃ চ যেষু তৈঃ বশিষ্ঠাদিভিঃ হেতুভূতৈঃ সরস্বতীম্ অভিস্রোতং তস্যাঃ প্রবাহাভিমুখং যথা ভবতি তথা ধন্বনি নিরুদকে ধন্বদেশে ষ্টতৈঃ বিস্তৃতৈঃ অশ্বমেধৈঃ অধিযজ্ঞং যজ্ঞেশ্বরম্ অসৌ ঈজে ॥২২

যস্য অম্বরীষস্য ক্রতুষু অশ্বমেধেষু সদস্যাঃ সভ্যাঃ ঋত্বিজঃ জনাঃ চ সুবাসসঃ গীর্ব্বাণৈঃ দেবৈঃ সহ তুল্যরূপাঃ অনিমিষাঃ নিমেষরহিতাঃ এব ব্যদৃশ্যন্ত ॥২৩

উত্তমঃশ্লোকস্য ভগবতঃ চেষ্টিতং লীলাদিকং শৃণ্বদ্ভিঃ উপগায়দ্ভিঃ যস্য অম্বরীষস্য মনুজৈঃ অমরপ্রিয়ঃ স্বর্গঃ অপি ন প্রার্থিতঃ (তত্র অম্বরীষস্য নিস্পৃহত্বে কা বার্ত্তা) ॥২৪

যৎ যতঃ স্বারাজ্য-পরিভাবিতাঃ (স্বারাজ্যেন স্বরূপসুখেন পরিভাবিতাঃ পরি সম্যক্‌ভাবেন ভাবিতাঃ বাসিতাঃ) অতঃ সিদ্ধানাম্ অপি দুর্লভাঃ কামাঃ মুকুন্দং হৃদি পশ্যতঃ জনান্ ন সংবর্দ্ধয়ন্তি ন হর্ষেণ বর্দ্ধয়ন্তি ॥২৫

সঃ পার্থিবঃ অম্বরীষঃ ইত্থং ভক্তিযোগেন তপোযুক্তেন স্বধর্ম্মেণ চ হরিং প্রীণন্ প্রসাদয়ন্ শনৈঃ সর্ব্বান্ কামান্ জহৌ তত্যাজ ॥২৬

এইরূপ তিনি জলশূন্য দেশে সরস্বতীনদীর স্রোতের প্রতিকূলে বহু অশ্বমেধ যজ্ঞদ্বারা যজ্ঞাধিষ্ঠাতা পরমেশ্বর শ্রীহরির আরাধনা করিয়াছিলন। বশিষ্ঠ, অসিত ও গোতমপ্রভৃতি ঋষিগণের সহায়তায় সেই সকল সুবিস্তৃত যজ্ঞ সম্পাদিত হইয়াছিল এবং যজ্ঞসমূহের অঙ্গীভূত ক্রিয়াসমুদয় ও দক্ষিণা তাঁহার মহাবৈভবদ্বারা সংবর্ধিত হইয়াছিল।২২

তাঁহার যজ্ঞসমূহে মনোরম বস্ত্রবিভূষিত সদস্য ও ঋত্বিগ্‌গণকে দেবতাগণের সহিত তুল্যরূপ দেখা গিয়াছিল। যদিও দেবতাগণের চক্ষুর নিমেষ থাকে না বলিয়া বৈশিষ্ট্য রহিয়াছে, তথাপি এস্থলে যজ্ঞকর্মে বিবিধ আশ্চর্য্যদর্শনের ঔৎসুক্যহেতু ঋত্বিক্ এবং সদস্যগণের চক্ষুর নিমেষ ছিল না বলিয়া সকলেই সমরূপ হইয়াছিলেন।২৩

সর্বদা ভগবান্ শ্রীহরির চরিতসমূহের শ্রবণ ও কীর্তনে মত্ত থাকিয়া মহারাজ অম্বরীষের কোন নিজজন ও দেবতাগণের প্রিয় স্বর্গলোক কামনা করিতেন না, এ অবস্থায় তাঁহার নিজের যে স্বর্গ কামনা থাকিতে পারে না, এ বিষয়ে আর বক্তব্য কি!২৪

অধিক আর কি বলিব! মহারাজ অম্বরীষের সেই নিজ জনগণ সর্বদা হৃদয়মধ্যে ভগবান্ শ্রীহরিকে প্রত্যক্ষ করিতেন বলিয়া সিদ্ধগণের পক্ষেও দুর্লভ এবং স্বরূপসুখদ্বারা সংবর্ধিত বিষয় ভোগরাশিও তাহাদিগকে আনন্দদান করিতে পারে নাই।২৫

সেই মহারাজ অম্বরীষ তপস্যাযুক্ত ঈদৃশ ভক্তি-যোগরূপ নিজ ধর্মদ্বারা শ্রীহরির প্রীতি উৎপাদন-সহকারে ধীরে ধীরে সর্বপ্রকার বিষয়ভোগ সুখ ত্যাগ করিয়াছিলেন।২৬

গৃহেষু দারেষু সুতেষু বন্ধুষু
দ্বিপোত্তম-স্যন্দনবাজিবস্তুষু।
অক্ষয্যরত্নাভরণাম্বরাদিষু
অনন্তকোষেষ্বকরোদসম্মতিম্ ॥২৭
তস্মা অদাদ্ধরিশ্চক্রং প্রত্যনীকভয়াবহম্।
তিনি আত্মতত্ত্বজ্ঞ হইয়াও প্রভূতদক্ষিণাযুক্ত যাগসমূহদ্বারা সর্বাত্মক, অতীন্দ্রিয়, সর্বদেবময় দেবতা বিষ্ণুর আরাধনা করিয়াছিলেন—যে দেবতা স্বয়ং (যজ্ঞের) দ্রব্য, মন্ত্র, বিধি, যজ্ঞ, যজমান, ঋত্বিক্‌সমূহ, যজ্ঞফল ধর্ম, যজ্ঞের দেশ ও কাল—এই সর্বরূপে বিরাজ করেন।৩৫-৩৬

যে স্থান হইতে সূর্য উদিত হন এবং যে স্থানে তিনি অস্তগত হন, তৎপরিমিত সম্পূর্ণ ভূমিভাগই মান্ধাতার ক্ষেত্র বলিয়া পরিচিত।৩৭

মান্ধাতা শশবিন্দুর কন্যা বিন্দুমতীর গর্ভে পুত্ররূপে পুরুকুৎস, অম্বরীষ ও যোগী মুচুকুন্দকে জন্মদান করেন। তাঁহাদের পঞ্চাশটি ভগিনী সৌভরি ঋষিকে পতিরূপে বরণ করিয়াছিলেন।৩৮

যমুনান্তর্জ্জলে মগ্নস্তপ্যমানঃ পরং তপঃ।
নির্বৃতিং মীনরাজস্য দৃষ্ট্বা মৈথুনধর্ম্মিণঃ ॥৩৯

জাতস্পৃহো নৃপং বিপ্রঃ কন্যামেকামযাচত।
সোঽপ্যাহ গৃহ্যতাং ব্রহ্মন্ কামং কন্যা স্বয়ংবরে ॥৪০

স বিচিন্ত্যাপ্রিয়ং স্ত্রীণাং জরঠোঽহমসম্মতঃ।
বলীপলিত এজৎক ইত্যহং প্রত্যুদাহৃতঃ ॥৪১

সাধয়িষ্যে তথাত্মানং সুরস্ত্রীণামভীপ্সিতম্।
কিং পুনর্মনুজেন্দ্রাণামিতি ব্যবসিতঃ প্রভুঃ ॥৪২

মুনিঃ প্রবেশিতঃ ক্ষত্রা কন্যান্তঃপুরমৃদ্ধিমৎ।
বৃতঃ স রাজকন্যাভিরেকঃ পঞ্চাশতা বরঃ ॥৪৩

তাসাং কলিরভূদ্ভূয়াংস্তদর্থেঽপোহ্য সৌহৃদম্।
মমানুরূপো নায়ং ব ইতি তদ্গতচেতসাম্ ॥৪৪

যমুনায়াম্ অন্তর্জলে জলমধ্যে মগ্নঃ স্থিতঃ পরম্ উৎকৃষ্টং তপঃ তপ্যমানঃ বিপ্রঃ সৌভরিঃ মৈথুনধর্ম্মিণঃ মীনরাজস্য নির্বৃতিং মৈথুনসুখং বীক্ষ্য দৃষ্ট্বা ॥৩৯

তস্মিন্ ব্যবায়ে জাতস্পৃহঃ নৃপং মান্ধাতারং প্রতি আগত্য একাং কন্যাম্ অযাচত। সোঽপি মান্ধাতা হে ব্রহ্মন্! কামং কন্যেচ্ছানুরোধেন স্বয়ংবরে কন্যাঃ গৃহ্যতাম্ ইতি উবাচ ॥৪০

সঃ সৌভরিঃ স্ত্রীণাম্ অপ্রিয়ং মাং বিচিন্ত্য অনেন জরঠঃ বৃদ্ধঃ বলিভিঃ যুক্তঃ চ এজৎকঃ কম্পমানশিরাঃ অয়ং স্ত্রীণাম্ অসম্মতঃ ইতি অপ্রিয়ং বিচিন্ত্য অহং প্রত্যুদাহৃতঃ স্বয়ম্বরমিষেণ প্রত্যুক্তঃ ॥৪১

প্রভুঃ সমর্থঃ সৌভরিঃ সুরস্ত্রীণাম্ অভীপ্সিতম্ ইতি তু কিং পুনঃ মনুজেন্দ্রাণাং বক্তব্যম্ ইতি আত্মানং সাধয়িষ্যে এবং ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ ॥৪২

সঃ মুনিঃ ক্ষত্রা প্রতিহারেণ ঋদ্ধিমৎ কন্যান্তঃপুরং প্রবেশিতঃ সন্ পঞ্চাশতা পঞ্চাশৎসংখ্যকাভিঃ একঃ এব বরঃ কৃতঃ অঙ্গীকৃতঃ ॥৪৩

তদা তদর্থে বরনিমিত্তং সৌহৃদং সৌদর্য্য-প্রযুক্ত-স্নেহম্ অপোহ্য ত্যক্ত্বা তদ্গতচেতসাং (তস্মিন্ এব অতিসুন্দরে গতম্ আসক্তং চেতো যাসাং তাসাং) কন্যানাং ভূয়ান্ মহান্ কলিঃ কলহঃ পরস্পরম্ অভূৎ, যথা অয়ং মমৈব অনুরূপঃ যোগ্যঃ বরঃ, বঃ যুষ্মাকং ন ইতি ॥৪৪

সৌভরি ঋষি এক সময়ে যমুনার জলে মগ্ন হইয়া পরম তপস্যার অনুষ্ঠান করিতে করিতে মৈথুনরত একটি মৎস্যরাজের সুখ দেখিয়া তদ্‌বিষয়ে স্পৃহা জন্মিলে রাজা মান্ধাতার নিকট একটি কন্যা প্রার্থনা করিলেন। রাজা বলিলেন—হে ব্রহ্মন্! আপনি স্বয়ংবরে ইচ্ছানুরূপ কন্যা গ্রহণ করুন।৩৯-৪০

তখন সৌভরি স্থির করিলেন—আমি বৃদ্ধ, লোলচর্ম, পককেশ এবং আমার মস্তক কম্পিত হয়, এ সকল কারণে রাজা আমাকে রমণীগণের অপ্রিয় মনে করিয়া এবং তাপসত্বপ্রভৃতি কারণেও আমি মনোমত নহি বলিয়াই আমাকে প্রত্যাখ্যান করিয়াছেন। অতএব আমি নিজ দেহটিকে এরূপ সুন্দর করিব যাহাতে দেবরমণীগণও আমাকে কামনা করেন, রাজরমণীগণের সম্বন্ধে ত কোন কথাই নাই।৪১-৪২

অনন্তর প্রতীহার সৌভরি ঋষিকে সমৃদ্ধিশালী কন্যান্তঃপুরে প্রবেশ করাইলে পঞ্চাশটি রাজকন্যাই সেই একজনকে পতিরূপে বরণ করিয়াছিলেন।৪৩

তৎকালে রাজকন্যাগণের সকলেরই চিত্ত তাঁহার প্রতি আকৃষ্ট হওয়ায় তাঁহাকে পাইবার জন্য পরস্পর সৌহার্দ ত্যাগ করিয়া সকলেই—'ইনি আমারই যোগ্য বর—তোমাদের নহেন' এরূপ বিবাদ আরম্ভ করিয়াছিলেন।৪৪

স বহ্বৃচস্তাভিরপারণীয়—
তপঃশ্রিয়ানর্ঘ্যপরিচ্ছদেষু।
গৃহেষু নানোপবনামলাম্ভঃ—
সরঃসু সৌগন্ধিককাননেষু ৪৫
মহার্হশয্যাসনবস্ত্রভূষণ-
স্নানানুলেপাভ্যবহারমাল্যকৈঃ।
স্বলঙ্কৃতস্ত্রীপুরুষেষু নিত্যদা
রেমেঽনুগায়দ্দ্বিজভৃঙ্গবন্দিষু ॥৪৬
যদ্গার্হস্থ্যন্তু সংবীক্ষ্য সপ্তদ্বীপবতীপতিঃ।
বিস্মিতঃ স্তম্ভমজহাৎ সার্ব্বভৌমশ্রিয়ান্বিতম্ ॥৪৭

এবং গৃহেষ্বভিরতো বিষয়ান্ বিবিধৈঃ সুখৈঃ।
সেবমানো ন চাতুষ্যদাজ্যস্তোকৈরিবানলঃ ॥৪৮
স কদাচিদুপাসীন আত্মাপহ্নবমাত্মনঃ।
দদর্শ বহ্বৃচাচার্য্যো মীনসঙ্গসমুত্থিতম্ ॥৪৯
অহো ইমং পশ্যত মে বিনাশং
তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য।
অন্তর্জলে বারিচরপ্রসঙ্গাৎ
প্রচ্যাবিতং ব্রহ্ম চিরং ধৃতং যৎ ॥৫০

তাভিঃ স্ত্রীভিঃ সহ অপারণীয়ং দুরন্তং তপঃ শ্রিয়া সমৃদ্ধ্যা হেতুভূতয়া অনর্ঘ্যাঃ অমূল্যাঃ পরিচ্ছদাঃ উপকরণানি যেষু তেষু গৃহেষু তথা নানাবিধেষু বনেষু তথা অমলানি অম্ভাংসি যেষু তথাবিধানি সরাংসি তেষু চ সৌগন্ধিকানাং কহ্লারাদীনাং কাননানি যেষু তেষু সঃ বহ্বৃচঃ রেমে ॥৪৫

স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ পুরুষাশ্চ যেষু তেষু, অনুগায়ন্তঃ দ্বিজাঃ পক্ষিণঃ মৃগাঃ চ বন্দিনঃ চ যেষু তেষু গৃহেষু মহার্হশয্যাসন-বস্ত্র-ভূষণ-স্নানানুলেপাভ্যবহারমাল্যকৈঃ নিত্যদা রেমে ॥৪৬

সপ্তদ্বীপবতীপতিঃ সার্ব্বভৌম-শ্রিয়ান্বিতঃ মান্ধাতা অপি যস্য সৌভরেঃ গার্হস্থ্যং সংবীক্ষ্য বিস্মিতঃ সন্ স্তম্ভং গর্ব্বম্ অজহাৎ ॥৪৭

এবং গৃহেষু অভিরতঃ আসক্তঃ সৌভরিঃ সুখৈঃ বিষয়ান্ শব্দাদীন্ সেবমানঃ অপি আজ্যস্তোকৈঃ ঘৃতবিন্দুভিঃ অনলঃ হুতাশনঃ ইব ন চ অতুষ্যৎ অলমিতি ন অমন্যত ॥৪৮

কদাচিৎ উপাসীনঃ উপবিষ্টঃ সঃ বহ্বৃচাচার্য্যঃ সৌভরিঃ মীনস্য সঙ্গাৎ সমুত্থিতং বিবাহাদি আত্মনঃ অপহ্নবং তপো-হানিং দদর্শ ॥৪৯

অহো! তপস্বিনঃ সচ্চরিতব্রতস্য মে মম ইমং বিনাশং হে লোকাঃ পশ্যত! যতঃ অন্তর্জলে বারিচরঃ মীনঃ তৎপ্রসঙ্গাৎ তস্য মৈথুন-দর্শনেন বিবাহাদি-প্রপঞ্চাৎ হেতোঃ যৎ চিরং ধৃতং বহুকালাভ্যাসেন ধ্যানবিষয়ীকৃতং ব্রহ্ম তৎ প্রচ্যাবিতং বিস্মৃতম্ ইতি ॥৫০

অনন্তর মন্ত্রপ্রভাবশালী সৌভরি ঋষি মহামূল্য শয্যা, আসন, বস্ত্র, অলঙ্কার, স্নান, অনুলেপন, আহার ও মাল্যসম্ভারে সমৃদ্ধিশালী হইয়া, সেই রাজকন্যাগণের সহিত সর্বদা অপার তপঃশক্তিবলে লব্ধ বহুমূল্য পরিচ্ছদযুক্ত গৃহসমূহ, বিবিধ উপবন এবং স্বচ্ছসলিলপূর্ণ ও সুগন্ধশালী কহ্লারবনশোভিত সরোবরসমুদয়ে বিহার করিতে লাগিলেন। সেই সকল গৃহ, উপবন ও সরোবরসমূহ সুন্দর অলঙ্কার-শোভিত স্ত্রী-পুরুষগণ এবং অনুক্ষণ গীতমত্ত পক্ষী, ভ্রমরকুল ও স্তুতিপাঠকগণ বিরাজ করিতেছিল।৪৫-৪৬

এই সৌভরি ঋষির এ জাতীয় সুসমৃদ্ধ গার্হস্থ্য দর্শন করিয়া সপ্তদ্বীপা ধরিত্রীর অধিপতি মহারাজ মান্ধাতাও বিস্মিত হইয়া নিজ একচ্ছত্র রাজসম্পদের গর্ব পরিত্যাগ করিয়াছিলেন।৪৭

এইরূপে গৃহধর্মে আসক্ত সৌভরিঋষি নানারূপ সুখসহকারে বিষয়সমূহ ভোগ করিয়াও অগ্নি যেরূপ প্রভূত ঘৃতদ্বারাও তৃপ্ত হয় না, স্বয়ংও সেরূপ পরিতৃপ্ত হইতে পারিলেন না।৪৮

একদা মন্ত্রজ্ঞগণের আচার্য সেই ঋষি উপাসনা করিতে প্রবৃত্ত হইয়া, মনের দোষে মৎস্যের সঙ্গহেতু নিজের যে তপস্যাহানি ঘটিয়াছে তাহা অনুভব করিতে পারিলেন।৪৯

(তৎকালে তিনি অনুতপ্ত হইয়া এরূপ উক্তি করিয়াছিলেন) হায়! ব্রতনিষ্ঠ, সাধু তপস্বী আমার এই সর্বনাশ দর্শন কর। আমি জলমধ্যে থাকিয়া

সঙ্গং ত্যজেত মিথুনব্রতিনাং মুমুক্ষুঃ
সর্ব্বাত্মনা ন বিসৃজেদ্ বহিরিন্দ্রিয়াণি।
একশ্চরন্ রহসি চিত্তমনন্ত ঈশে
যুঞ্জীত তদ্ব্রতিষু সাধুষু চেৎ প্রসঙ্গঃ ॥৫১

একস্তপস্ব্যহমথাম্ভসি মৎস্যসঙ্গাৎ
পঞ্চাশদাসমুত পঞ্চসহস্রসর্গঃ।

মুমুক্ষুঃ সর্ব্বাত্মনা নিশ্চিতেন মনসা মিথুনব্রতিনাং দাম্পত্য-ধর্ম্মবতাং সঙ্গং ত্যজেত। তথা ইন্দ্রিয়াণি চ বহিঃ-শব্দাদি-বিষয়েষু ন বিসৃজেৎ ন প্রবর্ত্তয়েৎ। একঃ অসহায়ঃ এব চরন্ রহসি একান্তে স্থিতঃ সন্ অনন্তে সর্ব্ব-পরিচ্ছেদ-শূন্যে ঈশে ভগবতি চিত্তং যুঞ্জীত ভগবন্তং ধ্যায়েৎ। তস্য ভগবতঃ ব্রতম্ অস্তি যেষাং তেষু সাধুষু এব প্রসঙ্গঃ চেৎ কুর্য্যাৎ এব ॥৫১

প্রথমম্ একঃ অসহায়ঃ তপস্বী তপোনিষ্ঠঃ এব আসম্; অথ অনন্তরম্ অম্ভসি যঃ মৎস্যস্য সঙ্গঃ মৈথুনাদি-ক্রীড়াদর্শন-প্রসঙ্গঃ তস্মাৎ পঞ্চাশৎ আসং, পঞ্চাশৎ ভার্য্যা-বিবাহিতাভিঃ সহ একদা সম্বন্ধায় তাবৎ শরীর-বিশিষ্টঃ তথা সুতৈঃ পঞ্চ-সহস্রসর্গঃ অভবম্। অতঃ মায়াগুণৈঃ রজআদিগুণৈঃ

মৈথুনরত মৎস্যের সঙ্গহেতু চিরকালের সঞ্চিত তপস্যা বিসর্জন দিয়াছি।৫০

মুক্তিকামী পুরুষ সর্বতোভাবে মৈথুনাসক্তগণের সঙ্গ ত্যাগ করিবেন, ইন্দ্রিয়সমূহকে বাহ্যবিষয়ে লিপ্ত করিবেন না, সর্বদা একাকী নির্জনে বিচরণ করিয়া মনকে অনন্ত পরমেশ্বরে নিযুক্ত করিবেন, আর যদি সঙ্গ করিতে হয়, তাহা হইলে যাঁহারা ভগবানের প্রীতির জন্যই ধর্মাচরণ করেন, সেরূপ সাধুগণেরই সঙ্গ করিবেন।৫১

আমি জলমধ্যে একাকী তপস্যায় রত ছিলাম, পরে মৎস্যের সঙ্গহেতু পঞ্চাশটি ভার্যার সম্বন্ধে আসিয়া পঞ্চাশ হইলাম, ইহার পর প্রত্যেকের গর্ভে শত পুত্রের জন্মদান করিয়া এখন পঞ্চাশ সহস্র

নান্তং ব্রজাম্যুভয়কৃত্যমনোরথানাং
মায়াগুণৈর্হৃতমতির্বিষয়েঽর্থভাবঃ ॥৫২

এবং বসন্ গৃহে কালং বিরক্তো ন্যাসমাস্থিতঃ।
বনং জগামানুযযুস্তৎপত্ন্যঃ পতিদেবতাঃ ॥৫৩

তত্র তপ্ত্বা তপস্তীব্রমাত্মদর্শনমাত্মবিৎ।
সহৈবাগ্নিভিরাত্মানং যুযোজ পরমাত্মনি ॥৫৪

হৃতা মতিঃ বুদ্ধিঃ যস্য তাদৃশঃ, বিষয়ে অর্থভাবঃ পুরুষার্থ-বুদ্ধিঃ, অহম্ উভয়কৃত্যমনোরথানাম্ (উভয়কৃত্যানি স্ত্রীপুংস-কর্ম্মাণি তদ্বিষয়াণাং মনোরথানাম্) অন্তং ন ব্রজামি ॥৫২

এবং বহুকালং গৃহে বসন্ তত্র বিরক্তঃ সন্ ন্যাসম্ আস্থিতঃ কামকর্ম্মাদিত্যাগং কৃত্বা তপঃ কর্ত্তুং বনং জগাম। তথা পতিদেবতাঃ পতিব্রতাঃ তস্য পত্ন্যঃ অপি তং পতিম্ অনুযযুঃ অনুজগ্মুঃ ॥৫৩

তত্র বনে সঃ আত্মবান্ সৌভরিঃ তীক্ষ্ণং তীব্রম্ অতএব আত্মকর্ষণং শরীর-কার্শ্যকরং তপঃ তপ্ত্বা কৃত্বা আহবনীয়াদিভিঃ অগ্নিভিঃ সহ প্রত্যগাত্মানং পরমাত্মনি যুযোজ লীনং কৃতবান্; মুক্তিম্ অবাপ ॥৫৫

হইয়াছি। এ অবস্থায়ও আমি ঐহিক ও পারলৌকিক কর্মবিষয়ক বাসনাসমূহের অন্ত পাইতেছি না। মায়িক গুণসমূহ আমার চিত্তকে হরণ করায় আমি মায়িক বিষয়রাশিকেই পুরুষার্থ জ্ঞান করিতেছি।৫২

এইরূপে তিনি কিয়ৎকাল গৃহবাসের পর বিরক্ত হইয়া বানপ্রস্থ ধর্ম অবলম্বনপূর্বক বনগমন করিলেন এবং তৎকালে পতিব্রতা পত্নীগণও তাঁহার অনুগমন করিয়াছিলেন।৫৩

আত্মজ্ঞ ঋষি সেই বনমধ্যে আত্মদর্শনের উপযোগী তীব্র তপস্যার অনুষ্ঠান করিয়া পশ্চাৎ গার্হপত্যাদি অগ্নিত্রয়ের সহিত আত্মাকে পরমাত্মায় যুক্ত করিয়াছিলেন অর্থাৎ ব্রহ্মনির্বাণ লাভ করিয়াছিলেন।৫৪

তাঃ স্বপত্যুর্ম্মহারাজ নিরীক্ষ্যাধ্যাত্মিকীং গতিম্।
অন্বীযুস্তৎপ্রভাবেণ শান্তমগ্নিমিবার্চ্চিষঃ ॥৫৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬.

তাঃ সৌভরিপত্ন্যঃ স্বপত্যুঃ আধ্যাত্মিকীং পরমাত্ম-প্রাপ্তি-রূপাং গতিং মুক্তিং নিরীক্ষ্য তস্য এব তপ-উপাসনাদি-প্রভাবেণ তমেব শান্তং নিরিন্ধনম্ অগ্নিম্ অর্চ্চিষঃ জ্বালাঃ ইব অন্বীয়ুঃ মুক্তাঃ বভূবুঃ ॥৫৫

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ।

হে মহারাজ! তৎকালে তাঁহার পত্নীগণ নিজ পতির এরূপ আধ্যাত্মিকী গতি প্রত্যক্ষ করিয়াছিলেন, অতএব অগ্নি নির্বাপিত হইলে শিখাসমূহ যেরূপ তৎসঙ্গে নির্বাণপ্রাপ্ত হয়, সেরূপ সেই ঋষিপত্নীগণও ঋষিরই প্রভাবে সেই আধ্যাত্মিকী গতির অনুসরণ করিয়াছিলেন।৫৫

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সপ্তমঃ অধ্যায়ঃ

[ত্রিশঙ্কূপাখ্যানং, হরিশ্চন্দ্রচরিতকথনঞ্চ।]

শ্রীশুক উবাচ।
মান্ধাতুঃ পুত্রপ্রবরো যোঽম্বরীষঃ প্রকীর্ত্তিতঃ।
পিতামহেন প্রবৃতো যৌবনাশ্বস্তু তৎসুতঃ।
হারীতস্তস্য পুত্রোঽভূন্মান্ধাতৃপ্রবরা ইমে ॥১

নর্ম্মদা ভ্রাতৃভির্দত্তা পুরুকুৎসায় যোরগৈঃ।
তয়া রসাতলং নীতো ভুজগেন্দ্রপ্রযুক্তয়া ॥২
গন্ধর্ব্বানবধীৎ তত্র বধ্যান্ বৈ বিষ্ণুশক্তিধৃক্।
নাগাল্লব্ধবরঃ সর্পাদভয়ং স্মরতামিদম্ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। মান্ধাতুঃ পুত্রাণাং পুরুকুৎসাদীনাং মধ্যে প্রবরঃ শ্রেষ্ঠঃ যঃ অম্বরীষঃ ইতি প্রকীর্ত্তিতঃ, স পিতামহেন যুবনাশ্বেন তস্য পুত্রতয়া প্রবৃতঃ স্বীকৃতঃ। তৎসুতঃ তস্য যুবনাশ্বস্য হারীতঃ পুত্রঃ অভূৎ। ইমে অম্বরীষ-যুবনাশ্ব-হারীতাঃ মান্ধাতৃ-প্রবরাঃ মান্ধাতৃবংশস্য অবতারোৎকর্ষপ্রবর্ত্তকাঃ ॥১

অন্বয়ঃ

ভ্রাতৃভিঃ উরগৈঃ যা নর্ম্মদা নাগকন্যা পুরুকুৎসায় দত্তা, তথা ভুজগেন্দ্রৈঃ ভ্রাতৃভিঃ প্রযুক্তয়া তয়া এব সঃ রসাতলং নাগালয়ং নীতঃ ॥২

অতঃ তত্র রসাতলে বধ্যান্ নাগরিত্বেন দুষ্টত্বেন চ বধার্হান্ গন্ধর্বান্ সঃ বিষ্ণুশক্তিধৃক্ ভগবদাহিতবলঃ পুরুকুৎসঃ

সপ্তম অধ্যায়

[ত্রিশঙ্কুর উপাখ্যান ও হরিশ্চন্দ্রচরিত কথন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! আমি পূর্ব্বে মান্ধাতার পুত্রশ্রেষ্ঠ যে অম্বরীষের কথা বলিয়াছি, পিতামহ যুবনাশ্ব তাঁহাকে পুত্ররূপে গ্রহণ করিয়াছিলেন। এই অম্বরীষের পুত্র যৌবনাশ্ব এবং যৌবনাশ্বের পুত্র হারীত। মান্ধাতার গোত্রমধ্যে এই তিনজন প্রধান।১

ভ্রাতা সর্পগণ ভগিনী নর্মদাকে পুরুকুৎসের হস্তে সম্প্রদান করিলে নর্মদা পুরুকুৎসকে নাগরাজের

ত্রসদ্দস্যুঃ পৌরকুৎসো যোঽনরণ্যস্য দেহকৃৎ।
হর্য্যশ্বস্তৎসুতস্তস্মাৎ প্রারুণোঽথ ত্রিবন্ধনঃ ॥৪
তস্য সত্যব্রতঃ পুত্রস্ত্রিশঙ্কুরিতি বিশ্রুতঃ।
প্রাপ্তশ্চাণ্ডালতাং শাপাদ্ গুরোঃ কৌশিকতেজসা ॥৫
সশরীরো গতঃ স্বর্গমদ্যাপি দিবি দৃশ্যতে।
পাতিতোঽবাক্‌শিরা দেবৈস্তেনৈব স্তম্ভিতো বলাৎ ॥৬

ত্রৈশঙ্কবো হরিশ্চন্দ্রো বিশ্বামিত্র-বশিষ্ঠয়োঃ।
যন্নিমিত্তমভূদ্ যুদ্ধং পক্ষিণোর্বহুবার্ষিকম্ ॥৭
সোঽনপত্যো বিষণ্ণাত্মা নারদস্যোপদেশতঃ।
বরুণং শরণং যাতঃ পুত্রো মে জায়তাং প্রভো ॥৮
যদি বীরো মহারাজ তেনৈব ত্বাং যজে ইতি।
তথেতি বরুণেনাস্য পুত্রো জাতস্তু রোহিতঃ ॥৯

বধীৎ। ততশ্চ নাগাৎ লব্ধবরঃ নর্ম্মদয়া রসাতলে নয়না-খ্যানং স্মরতাং সর্পাৎ অভয়ং স্যাৎ ইতি নাগাৎ লব্ধবরঃ ভূব ॥৩

পুরুকুৎসস্য অপত্যং ত্রসদ্দস্যুঃ অভূৎ। সঃ অনরণ্যস্য দেহকৃৎ পিতা। তস্য সুতঃ হর্য্যশ্বঃ; তস্মাৎ প্রারুণঃ জজ্ঞে; প্রারুণাৎ ত্রিবন্ধনঃ ॥৪

তস্য পুত্রঃ সত্যব্রতঃ, সঃ এব ত্রিশঙ্কুঃ ইতি বিশ্রুতঃ প্রসিদ্ধঃ। সঃ চ গুরোঃ বশিষ্ঠস্য শাপাৎ চাণ্ডালত্বং প্রাপ্তঃ, পুনঃ চ কৌশিকস্য বিশ্বামিত্রস্য তেজসা তপঃপ্রভাবেণ সশরীরঃ এব স্বর্গং গতঃ। সঃ তত্রত্যৈঃ দেবৈঃ অবাক্‌শিরাঃ পাতিতঃ। এবং তথা পত্যমানঃ পুনঃ তেন কৌশিকেন বলাৎ স্তম্ভিতঃ ॥৫-৬

ত্রৈশঙ্কবঃ ত্রিশঙ্কুপুত্রঃ হরিশ্চন্দ্রঃ অভূৎ। যস্য হরিশ্চন্দ্রস্য নিমিত্তং পক্ষিণোঃ পক্ষিত্বপ্রাপ্তয়োঃ বিশ্বামিত্র-বশিষ্ঠয়োঃ বহু-বার্ষিকং বহুবর্ষপর্য্যন্তং যুদ্ধম্ অভূৎ ॥৭

হরিশ্চন্দ্রঃ অনপত্যঃ পুত্ররহিতঃ, অতঃ বিষণ্ণঃ দুঃখিতঃ আত্মা মনঃ যস্য সঃ নারদস্য উপদেশতঃ বরুণং শরণং গতঃ। তথা আহ—হে প্রভো! মে পুত্রঃ যথা জায়তাং, তথা অনু-গৃহাণ ॥৮

হে মহারাজ! তথাপি যদি মে বীরঃ পুত্রঃ জায়েত, তর্হি তেনৈব পুরুষ-পশুনা ত্বাং যজে যজামি। ততঃ তথা অস্তু ইতি উক্তবতা বরুণেন অস্য হরিশ্চন্দ্রস্য রোহিতঃ তদাখ্যঃ পুত্রঃ জাতঃ ॥৯

প্রেরণায় পাতালে লইয়া যান। পুরুকুৎস সেখানে বিষ্ণুর শক্তি ধারণ করিয়া বধযোগ্য অনেক গন্ধর্বের প্রাণ বিনাশ করিলে নাগরাজ তাঁহাকে বর দান করেন যে—পুরুকুৎসের চরিত স্মরণ করিলে কাহারও সর্প হইতে ভয় থাকিবে না।২-৩

পুরুকুৎসের পুত্র ত্রসদ্দস্যু, ইনি অনরণ্যের জনক, অনরণ্যের পুত্র হর্যশ্ব, হর্যশ্বের পুত্র প্রারুণ এবং প্রারুণের পুত্র ত্রিবন্ধন।৪

ত্রিবন্ধনের পুত্র সত্যব্রত, ইনি পরে ত্রিশঙ্কু নামে বিখ্যাত হন। ক্রুদ্ধ পিতার অভিশাপে ইনি চণ্ডালত্ব প্রাপ্ত হইলে বিশ্বামিত্রের প্রভাবে সশরীরে স্বর্গে গমন করেন। এখনও ইহাকে আকাশে দেখা যায়। দেবতাগণ তাঁহাকে নীচের দিকে মাথা করিয়া স্বর্গ হইতে ফেলিয়া দিলে বিশ্বামিত্রই তাঁহাকে নিজ-শক্তিবলে আকাশে স্তম্ভিত করিয়া রাখিয়াছিলেন।৪-৫

ত্রিশঙ্কুর পুত্র হরিশ্চন্দ্র, এই হরিশ্চন্দ্রের জন্যই পক্ষিরূপধারী বশিষ্ঠ ও বিশ্বামিত্রের বহু বৎসর যুদ্ধ হইয়াছিল (বিশ্বামিত্র রাজসূয়যজ্ঞের দক্ষিণা-চ্ছলে হরিশ্চন্দ্রের সর্বস্ব হরণ করিলে বশিষ্ঠ ক্রুদ্ধ হইয়া বিশ্বামিত্রকে—'তুমি আড়ী পক্ষী হও' এরূপ শাপ দিলে তিনিও বশিষ্ঠকে শাপ দেন—তুমি বক পক্ষী হও। পরে আড়ী ও বকরূপী উভয়ের বহুকাল যুদ্ধ হয়)।৬-৭

সন্তানহীন বিষণ্ণচিত্ত রাজা হরিশ্চন্দ্র শ্রীনারদ-মুনির উপদেশে বরুণের শরণাগত হইয়া বলিলেন—'হে প্রভো! আপনার অনুগ্রহে আমার পুত্র হউক। যদি আমার বীর পুত্র হয়, তাহা হইলে তাহাকেই পশুরূপেই উৎসর্গ করিয়া আপনার যাগ করিব'। বরুণ বলিলেন—'তথাস্তু'। ইহার পরই হরিশ্চন্দ্রের রোহিতনামক পুত্রের জন্ম হয়।৮-৯

জাতঃ সুতো হ্যনেনাঙ্গ মাং যজস্বেতি সোঽব্রবীৎ।
যদা পশুর্নির্দ্দশঃ স্যাদথ মেধ্যো ভবেদিতি ॥১০
নির্দ্দশে চ স আগত্য যজস্বেত্যাহ সোঽব্রবীৎ।
দন্তাঃ পশোর্যজ্জায়েরন্নথ মেধ্যো ভবেদিতি ॥১১
দন্তা জাতা যজস্বেতি স প্রত্যাহাথ সোঽব্রবীৎ।
যদা পতন্ত্যস্য দন্তা অথ মেধ্যো ভবেদিতি ॥১২

তদাহি বরুণঃ—তব পুত্রঃ জাতঃ। হে অঙ্গ! অনেন মাং যজস্ব ইতি অব্রবীৎ। তদা স হরিশ্চন্দ্রঃ অপি যদা পশুঃ পুত্রঃ নির্দশঃ নির্গত-দশদিনঃ স্যাৎ, অথ তদনন্তরং মেধ্যঃ পবিত্রঃ যাগযোগ্যঃ ভবেৎ ইতি অব্রবীৎ ॥১০

ততঃ নির্দশে দশসু অহঃসু ব্যতীতেষু সৎসু পুনঃ আগত্য বরুণঃ যজস্ব ইতি আহ। অথ অনন্তরং সঃ হরিশ্চন্দ্রঃ আহ যৎ যদা পশোঃ দন্তাঃ জায়েরন্, তদা মেধ্যঃ ভবেৎ ইতি ॥১১

ততশ্চ যদা দন্তাঃ জাতাঃ, তদা স বরুণঃ আগত্য যজস্ব ইতি রাজানং প্রত্যাহ। অথ হরিশ্চন্দ্রঃ আহ যদা অস্য পুরুষপশোঃ প্রথমজাতাঃ দন্তাঃ পতন্তি, অথ তদা মেধ্যঃ ভবেৎ ইতি অব্রবীৎ ॥১২

তখন বরুণদেব বলিলেন—হে রাজন্! তোমার পুত্র হইয়াছে, ইহাদ্বারা আমার যজ্ঞ কর। হরিশ্চন্দ্র বলিলেন—পশুর দশদিন অতীত হইলে সে যজ্ঞের যোগ্য হয়।১০

দশদিন পর বরুণদেব আসিয়া পুনরায় বলিলেন—হে রাজন্! এখন যজ্ঞ কর। তখন হরিশ্চন্দ্র বলিলেন—পশুর দন্ত উৎপন্ন হইলেই সে যজ্ঞের যোগ্য হয়।১১

দন্ত উৎপন্ন হইলে বরুণদেব বলিলেন—এখন যজ্ঞ কর। হরিশ্চন্দ্র বলিলেন—এই দন্তগুলির যখন পতন হইবে, তখনই যজ্ঞের যোগ্য হইবে।১২

ইহার পর দন্তসমূহের পতন হইলে বরুণ আবার বলিলেন—এখন যজ্ঞ কর। হরিশ্চন্দ্র বলিলেন—যখন পশুর দন্তপতনের পর পুনরায় দন্ত উৎপন্ন হয়, তখনই পশু শুদ্ধ হয়।১৩

পশোর্নিপতিতা দন্তা যজস্বেত্যাহ সোঽব্রবীৎ।
যদা পশোঃ পুনর্দন্তা জায়ন্তেঽথ পশুঃ শুচিঃ ॥১৩
পুনর্জাতা যজস্বেতি স প্রত্যাহাথ সোঽব্রবীৎ।
সান্নাহিকো যদা রাজন্ রাজন্যোঽথ পশুঃ শুচিঃ ॥১৪
ইতি পুত্রানুরাগেণ স্নেহযন্ত্রিতচেতসা।
কালং বঞ্চয়তা তং তমুক্তো দেবস্তমৈক্ষত ॥১৫

দন্তেষু পতিতেষু সৎসু পুনঃ বরুণঃ আগত্য পুরুষপশোঃ মে দন্তাঃ পতিতাঃ, অতঃ মাং যজস্ব ইতি আহ। সঃ হরিশ্চন্দ্রঃ যদা পশোঃ পুনঃ দন্তাঃ জায়ন্তে, অথ তদা পশুঃ শুচিঃ ভবতি ইতি অব্রবীৎ। পুনঃ দন্তেষু জাতেষু সঃ বরুণঃ আগত্য রাজানং প্রতি পুনঃ দন্তাঃ জাতাঃ, অতঃ মাং যজস্ব ইত্যাহ। তদা পুনঃ সঃ হরিশ্চন্দ্রঃ—হে রাজন্! রাজন্যঃ পুরুষপশুঃ যদা সান্নাহিকঃ কবচবন্ধনার্হঃ যুদ্ধযোগ্যঃ ভবেৎ, তদা শুচিঃ যাগার্হঃ ভবেৎ ইত্যব্রবীৎ ॥১৩-১৪

পুত্রে অনুরাগঃ প্রেম যস্য তেন অতঃ স্নেহেন যন্ত্রিতঃ বশীকৃতঃ চেতঃ যস্য তেন হরিশ্চন্দ্রেণ তং তং নির্দশাদিরূপং কালং বঞ্চয়তা এবম্ উক্তঃ প্রার্থিতঃ দেবঃ বরুণঃ তং তং কালং প্রত্যৈক্ষত ॥১৫

ইহার পর পুনরায় দন্তসমূহ উৎপন্ন হইলে বরুণ আসিয়া বলিলেন—এখন পুনরায় দন্তের উৎপত্তি হইয়াছে, অতএব যজ্ঞ কর। তখন হরিশ্চন্দ্র বলিলেন—হে বরুণরাজ! ক্ষত্রিয় পশু বর্মপরিধানের যোগ্য হইলেই পবিত্র হয়।১৪

পুত্রের প্রতি বাৎসল্যহেতু স্নেহাবদ্ধচিত্ত রাজা হরিশ্চন্দ্র বঞ্চনা করিয়া যে যে সময়ের কথা বলিয়াছিলেন, বরুণদেব সেই সেই সময়েরই প্রতীক্ষা করিয়াছিলেন।১৫

রোহিতস্তদভিজ্ঞায় পিতুঃ কর্ম্ম চিকীর্ষিতম্ ।
প্রাণপ্রেপ্সুর্ধনুষ্পাণিররণ্যং প্রত্যপদ্যত ॥১৬
পিতরং বরুণগ্রস্তং শ্রুত্বা জাতমহোদরম্ ।
রোহিতো গ্রামমেয়ায় তমিন্দ্রঃ প্রত্যষেধত ॥১৭
ভূমেঃ পর্য্যটনং পুণ্যং তীর্থক্ষেত্রনিষেবণৈঃ ।
রোহিতায়া দিশচ্ছক্রঃ সোঽপ্যরণ্যেঽবসৎ সমাম্ ॥১৮
এবং দ্বিতীয়ে তৃতীয়ে চতুর্থে পঞ্চমে তথা ।
অভ্যেত্যাভ্যেত্য স্থবিরো বিপ্রো ভূত্বাহ বৃত্রহা ॥১৯
ষষ্ঠং সংবৎসরং তত্র চরিত্বা রোহিতঃ পুরীম্ ।
উপব্রজন্নজীগর্ত্তাদক্রীণান্মধ্যমং সুতম্ ॥২০
শুনঃশেফং পশুং পিত্রে প্রদায় সমবন্দত ।
ততঃ পুরুষমেধেন হরিশ্চন্দ্রো মহাযশাঃ ॥২১
মুক্তোদরোঽযজদ্দেবান্ বরুণাদীন্ মহৎকথঃ ।
বিশ্বামিত্রোঽভবত্তস্মিন্ হোতা চাধ্বর্য্যুরাত্মবান্ ॥২২
জমদগ্নিরভূদ্ ব্রহ্মা বসিষ্ঠোঽয়াস্যঃ সামগঃ ।
তস্মৈ তুষ্টো দদাবিন্দ্রঃ শাতকৌম্ভময়ং রথম্ ॥২৩

কিঞ্চ রোহিতঃ পিতুঃ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং তৎ (আত্মনা বরুণ-যজনরূপং কর্ম্ম অভিজ্ঞায়) প্রাণ-প্রেপ্সুঃ জিজীবিষুঃ ধনুষ্পাণিঃ অরণ্যং প্রতি অপদ্যত জগাম ॥১৬

তস্মিন্ বনং গতে সতি কুপিতঃ বরুণঃ হরিশ্চন্দ্রং জগ্রাহ (রাজ্ঞঃ উদরে জলোদরাখ্যঃ রোগবিশেষঃ জাতঃ) তথাভূতং পিতরং শ্রুত্বা রোহিতঃ গ্রামম্ এয়ায় আগন্তুম্ উদ্যতঃ জাতঃ। তদা ইন্দ্রঃ তং প্রত্যষেধত গৃহং মা গাঃ ইতি উক্তবান্ ॥১৭

তীর্থানাং ক্ষেত্রাণাং নিষেবণৈঃ ভূমেঃ পর্য্যটনম্ এব পুণ্যম্ ইতি শক্রঃ ইন্দ্রঃ রোহিতায় আদিশৎ। তদা রোহিতঃ অপি অরণ্যে সমাম্ একবর্ষম্ অবসৎ ॥১৮

এবম্ এব দ্বিতীয়ে তৃতীয়ে চতুর্থে পঞ্চমে বর্ষেষু স্থবিরঃ বৃদ্ধঃ বিপ্রঃ ভূত্বা বৃত্রহা ইন্দ্রঃ অভ্যেত্য আগত্য গ্রামং মা গাঃ তীর্থ-পর্য্যটনং কুরু ইতি রোহিতায় আহ ॥১৯

ততঃ চ রোহিতঃ ষষ্ঠং সংবৎসরং বনে চরিত্বা পুরীম্ উপব্রজন্ আগচ্ছন্ ভার্গববংশজাতম্ অজীগর্ত্তাৎ তস্য মধ্যমং সুতং শুনঃশেফাখ্যম্ অক্রীণাৎ ॥২০

তথা তং শুনঃশেফং পশুং পিত্রে প্রদায় স্বপ্রতিনিধিতয়া সমর্প্য সমবন্দত প্রণনাম। ততঃ মহাযশাঃ হরিশ্চন্দ্রঃ পুরুষমেধেন বরুণাদীন্ দেবান্ অযজৎ। ততঃ মুক্তং বরুণেন ত্যক্তম্ উদরং যস্য তথা মহৎ যশঃ যস্য সঃ মহৎসু কথা যস্য সঃ তথা বভূব।

তস্মিন্ নরমেধে বিশ্বামিত্রঃ হোতা অভবৎ। আত্মবান্ আত্মজ্ঞঃ জমদগ্নিঃ অধ্বর্য্যুঃ অভূৎ। বশিষ্ঠঃ ব্রহ্মা অভূৎ। অয়াস্যাখ্যঃ মুনিঃ

অনন্তর রোহিতাশ্ব পিতার অভীপ্সিত কর্ম অর্থাৎ তাহার দ্বারা বরুণের যজ্ঞ করিবেন—জানিতে পারিয়া প্রাণরক্ষার জন্য ধনুর্ধারী হইয়া বনে প্রবেশ করিলেন ।১৬

ইহার পর রোহিত পিতাকে বরুণকর্তৃক গ্রস্ত অতএব জলোদর রোগে আক্রান্ত জানিয়া বন হইতে গ্রামে আসিবার উদ্যোগ করিলে ইন্দ্র তাঁহাকে বারণ করিলেন ।১৭

ইন্দ্র বলিলেন—বিবিধ তীর্থক্ষেত্রের সেবা করিয়া পৃথিবী পর্যটন করা পুণ্য কার্য্য। অতএব তুমি তাহাই কর। তখন রোহিত এক বৎসর বনেই বাস করিলেন ।১৮

এইরূপ দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম প্রতি বর্ষেই ইন্দ্র বৃদ্ধ ব্রাহ্মণের বেশে উপস্থিত হইয়া তাঁহাকে গ্রাম গমনে নিষেধ করিয়াছিলেন ।১৯

এইরূপে রোহিত ষষ্ঠ বর্ষও বনে বিচরণ করিয়া পরে নিজ পুরীতে আসিবার সময় পুরীর নিকটস্থ হইয়া অজীগর্তের নিকট হইতে তাহার মধ্যম শুনঃশেফকে ক্রয় করিয়া আনিলেন এবং যজ্ঞীয় পশুরূপে পিতার নিকট উহাকে অর্পণ করিয়া পিতাকে প্রণাম করিয়াছিলেন ।২০

অনন্তর মহাযশাঃ হরিশ্চন্দ্র নরমেধদ্বারা বরুণাদি দেবতাগণের যজ্ঞ করিয়া জলোদর রোগ হইতে মুক্ত হন। মহাজনগণের মধ্যে রাজা হরিশ্চন্দ্রের কথা প্রসিদ্ধ ।২১

রাজা হরিশ্চন্দ্রের যজ্ঞে বিশ্বামিত্র হোতা, জিতেন্দ্রিয় জমদগ্নি ঋষি অধ্বর্য্যু, বশিষ্ঠ ব্রহ্মা এবং অয়াস্যমুনি উদ্গাতা অর্থাৎ সামগানকারী

শুনঃশেফস্য মাহাত্ম্যমুপরিষ্টাৎ প্রবক্ষ্যতে ।
সত্যং সারং ধৃতিং দৃষ্ট্বা সভার্য্যস্য স ভূপতেঃ ॥২৪
বিশ্বামিত্রো ভৃশং প্রীতো দদাববিহতাং গতিম্ ।
মনঃ পৃথিব্যাং তামদ্ভিস্তেজসাপোঽনিলেন তৎ ॥২৫
খে বায়ুং ধারয়ংস্তচ্চ ভূতাদৌ তং মহাত্মনি ।
তস্মিন্ জ্ঞানকলাং ধ্যাত্বা তয়াজ্ঞানং বিনির্দ্দহন্ ॥২৬
হিত্বা তাং স্বেন ভাবেন নির্ব্বাণসুখসংবিদা ।
অনির্দ্দেশ্যাপ্রতর্ক্যেণ তস্থৌ বিধ্বস্তবন্ধনঃ ॥২৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
সপ্তমোঽধ্যায়ঃ ॥৭

সামগঃ উদ্গাতা অভূৎ এবং পুরুষমেধেন তুষ্টঃ ইন্দ্রঃ তস্মৈ হরিশ্চন্দ্রায় শাতকৌম্ভময়ং সুবর্ণ-বিরচিতং রথং দদৌ ॥২১-২৩

শুনঃশেফস্য মাহাত্ম্যম্ উপরিষ্টাৎ বিশ্বামিত্র-সুতাখ্যান-প্রসঙ্গে প্রবক্ষ্যতে। (হৃত-সর্ব্বস্বস্যাপি) সভার্য্যস্য ভূপতেঃ হরিশ্চন্দ্রস্য সত্যং সত্যপ্রতিজ্ঞত্বম্ এব সারঃ বলং যস্যাঃ তাং ধৃতিং দৃষ্ট্বা বিশ্বামিত্রঃ ভৃশম্ অতিশয়েন প্রীতঃ সন্ তস্মৈ অবিহতাং পরমার্থবিষয়াং গতিং জ্ঞানং দদৌ । (তাং গতিং স্পষ্টয়তি) সংসার-মূলং মনঃ অন্নশব্দবাচ্যায়াং পৃথিব্যাং একীকুর্ব্বন্ তাং পৃথিবীম্ অদ্ভিঃ তৎকারণ-ভূতাভিঃ সহ, তাঃ অপঃ তেজসা একীকুর্ব্বন্, তৎ তেজঃ অনিলেন, তং বায়ুং খে আকাশে ধারয়ন্ তং চ খং ভূতাদৌ তামসাহঙ্কারে ধারয়ন্ তম্ অহঙ্কারং মহাত্মনি মহত্তত্ত্বে ধারয়ন্, তস্মিন্ মহত্তত্ত্বাত্মকে চিত্তে জ্ঞানকলাং বিত্ত্বাত্মক-ভগবদংশম্ আত্মানং ধ্যাত্বা প্রকৃতি-কার্য্য-বিবিক্তাধ্যান-রূপয়া আত্মাবরকম্ অজ্ঞানং বিনির্দ্দহন্ নিরবশেষং নিরসন্, তাম্ অপি ধ্যনাত্মিকাং বৃত্তিং হিত্বা বিধ্বস্তবন্ধনঃ দেহেন্দ্রিয়াদৌ আত্মাধ্যাসরহিতঃ, অনির্দ্দেশ্যেন অপ্রতর্ক্যেণ, মনসা তর্কাগোচরেণ নির্ব্বাণ-সুখ-সংবিদা সদানন্দ-চিদাত্মনা স্বেন ভাবেন পরমার্থনিজস্বরূপেণ তস্থৌ জীবন্মুক্তঃ বভূব ॥২৪-২৭

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ।

হইয়াছিলেন ।২২

দেবরাজ ইন্দ্র এই যজ্ঞে সন্তুষ্ট হইয়া রাজা হরিশ্চন্দ্রকে একটি স্বর্ণময় রথ প্রদান করেন। শুনঃশেফের মাহাত্ম্য পরে বলা হইবে ।২৩

মহর্ষি বিশ্বামিত্র পত্নীসহ রাজা হরিশ্চন্দ্রের সত্যবলাশ্রিত ধৈর্যদর্শনে অতিশয় সন্তুষ্ট হইয়া তাঁহাকে অবাধ জ্ঞান প্রদান করিয়াছিলেন ।২৪

এই জ্ঞানলাভের ফলে রাজা হরিশ্চন্দ্র মনকে পৃথিবীতে ধারণ অর্থাৎ তাহার সহিত এক করিয়া, পৃথিবীকে জলের সহিত, জলকে তেজের সহিত, তেজকে বায়ুর সহিত, বায়ুকে আকাশের সহিত, আকাশকে অহঙ্কারের সহিত এবং অহঙ্কারকে মহত্তত্ত্বের সহিত এক করিয়া তন্মধ্যে জ্ঞানকলা অর্থাৎ জ্ঞানের অংশমাত্রের ধ্যান করিয়াছিলেন অর্থাৎ জ্ঞানের ঐ অংশকেই আত্মরূপে চিন্তা করিয়াছিলেন। অনন্তর সেই আত্মাকারে প্রকাশিত ধ্যানের বৃত্তিদ্বারা অজ্ঞানকে সম্পূর্ণরূপে দগ্ধ করিয়া নির্বাণসুখানুভূতিদ্বারা সেই জ্ঞানাংশেরও পরিহার-পূর্বক বন্ধনমুক্ত হইয়া অনির্দেশ্য ও অচিন্তনীয় স্ব-স্বরূপে প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন ।২৫-২৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
সপ্তম অধ্যায় সমাপ্ত।

অষ্টমঃ অধ্যায়ঃ

[সগরচরিতবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।

হরিতো রোহিতসুতশ্চম্পস্তস্মাদ্ বিনির্ম্মিতা।
চম্পা পুরী সুদেবোঽতো বিজয়ো যস্য চাত্মজঃ ॥১
ভরুকস্তৎসুতস্তস্মাদ্ বৃকস্তস্যাপি বাহুকঃ।
সোঽরিভির্হৃতভূ রাজা সভার্য্যো বনমাবিশৎ ॥২
বৃদ্ধং তং পঞ্চতাং প্রাপ্তং মহিষ্যনুমরিষ্যতী।
ঔর্ব্বেণ জানতাত্মানং প্রজাবন্তং নিবারিতা ॥৩
আজ্ঞায়াস্যৈ সপত্নীভির্গরো দত্তোঽন্ধসা সহ।
সহ তেনৈব সঞ্জাতঃ সগরাখ্যো মহাযশাঃ।
সগরশ্চক্রবর্ত্ত্যাসীৎ সাগরো যৎসুতৈঃ কৃতঃ ॥৪
যস্তালজঙ্ঘান্ যবনান্ শকান্ হৈহয়বর্ব্বরান্।
নাবধীদ্ গুরুবাক্যেন চক্রে বিকৃতবেশিনঃ ॥৫
মুণ্ডান্ শ্মশ্রুধরান্ কাংশ্চিন্মুক্তকেশার্দ্ধমুণ্ডিতান্।
অনন্তর্বাসসঃ কাংশ্চিদবহির্বাসসোঽপরান্ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুক উবাচ। রোহিতস্য সুতঃ হরিতঃ, তস্মাৎ চম্পঃ জাতঃ, যেন চম্পেন চম্পাপুরী বিনির্ম্মিতা। ততঃ চম্পাৎ সুদেবঃ জাতঃ; যস্য সুদেবস্য আত্মজঃ বিজয়ঃ জাতঃ ॥১

তস্য সুতঃ ভরুকঃ, তস্মাৎ বৃকঃ, তস্যাপি বাহুকঃ পুত্রঃ জাতঃ; সঃ রাজা বাহুকঃ অরিভিঃ হৃতাঃ ভূঃ যস্য তথাভূতঃ সন্ সভার্য্যঃ বনম্ আবিশৎ ॥২

তং বৃদ্ধং পঞ্চতাং মরণং প্রাপ্তং বাহুকং তৎপত্নী অনুমরিষ্যতী অনুসরণং কর্ত্তুম্ উদ্যতা সতী আত্মানং তদ্দেহং প্রজাবন্তং সগর্ভং জানতা ঔর্বেণ ঋষিণা মরণাৎ নিবারিতা ॥৩

অথ অন্তর্বত্নীং তাম্ আজ্ঞায় তৎসপত্নীভিঃ অমর্ষেণ অসহিষ্ণুতয়া অন্ধসা অন্নেন সহ অস্যৈ গরঃ বিষঃ দত্তঃ। তেন গরেণ সহ এব মহযশাঃ সগরাখ্যঃ পুত্রঃ জাতঃ। সঃ চ সগরঃ চক্রবর্ত্তী সপ্তদ্বীপাধিপতিঃ আসীৎ; যস্য সুতৈঃ সাগরঃ সমুদ্রঃ কৃতঃ খনিতঃ ॥৪

যঃ সগরঃ তাল-জঙ্ঘান্ যবনান্ হৈহয়-বর্ব্বরান্ তৎ-সংজ্ঞান্ ক্ষত্রিয়ান্ গুরোঃ ঔর্ব্বস্য বাক্যেন ন অবধীৎ, অপি তু বিকৃতবেশিনঃ চক্রে ॥৫

কাংশ্চিৎ মুণ্ডিতান্, কাংশ্চিৎ শ্মশ্রুধরান্, কাংশ্চিৎ মুক্ত-

অষ্টম অধ্যায়।

[সগরচরিতবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রোহিতের পুত্রের নাম হরিত, হরিতের পুত্র চম্প, এই চম্পই চম্পানগরী প্রতিষ্ঠা করেন। চম্পের পুত্র সুদেব এবং সুদেবের পুত্র বিজয়।১

বিজয়ের পুত্র ভরুক, তাঁহার পুত্র বৃক এবং বৃকের পুত্র বাহুক। শত্রুগণ রাজ্য হরণ করিলে বাহুক নিজ ভার্য্যার সহিত বনে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন।২

রাজা বাহুক বৃদ্ধ বয়সে দেহত্যাগ করিলে তাঁহার মহিষী সহমরণের ইচ্ছা করায় মহর্ষি ঔর্ব তাঁহাকে গর্ভবতী জানিয়া সহমরণ হইতে নিবৃত্ত করিলেন।৩

এই মহিষীর সপত্নীগণ গর্ভের কথা জানিতে পারিয়া তাঁহাকে অন্নের সহিত গর (বিষ) প্রদান করেন। সেই গর অর্থাৎ বিষের সহিতই পুত্র ভূমিষ্ঠ হইয়া সগর নামে প্রসিদ্ধ হন। সগর মহাযশস্বী সার্বভৌম রাজা ছিলেন এবং তাঁহার পুত্রগণই সাগরের সৃষ্টি করেন।৪

এই সগর রাজা নিজ গুরু ঔর্বের নির্দেশ বাক্যানুসারে তালজঙ্ঘ, যবন, শক, হৈহয় ও বর্বরগণকে বধ না করিয়া বিকৃতবেশধারী করিয়াছিলেন।৫

তিনি উহাদের মধ্যে কোন জাতিকে মুণ্ডিতমস্তক অথচ শ্মশ্রুধারী, কোন জাতিকে মুক্তকেশ অথচ

সোহশ্বমেধৈরযজ[illegible] সর্ব্বপারিষ্টাৎ প্র[illegible]তে।
ঔর্ব্বোপদিষ্টযোগেন হ[illegible]। সভার্য্যস্য স[illegible]
তস্যোৎসৃষ্টং পশুং যজ্ঞে জহারাশ্বং পুরন্দরঃ ॥৭

সুমত্যাস্তনয়া দৃপ্তাঃ পিতুরাদেশকারিণঃ।
হয়মন্বেষমাণাস্তে সমন্তান্ন্যখনন্মহীম্ ॥৮

প্রাগুদীচ্যাং দিশি হয়ং দদৃশুঃ কপিলান্তিকে।
এষ বাজিহরশ্চৌর আস্তে মীলিতলোচনঃ ॥৯

কেশান্, কাংশ্চিৎ অর্দ্ধমুণ্ডিতান্, কাংশ্চিৎ অনন্তর্বাসসঃ (ন বিদ্যন্তে অন্তর্বাসঃ অন্তরীয়ং বস্ত্রং যেষাং তান্), অপরান্ ন বিদ্যতে বহির্বাসঃ পরিধানীয়ং বস্ত্রং যেষাং তান্ তথা ভূতান্ চক্রে ॥৬

সঃ চ সগরঃ ঔর্ব্বেণ উপদিষ্টঃ যো যোগঃ প্রকারঃ তেন অশ্বমেধৈঃ হরিং সর্ব্ববেদাঃ সুরাঃ চ তদাত্মকম্ ঈশ্বরং ভগবন্তম্ অযজত আরাধয়ামাস। তস্য সগরস্য যজ্ঞে উৎসৃষ্টং মুক্তং পশুম্ অশ্বং পুরন্দরঃ ইন্দ্রঃ জহার হৃতবান্ ॥৭

সগরস্য দ্বে ভার্য্যে সুমতিঃ কেশিনী চ। তত্র সুমত্যাঃ তনয়াঃ বলেন দৃপ্তাঃ পিতুঃ আদেশকারিণঃ হয়ম্ অন্বেষমাণাঃ

অর্ধমুণ্ডিত, কোন জাতিকে কেবলমাত্র বহির্বাসধারী এবং কোন জাতিকে বহির্বাসহীন কেবলমাত্র কৌপীনধারী করিয়াছিলেন।৬

এই সগর ঔর্বঋষির উপদিষ্ট উপায়ানুসারে বহু অশ্বমেধ যজ্ঞদ্বারা সকল বেদ ও সকল দেবতাস্বরূপ পরমাত্মা জগদীশ্বর শ্রীহরির আরাধনা করিয়াছিলেন। দেবরাজ ইন্দ্র তাঁহার যজ্ঞে পশুরূপে উৎসর্গীকৃত একটি অশ্বকে হরণ করিয়া লইয়া যান।৭

(সগরের সুমতি ও কেশিনী নামে দুই ভার্য্যা ছিলেন, তন্মধ্যে) সুমতির পুত্রগণ বলদৃপ্ত বলিয়া পিতার আদেশ পালন করিতে যাইয়া অশ্বের অনুসন্ধান করিতে করিতে পৃথিবীর চারিদিক্ খনন করিয়াছিলেন।৮

অনন্তর তাঁহারা পূর্বোত্তর দিকে মহামুনি কপিলদেবের নিকটে সেই অশ্বটিকে দেখিতে পাইলেন এবং

হন্যতাং হন্যতাং পাপ ইতি ষষ্টিসহস্রিণঃ।
উদায়ুধা অভিযযুরুন্মিমেষ তদা মুনিঃ॥ ১০

স্বশরীরাগ্নিনা তাবন্মহেন্দ্রহৃতচেতসঃ।
মহদ্ব্যতিক্রমহতা ভস্মসাদভবন্ ক্ষণাৎ ॥১১

ন সাধুবাদো মুনিকোপভর্জ্জিতা
নৃপেন্দ্রপুত্রা ইতি সত্ত্বধামনি।
কথং তমো রোষময়ং বিভাব্যতে
জগৎপবিত্রাত্মনি খে রজো ভুবঃ ॥১২

সমন্ততঃ মহীং ন্যখনন্ ॥৮

ততঃ প্রাগুদীচ্যাং পূর্ব্বোত্তর-দিশি (দক্ষিণস্য সমুদ্র-রেখায়াঃ গঙ্গাসাগরদেশে) কপিলস্য অন্তিকে তে হয়ং দদৃশুঃ। ততঃ এষঃ বাজিহরঃ চৌরঃ মীলিতলোচনঃ আস্তে, অতঃ এষঃ পাপঃ হন্যতাম্ ইতি ষষ্টিসহস্রিণঃ সগরপুত্রাঃ উদায়ুধাঃ সন্তঃ তং কপিলম্ অভিযযুঃ। তদা মুনিঃ উন্মিমেষ লোচনোন্মীলনং চকার ॥৯-১০

তে চ তাবৎ মুনি-লোচনোন্মীলন-মাত্রেণ স্বশরীরস্থেন অগ্নিনা তৎক্ষণাদেব মহেন্দ্রেণ হৃতং স্বমায়য়া মোহিতং চেতো যেষাং তে অতঃ মহতঃ কপিলস্য যঃ ব্যতিক্রমঃ অপরাধঃ তেন হতাঃ ভস্মসাৎ

এই ব্যক্তিই অশ্বের অপহরণকারী চোর, সম্প্রতি নয়ন মুদ্রিত করিয়া বসিয়া আছে, সুতরাং এই পাপিষ্ঠকে বধ কর, বধ কর—এই বলিয়া সেই ষাট হাজার সগর-পুত্র অস্ত্র উদ্যত করিয়া কপিল মুনির দিকে ধাবিত হইলে, তখন মুনিবর নয়নযুগল উন্মীলিত করিলেন।৯-১০

বস্তুতঃ দেবরাজ ইন্দ্রই—কপিলমুনি অশ্ব-হরণ করিয়াছেন এই কথা বলিয়া রাজপুত্রগণের মতিভ্রম ঘটাইয়াছিলেন এবং এই হেতুই তাঁহারা কপিলকে বধ করিতে উদ্যত হওয়ায় মহাপুরুষের প্রতি অনুচিত আচরণমূলক পাপদ্বারাই বস্তুতঃ হত হইয়া নিজ নিজ দেহের অগ্নিদ্বারাই ক্ষণকালমধ্যে ভস্মীভূত হইয়াছিলেন।১১

সগর রাজার পুত্রগণ কপিল মুনির ক্রোধানলে দগ্ধ হইয়াছিলেন, এরূপ উক্তি সুসঙ্গত নহে; যেহেতু

যস্যেরিতা সাংখ্যময়ী দৃঢ়েহ নৌ-
র্যয়া মুমুক্ষুস্তরতে দুরত্যয়ম্ ।
ভবার্ণবং মৃত্যুপথং বিপশ্চিতঃ
পরাত্মভূতস্য কথং পৃথঙ্ মতিঃ ॥১৩

যোঽসমঞ্জস ইত্যুক্তঃ স কেশিন্যা নৃপাত্মজঃ ।
তস্য পুত্রোঽংশুমান্নাম পিতামহহিতে রতঃ ॥১৪

অভবন্ ॥১১

নৃপেন্দ্রস্য সগরস্য পুত্রাঃ মুনেঃ কপিলস্য কোপাগ্নিনা ভর্জ্জিতাঃ দগ্ধাঃ ইতি ন সাধুবাদঃ (অপি স্বাপরাধাৎ নষ্টা ইত্যেব সাধুবাদঃ) ; যতঃ জগতঃ পবিত্রং দর্শন-স্পর্শনাদিনা বিশুদ্ধিকরঃ আত্মা দেহং যস্য তস্মিন্ সত্ত্বধামনি শুদ্ধ-সত্ত্ব-মূর্ত্তৌ শ্রীকপিলে রোষময়ং তমোগুণঃ অজ্ঞানং কথং বিভাব্যতে । অতঃ ভুবঃ রজঃ খে আকাশে যথা ভ্রান্ত্যা এব প্রতীয়তে, তথা স্বাপরাধ-মৃতানাম্ অপি মুনি- কোপান্মৃতাঃ ইতি প্রতীতির্ভ্রান্তিরেব ॥১২

যেন শ্রীকপিলেন ইহ লোকে সাংখ্যাত্মিকা দৃঢ়া নৌঃ ঈরিতাঃ প্রবর্ত্তিতা, যয়া নাবা মুমুক্ষুঃ দুরত্যয়ং ভবার্ণবং মৃত্যুপথং

আকাশে যেরূপ পার্থিব ধূলিরাশির অস্তিত্ব সম্ভাবনা করা যায় না, সেরূপ যাঁহার আত্মা জগৎকে পবিত্র করে, বিশুদ্ধসত্ত্বমূর্তি সেই কপিলমুনির মধ্যে কিরূপে ক্রোধময় তামসভাবের সম্ভাবনা করা যাইতে পারে ?১২

যিনি ইহলোকে সাংখ্যরূপা সুদৃঢ়া নৌকার প্রবর্তন করিয়াছেন এবং সেই নৌকার সাহায্যে মুমুক্ষু ব্যক্তি মৃত্যুর পথস্বরূপ এই দুষ্পার সংসার-সাগর পার হইতেছেন, সেই সর্বত্র সমদর্শী সর্বজ্ঞ পুরুষের শত্রু মিত্রাদি ভেদজ্ঞান কিরূপে হইতে পারে ?১৩

সগরের যে পুত্র অসমঞ্জস-নামে উক্ত হন, তিনি সগরের ঔরসে কেশিনীর গর্ভে জন্মগ্রহণ করেন। অসমঞ্জসের পুত্র অংশুমান্, ইনি পিতামহ সগরের হিতাচরণ করিতেন।১৪

[illegible]ঞ্জ[illegible] [illegible]জা [illegible] [illegible]ভ[illegible] [illegible]তারম্ ।
জাতিস্মরঃ পু[illegible] [illegible]গী যোগাদ্ বিচালিতঃ ॥১৫

আচরন্ গর্হিতং লোকে জ্ঞাতীনাং কর্ম্ম বিপ্রিয়ম্ ।
সরয্বাং ক্রীড়তো বালান্ প্রাস্যদুদ্বেজয়ন্ জনম্ ॥১৬

এবংবৃত্তঃ পরিত্যক্তঃ পিত্রা স্নেহমপোহ্য বৈ ।
যোগৈশ্বর্য্যেণ বালাংস্তান্ দর্শয়িত্বা ততো যযৌ ॥১৭

সংসার-সাগরং তরতে, তাদৃশস্য বিপশ্চিতঃ সর্বজ্ঞস্য পরাত্মভূতস্য কপিলস্য পৃথক্ মতিঃ ভেদবুদ্ধিঃ কথং সংভাব্যতে ॥১৩

যঃ অসমঞ্জসঃ ইতি উক্তঃ লোকে প্রসিদ্ধঃ সঃ' অপি কেশিন্যাং জাতঃ । তস্য পুত্রঃ অংশুমান্ পিতামহস্য নৃপস্য সগরস্য হিতেরতঃ ॥১৪

অসমঞ্জসঃ পুরা পূর্ব্বজন্মনি যোগী সন্ সঙ্গাৎ হেতোঃ যোগাৎ বিচালিতঃ ভ্রষ্টঃ। অতঃ ইদানীং পৌর্ব্বদেহিক-যোগপ্রভাবেণ জাতিস্মরঃ পূর্ব্ব-জন্ম-বৃত্তান্ত-স্মৃতিমান্ ; অতঃ পুনঃ সঙ্গপরিহারায় আত্মানম্ অসমঞ্জসং প্রতিকূলং যথা তথা লোকে দর্শয়ন্ দর্শয়িতুং গর্হিতং নিন্দিতং, জ্ঞাতীনাম্ অপ্রিয়ং কর্ম্ম আচরন্ কুর্ব্বন্, জনম্ উদ্বেজয়ন্ ভীষয়ন্ ক্রীড়তঃ বালান্ আদায় সরয্বাং নদ্যাং প্রাস্যৎ প্রাক্ষিপ্যৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥১৫-১৬

অসমঞ্জস পূর্বজন্মে যোগী হইয়াও লোকসঙ্গবশতঃ যোগভ্রষ্ট হন এবং জাতিস্মর হইয়া পরজন্মে লোকসঙ্গের ভয়েই নিজকে অসামাজিক অসজ্জনের ন্যায় দেখাইতেন।১৫

তিনি লোকমধ্যে গর্হিত কার্য এবং জ্ঞাতিগণের অপ্রিয় আচরণ করিতেন। তিনি সর্বদা ক্রীড়ারত বালকগণকে সরযূ নদীর জলে নিক্ষেপ করিয়া লোকের উদ্বেগজনক হইয়াছিলেন।১৬

অনন্তর পিতা সগর পুত্রস্নেহ পরিহারপূর্বক এরূপ অনিষ্টাচরণরত পুত্রকে পরিত্যাগ করিলে তিনি যোগপ্রভাবে জলে নিক্ষিপ্ত বালকগণকে পুনরায় আনিয়া সকলকে দেখাইয়াছিলেন এবং ইহারই পর স্বয়ং বনে চলিয়া গেলেন।১৭

অযোধ্যাবা[illegible] সর্ব্ব পারিষ্টাৎ প্র[illegible]্যতে।
দৃষ্ট্বা বিসিস্মিরে রাজ[illegible] সভার্য্যস্থ স[illegible]ত ॥১৮
অংশুমাংশ্চোদিতো রাজ্ঞা তুরগান্বেষণে যযৌ।
পিতৃব্যখাতানুপথং ভস্মান্তি দদৃশে হয়ম্ ॥১৯
তত্রাসীনং মুনিং বীক্ষ্য কপিলাখ্যমধোক্ষজম্।
অস্তৌৎ সমাহিতমনাঃ প্রাঞ্জলিঃ প্রণতো মহান্ ॥২০

যতঃ এবংবিধং বৃত্তং কর্ম্ম যস্য সঃ অতঃ পুত্রস্নেহম্ অপোহ্য ত্যক্ত্বা পিত্রা পরিত্যক্তঃ নির্য্যাপিতঃ এব। সঃ চ স্বযোগপ্রভাবেণ তান্ বালান্ পুনর্জ্জীবিতান্ দর্শয়িত্বা ততঃ পুরাৎ বনং যযৌ ॥১৭

ততঃ পুনরাগতান্ বালকান্ দৃষ্ট্বা অযোধ্যাবাসিনঃ সর্ব্বে জনাঃ বিসিস্মিরে। হে রাজন্! রাজা সগরঃ চাপি অন্বতপ্যত (অবজ্ঞাতেন ময়া ঈদৃক্‌প্রভাবঃ পুত্রো বৃথৈব নির্ব্বাসিত ইতি অনুতাপং কৃতবান্) ॥১৮

রাজ্ঞা সগরেণ চোদিতঃ আদিষ্টঃ অংশুমান্ তুরগান্বেষণে পিতৃব্যখাতম্ অনু যঃ পন্থাঃ তং যযৌ; ততশ্চ ভস্মান্তি ভস্মসমীপে হয়ম্ অশ্বং দদৃশে ॥১৯

হে মহারাজ! তখন অযোধ্যাবাসী সকলেই বালকগণকে পুনরায় ফিরিয়া আসিতে দেখিয়া বিস্মিত হইয়াছিল এবং রাজা সগরও স্বয়ং অনুতাপ করিয়াছিলেন।১৮

অনন্তর অংশুমান্ রাজা সগরকর্ত্তৃক অশ্বের অনুসন্ধানে প্রেরিত হইয়া পিতৃব্যগণের খাতের পথে গমনপূর্ব্বক ভস্মরাশির নিকটে অশ্বটিকে দেখিতে পাইলেন।১৯

মহামতি অংশুমান্ সেখানে কপিলমুনিরূপে অবতীর্ণ ভগবান্ বিষ্ণুকে উপবিষ্ট দেখিয়া প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া একচিত্তে তাঁহার স্তুতি করিতে লাগিলেন।২০

অংশুমানুবাচ।

ন পশ্যতি ত্বাং পরমাত্মনোঽজনো
ন বুধ্যতেঽদ্যাপি সমাধিযুক্তিভিঃ।
কুতোঽপরে তস্য মনঃ-শরীরধী-
বিসর্গসৃষ্টা বয়মপ্রকাশাঃ ॥২১
যে দেহভাজস্ত্রিগুণপ্রধানা
গুণান্ বিপশ্যন্ত্যুত বা তমশ্চ।
যন্মায়য়া মোহিতচেতসস্ত্বাং
বিদুঃ স্বসংস্থং ন বহিঃপ্রকাশাঃ ॥২২

তত্র আসীনং কপিলাখ্যম্ অধোক্ষজং ভগবদবতারভূতং মুনিং বীক্ষ্য প্রণতঃ প্রাঞ্জলিঃ সমাহিতমনাঃ একাগ্রচিত্তঃ সন্ মহান্ বিবেকবান্ অংশুমান্ অস্তৌৎ ॥২০

অংশুমান্ উবাচ।

আত্মনঃ স্বস্মাৎ পরং মহেশ্বরং ত্বাম্ অদ্যাপি অজনঃ অজঃ ব্রহ্মাপি সমাধিনা অপি অপরোক্ষং ন পশ্যতি, তথা যুক্তিভিঃ শাস্ত্রোক্তৈঃ বিবিধতর্কৈঃ পরোক্ষম্ অপি যথাবৎ ন বুধ্যেত ন জানন্তি, তদা বয়ম্ অপ্রকাশঃ অজ্ঞাঃ তস্য ব্রহ্মণঃ মনশ্চ শরীরঞ্চ ধীশ্চ সত্ত্বতমোরজঃকার্যাণি চ তাভিঃ যে বিবিধাঃ দেব-তির্য্যঙ্‌নৃণাং সর্গাঃ তেষু সৃষ্টাঃ, ততঃ অপরে অর্ব্বাচীনাঃ অপ্রকাশাঃ বয়ং কুতঃ পশ্যামঃ বুধ্যামহে ॥২১

অংশুমান্ বলিলেন—হে ভগবন্! যদিও ব্রহ্মা অজ অর্থাৎ জন্মহীন, তথাপি আপনি তাঁহা অপেক্ষাও পর অর্থাৎ পরমেশ্বর বলিয়া তিনিও সমাধিযোগে প্রত্যক্ষতঃ, এমন কি যুক্তিসমূহদ্বারা পরোক্ষভাবেও আপনাকে অনুভব করিতে পারেন না। এ অবস্থায় যাহারা সেই ব্রহ্মার মন, দেহ ও বুদ্ধিদ্বারা দেবতা, তির্য্যক্ প্রাণী ও মনুষ্যরূপে সৃষ্ট হইয়াছে, তন্মধ্যেও যে আমরা অজ্ঞ, তাদৃশ অর্বাচীনগণ কিরূপে আপনাকে অবগত হইব ?২১

যাহারা দেহধারী, বুদ্ধিই তাহাদের প্রধান বলিয়া তাহারা বুদ্ধির পরিচালনায় বাহ্যবিষয়েরই জ্ঞান আহরণ করে; বস্তুতঃ তাহাদের চিত্ত আপনারই

তং ত্বামহং জ্ঞানঘনং স্বভাব-
প্রধ্বস্তমায়াগুণভেদমোহৈঃ।
সনন্দনাদ্যৈর্মুনিভির্বিভাব্যং
কথং বিমূঢ়ঃ পরিভাবয়ামি ॥২৩
প্রশান্তমায়াগুণকর্ম্মলিঙ্গ-
মনামরূপং সদসদ্বিমুক্তম্।
জ্ঞানোপদেশায় গৃহীতদেহং
নমামহে ত্বাং পুরুষং পুরাণম্ ॥২৪

ত্বন্মা[illegible]দিষু।
ভ্রমন্তি কামলো[illegible]বিভ্রান্তচেতসঃ ॥২৫

অদ্য নঃ সর্ব্বভূতাত্মন্ কামকর্ম্মেন্দ্রিয়াশয়ঃ।
মোহপাশো দৃঢ়শ্ছিন্নো ভগবংস্তব দর্শনাৎ ॥২৬

শ্রীশুক উবাচ।

ইত্থং গীতানুভাবস্তং ভগবান্ কপিলো মুনিঃ।
অংশুমন্তমুবাচেদমনুগ্রাহ্য ধিয়া নৃপ ॥২৭

হে দেহভাজঃ দেবমনুষ্যাদি-দেহাভিমানাঃ! ত্রিগুণপ্রধানাঃ গুণত্রয়াধীনাঃ! বহিঃপ্রকাশাঃ (বহির্বিষয়েষু এব প্রকাশঃ জ্ঞানং যেষাং তে)! যৎ যস্মাৎ মায়য়া মোহিতং চেতো যেষাং তে, স্বসংস্থং স্বস্মিন্ অবস্থিতম্ অপি ত্বাং ন বিদুঃ কিন্তু জাগ্রৎস্বপ্নয়োঃ গুণান্ শব্দাদিবিষয়ান্ উত বা অথবা সুষুপ্তৌ চ তমঃ অজ্ঞানম্ এব পশ্যন্তি ॥২২

স্বস্য ভাবঃ স্বভাবঃ অনুভবঃ তেন এব ধ্বস্তৌ মায়াগুণনিমিত্তৌ ভেদমোহৌ যেষাং তৈ সনন্দনাদ্যৈঃ মুনিভিঃ কেবলং বিভাব্যং বিচিন্তনীয়ং, জ্ঞানঘনং বিশুদ্ধচৈতন্যস্বরূপং, তং ত্বাং বিমূঢ়ঃ মায়ামোহিতঃ অহং কথং পরিভাবয়ামি মনসা বিচারয়ামি ॥২৩

প্রশান্তাঃ অবিদ্যমানাঃ মায়াগুণাঃ তৎপ্রযুক্তানি কর্ম্মাণি, তৎপ্রযুক্তানি লিঙ্গানি, দেহাঃ চ যস্য তং জ্ঞানোপদেশায় গৃহীতঃ দেহঃ যেন তম্ অনামরূপং সদসদ্বিমুক্তং স্থূলসূক্ষ্মোপাধিরহিতং পুরাণং পুরুষং ত্বাং নমামহে ॥২৪

কামঃ ভোগাভিলাষঃ, লোভঃ প্রাপ্তেঽপি ভোগে অলংবুদ্ধিরাহিত্যম্, ঈর্ষা পরোৎকর্ষাসহিষ্ণুতা, মোহঃ অবিবেকঃ তৈঃ বিভ্রান্তং চেতো যেষাং তে তব মায়য়া রচিতে প্রকৃতিকার্য্যভূতে লোকে গৃহাদিষু বস্তুবুদ্ধ্যা পরমার্থদৃষ্ট্যা ভ্রমন্তি আসক্তাঃ ভবন্তি ॥২৫

হে সর্ব্বভূতাত্মন্ ভগবন্! অদ্য তব দর্শনাৎ নঃ অস্মাকং মম পিত্রাদীনাং তথা অনুগানাং চ কাম-কর্ম্মেন্দ্রিয়াশয় দৃঢ়ঃ

মায়াদ্বারা মোহিত হইয়া রহিয়াছে। আপনি তাহাদের হৃদয়ে বিরাজ করিলেও তাহারা আপনাকে জানিতে পারে না, পরন্তু জাগরণ ও স্বপ্নকালে বিষয়সমূহ এবং সুষুপ্তিকালে কেবলমাত্র তমঃ অর্থাৎ অজ্ঞানই অনুভব করে।২২

হে ভগবন্! যাঁহাদের মায়াগুণরচিত ভেদজ্ঞান ও মোহ স্বভাবতই বিনষ্ট হইয়াছে, আপনি সেই সনন্দনপ্রমুখ মুনিগণেরই ধ্যেয় জ্ঞানঘনস্বরূপ। এ অবস্থায় অতিমূঢ় আমি কিরূপে আপনার ধ্যানে সমর্থ হইব ?২৩

হে ভগবন্! আপনি কার্য-কারণ হইতে বিমুক্ত এবং নামরূপহীন। আপনার মধ্যে মায়িক গুণ, সৃষ্টিপ্রভৃতি কর্ম এবং ব্রহ্মাদি বিভিন্ন রূপ প্রশান্ত অর্থাৎ তিরোহিত রহিয়াছে। আপনি বস্তুতঃ পুরাণ পুরুষ, তথাপি জ্ঞানোপদেশ প্রদানের জন্য এই মূর্তি ধারণ করিয়াছেন। আমি আপনাকে প্রণাম করি।২৪

আপনার মায়ারচিত এ জগতে কাম, লোভ, ঈর্ষ্যা ও মোহকর্তৃক যাহাদের চিত্ত বিচলিত হয়, এরূপ লোকসমূহ বস্তুবুদ্ধিতে গৃহাদিতে বিচরণ করে।২৫

হে ভগবন্! হে সর্বভূতাত্মন্! অদ্য আপনারই দর্শনে আমাদের কাম, কর্ম ও ইন্দ্রিয়বর্গের আশ্রয়স্বরূপ সুদৃঢ় মোহপাশ ছিন্ন হইয়াছে।২৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অংশুমান্ এরূপে ভগবান্ কপিলমুনির মাহাত্ম্য কীর্তন করিলে

যজ্ঞ[illegible] সর্ব্বপারিষ্টাৎ প্র[illegible]্যতে।

অশ্বোঽয়ং নীয়তাং ব[illegible] সভার্য্যস্থ সূ[illegible]পশুস্তব।

ইমে চ পিতরো দগ্ধা গঙ্গাম্ভোঽর্হন্তি নেতরৎ ॥২৮

তং পরিক্রম্য শিরসা প্রসাদ্য হয়মানয়ৎ।

সগরস্তেন পশুনা যজ্ঞশেষং সমাপয়ৎ ॥২৯

রাজ্যমংশুমতে ন্যস্য নিস্পৃহো মুক্তবন্ধনঃ।

ঔর্ব্বোপদিষ্টমার্গেণ লেভে গতিমনুত্তমাম্ ॥৩০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে অষ্টমোঽধ্যায়ঃ।

মোহপাশঃ ছিন্নঃ এব ॥২৬

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! ইত্থং গীতঃ সংস্তুতঃ অনুভাবঃ যস্য সঃ ভগবান্ সর্ব্বজ্ঞঃ মুনিঃ কপিলঃ অংশুমন্তং ধিয়া অনুগৃহ্য ইদং বক্ষ্যমাণম্ উবাচ ॥২৭

শ্রীভগবান্ উবাচ। হে বৎস! তব পিতামহস্য যজ্ঞিয়ঃ পশুঃ অয়ম্ অশ্বঃ নীয়তাম্। ইমে দগ্ধাঃ তব পিতরঃ পিতৃব্যাঃ গঙ্গাম্ভঃ এব অর্হন্তি, ন ইতরৎ (এষামুদ্ধারার্থং গঙ্গামানীয় তদম্ভসৈব ক্রিয়া কার্য্যা, ন ইতরেণ) ॥২৮

তম্ এবম্ উক্তবন্তং কপিলং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য শিরসা প্রণামেন প্রসাদ্য চ অংশুমান্ হয়ম্ অশ্বম্ আনয়ৎ। সগরঃ চ তেন পশুনা যজ্ঞশেষং সমাপয়ৎ ॥২৯

ততঃ চ নিস্পৃহঃ ঐহিক-পারলৌকিক-ভোগেচ্ছারহিতঃ সগরঃ অংশুমতে রাজ্যং ন্যস্য সমর্প্য ঔর্ব্বোপদিষ্টমার্গেণ ভক্ত্যাদিলক্ষণেন মুক্তবন্ধনঃ সন্ অনুত্তমাং গতিং মুক্তিং লেভে প্রাপ ॥৩০

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ-শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টমোঽধ্যায়ঃ।

তিনি তাঁহাকে কৃপার যোগ্য মনে করিয়া এরূপ বলিয়াছিলেন।২৭

শ্রীভগবান্ বলিলেন—হে বৎস! তোমার পিতামহের যজ্ঞীয় পশু এই অশ্ব লইয়া যাও। আর তোমার এই দগ্ধ পিতৃগণ নিজ উদ্ধারের জন্য একমাত্র গঙ্গাজললাভেরই যোগ্য, এ বিষয়ে অন্য কোন বস্তু কার্যসাধক নহে।২৮

অনন্তর অংশুমান্ কপিলমুনিকে নত-মস্তকে প্রণাম ও পরিক্রমাদ্বারা প্রসন্ন করিয়া অশ্বটিকে লইয়া আসিলেন এবং সগর সেই পশুদ্বারা অবশিষ্ট যজ্ঞ সম্পাদন করিয়াছিলেন।২৯

অনন্তর মহারাজ সগর অংশুমানের উপর রাজ্য-ভার সমর্পণপূর্বক বিষয়স্পৃহাশূন্য ও বন্ধনমুক্ত হইয়া গুরু ঔর্বমুনির উপদিষ্ট সাধনমার্গে সর্বোত্তম গতি লাভ করিয়াছিলেন।৩০

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
অষ্টম অধ্যায় সমাপ্ত।

নবমঃ অধ্যায়ঃ।

[গঙ্গাবতরণবর্ণনম্, ভগীরথবৃত্তান্ত-সৌদাসচরিতকথনঞ্চ]

শ্রীশুক উবাচ।

অংশুমাংশ্চ তপস্তেপে গঙ্গানয়নকাম্যয়া।
কালং মহান্তং নাশক্নোত্ততঃ কালেন সংস্থিতঃ ॥১
দিলীপস্তৎসুতস্তদ্বদশক্তঃ কালমেয়িবান্।
ভগীরথস্তস্য সুতস্তেপে স সুমহৎ তপঃ ॥২
দর্শয়ামাস তং দেবী প্রসন্না বরদাস্মি তে।
ইত্যুক্তঃ স্বমভিপ্রায়ং শশংসাবনতো নৃপঃ ॥৩
কোঽপি ধারয়িতা বেগং পতন্ত্যা মে মহীতলে।
অন্যথা ভূতলং ভিত্ত্বা নৃপ যাস্যে রসাতলম্ ॥৪
কিঞ্চাহং ন ভুবং যাস্যে নরা ময্যামৃজন্ত্যঘম্।
মৃজামি তদঘং ক্বাহং রাজংস্তত্র বিচিন্ত্যতাম্ ॥৫

ভগীরথ উবাচ।

সাধবো ন্যাসিনঃ শান্তা ব্রহ্মিষ্ঠা লোকপাবনাঃ।
হরন্ত্যঘং তেঽঙ্গসঙ্গাৎ তেষ্বাস্তে হ্যঘভিদ্ধরিঃ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। (সগরবৎ) অংশুমান্ চাপি গঙ্গানয়নকাম্যয়া সপুত্রায় রাজ্যং দত্ত্বা স্বয়ং মহান্তং কালং তপঃ তেপে, তথাপি তাম্ আনেতুং ন অশক্নোৎ, কিন্তু তদনন্তরং স্বয়মেব সংস্থিতঃ মৃত ॥১

অথ তস্য অংশুমতঃ পুত্রঃ দিলীপঃ তদ্বৎ পিতৃবৎ পুত্রায় রাজ্যং দত্ত্বা তপঃ কুর্ব্বন্ গঙ্গামানেতুম্ অশক্তঃ এব কালং মৃত্যুম্ এয়িবান্ প্রাপ্তঃ। অথ তস্য দিলীপস্য পুত্রঃ যঃ ভগীরথঃ, সঃ সুমহৎ তপঃ তেপে ॥২

তেন তপসা প্রসন্না গঙ্গা তম্ আত্মানং দর্শয়ামাস। ততঃ তে তুভ্যং বরদা অস্মি ইতি তয়া উক্তঃ নৃপঃ ভগীরথঃ অবনতঃ কৃতপ্রণামঃ সন্ স্বম্ অভিপ্রায়ং পূর্ব্বজানাম্ উদ্ধারার্থং তস্যাঃ ভূমৌ আগমনং শশংস প্রার্থিতবান্ ॥৩

তং ভগীরথং চ গঙ্গা উবাচ। মহীতলে পতন্ত্যাঃ মে বেগং কঃ নু ধারয়িতা ধারয়িষ্যতি; হে নৃপ! অন্যথা ধারকাভাবে তু ভূতলং ভিত্ত্বা রসাতলং যাস্যে গমিষ্যামি ॥৪

কিঞ্চ অহং ভুবং ন যাস্যে। যতঃ নরাঃ ময়ি যৎ অঘং পাপম্ আমৃজন্তি ক্ষালয়িষ্যন্তি। হে রাজন্! তম্ অঘম্ অহং ক্ব মৃজামি তত্র উপায়ঃ বিচিন্ত্যতাম্ ॥৫

ভগীরথঃ উবাচ। সাধবঃ ন্যাসিনঃ শান্তাঃ লোকপাবনাঃ ব্রহ্মিষ্ঠাঃ অঙ্গসঙ্গাৎ তে তব অঘং পাপং হরন্তি

নবম অধ্যায়।

[গঙ্গাবতরণবর্ণন এবং ভগীরথবৃত্তান্ত ও সৌদাস চরিতকথন]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজা অংশুমান্ গঙ্গানয়নকামনায় বহুকাল তপস্যা করিয়াছিলেন,' কিন্তু কৃতকার্য হন নাই; পরে কালবশে তাঁহার মৃত্যু হয়।১

তাঁহার পুত্র দিলীপও গঙ্গার আনয়নে চেষ্টা করিয়া কৃতকার্য না হইয়াই কালগ্রস্ত হন। তাঁহার পুত্রের নাম ভগীরথ; তিনি গঙ্গার আনয়নের জন্য কঠোর তপস্যা করিয়াছিলেন।২

অনন্তর গঙ্গাদেবী প্রসন্না হইয়া তাঁহাকে দর্শনদান করিয়া বলিলেন—হে বৎস! আমি তোমাকে বরদান করিব। তখন রাজা ভগীরথ নত হইয়া নিজ অভিপ্রায় নিবেদন করিলেন।৩

গঙ্গাদেবী বলিলেন—হে রাজন্! আমি যখন পৃথিবীতে অবতরণ করিব, তখন কাহাকেও আমার বেগ ধারণ করিতে হইবে, অন্যথা আমি পৃথিবী ভেদ করিয়া পাতালে চলিয়া যাইব।৪

হে রাজন্! আর একটি কারণে আমি পৃথিবীতে যাইতে ইচ্ছা করি না, সেখানে সকল লোক আমার জলে নিজ পাপ ধৌত করিবে, কিন্তু আমি সেই পাপ কোথায় ধৌত করিব, ইহার উপায় চিন্তা কর।৫

শ্রীভগীরথ বলিলেন—হে দেবি! ধরাতলে ব্রহ্ম-

ধারয়িষ্যতি সজ্[illegible] সর্ব্ব পারিষ্টাৎ প্র[illegible]তে।
যস্মিন্নোতমিদং প্রো[illegible] সভার্য্যস্থ স[illegible]ন্তুষু ॥৭

ইত্যুক্ত্বা স নৃপো দেবং তপসাতোষয়চ্ছিবম্।
কালেনাল্পীয়সা রাজংস্তস্যেশশ্চাশ্বতুষ্যত ॥৮

তথেতি রাজ্ঞাভিহিতং সর্ব্বলোকহিতঃ শিবঃ।
দধারাবহিতো গঙ্গাং পাদপূতজলাং হরেঃ ॥৯

ভগীরথঃ স রাজর্ষির্নিন্যে ভুবনপাবনীম্।
যত্র স্বপিতৃণাং দেহা ভস্মীভূতাঃ স্ম শেরতে ॥১০

রথেন বায়ুবেগেন প্রয়ান্তমনুধাবতী।
দেশান্ পুনন্তী নির্দগ্ধানাসিঞ্চৎ সগরাত্মজান্ ॥১১

যজ্জলস্পর্শমাত্রেণ ব্রহ্মদণ্ডহতা অপি।
সগরাত্মজা দিবং জগ্মুঃ কেবলং দেহভস্মভিঃ ॥১২

হরিষ্যন্তি। যতঃ তেষু অঘভিৎ (অঘং ভিনত্তি ইতি) হরিঃ আস্তে ॥৬

যস্মিন্ ইদং বিশ্বং তন্তুষু শাটীব ওতং প্রোতং চ, শরীরিণাম্ আত্মা সঃ রুদ্রঃ তে তব বেগং ধারয়িষ্যতি ॥৭

ইতি এবম্ উক্ত্বা সঃ নৃপঃ ভগীরথঃ তপসা শিবম্ অতোষয়ৎ। হে রাজন্! তস্য আশু অল্পীয়সা এব কালেন ঈশঃ রুদ্রঃ চ সমতুষ্যত ॥৮

তদা রাজ্ঞা অভিহিতং গঙ্গাবেগধারণং তথা অস্তু ইত্যেবম্ অঙ্গীকৃত্য অবহিতঃ সমাহিতঃ শিবঃ হরেঃ পাদাবনেজনেন পূতং জলং যস্যাঃ তাং গঙ্গাং দধার ॥৯

ততঃ সঃ রাজর্ষিঃ ভগীরথঃ যত্র ভস্মীভূতাঃ স্বপিতৃণাং দেহাঃ শেরতে স্ম, তত্র ভুবনপাবনীং গঙ্গাং নিন্যে অনয়ৎ ॥১০

বায়োঃ ইব বেগঃ যস্য তেন রথেন প্রয়ান্তং ভগীরথম্ অনুধাবতী অনুগচ্ছন্তী গঙ্গা মার্গস্থান্ দেশান্ পুনন্তী নির্দগ্ধান্ সগরাত্মজান্ আসিঞ্চৎ তদ্ভস্মানি প্লাবয়ামাস ॥১১

কেবলং দেহস্য ভস্মভিঃ এব ন তু সাক্ষাৎ যস্যাঃ গঙ্গায়াঃ জলস্য স্পর্শমাত্রেণ ব্রহ্মদণ্ডহতাঃ (ব্রহ্মণি কপিলে যঃ দণ্ডঃ স্বকৃতোঽপরাধঃ তেন হতাঃ দগ্ধাঃ অপি) সগরাত্মজা যদা দিবং জগ্মুঃ (তদা শ্রদ্ধয়া নিত্যং সেবতাং ফলং কিমু বক্তব্যমিতি) ॥১২

নিষ্ঠ, শান্তাত্মা, লোকপাবন, সন্ন্যাসী সাধুগণ (আপনার জলে স্নান করিবার সময়) গাত্রসঙ্গদ্বারা আপনার পাপ হরণ করিবেন; যেহেতু তাঁহাদের মধ্যে সর্বপাপনাশক শ্রীহরি বিরাজ করেন।৬

হে মাতঃ! সূত্রসমূহের মধ্যে যেরূপ বস্ত্র ওতপ্রোত থাকে, সেরূপ যাঁহার মধ্যে এই বিশ্ব ওতপ্রোত ভাবে বিদ্যমান রহিয়াছে, সকল প্রাণীর আত্মা সেই ভগবান্ রুদ্র আপনার বেগ ধারণ করিবেন।৭

হে মহারাজ! এই বলিয়া রাজা ভগীরথ তপস্যাদ্বারা শিবের সন্তোষসাধনে তৎপর হইলে ভগবান্ শঙ্কর অল্পকালেই তাঁহার প্রতি সত্বর সন্তুষ্ট হইয়াছিলেন।৮

অনন্তর সর্বলোকের হিতকারী ভগবান্ শঙ্কর রাজা ভগীরথের উক্তিকে 'তথাস্তু' বলিয়া অঙ্গীকারপূর্বক ভগবান্ শ্রীহরির পাদস্পর্শহেতু পবিত্রসলিলা গঙ্গাকে (নিজ মস্তকে) ধারণ করিয়াছিলেন।৯

যেস্থানে নিজ পিতৃপুরুষগণের দেহসমূহ ভস্মীভূত হইয়া ভূমিতে পতিত ছিল, রাজর্ষি ভগীরথ ত্রিলোকপাবনী গঙ্গাদেবীকে সেখানে লইয়া গিয়াছিলেন।১০

তৎকালে ভগীরথ বায়ুবেগ রথে অগ্রে চলিতেছিলেন এবং গঙ্গাদেবী নানাদেশ পবিত্র করিতে করিতে তাঁহার অনুসরণ করিয়া ভস্মীভূত সগরপুত্রগণকে নিজ জলদ্বারা সিক্ত করিয়াছিলেন।১১

সগরের পুত্রগণ ব্রাহ্মণের প্রতি স্বকৃত অপরাধহেতু নিহত হইয়াও কেবলমাত্র দেহভস্মদ্বারাই যাঁহার জল স্পর্শ করায় স্বর্গে গমন করিয়াছিলেন, (শ্রদ্ধাসহকারে তাঁহার সেবাদ্বারা যে স্বর্গলাভ হইবে, এ বিষয়ে আর বক্তব্য কি ?)১২

ভস্মীভূতাঙ্গসঙ্গেন স্বর্যাতাঃ সগরাত্মজাঃ।
কিং পুনঃ শ্রদ্ধয়া দেবীং সেবন্তে যে ধৃতব্রতাঃ ॥১৩

নহ্যেতৎ পরমাশ্চর্য্যং স্বর্ধুন্যা যদিহোদিতম্।
অনন্তচরণাম্ভোজপ্রসূতায়া ভবচ্ছিদঃ ॥১৪

সন্নিবেশ্য মনো যস্মিন্ শ্রদ্ধয়া মুনয়োঽমলাঃ।
ত্রৈগুণ্যং দুস্ত্যজং হিত্বা সদ্যোযাতাস্তদাত্মতাম্ ॥১৫

শ্রুতো [illegible] জা [illegible] ভ [illegible] তা [illegible] রোঽভবৎ।
সিন্ধুদ্বীপস্ত[illegible]তোঽভবৎ ॥১৬

ঋতুপর্ণো নলসখো যোঽশ্ববিদ্যাময়ান্নলাৎ।
দত্ত্বাক্ষহৃদয়ঞ্চাস্মৈ সর্ব্বকামস্তু তৎসুতঃ ॥১৭

ততঃ সুদাস্তৎপুত্রো মদয়ন্তীপতির্নৃপঃ।
আহুর্মিত্রসহং যং বৈ কল্মাষাঙ্ঘ্রিমুত ক্বচিৎ ॥
বসিষ্ঠশাপাদ্ রক্ষোঽভূদনপত্যঃ স্বকর্ম্মণা ॥১৮

সগরাত্মজাঃ যদি ভস্মীভূতাঙ্গসঙ্গেন ভস্মীভূতানাম্ অঙ্গানাম্ যঃ গঙ্গাম্ভসা সঙ্গঃ তেন স্বঃ এব স্বর্গং যাতাঃ, তর্হি যে ধৃতব্রতাঃ শ্রদ্ধয়া দেবীং সেবন্তে, তে দিবং যান্তি ইতি কিং পুনঃ বক্তব্যম্ ॥১৩

অনন্ত-চরণাম্ভোজ-প্রসূতায়াঃ অতঃ ভবচ্ছিদঃ সংসার-দুঃখ-নিবৃত্তিকারিণ্যাঃ স্বর্ধুন্যাঃ গঙ্গায়াঃ যৎ ইহ অত্র স্বর্গ-প্রাপকত্বরূপং মাহাত্ম্যম্ উদিতম্ উক্তং, তৎ এতৎ পরমাশ্চর্য্যম্ অত্যন্তাসম্ভাবিতং ন ॥১৪

অমলাঃ রাগাদিমলবর্জিতাঃ মুনয়ঃ মননশীলাঃ বিবেকিনঃ যস্মিন্ ভগবচ্চরণারবিন্দে শ্রদ্ধয়া মনঃ সন্নিবেশ্য দুস্ত্যজং ত্যক্তুমশক্যম্ অপি ত্রৈগুণ্যং ত্রিগুণাত্মকে দেহান্তঃকরণাদৌ আত্মভাবং সদ্যঃ হিত্বা তদাত্মতাং অচ্যুতাত্মতাং যাতাঃ প্রাপ্তাঃ ॥১৫

ভগীরথাৎ শ্রুতঃ পুত্রঃ জজ্ঞে; তস্য শ্রুতস্য নাভঃ নাম অপরঃ পুত্রঃ জাতঃ অভবৎ; তস্মাৎ সিন্ধুদ্বীপঃ সুতঃ, ততঃ চ অযুতায়ুঃ পুত্রঃ অভবৎ ॥১৬

ততঃ ঋতুপর্ণাখ্যঃ পুত্রঃ জাতঃ। সঃ নলসখঃ নলস্য রাজ্ঞঃ সখা যঃ ঋতুপর্ণঃ অস্মৈ নলায় অক্ষহৃদয়ং দ্যূতশাস্ত্র-রহস্যং দত্ত্বা শিক্ষয়িত্বা তস্মাৎ নলাৎ অশ্ববিদ্যাম্ অয়াৎ প্রাপ্তবান্। তস্য ঋতুপর্ণস্য সুতঃ সর্ব্বকামঃ জজ্ঞে ॥১৭

হে নৃপ! ততঃ সর্ব্বকামাৎ সুদাসঃ জজ্ঞে। তস্য পুত্রঃ তু সৌদাসঃ যং মিত্রসহং কল্মাষাঙ্ঘ্রিং চ জনাঃ আহুঃ। স মদয়ন্তীপতিঃ বশিষ্ঠস্য শাপাৎ রক্ষঃ রাক্ষসঃ অভূৎ। তথা স্বকর্ম্মণা দোষেণ অনপত্যঃ পুত্ররহিতঃ অভূৎ ॥১৮

সগর-পুত্রগণ ভস্মীভূত অঙ্গদ্বারা গঙ্গার সংস্পর্শহেতুই স্বর্গগত হইয়াছিলেন, এ অবস্থায় যাঁহারা ব্রতনিষ্ঠ হইয়া শ্রদ্ধাসহকারে গঙ্গাদেবীর সেবা করেন, তাঁহাদের কথা আর কি বলিব।১৩

হে মহারাজ! এস্থলে ভগবান্ অনন্ত শ্রীহরির পাদপদ্মপ্রসূতা, সংসারবন্ধনাশিনী গঙ্গাদেবীর যে মাহাত্ম্য বর্ণিত হইল, ইহা বস্তুতঃ পরমাশ্চর্য্যজনক নহে।১৪

কারণ—(পুরাকালে) শুদ্ধচরিত মুনিগণ শ্রদ্ধাসহকারে এই অনন্ত শ্রীহরির প্রতি নিবিষ্টচিত্ত হইয়া দুস্ত্যজ দেহসম্বন্ধ পরিত্যাগপূর্বক সদ্যই তদীয় স্বরূপ লাভ করিয়াছেন।১৫

রাজা ভগীরথের পুত্রের নাম শ্রুত, তাঁহার পুত্র নাভ, নাভের পুত্র সিন্ধুদ্বীপ, তাঁহার পুত্র অযুতায়ুঃ, তাঁহার ঔরসে নলের সখা ঋতুপর্ণের জন্ম হয়। এই ঋতুপর্ণ নলকে অক্ষক্রীড়ার রহস্য শিক্ষাদান করিয়া তাঁহার নিকট হইতে অশ্ববিদ্যা লাভ করেন। ঋতুপর্ণের পুত্রের নাম সর্বকাম।১৬-১৭

সর্বকামের পুত্র সুদাস। তাঁহার পুত্র মদয়ন্তীর স্বামী; তাঁহাকে 'মিত্রসহ' এই নামে, কোথাও বা কল্মাষপাদ নামেও উল্লেখ করা হয়। ইনি বশিষ্ঠের শাপে রাক্ষস এবং নিজ কর্মবশতঃ নিঃসন্তান হন।১৮

সজ্জ[illegible] সর্ব্বপারিষ্টাৎ প্র[illegible]তে।

কিংনিমিত্তো গুরোঃ শা[illegible] সভার্য্যস্থ স[illegible] মহাত্মনঃ।
এতদ্ বেদিতুমিচ্ছামঃ কথ্যতাং ন রহো যদি ॥১৯

শ্রীশুক উবাচ।

সৌদাসো মৃগয়াং কিঞ্চিচ্চরন্ রক্ষো জঘান হ।
মুমোচ ভ্রাতরং সোঽথ গতঃ প্রতিচিকীর্ষয়া ॥২০
সঞ্চিন্তয়ন্নঘং রাজ্ঞঃ সূদরূপধরো গৃহে।
গুরবে ভোক্তুকামায় পক্ত্বা নিন্যে নরামিষম্ ॥২১

পরিবেক্ষ্যমাণং ভগবান্ বিলোক্যাভক্ষ্যমঞ্জসা।
রাজানমশপৎ ক্রুদ্ধো রক্ষো হ্যেবং ভবিষ্যসি ॥২২
রক্ষঃকৃতং তদ্ বিদিত্বা চক্রে দ্বাদশবার্ষিকম্।
সোঽপ্যপোঽঞ্জলিমাদায় গুরুং শপ্তুং সমুদ্যতঃ ॥২৩
বারিতো মদয়ন্ত্যাপো রুশতীঃ পাদয়োর্জহৌ।
দিশঃ খমবনীং সর্ব্বং পশ্যন্ জীবময়ং নৃপঃ ॥২৪
রাক্ষসং ভাবমাপন্নঃ পাদে কল্মাষতাং গতঃ।
ব্যবায়কালে দদৃশে বনৌকোদম্পতী দ্বিজৌ ॥২৫

রাজা পরীক্ষিৎ উবাচ। তস্য মহাত্মনঃ সৌদাসস্য গুরোঃ শাপঃ কিংনিমিত্তঃ, এতৎ বেদিতুম্ ইচ্ছামঃ; তৎ রহস্যং গোপ্যং যদি ন ভবেৎ, তর্হি কথ্যতাম্ ॥১৯

শ্রীশুকঃ উবাচ। সৌদাসঃ মৃগয়াং চরন্ কিঞ্চিৎ রক্ষঃ রাক্ষসং জঘান হতবান্, তস্য ভ্রাতরং তু মুমোচ; তদা সঃ ভ্রাতা প্রতিচিকীর্ষয়া তদপকার-করণেচ্ছয়া গতঃ পলায়িতঃ ॥২০

সঃ রাজ্ঞঃ অঘম্ অপকারং চিন্তয়ন্ সূদরূপধরঃ সন্ তদ্গৃহে বর্ত্তমানঃ এব ভোক্তুকামায় গুরবে বশিষ্ঠায় নরামিষং (নরস্য আমিষং মাংসং) পক্ত্বা আনিন্যে ॥২১

ততঃ চ সঃ ভগবান্ বশিষ্ঠঃ পরিবেক্ষ্যমাণং নরমাংসম্ অভক্ষ্যম্ ইতি অঞ্জসা আশু বিলোক্য ক্রুদ্ধঃ সন্ এবং দোষেণ ত্বং রক্ষঃ এব ভবিষ্যসি ইতি রাজানম্ অশপৎ ॥২২

ততঃ পুনঃ চ তদামিষপরিবেষণং সূদরূপধরেণ রক্ষসা কৃতং ন তু রাজ্ঞা কারিতম্ ইতি বিদিত্বা স্বস্য অনৃতত্ব-পরিহারায় দ্বাদশ-বার্ষিকং ব্রতং চক্রে। তদা স সৌদাসঃ অপঃ অঞ্জলিনা জলম্ আদায় গুরুং শপ্তুং সমুদ্যতঃ ॥২৩

তদা মদয়ন্ত্যা নিবারিতঃ সঃ রাজা দিশঃ খম্ অবনীং সর্ব্বম্ অপি স্থানং জীবময়ং পশ্যন্ তত্র শাপার্থং গৃহীতং জলং প্রক্ষিপ্তে তেষাং বিনাশেন পাপম্ আশঙ্ক্য তা রুশতীঃ তীক্ষ্ণাঃ অপঃ পাদয়োঃ জহৌ ত্যক্তবান্ ॥২৪

ততঃ রাক্ষসং ভাবম্ আপন্নঃ পাদে কল্মাষতাং গতঃ সঃ একদা বনে বনৌকৌ দম্পতী দ্বিজৌ ব্যবায়কালে (মৈথুনাসক্তৌ)

শ্রীপরীক্ষিত বলিলেন—হে ব্রহ্মন্! গুরু বশিষ্ঠদেব কি কারণে মহাত্মা সৌদাসকে শাপ দিয়াছিলেন, তাহা যদি গোপনীয় না হয়, তাহা হইলে বলুন, আমরা তাহা জানিতে ইচ্ছা করি।১৯

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! এক সময়ে সৌদাস মৃগয়ায় যাইয়া একটি রাক্ষসকে বধ করেন, কিন্তু তাহার ভ্রাতাকে ছাড়িয়া দেন, তখন সেই রাক্ষস ভ্রাতৃহত্যার প্রতিকার করিতে ইচ্ছুক হইয়া রাজার অনিষ্ট চিন্তা করিতে করিতে পাচকরূপে রাজার গৃহে স্থান লইয়াছিল এবং একদিন গুরু বশিষ্ঠদেব রাজার গৃহে ভোজন করিতে ইচ্ছা করিলে সে নরমাংস পাক করিয়া তাঁহার নিকট লইয়া আসিল।২০-২১

ঐ মাংস পরিবেশনের সময় ভগবান্ বশিষ্ঠদেব দিব্যদৃষ্টিবলে উহা অভক্ষ্য দ্রব্য জানিতে পারিয়া ক্রুদ্ধচিত্তে রাজাকে অভিশাপ দিয়াছিলেন যে—নরমাংস ব্যবহারহেতু তুমি রাক্ষস হইবে।২২

পশ্চাৎ বশিষ্ঠ ঋষি রাক্ষসই ঐ নরমাংস দিয়াছে অর্থাৎ রাজার কোন দোষ নাই জানিতে পারিয়া পূর্বোক্ত শাপকে দ্বাদশবর্ষ মাত্র স্থায়ী করিয়াছিলেন। তৎকালে সৌদাসও হাতে জল লইয়া বশিষ্ঠকে অভিশাপ দিতে উদ্যত হইলে পত্নী মদয়ন্তী বারণ করায় তিনি—দিকসমূহ, আকাশ ও পৃথিবী সকলকেই জীবময় দেখিয়া (কোথায়ও সেই জল নিক্ষেপ করিতে না পারিয়া). অবশেষে সেই তীক্ষ্ণ জল নিজ পদযুগলেই নিক্ষেপ করিয়াছিলেন।২৩-২৪

অনন্তর রাজা সৌদাস রাক্ষসত্ব প্রাপ্ত হইলেন এবং তাঁহার পদযুগল কল্মাষ অর্থাৎ মিশ্রিত নানা-

ক্ষুধার্ত্তো জগৃহে বিপ্রং তৎপত্ন্যাহাকৃতার্থবৎ।
ন ভবান্ রাক্ষসঃ সাক্ষাদিক্ষ্বাকূণাং মহারথঃ ॥২৬

মদয়ন্ত্যাঃ পতির্বীর নাধর্ম্মং কর্ত্তুমর্হসি।
দেহি মেঽপত্যকামায়া অকৃতার্থং পতিং দ্বিজম্ ॥২৭

দেহোঽয়ং মানুষো রাজন্ পুরুষস্যাখিলার্থদঃ।
তস্মাদস্য বধো বীর সর্ব্বার্থবধ উচ্যতে ॥২৮

এ[illegible]জা[illegible]ণান্বিতঃ।
আরিরাধয়িষু[illegible]ষসংজ্ঞিতম্ ॥২৯

সোঽয়ং ব্রহ্মর্ষিবর্য্যস্তে রাজর্ষিপ্রবরাদ্ বিভো।
কথমর্হতি ধর্ম্মজ্ঞ বধং পিতুরিবাত্মজঃ ॥৩০

কর্ম্মণা মনসা বাচা সর্ব্বভূতেষু সৌহৃদম্।
বিদ্যাবিবেকসম্পন্নাঃ শীলমেতদ্ বিদুর্বুধাঃ ॥৩১

দদৃশে ॥২৫

ক্ষুধা অশনয়া আর্ত্তঃ পীড়িতঃ রাক্ষসরূপঃ সৌদাসঃ বিপ্রং ভক্ষিতুং যদা জগৃহে, তদা অকৃতার্থবৎ দীনবৎ তস্য পত্নী আহ যথা—ভবান্ ন সাক্ষাৎ রাক্ষসঃ রাক্ষসকুলোৎপন্নঃ কিন্তু ইক্ষ্বাকূণাং মহারথঃ শ্রেষ্ঠঃ মদয়ন্ত্যাঃ পতিঃ। অতঃ হে বীর! (বিপ্রহননরূপম্) অধর্ম্মং পাপং কর্ত্তুং ন অর্হসি। অপত্যকামায়াঃ মে অকৃতার্থম্ অনুৎপাদিতপুত্রং তত্রাপি দ্বিজং ব্রাহ্মণং পতিং দেহি ॥২৬-২৭

হে রাজন্! অয়ং মানুষঃ দেহঃ পুরুষস্য জীবস্য অখিলানাং পুরুষার্থানাং সাধনভূতঃ। তস্মাৎ হে বীর! অস্য ব্রাহ্মণদেহস্য বধঃ সর্ব্বপুরুষার্থবধঃ উচ্যতে ॥২৮

এষঃ হি ব্রাহ্মণঃ বিদ্বান্ শাস্ত্রজ্ঞঃ, তপঃ-শীল-গুণাদিভিঃ অন্বিতঃ যুক্তঃ, তথা সর্ব্বভূতেষু যঃ আত্মভাবঃ পরমাত্ম-চিন্তনং তেন ভূতেষু স্থিতঃ অপি গুণৈঃ গুণকার্য্যৈঃ অহঙ্কারাদিভিঃ অন্তর্হিতম্ অলক্ষ্যং মহাপুরুষ-সংজ্ঞিতং পরম্ আরিরাধয়িষুঃ আরাধয়িতুমিচ্ছুঃ সঃ অয়ং ব্রহ্মর্ষিবর্য্যঃ হে বিভো! রাজর্ষিপ্রবরাৎ তে ত্বত্তঃ সকাশাৎ হে ধর্ম্মজ্ঞঃ! পিতুঃ সকাশাৎ আত্মজঃ ইব কথম্ অর্হতি ॥২৯-৩০

বিদ্যা-বিবেক-সমপন্নাঃ বুধাঃ পণ্ডিতাঃ জনাঃ কর্ম্মণা মনসা বাচা সর্ব্বভূতেষু যৎ সৌহৃদম্ এতদেব শীলং বিদুঃ ॥৩১

বর্ণবিশিষ্ট হইয়াছিল। এইরূপে তিনি একদিন বনে যাইয়া মৈথুনকর্মরত বনবাসী ব্রাহ্মণদম্পতিকে দেখিতে পাইলেন।২৫

ভগবান্ শ্রীরামচন্দ্র কেবলমাত্র দেবগণের প্রার্থনায়ই নরদেহ ধারণ করিয়াছিলেন। বস্তুতঃ তাঁহার প্রভাব অপেক্ষা অধিক বা তাহার তুল্য প্রভাব অপর কাহারও নাই বলিয়া, অস্ত্ররাজিদ্বারা রাক্ষসবধ এবং সমুদ্রবন্ধন কবিগণের বর্ণনায় আশ্চর্য্যজনক হইলেও বস্তুতঃ তাঁহার স্তুতির বিষয় নহে। এ অবস্থায় সুগ্রীবাদি বানরগণ তাঁহার শত্রুবধে কি সাহায্য করিবে? সুগ্রীবাদির আশ্রয় গ্রহণের ন্যায় শত্রুবধপ্রভৃতি সমস্তই [তাঁহার লীলামাত্র।২০

যস্যামলং নৃ[illegible] সর্ব্বপারিষ্টাৎ প্র[illegible]তে।
গায়[illegible] [illegible]গভেন্দ্রপট্যম্।
তন্নাকপালবসুপালকিরীটজুষ্ট—
পাদাম্বুজং রঘুপতিং শরণং প্রপদ্যে ॥২১
স যৈঃ স্পৃষ্টোঽভিদৃষ্টো বা সংবিষ্টোঽনুগতোঽপি
কোশলাস্তে যযুঃ স্থানং যত্র গচ্ছন্তি যোগিনঃ ॥২২
পুরুষো রামচরিতং শ্রবণৈরুপধারয়ন্।
আনৃশংস্যপরো রাজন্ কর্ম্মবন্ধৈর্বিমুচ্যতে ॥২৩

যস্য অমলং শুদ্ধম্ অঘঘ্নং বক্তৃশ্রোতৄণাং পাপবিনাশকম্, অতএব দিগিভেন্দ্রপট্টং (দিগিভেন্দ্রাণাং পট্টবদাবরণরূপং) যুধিষ্ঠিরাদীনাং সদঃসু সভাসু ঋষয়ঃ মার্কণ্ডেয়াদয়ঃ গায়ন্তি তং নাকপালাঃ স্বর্গপালাঃ দেবাঃ, বসুপালাঃ কুবেরাদয়ঃ, পৃথ্বীপালাঃ চ তেষাং কিরীটৈঃ জুষ্টং সেবিতং পাদাম্বুজং যস্য তং রঘুপতিং শরণং প্রপদ্যে ॥২১

তদানীং যৈঃ জনৈঃ সঃ শ্রীরামঃ স্পৃষ্টঃ অভিদৃষ্টঃ সংবিষ্টঃ উপবেশিতঃ, অনুগতঃ অপি বা তে সর্ব্বেঽপি কোশলবাসিনঃ যত্র যৎ স্থানং যোগিনঃ গচ্ছন্তি, তৎ স্থানং যযুঃ ॥২২

হে রাজন্! আনৃশংস্যপরঃ কার্য্যাদিদোষরহিতঃ পুরুষঃ রামচরিতং শ্রবণৈঃ উপধারয়ন্ হৃদি স্থাপয়ন্ কর্ম্মবন্ধৈঃ সংসারহেতুভিঃ বিমুচ্যতে ॥২৩

যাঁহার যশোরাশি দিক্‌হস্তিগণের আচ্ছাদন বস্ত্ররূপে বিরাজ করিতেছে অর্থাৎ দিগন্ত পর্য্যন্ত বিস্তৃত রহিয়াছে এবং মার্কণ্ডেয়াদি মুনিগণ এখন যুধিষ্ঠিরাদি নৃপতিগণের সভায় পাপনাশক সেই নির্ম্মল যশঃ কীর্তন করেন, সেই রঘুপতি শ্রীরামচন্দ্রের পাদপদ্মযুগল দেবতাগণ ও নরপতিগণের মুকুটদ্বারা সেবিত হইয়াছে। আমরা সেই ভগবান্ শ্রীরামচন্দ্রের শরণাপন্ন হইতেছি।২১

যাঁহারা শ্রীরামচন্দ্রকে স্পর্শ বা দর্শন করিয়াছিলেন, কিংবা তাঁহাকে উপবেশন করাইয়াছিলেন, অথবা তাঁহার অনুগমন করিয়াছিলেন, সেই অযোধ্যাবাসিগণ—যোগিগণ যেস্থানে গমন করেন, সেই পুণ্য লোকে গমন করিয়াছিলেন।২২

হে মহারাজ! নৃশংসতা ত্যাগ করিয়া মানুষ শ্রীরামচরিত কর্ণগোচর করিলে কর্মবন্ধন হইতে মুক্তিলাভ করেন।২৩

রাজোবাচ

কথং স ভগবান্ রামো ভ্রাতৄন্ বা স্বয়মাত্মনঃ।
তস্মিন্ বা তেঽন্ববর্ত্তন্ত প্রজাঃ পৌরাশ্চ ঈশ্বরে ॥২৪

শ্রীবাদরায়ণিরুবাচ

অথাদিশদ্দিগ্বিজয়ে ভ্রাতৄংস্ত্রিভুবনেশ্বরঃ।
আত্মানং দর্শয়ন্ স্বানাং পুরীমৈক্ষত সানুগঃ ॥২৫
আসিক্তমার্গাং গন্ধোদৈঃ করিণাং মদশীকরৈঃ।
স্বামিনং প্রাপ্তমালোক্য মত্তাং বা সুতরামিব ॥২৬

রাজা পরীক্ষিৎ উবাচ। সঃ ভগবান্ রামঃ আত্মনঃ স্বস্য ভ্রাতৄন্ প্রতি কথম্ অবর্ত্তত তথা তস্মিন্ ঈশ্বরে তে ভ্রাতরঃ প্রজাঃ পৌরাঃ চ অন্ববর্ত্তত ॥২৪

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। অথ ত্রিভুবনেশ্বরঃ শ্রীরামঃ দিগ্বিজয়ে ভ্রাতৄন্ ভরতাদীন্ আদিশৎ; স্বানাং পৌরাদীনাম্ আত্মানং দর্শয়ন্ সানুগঃ পুরীম্ অযোধ্যাং সর্ব্বতঃ ঐক্ষত ॥২৫

গন্ধোদৈঃ সুগন্ধ্যুদকৈঃ করিণাং হস্তিনাং মদশীকরৈঃ মদবিন্দুভিঃ চ সিক্তাঃ মার্গাঃ যস্যাঃ তাং সুতরাং মত্তাম্ ইব

পরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! ভগবান্ শ্রীরামচন্দ্র স্বয়ং কিরূপে বর্তমান ছিলেন, নিজের অংশস্বরূপ ভ্রাতৃগণের প্রতিই বা কিরূপ আচরণ করিতেন এবং ঈশ্বরস্বরূপ তাঁহার প্রতি কনিষ্ঠ ভ্রাতৃগণ, প্রজাগণ ও পুরবাসিগণই বা কিরূপ ব্যবহার করিতেন?।২৪

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! রাজসিংহাসন গ্রহণের পর ত্রিলোকপতি ভগবান্ শ্রীরামচন্দ্র ভ্রাতৃগণকে দিগ্‌বিজয়ের আদেশ দিয়াছিলেন এবং অনুচরগণের সহিত মিলিত হইয়া নিজ জনগণকে সাক্ষাৎকার দান করিয়া পুরী দর্শন করিতেন।২৫

প্রাসাদগোপুরসভা-চৈত্যদেবগৃহাদিষু।
বিন্যস্তহেমকলসৈঃ পতাকাভিশ্চ মণ্ডিতাম্ ॥২৭

পূগৈঃ সবৃন্তৈঃ রম্ভাভিঃ পট্টিকাভিঃ সুবাসসাম্।
আদর্শৈরংশুকৈঃ স্রগ্‌ভিঃ কৃতকৌতুকতোরণাম্ ॥২[illegible]

তমুপেয়ুস্তত্র তত্র পৌরা অর্হণপাণয়ঃ।
আশীষো যুযুজুর্দেব পাহীমাং প্রাক্‌ত্বয়োদ্ধৃতাম্ ॥২৯

ততঃ প্রজা [illegible]
দিদৃক্ষয়োৎসৃষ্টগৃহাঃ স্ত্রিয়ো নরাঃ।
আরুহ্য হর্ম্ম্যাণ্যরবিন্দলোচন—
মতৃপ্তনেত্রাঃ কুসুমৈরবাকিরন্ ॥৩০

অথ প্রবিষ্টঃ স্বগৃহং জুষ্টং স্বৈঃ পূর্ব্বরাজভিঃ।
অনন্তাখিলকোষাঢ্যমনর্ঘোরুপরিচ্ছদম্ ॥৩১

সমৃদ্ধাং বা বাসিতাং কামোন্মত্তাং গাম্ ইব তাং স্বামিনং শ্রীরামং প্রাপ্তম্ আলোক্য, প্রাসাদ-গোপুর-সভা-চৈত্য-দেবগৃহাদিষু বিন্যস্তহেমকলসৈঃ পতাকাভিঃ চ মণ্ডিতাম্, সবৃন্তৈঃ পুষ্পফলাদিযুক্তৈঃ পূগৈঃ গুবাকৈঃ রম্ভাভিঃ সুবাসসাং, পট্টিকাভিঃ ধ্বজবিশেষৈঃ মণ্ডিতাম্, আদর্শৈঃ দর্পণৈঃ, অংশুকৈঃ বস্ত্রৈঃ স্রগ্‌ভিঃ চ কৃতকৌতুকতোরণাং কৃতানি কৌতুকেন উৎসাহেন তোরণানি যস্যাং তাং পুরীম্ ঐক্ষত (ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥২৬-২৮

অর্হণপাণয়ঃ (অর্হণানি পূজাসাধনানি পাণিষু যেষাং তে) পৌরাঃ তত্র তত্র রামম্ উপেয়ুঃ উপজগ্মুঃ! ততঃ চ হে দেব! প্রাক্ বরাহাবতারেত্বয়া উদ্ধৃতাম্ ইমাং ভূমিং পাহি—ইতি প্রার্থয়মানাঃ আশিষঃ যুযুজুঃ চ ॥২৯

ততঃ চিরাৎ আগতাং শ্রীরামং দিদৃক্ষয়া দ্রষ্টুম্ ইচ্ছয়া উৎসৃষ্টাঃ গৃহাঃ গৃহকার্য্যাণি যাভিঃ তাঃ স্ত্রিয়ঃ নরাঃ চ প্রজাঃ হর্ম্ম্যাণি আরুহ্য। ততঃ অরবিন্দ-লোচনং তং রামং বীক্ষ্য ন তৃপ্তানি নেত্রাণি যাসাং তাঃ কুসুমৈঃ শ্রীরামম্ অবাকিরন্ আচ্ছাদিতবন্তঃ ॥৩০

অথ পুরীদর্শনানন্তরং স্বৈঃ পূর্ব্বরাজভিঃ ইক্ষ্বাকু-প্রভৃতিভিঃ জুষ্টং সেবিতম্, অথ অনন্তাঃ নিরবধিকাঃ যে অখিলাঃ রত্নাদীনাং কোষাঃ তৈঃ আঢ্যম্ ঋদ্ধম্ অনর্ঘ্যাঃ উরবঃ পরিচ্ছদাঃ যস্মিন্ তং স্বগৃহং রামঃ প্রবিষ্টঃ ॥৩১

তাঁহার পরিদর্শনের পূর্বেই পথসমূহ গন্ধজল ও হস্তিগণের মদজলদ্বারা সিক্ত হইত, এ অবস্থায় সেই পুরী নিজ স্বামীকে সমাগত দেখিয়া যেন অতিশয় হর্ষোন্মত্ততা প্রকাশ করিত।২৬

প্রাসাদ, পুরদ্বার, সভা, চৈত্য ও দেবমন্দির প্রভৃতি স্থানে সংস্থাপিত সুবর্ণ কলস ও পতাকারাজি সর্বদাই উক্ত পুরীর শোভাবর্ধন করিত।২৭

তৎকালে ঐ পুরীমধ্যে স্থানে স্থানে বৃন্তযুক্ত গুবাকগুচ্ছ, কদলীবৃক্ষ, মনোরম বস্ত্রের পট্টিকা, দর্পণ, বস্ত্র এবং মালাদ্বারা মঙ্গলতোরণ রচিত হইত।২৮

পুরীদর্শনকালে তিনি যে যে স্থানে গমন করিতেন, সে সকল স্থানে পুরবাসিগণ উপহার হস্তে তাঁহার নিকটে আসিয়া আশীর্বাদ উচ্চারণপূর্বক বলিতেন—হে দেব! আপনি পূর্বে বরাহরূপে এই পৃথিবীর উদ্ধার করিয়াছেন, সম্প্রতি ইহা পালন করুন।২৯

অনন্তর নারী পুরুষ সকল প্রজাগণ দীর্ঘকাল পরে নিজেদের অধিপতি কমললোচন শ্রীরামচন্দ্রকে সমাগত দেখিয়া তাঁহাকে দর্শন করিবার প্রবল আগ্রহবশতঃ গৃহ পরিত্যাগপূর্বক প্রাসাদে আরোহণ করিয়া অতৃপ্তনয়নে তাঁহার উপর পুষ্পবর্ষণ করিতেন।৩০

অনন্তর তিনি নিজ পূর্বপুরুষ নরপতিগণের সেবিত, সর্বপ্রকার অসংখ্য রত্নভাণ্ডারযুক্ত ও মহামূল্য প্রভূত পরিচ্ছদশোভিত নিজগৃহে প্রবেশ করিতেন।৩১

বিদ্রুমোড়ুম্বরদ্বা[illegible] পারিষ্টাৎ প্র[illegible]ভিঃ।
স্থলৈর্মারকতৈঃ স্বচ্ছৈর্ভ্রাজৎস্ফটিকভিত্তিভিঃ ॥৩২
চিত্রস্রগ্‌ভিঃ পট্টিকাভির্বাসোমণি-গণাংশুকৈঃ।
মুক্তাফলৈশ্চিদুল্লাসৈঃ কান্তকামোপপত্তিভিঃ ॥৩[illegible]
ধূপদীপৈঃ সুরভির্মণ্ডিতং পুষ্পমণ্ডনৈঃ।
স্ত্রীপুংভিঃ সুরসঙ্কাশৈর্জুষ্টং ভূষণভূষণৈঃ ॥৩৪
তস্মিন্ স ভগবান্ রামঃ প্রিয়য়া স্নিগ্ধয়েষ্টয়া।
রেমে স্বারামধীরাণামৃষভঃ সীতয়া খিল ॥৩৫
বুভুজে চ যথাকালং কামান্ ধর্ম্মমপীড়য়ন্।
বর্ষপূগান্ বহূন্ নৃণামভিধ্যাতাঙ্ঘ্রিপল্লবঃ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
একাদশোঽধ্যায়ঃ ॥১১

বিদ্রুমময়াঃ উড়ুম্বরাঃ দেহল্যঃ যেষু তৈঃ, বৈদূর্য্যমণিময়-স্তম্ভানাং পংক্তিভিঃ স্বচ্ছৈঃ মারকত-মণিময়ৈঃ স্থলৈঃ ভ্রাজন্তঃ যে স্ফটিকাঃ তন্ময়ীভিঃ ভিত্তিভিঃ চ ॥৩২

চিত্রাভিঃ স্রগ্‌ভিঃ পট্টিকাভিঃ ধ্বজবিশেষৈঃ বাসসাং মণিগণানাং চ অংশুকৈঃ দীপ্তিভিঃ, চিৎ চৈতন্যং তদ্বৎ উল্লাসৈঃ উজ্জ্বলৈঃ মুক্তাফলৈঃ, বৈদূর্য্যস্তম্ভাদিষু যথাশোভং স্থিতৈঃ, কান্তাঃ কমনীয়াঃ কামোপপত্তয়ঃ ভোগসাধনানি তাভিঃ ॥৩৩

সুরভিভিঃ ধূপৈঃ দীপৈঃ চ পুষ্পাণাং মণ্ডনৈঃ অলঙ্কারৈঃ চ তথা ভূষণানাম্ অপি ভূষণভূতৈঃ শোভাতিশয়যুক্তৈঃ অতএব সুরসঙ্কাশৈঃ দেবতুল্যৈঃ স্ত্রীপুংভিঃ চ জুষ্টং যৎ গৃহম্ ॥৩৪

তস্মিন্ স্নিগ্ধয়া স্নেহাতিশয়বত্যা অতএব প্রিয়া চেষ্টা আচারঃ যস্যাঃ তয়া, স্বারামধীরাণাম্ (স্বস্মিন্ আত্মনি এব আরমন্তীতি স্বারামঃ তে ধীরাঃ জিতেন্দ্রিয়ান্তঃকরণাঃ তেষাম্) ঋষভঃ শ্রেষ্ঠঃ, কিল সঃ ভগবান্ রামঃ সীতয়া সহ রেমে ॥৩৫

নৃণাং নৃভিঃ অভিধ্যাতৌ অঙ্ঘ্রিপল্লবৌ যস্য সঃ শ্রীরামঃ ধর্ম্মম্ অপীড়য়ন্ স্বধর্ম্মম্ অজহন্ বহূন্ বর্ষপূগান্ সংবৎসর-সমূহান্ যথাকালং যথেষ্টং কামান্ বিষয়ান্ চ বুভুজে ॥৩৬

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে একাদশোঽধ্যায়ঃ।

উক্ত গৃহের দ্বারস্থিত দেহলী (চৌকাঠ) সমূহ বিদ্রুমমণিময়, স্তম্ভরাজি বৈদূর্য্যরত্নরচিত, স্থলভাগ নির্মল মরকতমণিরাজিদ্বারা নির্মিত এবং ভিত্তি-সমূহ (দেয়ালসমূহ) সমুজ্জ্বল স্ফটিকময় ছিল ।৩২

এইরূপ সেই গৃহটি বিচিত্র মাল্য, পট্টিকা, বস্ত্ররাজি ও মণিরাজির দীপ্তি, স্থলবিশেষে সমুজ্জ্বল মুক্তারাজি, মনোরম ভোগ্য সামগ্রী, সৌরভযুক্ত ধূপ, দীপ, পুষ্পসজ্জা এবং অলঙ্কারেরও শোভাবর্ধক দেবতুল্য স্ত্রী-পুরুষগণের দ্বারা বিভূষিত ছিল ।৩৩-৩৪

আত্মারামগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ ভগবান্ শ্রীরামচন্দ্র সেই গৃহে প্রণয়াসক্তা নিজ অভীষ্টা প্রিয়তমা সীতার সহিত বিহার করিতেন ।৩৫

তৎকালে মানবগণ সর্বদা তাঁহার পাদপদ্মযুগল ধ্যান করিত। এইরূপে তিনি বহু বৎসর ধর্মের অবিরোধে যথাকালে বিবিধ ভোগ্য বিষয়সমূহ ভোগ করিয়াছিলেন ।৩৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
একাদশ অধ্যায় সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ

[ইক্ষ্বাকূণাং কুশাদি-সুমিত্রান্তানাং বংশবর্ণনম্ ।]

শ্রীশুক উবাচ।

কুশস্য চাতিথিস্তস্মান্নিষধস্তৎসুতো নভঃ।
পুণ্ডরীকোঽথ তৎপুত্রঃ ক্ষেমধন্বাভবৎ ততঃ ॥১

দেবানীকস্ততোঽনীহঃ পারিযাত্রোঽথ তৎসুতঃ।
ততো বলস্থলস্তস্মাদ্ বজ্রনাভোঽর্কসম্ভবঃ ॥২

সগণস্তৎসুতস্তস্মাদ্ বিধৃতিশ্চাভবৎ সুতঃ।
ততো হিরণ্যনাভোঽভূদ্ যোগাচার্য্যস্তু জৈমিনেঃ ॥৩

শিষ্যঃ কৌশল্য আধ্যাত্মং যাজ্ঞবল্ক্যোঽধ্যগাদ্ যতঃ।
[illegible]াগং মহোদয়মৃষির্হৃদয়গ্রন্থিভেদকম্ ॥৪

পুষ্পো হিরণ্যনাভস্য ধ্রুবসন্ধিস্ততোঽভবৎ।
সুদর্শনোঽথাগ্নিবর্ণঃ শীঘ্রস্তস্য মরুঃ সুতঃ ॥৫

সোঽসাবাস্তে যোগসিদ্ধঃ কলাপগ্রামমাস্থিতঃ।
কলেরন্তে সূর্য্যবংশং নষ্টং ভাবয়িতা পুনঃ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। কুশস্য রামপুত্রস্য অতিথিঃ সুতঃ অভবৎ। তস্মাৎ নিষধঃ, তস্য নভঃ; তৎপুত্রঃ পুণ্ডরীকঃ, ততঃ ক্ষেমধন্বা অভবৎ ॥১

ততঃ দেবানীকঃ, ততঃ অনীহঃ, তৎসুতঃ পারিযাত্রঃ, ততঃ বলঃ, তস্মাৎ স্থলঃ, তস্মাৎ বজ্রনাভঃ, সঃ চ অর্কসম্ভবঃ অর্কস্য অংশাৎ সম্ভূতঃ ॥২

বজ্রনাভস্য সুতঃ সগণঃ, তস্মাৎ বিধৃতিঃ সুতঃ অভবৎ। ততঃ হিরণ্যনাভঃ; সঃ তু জৈমিনেঃ শিষ্যঃ যোগাচার্য্যঃ প্রসিদ্ধঃ; হিরণ্যনাভাৎ কৌশল্যঃ যাজ্ঞবল্ক্যঃ ঋষিঃ আধ্যাত্ম্যং, মহোদয়ং (মহান্ উদয়ঃ অভ্যুদয়ঃ যস্মাৎ তং) তথা হৃদয়গ্রন্থিভেদনং (হৃদয়গ্রন্থিম্ অজ্ঞানং ভিনত্তি যথা) তথা যোগম্ অধ্যগাৎ ॥৩-৪

হিরণ্যনাভস্য পুত্রঃ পুষ্পঃ, তস্য ধ্রুবসন্ধিঃ, তস্মাৎ সুদর্শনঃ, ততঃ অগ্নিবর্ণঃ, ততঃ শীঘ্রঃ, ততঃ মরুঃ সুতঃ অভূৎ ॥৫

যঃ অসৌ যোগেন সিদ্ধঃ বিনির্জ্জিতমৃত্যুঃ কলাপগ্রামবাসিভিঃ সহ তত্র আস্তে; যতঃ কলেঃ কলিযুগস্য অবসানে নষ্টং সূর্য্যবংশং পুনঃ ভাবয়িতা পুত্র-পৌত্রাদি-পরম্পরয়া প্রবর্ত্তয়িষ্যতে ইত্যর্থঃ ॥৬

দ্বাদশ অধ্যায়।

[ইক্ষ্বাকুকুলোৎপন্নদিগের কুশাদি-
সুমিত্রান্ত বংশবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! কুশের পুত্রের নাম অতিথি, তাঁহার পুত্র নিষধ, তাঁহার পুত্র নভ, তাঁহার পুত্র পুণ্ডরীক এবং পুণ্ডরীকের পুত্র ক্ষেমধন্বা।১

ক্ষেমধন্বার পুত্র দেবানীক, তাঁহার পুত্র অনীহ, তাঁহার পুত্র পারিযাত্র, তাঁহার পুত্র বলস্থল এবং তাঁহার ঔরসে সূর্য্যের অংশে বজ্রনাভ জন্মগ্রহণ করেন।২

বজ্রনাভের পুত্র সগণ, তাঁহার পুত্র বিধৃতি এবং তাঁহার পুত্র যোগাচার্য্য হিরণ্যনাভ। ইনি জৈমিনির শিষ্য ছিলেন। কৌশল্য যাজ্ঞবল্ক্য ঋষি ইহার নিকট মহাসিদ্ধিদায়ক ও অহঙ্কারনাশক অধ্যাত্মযোগ শিক্ষা করিয়াছিলেন।৩-৪

হিরণ্যনাভের পুত্র পুষ্প, তাঁহার পুত্র ধ্রুবসন্ধি, তাঁহার পুত্র সুদর্শন, তাঁহার পুত্র অগ্নিবর্ণ, তাঁহার পুত্র শীঘ্র এবং শীঘ্রের পুত্র মরু।৫

এই মরু যোগে সিদ্ধিলাভ করিয়া সম্প্রতি কলাপগ্রামে বাস করিতেছেন এবং কলিযুগের অন্তে বিনষ্ট সূর্য্যবংশকে পুনরায় প্রবর্তিত করিবেন।৬

তস্মাৎ প্রসুশ্রুতস্ত[illegible]মর্ষণঃ।
মহস্বাংস্তৎসুতস্তস্মাদ্ বিশ্ববাহুরজায়ত ॥৭
ততঃ প্রসেনজিৎ তস্মাৎ তক্ষকো ভবিতা পুনঃ।
ততো বৃহদ্বলো যস্তু পিত্রা তে সমরে হতঃ ॥৮
এতে হীক্ষ্বাকুভূপালা অতীতাঃ শৃণ্বনাগতান্।
বৃহদ্বলস্য ভবিতা পুত্রো নাম্না বৃহদ্রণঃ ॥৯
উরুক্রিয়ঃ সুতস্তস্য বৎসবৃদ্ধো ভবিষ্যতি।
প্রতিব্যোমস্ততো ভানুর্দিবাকো বাহিনীপতিঃ ॥১০
সহদেবস্ততো বীরো বৃহদশ্বোঽথ ভানুমান্।
প্রতীকাশ্বো ভানুমতঃ সুপ্রতীকোঽথ তৎসুতঃ ॥১১
ভবিতা মরুদেবোঽথ সুনক্ষত্রোঽথ পুষ্করঃ।
তস্যান্তরীক্ষস্তৎপুত্রঃ সুতপাস্তদমিত্রজিৎ ॥১২
বৃহদ্রাজস্তু তস্যাপি বর্হিস্তস্মাৎ কৃতঞ্জয়ঃ।
রণঞ্জয়স্তস্য সুতঃ সঞ্জয়ো ভবিতা ততঃ ॥১৩
তস্মাচ্ছাক্যোঽথ শুদ্ধোদো লাঙ্গলস্তৎসুতঃ স্মৃতঃ।
ততঃ প্রসেনজিৎ তস্মাৎ ক্ষুদ্রকো ভবিতা ততঃ ॥১৪

তস্মাৎ মরুতঃ প্রসুশ্রুতঃ জাতঃ, তস্য সন্ধিঃ, তস্যাপি অমর্ষণঃ, তৎসুতঃ মহস্বান্, তস্মাৎ বিশ্ববাহুঃ অজায়ত ॥৭

ততঃ প্রসেনজিৎ, তস্মাৎ পুনঃ তক্ষকঃ ভবিতা। ততঃ বৃহদ্বলঃ ; যঃ বৃহদ্বলঃ সমরে যুদ্ধে তে তব পিত্রা অভিমন্যুনা হতঃ ॥৮

এতে হি অতীতাঃ ইক্ষ্বাকুবংশজাঃ ভূপালাঃ কথিতাঃ। অথ অনাগতান্ ভাবিনঃ ইক্ষ্বাকুবংশজান্ ভূপালান্ ময়া কথয়িষ্যমানান্ শৃণু। বৃহদ্বলস্য সুতঃ নাম্না বৃহদ্রণঃ ভবিতা ॥৯

তস্য চ উরুক্রিয়ঃ (উরুক্ষতঃ ইতি পাঠান্তরং), তস্য বৎসবৃদ্ধঃ ভবিষ্যতি। ততঃ প্রতিব্যোমঃ ততঃ ভানুঃ, ততঃ দিবাকঃ। সঃ চ বাহিন্যাঃ দেবসেনায়াঃ পতিঃ ইতি খ্যাতঃ ॥১০

ততঃ সহদেবঃ, ততঃ বীরঃ বৃহদশ্বঃ, অথ তস্মাৎ ভানুমান্, ভানুমতঃ পুত্রঃ প্রতীকাশ্বঃ ; তৎসুতঃ সুপ্রতীকঃ ॥১১

অথ তস্মাৎ মরুদেবঃ সুতঃ ভবিতা। তস্মাৎ সুনক্ষত্রঃ, তস্মাৎ পুষ্করঃ ভবিতা। তস্য পুত্রঃ অন্তরীক্ষঃ, তৎপুত্রঃ সুতপাঃ, তস্মাৎ অমিত্রজিৎ জাতঃ ॥১২

তস্য পুত্রঃ বৃহদ্রাজঃ, তস্য বর্হিঃ, তস্মাৎ কৃতঞ্জয়ঃ, তস্য সুতঃ রণঞ্জয়ঃ ; তস্মাৎ সঞ্জয়ঃ ভবিতা ॥১৩

তস্মাৎ শাক্যঃ, তস্মাৎ শুদ্ধোদঃ, তৎসুতঃ লাঙ্গলঃ স্মৃতঃ। ততঃ প্রসেনজিৎ, তস্মাৎ ক্ষুদ্রকঃ ভবিতা ॥১৪

মরুর পুত্র প্রসুশ্রুত, তাঁহার পুত্র সন্ধি, তাঁহার পুত্র অমর্ষণ, তাঁহার পুত্র মহস্বান্ এবং তাঁহার পুত্র বিশ্ববাহু।৭

বিশ্ববাহুর পুত্র প্রসেনজিৎ, তাঁহার পুত্র তক্ষক এবং তাঁহার পুত্র বৃহদ্বল। আপনার পিতা অভিমন্যু এই বৃহদ্বলকে সংগ্রামে হত্যা করিয়াছিলেন।৮

ইক্ষ্বাকুবংশীয় এই সকল রাজা অতীত হইয়াছেন। সম্প্রতি ভবিষ্যৎ নরপতিগণের কথা শ্রবণ করুন। বৃহদ্বলের ঔরসে বৃহদ্রণনামক পুত্র উৎপন্ন হইবেন।৯

বৃহদ্রণ হইতে উরুক্রিয়, তাঁহা হইতে বৎসবৃদ্ধ, তাঁহা হইতে প্রতিব্যোম, তাঁহা হইতে ভানু এবং ভানু হইতে সেনাধিপতি দিবাক জন্মগ্রহণ করিবেন।১০

দিবাক হইতে সহদেব, তাঁহা হইতে মহাবীর বৃহদশ্ব, তাঁহা হইতে ভানুমান্, তাঁহা হইতে প্রতীকাশ্ব এবং প্রতীকাশ্ব হইতে সুপ্রতীকের জন্ম হইবে।১১

সুপ্রতীক হইতে মরুদেব, তাঁহা হইতে সুনক্ষত্র, তাঁহা হইতে পুষ্কর, তাঁহা হইতে অন্তরীক্ষ, তাঁহা হইতে সুতপা এবং তাঁহা হইতে অমিত্রজিতের উৎপত্তি হইবে।১২

অমিত্রজিৎ হইতে বৃহদ্রাজ, তাঁহা হইতে বর্হি, তাঁহা হইতে কৃতঞ্জয়, তাঁহা হইতে রণঞ্জয় এবং তাঁহা হইতে সঞ্জয় জন্মলাভ করিবেন।১৩

সঞ্জয় হইতে শাক্য, তাঁহা হইতে শুদ্ধোদ, তাঁহা হইতে লাঙ্গল, তাঁহা হইতে প্রসেনজিৎ এবং তাঁহা হইতে ক্ষুদ্রকের জন্ম হইবে।১৪

রণকো ভবিতা তস্মাৎ স্থরথস্তনয়স্ততঃ।
স্থমিত্রো নামো নিষ্ঠান্ত এতে বার্হদ্বলান্বয়াঃ ॥১৫
ইক্ষ্বাকূণাময়ং বংশঃ স্থমিত্রান্তো ভবিষ্যতি।
যতস্তং প্রাপ্য রাজানং সংস্থাং প্রাপ্স্যতি বৈ কলৌ॥১[illegible]

তস্মাৎ রণকঃ নাম পুত্রঃ ভবিতা, ততঃ স্থরথঃ, তস্মাৎ স্থমিত্রঃ নাম প্রসিদ্ধঃ, সঃ চ নিষ্ঠান্তঃ; নিষ্ঠাবংশস্য স্থিতিঃ তস্যাঃ অন্তঃ অবধিভূতঃ। এতে বৃহদ্বলস্য অন্বয়াঃ গোত্রজাঃ নৃপাঃ ভবিতারঃ ॥১৫

ক্ষুদ্রক হইতে রণক, রণক হইতে স্থরথ এবং স্থরথ হইতে স্থমিত্র জন্মগ্রহণ করিবেন। এই স্থমিত্র পর্য্যন্তই বংশ স্থায়ী হইবে। ইঁহারা সকলেই বৃহদ্বলের বংশজাত।১৫

ইতি শ্রী[illegible]ণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
দ্বাদশোঽধ্যায়ঃ।

অয়ম্ ইক্ষ্বাকূণাং বংশঃ স্থমিত্রান্তঃ অবধিঃ যস্য তথাভূতঃ ভবিষ্যতি। যতঃ যস্মাৎ তং রাজানং স্থমিত্রং প্রাপ্য কলৌ যুগে সংস্থাম্ উচ্ছেদম্ এব প্রাপ্স্যতি ।।১৬

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে দ্বাদশোঽধ্যায়ঃ ।।

ইক্ষ্বাকুগণের এই বংশে স্থমিত্রই শেষ রাজা হইবেন। কারণ—এই স্থমিত্রের রাজত্বকালের পরই কলিযুগে বংশ লুপ্ত হইবে।১৬

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

LIBRARY
No...........
Shri Shri [illegible] Ashram
BANARAS.

সর্ব্বপ্রবিষ্টাৎ শর

ত্রয়োদশঃ অধ্যায়ঃ।

[নিমিবংশকথনম্, নিমের্দ্দেহত্যাগাদিবর্ণনঞ্চ]

শ্রীশুক উবাচ

নিমিরিক্ষ্বাকুতনয়ো বশিষ্ঠমবৃতর্ত্বিজম্।
আরভ্য সত্রং সোঽপ্যাহ শক্রেণ প্রাগ্বৃতোঽস্মি ভোঃ॥১
তং নির্ব্বর্ত্ত্যাগমিষ্যামি তাবন্মাং প্রতিপালয়।
তূষ্ণীমাসীদ্ গৃহপতিঃ সোঽপীন্দ্রস্যাকরোন্মখম্ ॥২

নিমিশ্চলমিদং বিদ্বান্ সত্রমারভতাত্মবান্।
ঋত্বিগ্ভিরপরৈস্তাবন্নাগমদ্ যাবতা গুরুঃ ॥৩
শিষ্যব্যতিক্রমং বীক্ষ্য তং নির্ব্বর্ত্ত্যাগতো গুরুঃ।
অশপৎ পতত্তাদ্ দেহো নিমেঃ পণ্ডিতমানিনঃ ॥৪
নিমিঃ প্রতিদদৌ শাপং গুরবেঽধর্ম্মবর্ত্তিনে।
তবাপি পতত্তাদ্ দেহো লোভাদ্ধর্ম্মমজানতঃ ॥৫

অন্বয়ঃ

ইক্ষ্বাকুতনয়ঃ নিমিঃ কদাচিৎ সত্রম্ আরভ্য বশিষ্ঠম্ ঋত্বিজম্ অবৃত। তদা সঃ বশিষ্ঠঃ অপি আহ যথা—ভোঃ হে নিমে! তদ্বরণাৎ প্রাক্ এব অহং শক্রেণ বৃতঃ অস্মি ॥১

তম্ ইন্দ্রস্য যজ্ঞং নির্ব্বর্ত্ত্য সমাপ্য যাবৎ অহং ন আগমিষ্যামি, তাবৎ পর্য্যন্তং ত্বং মাং প্রতিপালয় যজ্ঞানুষ্ঠান-প্রতিরোধং কৃত্বা মাং প্রতীক্ষস্ব। ততঃ গৃহপতিঃ নিমিঃ তূষ্ণীম্ আসীৎ। সঃ বশিষ্ঠঃ অপি ইন্দ্রস্য মখম্ অকরোৎ ॥২

আত্মবান্ আত্মানাত্মবিবেকান্ নিমিঃ ইদং জীবিতং অনিত্যং বিদ্বান্ জানন্ যাবতা গুরুঃ বশিষ্ঠঃ ন আগতঃ, তাবৎ অন্যৈঃ এব ঋত্বিগ্ভিঃ সত্রম্ আরভত ॥৩

ততঃ ইন্দ্রস্য যজ্ঞং নির্বর্ত্ত্য আগতঃ গুরুঃ বশিষ্ঠঃ শিষ্যস্য ব্যতিক্রমং স্বাজ্ঞোল্লঙ্ঘনং বীক্ষ্য পণ্ডিত-মানিনঃ নিমেঃ 'অয়ং দেহঃ পততাৎ' ইতি অশপৎ ॥৪

(তৎ আকর্ণ্য) নিমিঃ অপি লোভাৎ ইন্দ্রতঃ মত্তঃ চ বিত্তগ্রহণাভিলাষরূপাৎ ধর্ম্মম্ অজানতঃ তথা কালস্য সিদ্ধান্তম্ উপেক্ষমাণস্য তবাপি 'দেহঃ পততাৎ' ইতি অধর্ম্মবর্ত্তিনে গুরবে প্রতিশাপং দদৌ ॥৫

ত্রয়োদশ অধ্যায়।

[নিমিবংশকথন এবং নিমির দেহত্যাগাদিবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ইক্ষ্বাকুর পুত্র নিমি যজ্ঞের অনুষ্ঠান করিয়া বশিষ্ঠকে ঋত্বিক্ পদে বরণ করিলে বশিষ্ঠ বলিলেন—হে রাজন্! ইন্দ্র আমাকে পূর্বে (তাঁহার যজ্ঞে) ঋত্বিক্ পদে বরণ করিয়াছেন।১

অতএব আমি ইন্দ্রের যজ্ঞ সমাপন করিয়া আসিতেছি, আপনি ততকাল আমার প্রতীক্ষা করুন। রাজা নিমি একথা শুনিয়া কোন কথা বলিলেন না। তখন বশিষ্ঠ ইন্দ্রের যজ্ঞ আরম্ভ করিলেন।২

বুদ্ধিমান্ রাজা নিমি জীবন অনিত্য মনে করিয়া কুলগুরু বশিষ্ঠের আগমনের পূর্বেই অপর ঋত্বিক্গণের দ্বারা যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন।৩

ইন্দ্রযজ্ঞ সমাপনের পর বশিষ্ঠ প্রত্যাগমনপূর্বক শিষ্য নিমির এরূপ অন্যায় আচরণ লক্ষ্য করিয়া অভিশাপ দিলেন যে—এই পণ্ডিতাভিমানী নিমির দেহের পতন হউক।৪

তখন নিমিও অন্যায়কারী গুরুকে অভিশাপ দিয়া বলিলেন—লোভবশতঃ ধর্মজ্ঞানশূন্য আপনারও দেহের পতন ঘটুক।৫

ইত্যুৎসসর্জ্জ স্বং দেহং নিমিরধ্যাত্মকোবিদঃ।
মিত্রাবরুণয়োর্জজ্ঞে উর্ব্বশ্যাং প্রপিতামহঃ ॥৬

গন্ধবস্তুষু তদ্দেহং নিধায় মুনিসত্তমাঃ।
সমাপ্তে সত্রযাগে চ দেবানূচুঃ সমাগতান্ ॥৭

রাজ্ঞো জীবতু দেহোঽয়ং প্রসন্নাঃ প্রভবো যদি।
তথেত্যুক্তে নিমিঃ প্রাহ মাভূন্মে দেহবন্ধনম্ ॥৮

যস্য যোগং ন বাঞ্ছন্তি বিয়োগভয়কাতরাঃ।
ভজন্তি চরণাম্ভোজং মুনয়ো হরিমেধসঃ ॥৯

দেহং নাবরুরুৎসেঽহং দুঃখশোকভয়াবহম্।
সর্ব্বত্রাস্য যতো মৃত্যুর্মৎস্যানামুদকে যথা ॥১০

দেবা ঊচুঃ।

বিদেহ উষ্যতাং কামং লোচনেষু শরীরিণাম্।
উন্মেষণনিমেষাভ্যাং লক্ষিতোঽধ্যাত্মসংস্থিতঃ ॥১১

অধ্যাত্মকোবিদঃ তত্ত্বজ্ঞঃ নিমিঃ ইতি এবং বদন্ স্বদেহম্ উৎসসর্জ ত্যত্যাজ। তথা অস্মৎ-প্রপিতামহঃ বশিষ্ঠঃ অপি ত্যক্তদেহঃ পুনঃ মিত্রাবরুণয়োঃ উর্ব্বশ্যাম্ (উর্ব্বশী-দর্শনাৎ স্কন্নং রেতঃ তাভ্যাং কুম্ভে নিষিক্তং তস্মাৎ কুম্ভাৎ) পুত্রতয়া জজ্ঞে ॥৬

মুনিসত্তমাঃ (নিমেঃ ঋত্বিজঃ) তং নিমিনা ত্যক্তং দেহং গন্ধবস্তুষু সুগন্ধি-তৈলেষু নিধায় অত্র সত্রযাগে সমাপ্তে সতি তত্র সমাগতান্ দেবান্ ঊচুঃ ॥৭

যদি যূয়ং বরদানে প্রভবঃ সমর্থাঃ, প্রসন্নাঃ চ, তর্হি রাজ্ঞঃ নিমেঃ অয়ং দেহঃ জীবতু। ততঃ দেবৈঃ তথা ইতি উক্তে সতি নিমিঃ আহ, মে মম দেহবন্ধনং দেহসম্বন্ধং মা ভূৎ ॥৮

মুনয়ঃ মননশীলাঃ বিবেকিনঃ বিয়োগভয়কাতরাঃ (দেহ-যোগে সতি তদ্বিয়োগস্য মরণস্য অবশ্যম্ভাবিত্বাৎ ততঃ ভীতাঃ) যস্য দেহস্য যোগং সম্বন্ধং ন বাঞ্ছন্তি, কিন্তু হরিমেধসঃ (হরতি দেহসংযোগবিয়োগাদি-সংসার-দুঃখম্ ইতি তথাভূতা মেধা যস্য তস্য) ভগবতঃ চরণারবিন্দম্ এব দেহ-যোগাদি-নিবৃত্ত্যর্থং ভজন্তি ॥৯

অতঃ দুঃখাদি-নিমিত্তভূতং দেহং ন অবরুরুৎসে গ্রহীতুং ন ইচ্ছামি, যতঃ দেহগ্রহণাৎ অস্য দেহিনঃ সর্ব্বতঃ মৃত্যুঃ ভবতি যথা উদকে মৎস্যানাম্ ॥১০

দেবাঃ ঊচুঃ। নিমিঃ বিদেহঃ এব সন্ শরীরিণাং লোচনেষু কামং যথেষ্টম্ উষ্যতাং বসতু। এবং সতি অধ্যাত্ম-সংস্থিতঃ লোচনয়োঃ সংস্থিতঃ সন্ উন্মেষণ-নিমেষাভ্যাং লক্ষিতঃ বর্ত্ততে ॥১১

অনন্তর নিমি নিজ দেহত্যাগ করিলেন। আর উর্বশীর দর্শনে মিত্র ও বরুণের বীর্য্য স্খলিত হইলে কুম্ভমধ্যে রক্ষিত ঐ বীর্য্য হইতে অধ্যাত্মতত্ত্বজ্ঞ মদীয় প্রপিতামহ বশিষ্ঠদেব জন্মলাভ করেন।৬

মুনিগণ নিমির মৃতদেহ গন্ধদ্রব্যের মধ্যে রক্ষা করিয়া যজ্ঞসমাপ্তির পর যজ্ঞে সমাগত দেবতাগণের নিকট এরূপ প্রার্থনা করিলেন—হে প্রভুগণ! আপনারা যদি যজ্ঞে প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে রাজার এই দেহ পুনরায় জীবিত হউক। তখন দেবতাগণ 'তাহাই হউক' বলিলে নিমি বলিলেন—আমার যেন আর দেহবন্ধন না হয়।৭-৮

শ্রীহরির প্রতি যাঁহাদের চিত্ত সমর্পিত রহিয়াছে, সেই মুনিগণ দেহের বিয়োগভয়ে কাতর হইয়া আর এই দেহ-প্রাপ্তি কামনা করেন না, পরন্তু শ্রীহরির পাদপদ্মযুগলেরই ভজন করেন।৯

মৎস্যগণের যেরূপ জলেই মৃত্যু হয়, সেরূপ এই দেহেরও যেহেতু সর্বত্রই মরণ ঘটে, সেইহেতু আমি আর দুঃখ-শোক-ভয়জনক এই দেহ ধারণ করিতে ইচ্ছা করি না।১০

দেবতাগণ বলিলেন—এই নিমি বিদেহ (দেহহীন) হইয়াই প্রাণিগণের নেত্রদ্বয়ে যথেচ্ছভাবে বাস করুক। ইহার পর হইতেই নিমি প্রাণিগণের নেত্রে অবস্থানপূর্বক নেত্রের উন্মেষ ও নিমেষের প্রবর্ত্তক-রূপে লক্ষিত হইতেছেন।১১

অরাজকভয়ং নৄণাং মন্যমানা মহর্ষয়ঃ।
দেহং মমন্থুঃ স্ম নিমেঃ কুমারঃ সমজায়ত ॥১২
জন্মনা জনকঃ সোঽভূদ্ বৈদেহস্তু বিদেহজঃ।
মিথিলো মথনাজ্জাতো মিথিলা যেন নির্ম্মিতা ॥১৩
তস্মাদুদাবসুস্তস্য পুত্রোঽভূন্নন্দিবর্দ্ধনঃ।
ততঃ সুকেতুস্তস্যাপি দেবরাতো মহীপতে ॥১৪
তস্মাদ্ বৃহদ্রথস্তস্য মহাবীর্য্যঃ সুধৃৎপিতা।
সুধৃতের্ধৃষ্টকেতুর্বৈ হর্য্যশ্বোঽথ মরুস্ততঃ ॥১৫

নৄণাম্ অরাজকভয়ং মন্যমানাঃ সম্ভাবয়ন্তঃ মহর্ষয়ঃ নিমেঃ দেহং মমন্থুঃ স্ম। ততঃ কুমারঃ সমজায়ত ॥১২

জন্মনা অগ্রে বংশোৎপাদনেন সঃ জনক-শব্দাভিধেয়ঃ অভূৎ। বিদেহজঃ (বিদেহঃ নিমিঃ তদংশজত্বাৎ স এব) বৈদেহ-শব্দবাচ্যঃ। তথা মথনাৎ জাতঃ অতঃ মিথিল-শব্দবাচ্যঃ অভূৎ। যেন মিথিলাপুরী নির্ম্মিতা ॥১৩

তস্মাৎ মিথিলাৎ উদাবসুঃ, তস্য পুত্রঃ নন্দিবর্দ্ধনঃ অভূৎ। ততঃ সুকেশঃ, হে মহীপতে! তস্যাপি দেবরাতঃ পুত্রঃ অভূৎ ॥১৪

তস্মাৎ দেবরাতাৎ বৃহদ্রথঃ; তস্য মহাবীর্য্যঃ; তৎ-পুত্রঃ সুধৃতিঃ, তস্য ধৃষ্টকেতুঃ, তস্মাৎ হর্য্যশ্ব, ততঃ মরুঃ ॥১৫

অনন্তর মহর্ষিগণ প্রজাগণের অরাজকতার ভয় বিচার করিয়া নিমির দেহ মন্থন করিলে এক কুমারের উৎপত্তি হয়।১২

অসাধারণ জন অর্থাৎ জন্মহেতু তাঁহার নাম জনক, বিদেহ নিমি হইতে জন্মহেতু তাঁহার নাম বৈদেহ এবং মথন হইতে জন্মহেতু তাঁহার নাম মিথিল। ইনি মিথিলা পুরী নির্মাণ করিয়াছিলেন।১৩

হে মহারাজ! উক্ত জনকের পুত্র উদাবসু, তাঁহার পুত্র নন্দিবর্ধন, তাঁহার পুত্র সুকেতু এবং সুকেতুর পুত্র দেবরাত।১৪

দেবরাতের পুত্র বৃহদ্রথ, তাঁহার পুত্র মহাবীর্য্য, তাঁহার পুত্র সুধৃতি, তাঁহার পুত্র ধৃষ্টকেতু, তাঁহার পুত্র হর্য্যশ্ব এবং হর্য্যশ্বের পুত্র মরু।১৫

মরোঃ প্রতীপকস্তস্মাজ্জাতঃ কৃতরথো যতঃ।
দেবমীঢ়স্তস্য পুত্রো বিশ্রুতোঽথ মহাধৃতিঃ ॥১৬
কৃতিরাতস্ততস্তস্মান্মহারোমা চ তৎসুতঃ।
স্বর্ণরোমা সুতস্তস্য হ্রস্বরোমা ব্যজায়ত ॥১৭
ততঃ সীরধ্বজো জজ্ঞে যজ্ঞার্থং কর্ষতো মহীম্।
সীতা সীরাগ্রতো জাতা তস্মাৎ সীরধ্বজঃ স্মৃতঃ ॥১৮
কুশধ্বজস্তস্য পুত্রস্ততো ধর্ম্মধ্বজো নৃপঃ।
ধর্ম্মধ্বজস্য দ্বৌ পুত্রৌ কৃতধ্বজ-মিতধ্বজৌ ॥১৯

মরোঃ পুত্রঃ প্রতীপকঃ, তস্মাৎ কৃতরথঃ, যতঃ দেবমীঢ়ঃ জাতঃ। তস্য সুতঃ বিশ্রুতঃ, অথ তস্মাৎ মহাধৃতিঃ ॥১৬

ততঃ কৃতিরাতঃ, তস্মাৎ মহারোমাঃ, তস্য সুতঃ স্বর্ণরোমা, তস্য হ্রস্বরোমা ব্যজায়ত ॥১৭

ততঃ সীরধ্বজঃ, যস্মাৎ তস্য যজ্ঞার্থং মহীং কর্ষতঃ সতঃ সীরাগ্রাৎ লাঙ্গলাগ্রাৎ সীতা জাতা প্রাদুর্ভূতা, তস্মাৎ সীরঃ এব ধ্বজবৎ কীর্ত্তিকরঃ যস্য সঃ সীরধ্বজঃ স্মৃতঃ কথিতঃ ॥১৮

তস্য সীরধ্বজস্য পুত্রঃ কুশধ্বজঃ; হে নৃপ! তস্মাৎ ধর্ম্মধ্বজঃ জাতঃ, ধর্ম্মধ্বজস্য কৃতধ্বজ-মিতধ্বজৌ দ্বৌ পুত্রৌ বভূবতুঃ ॥১৯

মরুর পুত্র প্রতীপক, তাঁহার পুত্র কৃতরথ, তাঁহার পুত্র দেবমীঢ়, তাঁহার পুত্র বিশ্রুত এবং বিশ্রুতের পুত্র মহাধৃতি।১৬

মহাধৃতির পুত্র কৃতিরাত, তাঁহার পুত্র মহারোমা, তাঁহার পুত্র স্বর্ণরোমা এবং স্বর্ণরোমার পুত্র হ্রস্বরোমা।১৭

হ্রস্বরোমার পুত্র সীরধ্বজ। তিনি একসময়ে যজ্ঞের জন্য ভূমি কর্ষণে প্রবৃত্ত হইলে সীর অর্থাৎ লাঙ্গলের অগ্রভাগ হইতে সীতাদেবীর আবির্ভাব হইয়াছিল এবং তদবধি তিনি সীরধ্বজ নামে প্রসিদ্ধ হন।১৮

সীরধ্বজের পুত্র কুশধ্বজ, তাঁহার পুত্র ধর্মধ্বজ এবং ধর্মধ্বজের দুই পুত্র—কৃতধ্বজ ও মিতধ্বজ।১৯

কৃতধ্বজাৎ কেশিধ্বজঃ খাণ্ডিক্যস্তু মিতধ্বজাৎ।
কৃতধ্বজসুতো রাজন্নাত্মবিদ্যাবিশারদঃ ॥২০
খাণ্ডিক্যঃ কর্ম্মতত্ত্বজ্ঞো ভীতঃ কেশিধ্বজাদ্ দ্রুতঃ।
ভানুমাংস্তস্য পুত্রোঽভূচ্ছতদ্যুম্নস্তু তৎসুতঃ ॥২১
শুচিস্তু তনয়স্তস্মাৎ সনদ্বাজঃ সুতোঽভবৎ।
ঊর্জ্জকেতুঃ সনদ্বাজাদজোঽথ পুরুজিৎসুতঃ ॥২২
অরিষ্টনেমিস্তস্যাপি শ্রুতায়ুস্তৎসুপার্শ্বকঃ।
ততশ্চিত্ররথো যস্য ক্ষেমাধির্মিথিলাধিপঃ ॥২৩

তস্মাৎ সমরথস্তস্য সুতঃ সত্যরথস্ততঃ।
আসীদুপগুরুস্তস্মাদুপগুপ্তোঽগ্নিসম্ভবঃ ॥২৪

[illegible]স্বনন্তোঽথ তৎপুত্রো যুযুধো যৎসুভাষণঃ।
শ্রুতস্ততো জয়স্তস্মাদ্ বিজয়োঽস্মাদৃতঃ সুতঃ ॥২৫

শুনকস্তৎসুতো জজ্ঞে বীতহব্যো ধৃতিস্ততঃ।
বহুলাশ্বো ধৃতেস্তস্য কৃতিরস্য মহাবশী ॥২৬

কৃতধ্বজাৎ কেশিধ্বজঃ জাতঃ, মিতধ্বজাৎ তু খাণ্ডিক্যঃ পুত্রঃ জাতঃ। হে রাজন্! কৃতধ্বজসুতঃ কেশিধ্বজঃ আত্মবিদ্যায়াং বিশারদঃ নিপুণঃ জাতঃ ॥২০

খাণ্ডিক্যঃ তু কর্ম্ম-তত্ত্বজ্ঞঃ কর্ম্মবিদ্যায়াং নিপুণঃ, সঃ চ কেশিধ্বজাৎ ভীতঃ সন্ দ্রুতঃ গৃহাৎ নির্গতঃ। কেশিধ্বজস্য পুত্রঃ ভানুমান্, তস্য সুতঃ শতদ্যুম্নঃ অভূৎ। তস্য তনয়ঃ শুচিঃ, তস্মাৎ সনদ্বাজঃ ॥

ততঃ ঊর্জ্জকেতুঃ, তস্মাৎ অজঃ, তস্য পুরুজিৎ, তস্য অরিষ্টনেমিঃ, তস্যাপি শ্রুতায়ুঃ, ততঃ সুপার্শ্বকঃ ॥

ততঃ চিত্ররথঃ, যস্য সুতঃ ক্ষেমাধিঃ মিথিলাধিপঃ। তস্মাৎ ক্ষেমাধেঃ সমরথঃ (হেমরথঃ ইতি পাঠান্তরং), তস্য সুতঃ সত্যরথঃ ॥

সত্যরথাৎ উপগুরুঃ আসীৎ; তস্মাৎ উপগুপ্তঃ; সঃ চ অগ্নিসম্ভবঃ অগ্নেঃ অংশাৎ সম্ভূতঃ ॥২১-২৪

তস্য বস্বনন্তঃ, তস্য যুযুধঃ, তস্য সুভাষণঃ, তস্য শ্রুতঃ, তস্য জয়ঃ, তস্য বিজয়ঃ, তস্মাৎ ঋতঃ সুতঃ জাতঃ ॥২৫

তস্য শুনকঃ, তস্য বীতহব্যঃ তস্য ধৃতিঃ, তস্মাৎ বহুলাশ্বঃ, তস্মাৎ কৃতিঃ, তস্য মহাবশী ॥২৬

হে মহারাজ! কৃতধ্বজের পুত্র কেশিধ্বজ এবং মিতধ্বজের পুত্র খাণ্ডিক্য। কেশিধ্বজ আত্মবিদ্যায় নিপুণ ও খাণ্ডিক্য কর্মতত্ত্বজ্ঞ ছিলেন এবং এই খাণ্ডিক্য কেশিধ্বজের ভয়ে পলায়ন করিয়াছিলেন। কেশিধ্বজের পুত্র ভানুমান্ এবং ভানুমানের পুত্র শতদ্যুম্ন ।২০-২১

শতদ্যুম্নের পুত্র শুচি, তাঁহার পুত্র সনদ্বাজ, তাঁহার পুত্র ঊর্জ্জকেতু, তাঁহার পুত্র অজ এবং অজের পুত্র পুরুজিৎ ।২২

পুরুজিতের পুত্র অরিষ্টনেমি, তাঁহার পুত্র শ্রুতায়ু, তাঁহার পুত্র সুপার্শ্বক, সুপার্শ্বকের পুত্র চিত্ররথ এবং তাঁহার পুত্র মিথিলাধিপতি ক্ষেমাধি ।২৩

ক্ষেমাধির পুত্র সমরথ, তাঁহার পুত্র সত্যরথ, তাঁহার পুত্র উপগুরু এবং এই উপগুরু হইতে অগ্নিদেবের অংশজাত উপগুপ্ত জন্মগ্রহণ করেন ।২৪

উপগুপ্তের পুত্র বস্বনন্ত, তাঁহার পুত্র যুযুধ, তাঁহার পুত্র সুভাষণ, তাঁহার পুত্র শ্রুত, তাঁহার পুত্র জয়, তাঁহার পুত্র বিজয় এবং বিজয়ের পুত্র ঋত ।২৫

ঋতের পুত্র শুনক, তাঁহার পুত্র বীতহব্য, তাঁহার পুত্র ধৃতি, তাঁহার পুত্র বহুলাশ্ব, তাঁহার পুত্র কৃতি এবং কৃতির পুত্র মহাবশী ।২৬

এতে বৈ মৈথিলা রাজন্নাত্মবিদ্যাবিশারদাঃ।
যোগেশ্বর-প্রসাদেন দ্বন্দ্বৈর্মুক্তা গৃহেষ্বপি ॥২৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
ত্রয়োদশোঽধ্যায়ঃ।

হে রাজন্! এতে পূর্ব্বোক্তাঃ মৈথিলাঃ মিথিল-বংশজা[illegible] রাজানঃ গৃহে স্থিতাঃ অপি দ্বন্দ্বৈঃ দুঃখসুখহর্ষশোকাদি[illegible] বিমুক্তাঃ যোগেশ্বরাণাং যাজ্ঞবল্ক্যাদীনাং প্রসাদেন আত্মবিদ্যাবিশারদাঃ আত্মানাত্মবিবেকে বিশারদাঃ নিপুণাঃ আসন্ ॥১৭

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

হে মহারাজ! মিথিলার এই নরপতিগণ সকলেই যাজ্ঞবল্ক্যপ্রমুখ যোগেশ্বরগণের অনুগ্রহে আত্মবিদ্যায় সুনিপুণ হইয়া গৃহে থাকিয়াও সুখ-দুঃখাদি দ্বন্দ্ববিমুক্ত ছিলেন।২৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ।

[চন্দ্রবংশবর্ণনম্, বুধস্য জন্মবৃত্তান্তকথনম্, তস্মাজ্জাতস্য পুরূরবস উপাখ্যানঞ্চ।]

শ্রীশুক উবাচ।
অথাতঃ শ্রূয়তাং রাজন্ বংশঃ সোমস্য পাবনঃ।
যস্মিন্নৈলাদয়ো ভূপাঃ কীর্ত্ত্যন্তে পুণ্যকীর্ত্তয়ঃ ॥১

সহস্রশিরসঃ পুংসো নাভিহ্রদসরোরুহাৎ।
জাতস্যাসীৎ সুতো ধাতুরত্রিঃ পিতৃসমো গুণৈঃ ॥২
তস্য দৃগ্‌ভ্যোঽভবৎ পুত্রঃ সোমোঽমৃতময়ঃ কিল।
বিপ্রৌষধ্যুড়ুগণানাং ব্রহ্মণা কল্পিতঃ পতিঃ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! অথ সূর্য্যবংশ-কথনানন্তরম্ অতঃ অগ্রে ময়া কথ্যমানঃ সোমস্য পাবনঃ পবিত্রকারকঃ বংশঃ শ্রূয়তাম্, যস্মিন্ পুণ্যকীর্ত্তয়ঃ ঐলাদয়ঃ ভূপাঃ কীর্ত্ত্যন্তে॥১

সহস্রং শিরাংসি যস্য তস্য পুংসঃ গর্ভোদকে শয়ানস্য শ্রীনারায়ণস্য নাভিঃ এব হ্রদঃ তস্মিন্ এব যৎ উৎপন্নং সরোরুহং জগদাত্মকং পদ্মং, তস্মাৎ জাতস্য ধাতুঃ চতুর্ম্মুখস্য গুণৈঃ সত্য-শৌচসৌশীল্যাদিভিঃ পিতৃসমঃ সুতঃ অত্রিঃ আসীৎ ॥২

তস্য অত্রেঃ দৃগ্‌ভ্যঃ আনন্দাশ্রুভ্যঃ অমৃতময়ঃ পুত্রঃ কিল সোমঃ অভবৎ। সঃ বিপ্রৌষধ্যুড়ুগণানাং পতিঃ ব্রহ্মণা কল্পিতঃ ॥৩

চতুর্দ্দশ অধ্যায়।

[চন্দ্রবংশবর্ণন, বুধের জন্মবৃত্তান্তকথন এবং তাঁহা হইতে জাত পুরূরবার উপাখ্যান।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! অনন্তর আপনি পবিত্র চন্দ্রবংশের কথা শ্রবণ করুন, যে বংশে ঐলপ্রভৃতি পুণ্যকীর্তি নরপতিগণের চরিতাদি বর্ণিত হইয়াছে।১

সহস্রমস্তক পরমপুরুষের নাভিরূপ হ্রদস্থিত পদ্ম হইতে ব্রহ্মা উৎপন্ন হন। সেই ব্রহ্মার পুত্র অত্রি, তিনি সকল গুণে পিতৃতুল্য ছিলেন।২

সেই অত্রির আনন্দাশ্রু হইতে সোমনামক এক অমৃতময় পুত্র উৎপন্ন হইলে ব্রহ্মা তাঁহাকে ব্রাহ্মণ, ওষধি ও নক্ষত্রগণের অধিপতি করিয়াছিলেন।৩

সোঽযজদ্ রাজসূয়েন বিজিত্য ভুবনত্রয়ম্।
পত্নীং বৃহস্পতের্দর্পাৎ তারাং নামাহরদ্ বলাৎ ॥৪

যদা স দেবগুরুণা যাচিতোঽভীক্ষ্ণশো মদাৎ।
নাত্যজৎ তৎকৃতে জজ্ঞে সুরদানববিগ্রহঃ ॥৫

শুক্রো বৃহস্পতের্দ্বেষাদগ্রহীৎ সাসুরোড়ুপম্।
হরো গুরুসুতং স্নেহাৎ সর্ব্বভূতগণাবৃতঃ ॥৬

সর্ব্বদেবগণোপেতো মহেন্দ্রো গুরুমন্বয়াৎ।
সুরাসুরবিনাশোঽভূৎ সমরস্তারকাময়ঃ ॥৭

নিবেদিতোঽথাঙ্গিরসা সোমং নির্ভৎর্স্য বিশ্বকৃৎ।
তারাং স্বভর্ত্রে প্রাযচ্ছদন্তর্বত্নীমবৈৎ পতিঃ ॥৮

ত্যজ ত্যজাশু দুষ্প্রজ্ঞে মৎক্ষেত্রাদাহিতং পরৈঃ।
নাহং ত্বাং ভস্মসাৎ কুর্য্যাং স্ত্রিয়ং সান্তানিকোঽসতি ॥৯

সঃ সোমঃ ভুবনত্রয়ং বিজিত্য রাজসূয়েন অযজৎ তথা দর্পাৎ বৃহস্পতেঃ পত্নীং তারাং নাম বলাৎ অহরৎ ॥৪

যদা দেবগুরুণা বৃহস্পতিনা অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ সঃ সোমঃ যাচিতঃ অপি মদাৎ গর্ব্বাৎ তারাং ন অত্যজৎ ন প্রদদৌ, তদা তৎকৃতে তন্নিমিত্তং সুরাণাং দানবানাং চ বিগ্রহঃ বিরোধঃ জজ্ঞে ॥৫

বৃহস্পতেঃ দ্বেষাৎ হেতোঃ সাসুরঃ (অসুরৈঃ সহিতঃ) শুক্রঃ উড়ুপম্ (উড়ূনি নক্ষত্রাণি পাতি ইতি তং) সোমম্ অগ্রহীৎ; তথা সর্ব্বৈঃ ভূতগণৈঃ আবৃতঃ হরঃ (অঙ্গিরসঃ সকাশাৎ প্রাপ্তবিদ্যঃ অতঃ) গুরোঃ অঙ্গিরসঃ সুতং বৃহস্পতিং স্নেহাৎ অগ্রহীৎ ॥৬

তথা সর্ব্বৈঃ দেবগণৈঃ উপেতঃ যুক্তঃ মহেন্দ্রঃ গুরুং বৃহস্পতিম্ অন্বয়াৎ অনুসসার, এবং তদা সুরাণাম্ অসুরাণাং চ বিনাশঃ যত্র তথাভূতঃ তারকাময়ঃ তারানিমিত্তঃ সমরঃ সংগ্রামঃ অভূৎ ॥৭

অত্র চ অঙ্গিরসা নিবেদিতঃ বিজ্ঞাপিত-বৃত্তান্তঃ বিশ্বকৃৎ ব্রহ্মা সোমং নির্ভৎর্স্য তারাং স্বভর্ত্রে বৃহস্পতয়ে প্রাযচ্ছৎ অদাপয়ৎ; তদা চ পতিঃ বৃহস্পতিঃ তাং স্বভার্য্যাম্ অন্তর্বত্নীম্ অবৈৎ গর্ভিণীম্ অবুধ্যত ॥৮

হে দুষ্প্রজ্ঞে! পরৈঃ অহিতং গর্ভং মৎক্ষেত্রাৎ আশু ত্যজ! হে অসতি! যতঃ অহং সান্তানিকঃ সন্তানার্থী অতঃ স্ত্রিয়ং ত্বাং ভস্মসাৎ ন কুর্য্যাম্ ॥৯

তিনি ত্রিভুবন জয় করিয়া রাজসূয় যজ্ঞ সম্পাদন করেন এবং বৃহস্পতির ভার্য্যা তারাকে দর্পবশতঃ বলপূর্বক হরণ করিয়াছিলেন।৪

দেবগুরু বৃহস্পতি সোমের নিকট বারবার প্রার্থনা করিলেও সোম গর্ববশতঃ তারাকে পরিত্যাগ না করায় তাহার জন্য দেবতা ও দানবগণের মধ্যে সংগ্রাম উপস্থিত হইল।৫

শুক্রাচার্য্য বৃহস্পতির প্রতি বিদ্বেষহেতু চন্দ্র ও অসুরগণের পক্ষ অবলম্বন করিলেন, ভগবান্ শঙ্কর পূর্বে অঙ্গিরার নিকট হইতে বিদ্যা অভ্যাস করায় স্নেহবশতঃ সকল ভূপতিগণের সহিত মিলিত হইয়া গুরুপুত্র বৃহস্পতির সহায় হইয়াছিলেন।৬

দেবরাজ ইন্দ্র দেবগণের সমভিব্যাহারে বৃহস্পতির অনুগামী হইলেন। অনন্তর তারার জন্য দেবতা ও অসুরগণের সংহারাত্মক এক ঘোরতর সংগ্রাম উপস্থিত হইল।৭

অনন্তর অঙ্গিরা বিশ্বস্রষ্টা ব্রহ্মাকে সকল কথা নিবেদন করিলে তিনি সোমকে ভৎর্সনা করিয়া তারাকে নিজ স্বামীর নিকট অর্পণ করিলেন। তখন বৃহস্পতি তারাকে গর্ভবতী বলিয়া জানিতে পারিলেন।৮

তখন বৃহস্পতি তারাকে বলিলেন—হে দুর্বুদ্ধি-পরায়ণে! তুমি আমার ক্ষেত্র হইতে অপরের অর্পিত গর্ভ শীঘ্র ত্যাগ কর। হে অসতি! আমি সন্তানার্থী বলিয়া নিজ-স্ত্রী তোমাকে ভস্ম করিব না।৯

তত্যাজ ব্রীড়িতা তারা কুমারং কনকপ্রভম্ ।
স্পৃহামাঙ্গিরসশ্চক্রে কুমারে সোম এব চ ॥১০
মমায়ং ন তবেত্যুচ্চৈস্তস্মিন্ বিবদমানয়োঃ ।
প্রপচ্ছুর্ম্নয়ো দেবা নৈবোচে ব্রীড়িতা তু সা ॥১১
কুমারো মাতরং প্রাহ কুপিতোঽলীকলজ্জয়া ।
কিং ন বোচস্যসদ্বৃত্তে আত্মাবদ্যং বদাশু মে ॥১২
ব্রহ্মা তাং রহ আহূয় সমপ্রাক্ষীচ্চ সান্ত্বয়ন্ ।
সোমস্যেত্যাহ শনকৈঃ সোমস্তং তাবদগ্রহীৎ ॥১৩

তস্যাত্মযোনিরকৃত বুধ ইত্যভিধাং নৃপ ।
বুদ্ধ্যা গম্ভীরয়া যেন পুত্রেণাপোড়ুরাণ্মুদম্ ॥১৪

ততঃ পুরূরবা জজ্ঞে ইলায়াং য উদাহৃতঃ ।
তস্য রূপ-গুণৌদার্য্য-শীলদ্রবিণবিক্রমান্ ॥১৫

শ্রুত্বোর্ব্বশীন্দ্রভবনে গীয়মানান্ সুরর্ষিণা ।
তদন্তিকমুপেয়ায় দেবী স্মরশরার্দ্দিতা ॥১৬

ততঃ ব্রীড়িতা লজ্জিতা সা তারা কনকপ্রভং কুমারং তত্যাজ ; তং দৃষ্ট্বা কুমারে বৃহস্পতিঃ সোমঃ এব চ স্পৃহাং চক্রাতে ॥১০

এবং স্পৃহয়া মমৈব অয়ং পুত্রঃ ন তব ইত্যেবং তস্মিন্ পুত্রনিমিত্তে উচ্চৈঃ আঙ্গিরস-সোময়োঃ বিবদমানয়োঃ সতোঃ দেবাঃ ঋষয়ঃ চ তাং পপ্রচ্ছুঃ। সা তারা তু ব্রীড়িতা সতী কস্য পুত্রঃ ইতি ন উচে ন উবাচ ॥১১

তদা চ কুমারঃ কুপিতঃ সন্ মাতরং প্রাহ হে অসদ্বৃত্তে দুরিতে ! অলীক-লজ্জয়া ব্যর্থয়া লজ্জয়া কিং ন বোচসি ন বদসি ? আত্মনঃ স্বস্য অবদ্যং দুষ্করং কর্ম্ম (কুতো গর্ভধারণং কৃতং) তম্ আশু শীঘ্রং মে মহ্যং বদ ॥১২

তদা ব্রহ্মা তাং তারাং রহঃ একান্তে আহূয় সান্ত্বয়ন্ আশ্বাসয়ন্ সম্প্রাক্ষীৎ জিজ্ঞাসয়ামাস ; সা চ শনকৈঃ সোমস্য পুত্রঃ ইতি আহ। তাবৎ ততঃ তৎ কুমারং সোমঃ অগ্রহীৎ ॥১৩

হে নৃপ ! আত্মযোনিঃ ব্রহ্মা তস্য কুমারস্য বুধঃ ইতি অভিধাং নাম অকৃত কৃতবান্। বুদ্ধ্যা ইতি গম্ভীরয়া সূক্ষ্ময়া বুদ্ধ্যা যুক্তেন যেন পুত্রেণ উড়ুরাট্ চন্দ্রঃ মুদং হর্ষম্ আপ ॥১৪

ততঃ বুধাৎ যঃ ইলায়াম্ উদাহৃতঃ সুদ্যুম্নরূপং বিহায় স্ত্রীরূপেণ স্থিতায়াং জাতঃ ইতি পূর্ব্বমুক্তঃ সঃ পুরূরবাঃ জজ্ঞে। তস্য পুরূরবসঃ রূপাদীন্ (রূপং সৌন্দর্য্যং, গুণাঃ গাম্ভীর্য্য-ধৈর্য্যাদয়ঃ ; ঔদার্য্যং বদান্যতা, শীলং সুস্বভাবঃ, দ্রবিণং ধনং, বিক্রমঃ পরাক্রমঃ তান্) ইন্দ্রভবনে সুরর্ষিণা নারদেন গীয়মানান্ শ্রুত্বা স্মরশরার্দ্দিতা কামপীড়িতা দেবী দেবাপ্সরা উর্ব্বশী তস্য পুরূরবসঃ অন্তিকং সমীপম্ উপেয়ায় আজগাম ॥১৫-১৬

তখন তারা লজ্জিতা হইয়া স্বর্ণকান্তি একটি কুমারকে গর্ভ হইতে পরিত্যাগ করিলে ঐ কুমারের প্রতি বৃহস্পতি এবং চন্দ্র উভয়েই নিজ নিজ স্পৃহা প্রকাশ করিলেন।১০

তখন উভয়েই 'এই পুত্র আমার, পরন্তু তোমার নহে' এই বলিয়া তুমুল বিবাদ আরম্ভ করিলে, মুনিগণ ও দেবতাগণ তারাকে জিজ্ঞাসা করিলে তিনি লজ্জাবশতঃ কিছুই বলিলেন না।১১

অনন্তর কুমার মাতার অলীক লজ্জায় ক্রুদ্ধ হইয়া বলিলেন—হে অসদাচারিণি ! নিজের দোষ বলিতেছ না কেন ? সত্বর আমার নিকট উহা প্রকাশ কর।১২

ইহার পর ব্রহ্মা তারাকে নির্জন স্থানে আহ্বান করিয়া সান্ত্বনাপ্রদানপূর্বক জিজ্ঞাসা করিলে তিনি ধীরে ধীরে বলিলেন—এই পুত্র চন্দ্রেরই। তখন চন্দ্রই ঐ পুত্রকে গ্রহণ করিয়াছিলেন।১৩

হে মহারাজ ! ব্রহ্মা ঐ পুত্রের গম্ভীর বুদ্ধিহেতু 'বুধ' এই নামকরণ করিয়াছিলেন এবং চন্দ্র এই পুত্রলাভে অতিশয় হৃষ্ট হইয়াছিলেন।১৪

বুধের ঔরসে ইলার গর্ভে পুরূরবার জন্ম হয়, ইহার কথা পূর্বে বলিয়াছি। দেবর্ষি শ্রীনারদ ইন্দ্রের সভায় পুরূরবার রূপ, গুণ, উদারতা, শীল, ধনসম্পত্তি ও বিক্রমের কথা বর্ণন করিলে দেবী উর্বশী তাহা শ্রবণ করিয়া কামবাণে পীড়িতা হইয়া

মিত্রাবরুণয়োঃ শাপাদাপন্না নরলোকতাম্।
নিশাম্য পুরুষশ্রেষ্ঠং কন্দর্পমিব রূপিণম্ ॥১৭
ধৃতিং বিষ্টভ্য ললনা উপতস্থে তদন্তিকে।
স তাং বিলোক্য নৃপতির্হর্ষেণোৎফুল্ললোচনঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা দেবীং হৃষ্টতনূরুহঃ ॥১৮

রাজোবাচ।

স্বাগতং তে বরারোহে আস্যতাং করবাম কিম্।
সংরমস্ব ময়া সাকং রতির্নৌ শাশ্বতীঃ সমাঃ ॥১৯

উর্ব্বশ্যুবাচ।

কস্যাস্ত্বয়ি ন সজ্জেত মনো দৃষ্টিশ্চ সুন্দর।
যদঙ্গান্তরমাসাদ্য চ্যবতে হি রিরংসয়া ॥২০

এতাবুরণকৌ রাজন্ ন্যাসৌ রক্ষস্ব মানদ।
সংরংস্যে ভবতা সাকং শ্লাঘ্যঃ স্ত্রীণাং বরঃ স্মৃতঃ ॥২১

ঘৃতং মে বীর ভক্ষ্যং স্যান্নেক্ষে ত্বান্যত্র মৈথুনাৎ।
বিবাসসং তৎ তথেতি প্রতিপেদে মহামনাঃ ॥২২

মিত্রাবরুণয়োঃ শাপাৎ নরলোকতাং মনুষ্যভাবম্ আপন্না প্রাপ্তা সতী সা ললনা উর্ব্বশী কন্দর্পম্ ইব রূপিণম্ অতি সুন্দরং পুরুষশ্রেষ্ঠং পুরূরবসং নিশাম্য দৃষ্ট্বা ধৃতিং ধৈর্য্যং বিষ্টভ্য অবলম্ব্য তদন্তিকে উপতস্থে স্থিতবতী ॥১৭

সঃ নৃপতিঃ তাং বিলোক্য হর্ষেণ উৎফুল্লে বিকসিতে লোচনে যস্য সঃ তথা হৃষ্টানি উদঞ্চিতানি তনূরুহাণি রোমাণি যস্য তথাভূতঃ সন্ শ্লক্ষ্ণয়া মধুরয়া বাচা দেবীম্ উর্ব্বশীম্ উবাচ ॥১৮

রাজা উবাচ। হে বরারোহে! তে ত্বয়া স্বাগতম্। আস্যতাম্ অত্র উপবিশ্যতাম্। কিং ত্বদভিলষিতং বয়ং করবাম, তদ্ বিধেহি। ময়া সাকং (সহ) রমস্ব! তথা নৌ আবয়োঃ রতিঃ শাশ্বতীঃ সমাঃ বহূন্ সংবৎসরান্ ব্যাপ্য অস্তু ॥১৯

উর্ব্বশী উবাচ। হে সুন্দর! কস্যাঃ স্ত্রিয়ঃ মনঃ দৃষ্টিঃ চ ত্বয়ি ন সজ্জেত। যস্য তব অঙ্গান্তরং বক্ষঃ আসাদ্য দৃষ্ট্যা প্রাপ্য রিরংসয়া রন্তুম্ ইচ্ছয়া বিবেক-ধৈর্য্যাদিকং সর্ব্বং চ্যবতে অপযাতি ॥২০

হে রাজন্! হে মানদ! এতৌ দ্বৌ উরণকৌ মেষৌ ময়া পুত্রতয়া পালিতৌ ন্যাসৌ নিক্ষেপরূপৌ ময়া ত্বদন্তিকে নিহিতৌ, ত্বং রক্ষস্ব! যাবৎ ইমৌ ভবান্ রক্ষিতা তাবৎ ভবতা সহ সংরংস্যে রমণং করিষ্যে; যতঃ রূপৌদার্য্যাদিগুণৈঃ শ্লাঘ্যঃ যঃ সঃ এব স্ত্রীণাম্ অপ্সরসাম্ অস্মাকং বরঃ পতিঃ স্মৃতঃ ॥২১

হে বীর! ঘৃতম্ এব মে মম ভক্ষ্যং স্যাৎ। অন্যত্র কালে ত্বা ত্বাং বিবাসসং নগ্নম্ অহং ন ঈক্ষে ন ঈক্ষিষ্যে। মহামনাঃ পুরূরবাঃ এবমুক্তঃ তৎ তথা ইতি প্রতিপেদে অঙ্গীচকার ॥২২

তাঁহার নিকট গমন করিয়াছিলেন।১৫-১৬

উর্বশী মিত্র ও বরুণের অভিশাপে মনুষ্যভাব লাভ করিয়া মূর্তিমান্ কন্দর্পতুল্য পুরূরবার কথা শুনিতে পাইয়া ধৈর্য্য অবলম্বনপূর্বক তাঁহার নিকট গমন করিলেন। উর্বশীকে দেখিয়া পুরূরবার নয়নযুগল হর্ষভরে উৎফুল্ল ও দেহ রোমাঞ্চিত হইল এবং তিনি সুকোমল মধুরবাক্যে উর্বশীকে এরূপ বলিয়াছিলেন।১৭-১৮

রাজা পুরূরবা বলিলেন—হে সুন্দরি! তোমার সুখে আগমন হইয়াছে ত? এখানে উপবেশন কর, আমরা তোমার কোন্ প্রিয় কার্য্য করিব? তুমি আমার সহিত বিহার কর এবং আমাদের উভয়ের এই বিহার দীর্ঘকাল স্থায়ী হউক।১৯

উর্বশী বলিলেন—হে সুন্দর! কোন্ রমণীর মনঃ ও নেত্র তোমার প্রতি আসক্ত না হইবে? যেহেতু তোমার বক্ষঃস্থল লাভ করিয়া রমণেচ্ছাবশতঃ কোন রমণীই তাহা হইতে বিচ্যুত হইতে পারে না।২০

হে মহারাজ! তুমি আমার এই মেষ দুইটি গচ্ছিত রাখ। হে মানদ! আমি তোমার সহিত রমণ করিব। তুমি রমণীগণের প্রশংসাযোগ্য বর।২১

হে বীর! আমি কেবলমাত্র ঘৃত ভক্ষণ করিব এবং মৈথুনকালব্যতীত অন্য কোন সময়েই তোমাকে নগ্ন দেখিব না। তখন মহামতি পুরূরবা একথায় সম্মত হইলেন।২২

অহো রূপমহো ভাবো নরলোকবিমোহনম্।
কো ন সেবেত মনুজো দেবীং ত্বাং স্বয়মাগতাম্ ॥২৩

তয়া স পুরুষশ্রেষ্ঠো রময়ন্ত্যা যথার্হতঃ।
রেমে সুরবিহারেষু কামং চৈত্ররথাদিষু ॥২৪

রমমাণস্তয়া দেব্যা পদ্মকিঞ্জল্কগন্ধয়া।
তন্মুখামোদমুষিতো মুমুদেঽহর্গণান্ বহূন্ ॥২৫

অহো! আশ্চর্য্যম্! তব ইদং রূপং সৌন্দর্য্যম্! অহো ভাবঃ তব চাতুর্য্যম্! উভয়ম্ অপি নরলোক-বিমোহনম্ (নরলোকং বিমোহয়তীতি), অতঃ স্বয়ম্ আগতাং দেবীং দেবভোগ্যাং ত্বাং মনুজঃ কঃ বা ন সেবেত ॥২৩

যথার্হতঃ যথাপেক্ষ্যঃ রময়ন্ত্যা ক্রীড়ন্ত্যা তয়া উর্ব্বশ্যা সহ সঃ পুরুষশ্রেষ্ঠঃ পুরূরবাঃ সুরবিহারেষু (সুরাঃ দেবাঃ বিহরন্তি যেষু তেষু) চৈত্ররথাদিষু উপবনেষু কামং যথেষ্টং রেমে ॥২৪

পদ্মকিঞ্জল্কস্য গন্ধঃ ইব গন্ধঃ যস্যাঃ তয়া উর্ব্বশ্যা সহ নিত্যং রমমাণঃ রাজা তস্যাঃ মুখামোদেন মুষিতঃ প্রলোভিতঃ সন্ বহূন্ অহর্গণান্ মুমুদে ॥২৫

পুরূরবা বলিলেন—হে দেবি! তোমার নরলোক-বিমোহন এবং ভাব কি আশ্চর্য্যজনক! তুমি স্বর্গরমণী হইয়া স্বয়ং এখানে আসিয়াছ, এ অবস্থায় কোন্ মনুষ্য তোমার সেবা করিবে না?।২৩

অনন্তর পুরুষশ্রেষ্ঠ পুরূরবা রতিদায়িনী উর্বশীর সহিত চৈত্ররথপ্রভৃতি স্বর্গীয় বিহারক্ষেত্রসমূহ যথাযোগ্য রমণ করিয়াছিলেন।২৪

পদ্মকেশরের ন্যায় গন্ধযুক্তা দেবী উর্বশীর সহিত রতিলীলায় আসক্ত এবং তাঁহার মুখসৌরভে আকৃষ্ট হইয়া রাজা পুরূরবা দীর্ঘকালপর্য্যন্ত আমোদ উপভোগ করিয়াছিলেন।২৫

অপশ্যন্নুর্ব্বশীমিন্দ্রো গন্ধর্ব্বান্ সমচোদয়ৎ।
উর্ব্বশীরহিতং মহ্যমাস্থানং নাতিশোভতে ॥২৬

ত উপেত্য মহারাত্রে তমসি প্রত্যুপস্থিতে।
উর্ব্বশ্যা উরণৌ জহ্রুর্ন্যস্তৌ রাজনি জায়য়া ॥২৭

নিশম্যাক্রন্দিতং দেবী পুত্রয়োর্নীয়মানয়োঃ।
হতাস্ম্যহং কুনাথেন নপুংসা বীরমানিনা ॥২৮

ততঃ চ কদাচিৎ উর্ব্বশীন্ অপশ্যন্ ইন্দ্রঃ উর্ব্বশীরহিতঃ মম আস্থানং ন অতিশোভতে। ইতি মন্যমানঃ তাম্ আনেতুং গন্ধর্ব্বান্ সমচোদয়ৎ প্রেরয়ামাস ॥২৬

ততঃ তে গন্ধর্ব্বাঃ মহারাত্রে মধ্যরাত্রে তমসি অন্ধকারে প্রত্যুপস্থিতে সংপ্রাপ্তে সতি উপেত্য আগত্য রাজনি পুরূরবসি জায়য়া উর্ব্বশ্যা ন্যস্তৌ রক্ষার্থং স্থাপিতৌ উর্ব্বশ্যা উরণৌ মেষৌ জহ্রুঃ অপহৃতবন্তঃ ॥২৭

তদা নীয়মানয়োঃ পুত্রয়োঃ পুত্রবৎপালিতয়োঃ মেষয়োঃ ক্রন্দিতং রোদনং নিশম্য শ্রুত্বা দেবী উর্ব্বশী আহ, যথা—বীরমানিনা বৃথাভিমানিনা নপুংসা নপুংসকেন পুরুষার্থ-বিহীনেন কুৎসিতেন নাথেন স্বামিনা অহং হতাস্মি ॥২৮

ইন্দ্র উর্বশীকে না দেখিয়া—আমার সভা উর্বশী না থাকিলে শোভা পায় না—এই বলিয়া গন্ধর্বগণকে উর্বশীর আনয়নের জন্য প্রেরণ করিলেন।২৬

গন্ধর্বগণ মধ্যরাত্রে অন্ধকারে পুরূরবার বাসভবনে উপস্থিত হইয়া রাজার নিকট গচ্ছিত উর্বশীর মেষ দুইটি হরণ করিয়াছিল।২৭

উর্বশীর পুত্রতুল্য মেষ দুইটিকে গন্ধর্বগণ লইয়া যাইবার সময়ে সেই মেষ দুইটি কাতরস্বরে চীৎকার করায় তাহা শ্রবণ করিয়া দেবী উর্বশী এরূপ বলিতে লাগিলেন—হায়! আমি এই বীরাভিমানী নপুংসক নিন্দনীয় পতিদ্বারা বিনষ্টা হইলাম।২৮

যদ্বিস্রম্ভাদহং নষ্টা হৃতাপত্যা চ দস্যুভিঃ ।
যঃ শেতে নিশি সন্ত্রস্তো যথা নারী দিবা পুমান্ ॥২৯

ইতি বাক্‌শায়কৈর্বিদ্ধঃ প্রতোদৈরিব কুঞ্জরঃ ।
নিশি নিস্ত্রিংশমাদায় বিবস্ত্রোঽভ্যদ্রবদ্ রুষা ॥৩০

তে বিসৃজ্যোরণৌ তত্র ব্যদ্যোতন্ত স্ম বিদ্যুতঃ ।
আদায় মেষাবায়ান্তং নগ্নমৈক্ষত সা পতিম্ ॥৩১

যৎ যস্য বিস্রম্ভাৎ বীরোঽয়ং মৎপুত্রৌ রক্ষিষ্যতি ইতি বিশ্বাসাৎ দস্যুভিঃ হৃতে অপত্যে যস্যাঃ তথাভূতাঃ অহং নষ্টা এব। যঃ নাথঃ নিশি নারীবৎ ত্রস্তঃ ভীতঃ সন্ শেতে, দিবা দিবসে পুমান্ পুরুষঃ ইব আচরতি ॥২৯

ইতি এবং প্রতোদৈঃ অঙ্কুশৈঃ কুঞ্জরঃ ইব বাক্‌শায়কৈঃ বাগ্‌রূপেষুভিঃ বিদ্ধঃ পুরূরবাঃ নিস্ত্রিংশং খড়্গাম্ আদায় রুষা ক্রোধেন বিবস্ত্রঃ নগ্নঃ এব নিশি রাত্রৌ অভ্যদ্রবৎ গন্ধর্ব্বান্ অনুজগাম ॥৩০

তদা তে গন্ধর্ব্বাঃ তত্র এব উরণৌ বিসৃজ্য ত্যক্ত্বা বিদ্যুতঃ তড়িতঃ ইব ব্যদ্যোতন্ত দীপ্তিম্ অকুর্ব্বত, অতঃ মেষৌ আদায় আয়ান্তং পতিং নগ্নম্ এব সা উর্ব্বশী ঐক্ষত দদর্শ ॥৩১

ইহার প্রতি বিশ্বাসবশতঃ আমি বিনষ্টা হইয়াছি এবং দস্যুগণ আমায় পুত্র দুইটিকে হরণ করিল। ইনি রাত্রিতে নারীর ন্যায় সন্ত্রস্তচিত্তে শয়ন করিয়া থাকেন এবং দিবাভাগে পুরুষের ন্যায় আচরণ করেন।২৯

অনন্তর অঙ্কুশাহত হস্তীর ন্যায় উর্বশীর বাক্যবাণে আহত হইয়া রাজা সেই রাত্রিকালেই খড়্গ হাতে লইয়া উলঙ্গদশায় ক্রোধে দস্যুগণের প্রতি ধাবিত হইলেন।৩০

তখন সেই গন্ধর্বগণ মেষ দুইটিকে পরিত্যাগপূর্বক অতিশয় দীপ্তিমান্ হইয়া তথায় সেই দীপ্তি বিস্তার করিতেছিল এবং উর্বশী সেই আলোকের মধ্যে মেষ দুইটিকে লইয়া নগ্ন স্বামীকে আসিতে দেখিলেন।৩১

(রাজার প্রতিজ্ঞাভঙ্গহেতু উর্বশী তখনই চলিয়া

ঐলোঽপি শয়নে জায়ামপশ্যন্ বিমনা ইব ।
তচ্চিত্তো বিক্লবঃ শোচন্ বভ্রামোন্মত্তবন্মহীম্ ॥৩২

স তাং বীক্ষ্য কুরুক্ষেত্রে সরস্বত্যাঞ্চ তৎসখীঃ ।
পঞ্চ প্রহৃষ্টবদনঃ প্রাহ সূক্তং পুরূরবাঃ ॥৩৩

অহো জায়ে তিষ্ঠ তিষ্ঠ ঘোরে ন ত্যক্তুমর্হসি ।
মাং ত্বমদ্যাপ্যনির্বৃত্য বচাংসি কৃণবাবহৈ ॥৩৪

ততঃ ঐলঃ পুরূরবাঃ শয়নে শয্যায়াম্ উর্ব্বশীম্ অপশ্যন্ অদৃষ্ট্বা তচ্চিত্তঃ রাজা বিমনাঃ জাতঃ। অতঃ তাং বিনা বিহ্বলঃ ব্যাকুলচিত্তঃ শোচন্ উন্মত্তবৎ মহীং বভ্রাম ॥৩২

এবং পর্য্যটন্ সঃ পুরূরবাঃ কুরুক্ষেত্রে সরস্বতী-তীরে তাম্ উর্ব্বশীং প্রহৃষ্টানি বদনানি যাসাং তাঃ তৎসখীঃ চ পঞ্চ বীক্ষ্য সূক্তং শোভনং বচনং প্রাহ ॥৩৩

অহো জায়ে! তিষ্ঠ! তিষ্ঠ! অদ্যাপি অনির্বৃত্য মৎকৃতাং নির্বৃতিম্ অনবাপ্য ঘোরে বিরহদুঃখে মাং ত্যক্তুং ত্বং ন অর্হসি। অতঃ তিষ্ঠ! তিষ্ঠ! বচাংসি কৃণবাবহৈ গোষ্ঠীং করবাবহৈ ॥৩৪

গেলে] রাজা পুরূরবা শয্যায় পত্নীকে না দেখিয়া বিমনার ন্যায় হইয়া পড়িলেন এবং সর্বদা তাঁহার চিন্তায় রত হইয়া কাতরভাবে শোক করিতে করিতে উন্মত্তের ন্যায় পৃথিবী পরিভ্রমণ করিতে লাগিলেন।৩২

অনন্তর তিনি কুরুক্ষেত্রে সরস্বতী নদীর তীরভাগে পাঁচটি সখীর সহিত উর্বশীকে দেখিতে পাইয়া হৃষ্টমুখে এরূপ মনোরম বাক্য বলিয়াছিলেন।৩৩

অহো প্রিয়পত্নি! তুমি থাক, থাক। হে নিষ্ঠুরচিত্তে! তুমি এখনও আমার নিকট হইতে সুখের পরিসমাপ্তি (চরম দশা) লাভ কর নাই, অতএব আমাকে ত্যাগ করিতে পার না। আমরা নানারূপ বাক্যালাপ করিব।৩৪

স্থদেহোঽয়ং পতত্যত্র দেবি দূরং হৃতস্ত্বয়া।
খাদন্ত্যেনং বৃকা গৃধ্রাস্ত্বৎপ্রসাদস্য নাস্পদম্ ॥৩৫

উর্ব্বশ্যুবাচ।

মা মৃথাঃ পুরুষোঽসি ত্বং মাস্ম ত্বাদ্যুর্বৃকা ইমেন্।
ক্বাপি সখ্যং ন বৈ স্ত্রীণাং বৃকাণাং হৃদয়ং যথা [illegible]

স্ত্রিয়ো হ্যকরুণাঃ ক্রূরা দুর্ম্মর্ষাঃ প্রিয়সাহসাঃ।
ঘ্নন্ত্যল্পার্থেঽপি বিস্রব্ধং পতিং ভ্রাতরমপ্যুত ॥৩৭

বিধায়ালীকবিস্রম্ভমজ্ঞেষু ত্যক্তসৌহৃদাঃ।
নবং নবমভীপ্সন্ত্যঃ পুংশ্চল্যঃ স্বৈরবৃত্তয়ঃ ॥৩৮

সংবৎসরান্তে হি ভবানেকরাত্রং ময়েশ্বর।
রংস্যত্যপত্যানি চ তে ভবিষ্যন্ত্যপরাণি ভোঃ ॥৩৯

অন্তর্ব্বত্নীমুপালক্ষ্য দেবীং স প্রযযৌ পুরীম্।
পুনস্তত্র গতোঽব্দান্তে উর্ব্বশীং বীরমাতরম্ ॥৪০

হে দেবি! অয়ং মদীয়ঃ স্থদেহঃ অত্র তস্মিন্ এব স্থানে পতিতঃ, যতঃ ত্বয়া দূরং হৃতঃ ত্যক্তঃ। ত্বৎপ্রসাদস্য আস্পদং বিষয়ং ন ভবিষ্যতি চেৎ, তর্হি এনম্ অত্র পতিতং দেহং বৃকাঃ গৃধ্রাঃ চ খাদন্তি খাদয়িষ্যন্তি ॥৩৫

উর্ব্বশী উবাচ। মা মৃথাঃ ন ম্রিয়স্ব। যতঃ ত্বং পুরুষঃ অসি। অতঃ ইমে প্রসিদ্ধাঃ বৃকাঃ ত্বাং মাস্ম অদ্যুঃ ন ভক্ষয়েয়ুঃ। যথা বৃকাণাং হৃদয়ং, তথা স্ত্রীণাং ক্বাপি সখ্যং নৈবাস্তি ॥৩৬

অকরুণাঃ কৃপারহিতাঃ ক্রূরাঃ দুর্ম্মর্ষাঃ ক্ষমারহিতাঃ, প্রিয়সাহসাঃ (প্রিয়ে নিমিত্তে সাহসং স্বসামর্থ্যং লোকপরলোকহান্যাদিকম্ আবিচার্য্যৈব প্রবৃত্তিঃ যাসাং তাঃ) অল্পার্থে স্বল্পপ্রয়োজনে অপি নিমিত্তে সতি বিস্রব্ধং পতিং ভ্রাতরম্ অপি ঘ্নন্তি ॥৩৭

কিঞ্চ অজ্ঞেষু স্ত্রীস্বভাবানভিজ্ঞেষু অলীক-বিস্রম্ভং কপট-বিশ্বাসং বিধায় ত্যক্তসৌহৃদাঃ স্নেহরহিতাঃ পুংশ্চল্যঃ ব্যভিচারিণ্যঃ নবং নবং কান্তম্ অভীপ্সন্ত্যঃ কাময়মানাঃ স্বৈরং যথেচ্ছং বৃত্তিঃ যাসাং তথা ভবন্তি ॥৩৮

ভোঃ ঈশ্বর! সমর্থ! সংবৎসরান্তে একরাত্রং ভবান্ ময়া সহ রংসতি বৎস্যতি; তথা সতি তে তব অপরাণি অপি অপত্যানি ভবিষ্যন্তি ॥৩৯

ততঃ তাং দেবীম্ উর্ব্বশীম্ অন্তর্বত্নীং গর্ভিণীম্ উপালক্ষ্য জ্ঞাত্বা সঃ পুরূরবাঃ স্বপুরীং প্রযযৌ, পুনঃ অব্দান্তে বৎসরান্তে তত্র কুরুক্ষেত্রে সঃ গতঃ সন্ বীরমাতরং পুত্রসহিতাম্ উর্ব্বশীম্ উপলভ্য দৃষ্ট্বা মুদা হর্ষেণ যুক্তঃ তয়া সহ তাং নিশাং সমুবাস

হে দেবি! তোমার আকর্ষণেই আমার এই কমনীয় দেহ দূরদেশে উপনীত হইয়াছে, (অতএব তুমি না থাকিলে) এখানেই এ দেহের পতন ঘটিবে এবং তোমার অনুগ্রহের অপাত্র এ দেহকে বৃকগণ (নেকড়ে বাঘ) ও গৃধ্রগণই ভক্ষণ করিবে।৩৫

উর্বশী বলিলেন—হে রাজন্! তুমি মরিও না, তুমি পুরুষ, অতএব ধৈর্য্য ধারণ কর। এই ইন্দ্রিয়রূপী বৃকগণ যেন তোমাকে ভক্ষণ না করে, অর্থাৎ তুমি ইন্দ্রিয়পরবশ হইও না। স্ত্রীলোকগণের কাহারও প্রতি অনুরাগ জন্মে না, তাহাদের চিত্ত বৃকের চিত্তের ন্যায় নিষ্ঠুর।৩৬

স্ত্রীলোকগণ করুণাশূন্য, ক্রূর, অসহিষ্ণু এবং প্রিয় বস্তুর জন্য সর্বদাই সাহস প্রকাশ করে। তাহারা অল্প বিষয়ের জন্যও বিশ্বস্ত পতি বা ভ্রাতাকে হত্যা করিয়া থাকে।৩৭

বিশেষতঃ কুলটা রমণীগণ অজ্ঞগণের মিথ্যা বিশ্বাস উৎপাদনপূর্বক বস্তুতঃ সৌহার্দ বিসর্জন দিয়া স্বেচ্ছাচারবশতঃ নিত্য নূতন পুরুষকে পাইতে ইচ্ছা করে।৩৮

হে রাজন্! তুমি সংবৎসর পরে একরাত্রি আমার সহিত রমণ করিবে এবং ইহাতে তোমার আরও সন্তান উৎপন্ন হইবে।৩৯

অনন্তর তিনি পত্নী উর্বশীকে গর্ভবতী দেখিয়া নিজ পুরীতে গমন করিলেন এবং সংবৎসরান্তে পুনরায় সেখানে আসিয়া বীরপুত্রের জননী উর্বশীকে লাভ করিয়া হৃষ্টচিত্তে তাঁহার সহিত একরাত্রি বাস

উপলভ্য মুদা যুক্তঃ সমুবাস তয়া নিশাম্।
অথৈনমুর্ব্বশী প্রাহ কৃপণং বিরহাতুরম্ ॥৪১

গন্ধর্ব্বানুপধারেমাং স্তুভ্যং দাস্যন্তি মামিতি।
তস্য সংস্তুবতস্তুষ্টা অগ্নিস্থালীং দদুর্নৃপ।
উর্ব্বশীং মন্যমানস্তাং সোঽবুধ্যত চরন্ বনে ॥৪২

স্থালীং ন্যস্য বনে গত্বা গৃহানাধ্যায়তো নিশি।
ত্রেতায়াং সংপ্রবৃত্তায়াং মনসি ত্রয্যবর্ত্তত ॥৪৩

অথ নিশাবসানে বিরহেণ আতুরং ব্যাকুলম্ অতঃ কৃপণং দীনম্ এনং পুরূরবসম্ উর্ব্বশী প্রাহ যথা—ত্বম্ ইমান্ গন্ধর্ব্বান্ উপধাব স্তুত্যাদিনা তান্ প্রীতান্ কুরু। তে চ তুভ্যং মাং দাস্যন্তি। তস্য পুরূরবসঃ সংস্তুবতঃ অতঃ তুষ্টাঃ প্রীতাঃ গন্ধর্ব্বাঃ তস্মৈ (অনেন অগ্নিনা উর্ব্বশীলোকপ্রাপ্তিসাধনং কর্ম্ম কৃত্বা ততঃ উর্ব্বশীং প্রাপ্স্যতি ইতি অভিপ্রায়েণ) অগ্নিস্থালীং পাত্রবিশেষং দদুঃ। ততঃ সঃ তাং স্থালীম্ এব উর্ব্বশীং মন্যমানঃ তয়া সহিতঃ বনে বিচরন্ ন ইয়ং উর্ব্বশী কিন্তু অগ্নিস্থালী ইতি অবুধ্যত ॥৪০-৪২

ততঃ চ স্থালীং বনে এব ন্যস্য নিধায় গৃহান্ গত্বা নিশি নিত্যং তাম্ এব আধ্যায়তঃ তস্য মনসি ত্রেতায়াং সংপ্রবৃত্তায়াং

করিয়াছিলেন। অনন্তর উর্বশী বিরহকাতর দীনভাবাপন্ন রাজাকে বলিলেন—হে রাজন্! তুমি এই গন্ধর্বগণের স্তুতি কর, তাহা হইলে তাঁহারা আমাকে তোমার নিকট অর্পণ করিবেন। হে মহারাজ পরীক্ষিৎ! তখন পুরূরবা গন্ধর্বগণের স্তুতি করিলে তাঁহারা তুষ্ট হইয়া রাজাকে একটি অগ্নিস্থালী (যজ্ঞাদির উপযোগী অগ্নিরক্ষার পাত্র) দান করিলেন (তাঁহাদের অভিপ্রায় এই যে—রাজা এই অগ্নিদ্বারা যথোচিত ক্রিয়া করিলেই উর্বশীকে লাভ করিবে)। পরন্তু রাজা সেই অগ্নিস্থালীকেই উর্বশী মনে করিয়া তাহা লইয়াই রাত্রিকালে বনে বিচরণ করিতে করিতে প্রাতঃকালে বুঝিতে পারিলেন—ইহা অগ্নিস্থালী, পরন্তু উর্বশী নহে।৪০-৪২

ইহার পর তিনি সেই স্থালীটি বনেই রাখিয়া গৃহে গমন করিলেন এবং প্রতিদিন রাত্রিকালে

স্থালীস্থানং গতোঽশ্বত্থং শমীগর্ভং বিলক্ষ্য সঃ।
তেন দ্বে অরণী কৃত্বা উর্ব্বশীলোককাম্যয়া ॥৪৪

উর্ব্বশীং মন্ত্রতো ধ্যায়ন্নধরারণিমুত্তরাম্।
আত্মানমুভয়োর্মধ্যে যত্তৎ প্রজননং প্রভুঃ ॥৪৫

তস্য নির্ম্মথনাজ্জাতো জাতবেদা বিভাবসুঃ।
ত্রয্যা স বিদ্যয়া রাজ্ঞা পুত্রত্বে কল্পিতস্ত্রিবৃৎ ॥৪৬

ত্রেতাযুগারম্ভে ত্রয়ী অবর্ত্তত কর্ম্মবোধকং বেদত্রয়ং প্রাদুরভূৎ ॥৪৩

ততঃ স্থালী-স্থাপন-স্থলং গতঃ সঃ পুরূরবাঃ শমীগর্ভে জাতম্ অশ্বত্থং বিলক্ষ্য দৃষ্ট্বা (অস্মিন্ অগ্নিঃ স্বস্তি ইতি জ্ঞাত্বা) তেন অশ্বত্থেন দ্বে অরণী মন্থন-কাষ্ঠে কৃত্বা উর্ব্বশীলোক-প্রাপ্তি-কাম্যয়া ॥৪৪

অধরারণিম্ উর্ব্বশীং ধ্যায়ন্ উত্তরাম্ অরণিং চ আত্মানং ধ্যায়ন্ উভয়োঃ মধ্যে যৎ কাষ্ঠং তৎ প্রজননং পুত্রং ধ্যায়ন্ প্রভুঃ পুরূরবাঃ মন্ত্রতঃ (অগ্নি-মন্থন-প্রকাশক-মন্ত্র-প্রয়োগ-পূর্ব্বকং) মমন্থ ॥৪৫

তস্য তেন কৃতাৎ নির্ম্মথনাৎ জাতবেদাঃ (জাতং বেদো ধনং ভোগ্যং যস্মাৎ তথাভূতঃ) বিভাবসুঃ অগ্নিঃ জাতঃ। সঃ

উর্বশীর চিন্তা করিতে লাগিলেন। এইরূপে ত্রেতাযুগের প্রবর্তন হইলে তাঁহার মনে কর্মসমূহের উপদেশক বেদত্রয়ের আবির্ভাব হইয়াছিল অর্থাৎ বেদজ্ঞানের উদয় হইয়াছিল।৪৩

অনন্তর রাজা বনে সেই অগ্নিস্থালীর নিকট যাইয়া সেখানে শমীবৃক্ষের অভ্যন্তরে একটি অশ্বত্থ বৃক্ষ দেখিতে পাইলেন এবং তাহা দ্বারা দুইটি অরণি (যে কাষ্ঠখণ্ডদ্বয় অপর একটি কাষ্ঠখণ্ডের উপরে রাখিয়া ঘর্ষণ করিলে মধ্যবর্তী কাষ্ঠখণ্ড হইতে যজ্ঞের অগ্নি প্রজ্বলিত হয়) নির্মাণ করিয়া উর্বশী-লোককামনায় নিম্নস্থিত অরণীকে উর্বশীরূপে উপরিস্থিত অরণিকে নিজ আত্মারূপে এবং মধ্যস্থিত কাষ্ঠখণ্ডকে পুত্ররূপে মন্ত্রানুসারে ধ্যান করিয়া মন্থন করিয়াছিলেন।৪৪-৪৫

অনন্তর সেই মন্থনক্রিয়া হইতে যজমানের ভোগ্য

তেনাযজত যজ্ঞেশং ভগবন্তমধোক্ষজম্ ।
উর্ব্বশীলোকমন্বিচ্ছন্ সর্ব্বদেবময়ং হরিম্ ॥৪৭

এক এব পুরা বেদঃ প্রণবঃ সর্ব্ববাঙ্ময়ঃ ।
দেবো নারায়ণো নান্য একোঽগ্নির্বর্ণ এব চ ॥৪৮

পুরূরবস এবাসীৎ ত্রয়ী ত্রেতামুখে নৃপ ।
অগ্নিনা প্রজয়া রাজা লোকং গান্ধর্ব্বমেয়িবান্ ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
চতুর্দ্দশোঽধ্যায়ঃ ।

চ ত্রিরূপঃ সন্ রাজ্ঞা পুরূরবসা পুত্রত্বে কল্পিতঃ ॥৪৬

ততঃ উর্ব্বশীলোকম্ অন্বিচ্ছন্ পুরূরবাঃ তেন সাধনভূতেন অগ্নিনা যজ্ঞেশং যজ্ঞফলদাতারং সর্ব্বদেবময়ম্ অধোক্ষজং ভগবন্তং হরিম্ অযজত ॥৪৭

পুরা কৃতযুগে সর্ব্ববাঙ্ময়ঃ (সর্ব্বাসাং বাচাং বীজভূতঃ) প্রণবঃ একঃ এব বেদঃ আসীৎ, তথা দেবঃ অপি একঃ নারায়ণঃ আসীৎ ন অন্যঃ। অগ্নিঃ অপি একঃ লৌকিকঃ, বর্ণশ্চ একঃ হংসাখ্যঃ আসীৎ ॥৪৮

হে নৃপ! বেদত্রয়ং তু ত্রেতাযুগে পুরূরবসঃ সকাশাৎ এব আসীৎ। অগ্নিনা প্রজয়া পারলৌকিক-সাধনভূতেন পুত্রতয়া রাজা গন্ধর্ব্বং লোকম্ এয়িবান্ জগাম ॥৪৯

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

সম্পত্তির প্রসবকারী অগ্নি উৎপন্ন হইলে ত্রয়ীবিদ্যাবিহিত আধানসংস্কারের ফলে সেই অগ্নি ত্রিবৃৎ অর্থাৎ দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয় এই ত্রিবিধ রূপে পরিণত হন এবং ইনি পুণ্যলোকপ্রাপক বলিয়া রাজা ইহাকে পুত্ররূপে কল্পনা করিয়াছিলেন।৪৬

ইহার পর রাজা পুরূরবা সেই অগ্নিদ্বারা উর্বশী লোককামনায় যজ্ঞেশ্বর সর্বদেবময় ভগবান্ অধোক্ষজ শ্রীহরির উদ্দেশ্যে যজ্ঞ করিয়াছিলেন।৪৭

হে মহারাজ! সত্যযুগে সকল বাক্যের বীজস্বরূপ প্রণবই একমাত্র বেদ এবং নারায়ণই একমাত্র দেবতা ছিলেন। তৎকালে অগ্নিও লৌকিকরূপে এক এবং বর্ণও একই ছিল।৪৮

ত্রেতাযুগে পুরূরবা হইতেই বেদ ত্রয়ীময় অর্থাৎ তিনভাগে বিভক্তরূপে প্রকাশিত হন। রাজা পুরূরবা পুত্ররূপ অগ্নির সাহায্যেই অর্থাৎ তদ্দ্বারা যথোচিত যজ্ঞ সম্পাদন করিয়াই গন্ধর্বলোক প্রাপ্ত হইয়াছিলেন।৪৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[ঋচীক-জমদগ্নি-পরশুরামচরিতবর্ণনম্।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

ঐলস্য চোর্ব্বশীগর্ভাৎ ষড়াসন্নাত্মজা নৃপ।
আয়ুঃ শ্রুতায়ুঃ সত্যায়ুরয়োঽথ বিজয়ো জয়ঃ ॥১
শ্রুতায়োর্বসুমান্ পুত্রঃ সত্যায়োশ্চ শ্রুতঞ্জয়ঃ।
রয়স্য সুত একশ্চ জয়স্য তনয়োঽমিতঃ ॥২
ভীমস্তু বিজয়স্যাথ কাঞ্চনো হোত্রকস্ততঃ।
তস্য জহ্নুঃ সুতো গঙ্গাং গণ্ডূষীকৃত্য যোঽপিবৎ।
জহ্নোস্তু পুরুস্তস্যাথ বলাকশ্চাত্মজোঽজকঃ ॥৩

ততঃ কুশঃ কুশস্যাপি কুশাম্বুস্তনয়ো বসুঃ।
কুশনাভশ্চ চত্বারো গাধিরাসীৎ কুশাম্বুজঃ ॥৪
তস্য সত্যবতীং কন্যামৃচীকোঽযাচত দ্বিজঃ।
বরং বিসদৃশং মত্বা গাধির্ভার্গবমব্রবীৎ ॥৫
একতঃ শ্যামকর্ণানাং হয়ানাং চন্দ্রবর্চ্চসাম্।
সহস্রং দীয়তাং শুল্কং কন্যায়াঃ কুশিকা বয়ম্ ॥৬
ইত্যুক্তস্তন্মতং জ্ঞাত্বা গতঃ স বরুণান্তিকম্।
আনীয় দত্ত্বা তানশ্বানুপযেমে বরাননাম্ ॥৭

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। হে নৃপ! ঐলস্য পুরূরবসঃ উর্ব্বশীগর্ভাৎ ষট্ আত্মজাঃ পুত্রাঃ আসন্। তে তথা যথা—আয়ু, শ্রুতায়ুঃ, সত্যায়ু, অয়ঃ, বিজয়ঃ, জয়ঃ ইতি ॥১

শৈব্যার পতি জ্যামঘ নিঃসন্তান হইয়াও শৈব্যার ভয়ে অপর ভার্যা গ্রহণ করেন নাই। এক সময়ে তিনি শত্রুগৃহ হইতে ভোজ্যা নাম্নী এক কন্যাকে হরণ করিয়া আনিলে শৈব্যা সেই কন্যাকে রথের উপর দেখিয়াই ক্রোধে অসহিষ্ণু হইয়া স্বামীকে এরূপ বলিয়াছিলেন।৩৫

কেয়ং কুহক মৎস্থানং রথমারোপিতেতি বৈ ।
স্নুষা তবেত্যভিহিতে স্ময়ন্তী পতিমব্রবীৎ ॥৩৭

অহং বন্ধ্যাসপত্নী চ স্নুষা মে যুজ্যতে কথম্ ।
জনয়িষ্যসি যং রাজ্ঞি তস্যেয়মুপযুজ্যতে ॥৩৮

অন্বমোদন্ত তদ্‌বিশ্বেদেবাঃ পিতর এব চ ।
শৈব্যা গর্ভমধাৎ কালে কুমারং সুষুবে শুভম্ ।
স বিদর্ভ ইতি প্রোক্ত উপযেমে স্নুষাং সতীম্ ॥৩৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ।

নিরীক্ষ্য অমর্ষবতা অসহমানা শৈব্যা পতিম্ আহ ॥৩১-৩৬

—যথা হে কুহক ! বঞ্চক ! মৎস্থানং মদুপবেশনযোগ্যং স্থানং রথম্ আরোপিতা ইয়ং কা ? ইতি শ্রুত্বা ভয়াৎ তব স্নুষা ইতি অভিহিতে উক্তে সতি স্ময়ন্তী হসন্তী সতী শৈব্যা পতিং প্রতি অব্রবীৎ, যথা অহং বন্ধ্যা অসপত্নী চ অতঃ মে মম স্নুষা কথং যুজ্যেত উপপদ্যতে । ততঃ ভীতঃ সন্ জ্যামঘঃ তাম্ আহ হে রাজ্ঞি ! যং পুত্রং ত্বং জনয়িষ্যসি তস্য ভার্য্যা ইয়ম্ উপযুজ্যতে উপযুক্তা ভবিষ্যতি ॥৩৭-৩৮

ইতি ভার্য্যাভয়েন প্রকম্পমানস্য স্বিন্নসর্ব্বাঙ্গস্য রাজ্ঞঃ প্রাণসংকটমালোক্য অনুকম্পিতাঃ তেন পূর্বং বহুকালমারাধিতাঃ দেবাঃ পিতরঃ এব চ তৎ জ্যামঘবচনম্ অন্বমোদন্ত তথা অস্তু ইতি উক্তবন্তঃ । (ততশ্চ দেবাদি—প্রসাদেন নিবৃত্ত-রজস্কাপি) শৈব্যা গর্ভম্ অধাৎ । তথা কালে প্রসবকালে প্রাপ্তে শুভং কুমারং শুশুভে । সঃ বিদর্ভঃ ইতি প্রোক্তঃ, তাং স্নুষাং সতীম্ উপযেমে ॥৩৯

ইতি নবমে স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি-কৃতান্বয়ে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ

হে প্রবঞ্চক ! কে এই কন্যা—যাহাকে রথে করিয়া আমার নিকট লইয়া আসিয়াছ ? রাজা বলিলেন—এ কন্যা তোমার পুত্রবধূ। তখন শৈব্যা বিস্ময়ের সহিত পতিকে বলিলেন—আমি বন্ধ্যা, আমার কোন সপত্নী ও নাই, এ অবস্থায় এই কন্যা কিরূপে আমার পুত্রবধূ হইতে পারে ! তখন জ্যামঘ বলিলেন—হে রাজ্ঞি ! তুমি যে পুত্র প্রসব করিবে, এই কন্যা তাহারই স্ত্রী হইবে ।৩৬-৩৭

বিশ্বেদেবগণ ও পিতৃগণ জ্যামঘের বাক্যের অনুমোদন করিলেন। অনন্তর শৈব্যা গর্ভবতী হইয়া যথাকালে এক সুলক্ষণ পুত্র প্রসব করেন। ঐ পুত্র বিদর্ভনামে খ্যাত হন এবং তিনি ঐ কন্যাকে বিবাহ করিয়াছিলেন ।৩৮

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ।

চতুর্বিংশঃ অধ্যায়ঃ

[যদুবংশকথনম্, তত্র শ্রীকৃষ্ণাবতারসূচনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

তস্যাং বিদর্ভোঽজনয়ৎ পুত্রৌ নাম্না কুশক্রথৌ।
তৃতীয়ং রোমপাদং চ বিদর্ভকুলনন্দনম্ ॥১
রোমপাদসুতো বভ্রুর্বভ্রোঃ কৃতিরজায়ত।
উশিকস্তৎসুতস্তস্মাচ্চেদিশ্চৈদ্যাদয়ো নৃপাঃ ॥২
ক্রথস্য কুন্তিঃ পুত্রোঽভূদ্ ধৃষ্টিস্তস্যাথ নির্বৃতিঃ।
ততো দশার্হো নাম্নাভূৎ তস্য ব্যোমঃ সুতস্ততঃ ॥৩
জীমূতো বিকৃতিস্তস্য যস্য ভীমরথঃ সুতঃ।
ততো নবরথঃ পুত্রো জাতো দশরথস্ততঃ ॥৪
করম্ভিঃ শকুনেঃ পুত্রো দেবরাতস্তদাত্মজঃ।
দেবক্ষত্রস্ততস্তস্য মধুঃ কুরুবশাদনুঃ ॥৫

পুরুহোত্রস্ত্বনোঃ পুত্রস্তস্যায়ুঃ সাত্বতস্ততঃ।
ভজমানো ভজির্দিব্যো বৃষ্ণির্দেবাবৃধোঽন্ধকঃ ॥৬

সাত্বতস্য সুতাঃ সপ্ত মহাভোজশ্চ মারিষ।
ভজমানস্য নিম্লোচিঃ কিঙ্কিণো ধৃষ্টিরেব চ ॥৭

একস্যামাত্মজাঃ পত্ন্যামন্যস্যাং চ ত্রয়ঃ সুতাঃ।
শতাজিচ্চ সহস্রাজিদযুতাজিদিতি প্রভো ॥৮

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। বিদর্ভঃ তস্যাং ভার্য্যায়াং কুশং, ক্রথং তৃতীয়ং বিদর্ভকুলনন্দনং রোমপাদং চ ত্রীন্ পুত্রান্ অজনয়ৎ। রোমপাদস্য সুতঃ বভ্রুঃ, তস্য সুতঃ কৃতিঃ অজায়ত। কৃতেঃ উশিকঃ, তস্য চেদিঃ, তস্মাৎ চৈদ্যাদয়ঃ নৃপাঃ ॥১-২

অথ ক্রথস্য কুন্তিঃ, তস্য বৃষ্ণিঃ, অথ তস্য নির্বৃতিঃ, তস্য দশার্হঃ, তস্য রোমঃ, তস্য জীমূতঃ। তস্য বিকৃতিঃ, তস্য ভীমরথঃ সুতঃ জাতঃ, তস্য নবরথঃ, তস্য দশরথঃ, তস্য শকুনিঃ, তস্য করম্ভিঃ, তস্য দেবরাতঃ, তস্য দেবক্ষত্রঃ, তস্য মধুঃ, তস্য কুরুবশঃ, তস্য পুরুহোত্রঃ, তস্য আয়ুঃ, তস্য সাত্বতঃ। তস্য ভজমানঃ, ভজিঃ, দিব্যঃ, বৃষ্ণিঃ, দেবাবৃধঃ, অন্ধকঃ, মহাভোজঃ ইতি সপ্তপুত্রাঃ আসন্। হে মারিষ আর্য্য! ভজমানাৎ একস্যাং ভার্য্যায়াং নিম্লোচিঃ, কিঙ্কিণঃ, ধৃষ্টিঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ তথা অন্যস্যাং শতাজিৎ, সহস্রাজিৎ তথা অযুতাজিৎ ইতি ত্রয়ঃ পুত্রাঃ আসন্॥৬-৮

চতুর্বিংশ অধ্যায়।

[যদুবংশ কথন ও সেই বংশে শ্রীকৃষ্ণাবতার সূচনা]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বিদর্ভ সেই পত্নীর গর্ভে কুশ, ক্রথ এবং বিদর্ভকুলনন্দন রোমপাদের জন্মদান করেন।১

রোমপাদ হইতে বভ্রু, তাঁহা হইতে কৃতি, তাঁহা হইতে উশিক এবং উশিক হইতে চেদি ও দমঘোষ প্রভৃতি নরপতিগণের জন্ম হইয়াছিল।২

ক্রথের পুত্র কুন্তি, তাঁহার পুত্র বৃষ্ণি, তাঁহার পুত্র নির্বৃতি, তাঁহার পুত্র দশার্হ, তাঁহার পুত্র ব্যোম, তাঁহার পুত্র জীমূত, তাঁহার পুত্র বিকৃতি, তাঁহার পুত্র ভীমরথ, তাঁহার পুত্র নবরথ এবং নবরথের পুত্র দশরথ।৩-৪

দশরথের পুত্র শকুনি, তাঁহার পুত্র করম্ভি, তাঁহার পুত্র দেবরাত, তাঁহার পুত্র দেবক্ষত্র, তাঁহার পুত্র মধু ও কুরুবংশ এবং কুরুবংশের পুত্র অনু।৫

অনুর পুত্র পুরুহোম, তাঁহার পুত্র আয়ু, তাঁহার পুত্র সাত্বত। সাত্বতের সাত পুত্র—ভজমান, ভজি, দিব্য, বৃষ্ণি, দেববৃধ, অন্ধক ও মহাভোগ। হে আর্য! মহারাজ! ভজমানের এক ভার্যার গর্ভে নিম্লোচি, কিঙ্কিণ ও ধৃষ্টি এই তিনপুত্র এবং অপর ভাযার গর্ভে শতাজিৎ, সহস্রাজিৎ ও অযুতাজিৎ এই তিন পুত্র জন্মগ্রহণ করেন।৬-৮

বভ্রুর্দেবাবৃধসুতস্তয়োঃ শ্লোকৌ পঠন্ত্যমূ ।
যথৈব শৃণুমো দূরাৎ সম্পশ্যামস্তথান্তিকাৎ ॥৯
বভ্রুঃ শ্রেষ্ঠো মনুষ্যাণাং দেবৈর্দেবাবৃধঃ সমঃ ।
পুরুষাঃ পঞ্চষষ্টিশ্চ ষট্ সহস্রাণি চাষ্ট চ ॥১০
যেঽমৃতত্বমনুপ্রাপ্তা বভ্রোর্দেবাবৃধাদপি ।
মহাভোজোঽপি ধর্মাত্মা ভোজো আসংস্তদন্বয়ে ॥১১
বৃষ্ণেঃ সুমিত্রঃ পুত্রোঽভূদ্ যুধাজিচ্চ পরন্তপ ।
শিনিস্তস্যানমিত্রশ্চ নিম্নোঽভূদনমিত্রতঃ ॥১২

সত্রাজিতঃ প্রসেনশ্চ নিম্নস্যাপ্যাসতুঃ সুতৌ ।
অনমিত্রসুতো যোঽন্যঃ শিনিস্তস্যাথ সত্যকঃ ॥১৩
যুযুধানঃ সাত্যকির্বৈ জয়স্তস্য কুণিস্ততঃ ।
যুগন্ধরোঽনমিত্রস্য বৃষ্ণিঃ পুত্রোঽপরস্ততঃ ॥১৪
শ্বফল্কশ্চিত্ররথশ্চ গান্দিন্যাং চ শ্বফল্কতঃ ।
অক্রূরপ্রমুখা আসন্ পুত্রা দ্বাদশ বিশ্রুতাঃ ॥১৫
আসঙ্গঃ সারমেয়শ্চ মৃদুরো মৃদুবিদ্ গিরিঃ ।
ধর্মবৃদ্ধঃ সুকর্মা চ ক্ষেত্রোপেক্ষোঽরিমর্দনঃ ॥১৬

অথ দেবাবৃধাৎ বভ্রুঃ তয়োঃ দেবাবৃধঃ বভ্রোঃ মাহাত্ম্যসূচকৌ অমূ শ্লোকৌ বৃদ্ধাঃ পঠন্তি। যথা যাদৃশগুণ-বিশিষ্টৌ দেবাবৃধ-বভ্রূ দূরাৎ শুশ্রুমঃ শ্রুতবন্তঃ তথৈব তাদৃশৌ এব অন্তিকাৎ অপি সংপশ্যামঃ ॥৯

মনুষ্যাণাং মধ্যে বভ্রুঃ শ্রেষ্ঠঃ, দেবাবৃধঃ তু দেবৈঃ সমঃ তুল্যঃ বভ্রোঃ দেবাবৃধাৎ অপি অনুপশ্চাৎ যে তদ্বংশজাঃ পঞ্চষষ্ঠ্যাধিক-চতুর্দ্দশ-সহস্র-সংখ্যকাঃ তে সর্ব্বে তয়োঃ প্রভাবাদেব অমৃতত্বং মুক্তিং প্রাপ্তাঃ। মহাভোজঃ তু অতিধর্ম্মাত্মা, তস্য অন্বয়ে বংশে ভোজাখ্যাঃ নৃপাঃ আসন্ ॥১০-১১

হে পরন্তপ ! বৃষ্ণেঃ তু পুত্রঃ সুমিত্রঃ, যুধাজিৎ চ অভূৎ। যুধাজিতঃ শিনিঃ, অনমিত্রঃ চ ইতি দ্বৌ পুত্রৌ জাতৌ। অনমিত্রাৎ নিঘ্নঃ অভূৎ। নিঘ্নস্য তু সত্রাজিতঃ প্রসেনঃ চ ইতি দ্বৌ পুত্রৌ জাতৌ। তথা অন্যস্যাম্ অপি ভার্য্যায়াম্ অনিমিত্রস্য যঃ অন্যঃ সুতঃ শিনিঃ তস্য সত্যকঃ পুত্রঃ আসীৎ ।১২-১৩

তস্য যুযুধানঃ, তস্য জয়ঃ, তস্য কুণিঃ, তস্য যুগন্ধরঃ, অনমিত্রস্য অপরঃ পুত্রঃ বৃষ্ণিঃ। তস্য শ্বফল্কঃ চিত্ররথঃ চ ইতি দ্বৌ পুত্রৌ জাতৌ। শ্বফল্কাৎ গান্ধিন্যাং ভার্য্যায়াম্ অক্রূরপ্রমুখাঃ যথা অক্রূরঃ, আসঙ্গঃ, সারমেয়ঃ, মৃদুরঃ, মৃদুবিৎ, গিরিঃ, ধর্ম্মবৃদ্ধঃ, সুকর্ম্মা, ক্ষত্রোপেক্ষঃ, অরিমর্দ্দনঃ, শত্রুঘ্নঃ, গন্ধমাদঃ, প্রতিবাহুঃ

দেবাবৃধের পুত্র বভ্রু। কবিগণ এই দেবাবৃধ ও বভ্রুর প্রশস্তিরূপে এরূপ দুইটি শ্লোক পাঠ করেন আমরা দূর হইতে দেবাবৃধ ও বভ্রুর সম্বন্ধে যেরূপ শুনিতে পাই, নিকটে আসিয়াই সেরূপই দেখিতে পাই। বভ্রু মনুষ্যগণের মধ্যে শ্রেষ্ঠ, আর দেবাবৃধ দেবতাগণের সমান। তাঁহাদের বংশজাত পঞ্চষষ্টি, ষট্ সংখ্যক পুরুষ বভ্রু ও দেবাবৃধের উপদেশে মোক্ষলাভ করিয়াছিলেন। মহাভোজ অতিশয় ধার্মিক ছিলেন। তাঁহার বংশে ভোজগণের উৎপত্তি হয় ।৯-১১

হে পরন্তপ ! বৃষ্ণির দুই পুত্র—সুমিত্র ও যুধাজিৎ। যুধাজিতের পুত্র শিনি ও অনামিত্র। অনামিত্র হইতে নিঘ্নের জন্ম হয় ।১২

নিঘ্নের পুত্র সত্রাজিৎ ও প্রসেন। অনমিত্রের অপর এক পুত্র শিনি হইতে সত্যকের জন্ম হইয়াছিল ।১৩

সত্যকের পুত্র যুযুধান, তাঁহার পুত্র জয়, তাঁহার পুত্র কুণি এবং কুণির পুত্র যুগন্ধর। অনমিত্রের অপর পুত্র বৃষ্ণি, তাঁহা হইতে শ্বফল্ক ও চিত্ররথ নামক দুই পুত্রের জন্ম হয়। শ্বফল্ক হইতে গান্দিনীর গর্ভে অক্রূর প্রভৃতি দ্বাদশ জন বিখ্যাত পুত্র জন্মগ্রহণ করেন ।১৪-১৫

তাঁহাদের নাম—অক্রূর, আসঙ্গ, সারমেয়, মৃদুর, মৃদুবিৎ, গিরি, ধর্মবৃদ্ধ, সুকর্মা, ক্ষত্রোপেক্ষ, অরিমর্দন, শত্রুঘ্ন ও গন্ধমাদ। তাঁহাদের সুচীরা (সুচারা) নামে এক ভগ্নী ছিলেন। অক্রূরের দুই পুত্র—দেবমান্ ও উপদেব। চিত্ররথের পুত্র পৃথু, এতদ্ব্যতীত চিত্ররথ হইতে বিদূরথ প্রভৃতি আরও অনেক পুত্র জন্ম

শক্রঘ্নো গন্ধমাদশ্চ প্রতিবাহুশ্চ দ্বাদশ।
তেষাং স্বসা সুচীরাখ্যা দ্বাবক্রূরসুতাবপি ॥১৭
দেববানুপদেবশ্চ তথা চিত্ররথাত্মজাঃ।
পৃথুর্বিদূরথাদ্যাশ্চ বহবো বৃষ্ণিনন্দনাঃ ॥১৮
কুকুরো ভজমানশ্চ শুচিঃ কম্বলবর্হিষঃ।
কুকুরস্য সুতো বহ্নির্বিলোমা তনয়স্ততঃ ॥১৯
কপোতরোমা তস্যানুঃ সখা যস্য চ তুম্বুরুঃ।
অন্ধকো দুন্দুভিস্তস্মাদবিদ্যোতঃ পুনর্বসুঃ ॥২০
তস্যাহুকশ্চাহুকী চ কন্যা চৈবাহুকাত্মজৌ।
দেবকশ্চোগ্রসেনশ্চ চত্বারো দেবকাত্মজাঃ ॥২১

দেববানুপদেবশ্চ সুদেবো দেববর্ধনঃ।
তেষাং স্বসারঃ সপ্তাসন্ ধৃতদেবাদয়ো নৃপ ॥২২
শান্তিদেবোপদেবা চ শ্রীদেবা দেবরক্ষিতা।
সহদেবা দেবকী চ বসুদেব উবাহ তাঃ ॥২৩
কংসঃ সুনামা ন্যগ্রোধঃ কঙ্কঃ শঙ্কুঃ সুহূস্তথা।
রাষ্ট্রপালোহথ সৃষ্টিশ্চ তুষ্টিমানৌগ্রসেনয়ঃ ॥২৪
কংসা কংসবতী কঙ্কা শূরভূ রাষ্ট্রপালিকা।
উগ্রসেনদুহিতরো বসুদেবানুজস্ত্রিয়ঃ ॥২৫
শূরো বিদূরথাদাসীদ্ ভজমানঃ সুতস্ততঃ।
শিনিস্তস্মাৎ স্বয়ম্ভোজো হৃদীকস্তৎসুতো মতঃ ॥২৬

ইতি বিশ্রুতাঃ ত্রয়োদশ পুত্রাঃ আসন্; সুচীরাখ্যা স্বসা তেষাম্ আসীৎ। অক্রূরস্য অপি দ্বৌ পুত্রৌ দেববান্ উপদেবশ্চ ইতি ॥১৪-১৭

শ্বফল্কবন্ধোঃ চিত্ররথস্য পৃথুঃ একঃ তথা বিদূরথাদ্যাঃ বহবঃ পুত্রাঃ জাতাঃ। সাত্বত-পুত্রাৎ অন্ধকাৎ কুকুরঃ, ভজমানঃ, শুচিঃ, কম্বলবর্হিঃ ইতি চত্বারঃ পুত্রাঃ জাতাঃ। তেষু কুকুরস্য বহ্নিঃ, তস্য তনয়ঃ বিলোমা; তস্য কপোতরোমা, তস্য অনুঃ, যস্য অনোঃ তুম্বুরুঃ সখা অভূৎ। অনোঃ অন্ধকঃ, তস্য দুন্দুভিঃ, তস্য অবিদ্যোতঃ, তস্য পুনর্ব্বসুঃ, তস্য আহুকঃ পুত্রঃ, আহুকী কন্যা চ, আহুকস্য দেবকঃ উগ্রসেনঃ ইতি দ্বৌ পুত্রৌ।

দেবকাত্মজাঃ চত্বারঃ যথা দেববান্, উপদেবঃ, সুদেবঃ, দেববর্দ্ধনঃ, ইতি। তেষাং স্বাসারঃ ভাগিণ্যঃ সপ্ত আসন্। তাঃ যথা ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সহদেবা, দেবকী চ ইতি। তাঃ বসুদেবঃ উবাহ উপযেমে।১৮-২১

উগ্রসেনস্য কংসঃ, সুনামা, ন্যগ্রোধঃ, কঙ্কঃ, শঙ্কুঃ সুহূঃ, রাষ্ট্রপালঃ, বৃষ্টিঃ তুষ্টিমান্ ইতি নব পুত্রাঃ, তথা কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূঃ, রাষ্ট্রপালিকাঃ ইতি পঞ্চ দুহিতরঃ জাতাঃ। এতাঃ বসুদেবস্য অনুজানাং দেববানাদীনাং স্ত্রিয়ঃ ভার্য্যাঃ আসন্ ॥২২-২৫

অথ অন্ধকপুত্রস্য ভজমানস্য সুতঃ বিদূরথঃ, তস্য শূরঃ, তস্য

গ্রহণ করেন। ইহারা সকলেই বৃষ্ণিবংশের সন্তান।১৬-১৮

কুকুর, ভজমান, শুচি ও কম্বলবর্হিষ এই চারি জন অন্ধকের পুত্র। কুকুরের পুত্র বহ্নি, তাঁহার পুত্র বিলোমা।১৯

বিলোমার পুত্র কপোতরোমা, তাঁহার পুত্র অনু। তুম্বুরু নামক গন্ধর্ব অনুর সখা ছিলেন। অন্ধকের পুত্র দুন্দুভি, তাঁহার পুত্র অবিদ্য এবং অবিদ্যের পুত্র পুনর্বসু।২০

পুনর্বসুর আহুক নামক এক পুত্র এবং আহুকী নাম্নী এক কন্যা ছিলেন। আহুকের পুত্র দেবক ও সেন। দেবকের চার ত্রত্র।২১

হে মহারাজ! দেবকের ঐ চারি পুত্রের নাম—দেববান্, উপদেব, সুদেব ও দেববর্ধন। তাঁহাদের ধৃতদেবা প্রভৃতি সাতভগ্নী ছিলেন।২২

তাঁহাদের নাম—ধৃতদেব, শান্তদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, গৃহদেবা ও দেবকী। বসুদেব এই সাত ভগিনীকে বিবাহ করিয়াছিলেন।২৩

কংস, সুনামা, ন্যগ্রোধ, কঙ্ক, শঙ্কু, সুহু, রাষ্ট্রপাল, ধৃষ্টি ও তুষ্টি এই নয়জন উগ্রসেনের পুত্র।২৪

কংসা, কংসবতী, কঙ্কা, শূরভূ, রাষ্ট্রপালিকা—এই পাঁচটি উগ্রসেনের কন্যা। ইহারা বসুদেবের কনিষ্ঠ ভ্রাতৃগণের ভার্যা ছিলেন।২৫

ভজমানের পুত্র বিদূরথ, বিদূরথের পুত্র শূর,

দেববাহুঃ শতধনুঃ কৃতবর্ম্মেতি তৎসুতাঃ।
দেবমীঢ়স্য শূরস্য মারিষা নাম পত্ন্যভূৎ ॥২৭
তস্যাং স জনয়ামাস দশ পুত্রানকল্মষান্।
বসুদেবং দেবভাগং দেবশ্রবসমানকম্ ॥২৮
সৃঞ্জয়ং শ্যামকং কঙ্কং শমীকং বৎসকং বৃকম্।
দেবদুন্দুভয়ো নেদুরানকা যস্য জন্মনি ॥২৯
বসুদেবং হরেঃ স্থানং বদন্ত্যানকদুন্দুভিম্।
পৃথা চ শ্রুতদেবা চ শ্রুতকীর্ত্তিঃ শ্রুতশ্রবাঃ ॥৩০
রাজাধিদেবী চৈতেষাং ভগিন্যঃ পঞ্চ কন্যকাঃ।
কুন্তেঃ সখ্যুঃ পিতা শূরো হ্যপুত্রস্য পৃথামদাৎ ॥৩১

সাহহপ দুর্বাসসো বিদ্যাং দেবহূতীং প্রতোষিতাৎ।
তস্যা বীর্য্যপরীক্ষার্থমাজুহাব রবিং শুচিঃ ॥৩২

তদৈবোপাগতং দেবং বীক্ষ্য বিস্মিতমানসা।
প্রত্যয়ার্থং প্রযুক্তা মে যাহি দেব ক্ষমস্ব মে ॥৩৩

ভজমানঃ, তস্য শিনিঃ, তস্য স্বয়ম্ভোজঃ, তৎসুতস্য হৃদীকস্য দেববাহুঃ, শতধনুঃ, কৃতবর্ম্মা, দেবমীঢ়ঃ ইতি চত্বারঃ সুতা জাতাঃ, দেবমীঢ়স্য পুত্রঃ শূরঃ, স মারিষায়াং ভার্য্যায়াং দশ পুত্রান্ জনয়ামাস। তে যথা, বসুদেবঃ, দেবভাগঃ, দেবশ্রবাঃ, আনকঃ, সৃঞ্জয়ঃ, শ্যামকঃ, কঙ্কঃ, শমীকঃ, বৎসকঃ, বৃকঃ ইতি; যস্য বসুদেবস্য জন্মনি দেবদুন্দুভয়ঃ আনকাঃ চ নেদুঃ ॥২৬-২৯

হরেঃ অবতরিষ্যমাণস্য শ্রীকৃষ্ণস্য অবতারযোগ্যং স্থানং বসুদেবম্ আনক-দুন্দুভিং বদন্তি। শূরস্য পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্তিঃ, শ্রুতশ্রবাঃ তথা রাজাধিদেবী চ পঞ্চকন্যকাঃ এতেষাং ভগিন্যঃ। শূরঃ অপুত্রস্য সখ্যুঃ কুন্তেঃ কুন্তয়ে পৃথাং কন্যাম্ অদাৎ দদৌ ॥৩০-৩১

অতঃ পৃথায়াঃ কুন্তীতি নামান্তরম্। কদাচিৎ গৃহাগতং দুর্ব্বাসসং পরিচর্য্যাদিনা পরিতোষ্য প্রতোষিতাৎ তস্মাৎ দেবহূতিং (দেবান্ আহূয়ন্তে অনয়া ইতি তথা তাং) বিদ্যাম্ আপ। তস্যাঃ বিদ্যায়াঃ বীর্য্যস্য সামর্থ্যস্য পরীক্ষার্থং (স্নানাদিনা) শুচিঃ সতী কুন্তী রবিম্ আজুহাব ॥৩২

তদা এব উপ সমীপে আগতং দেবং সূর্য্যং বীক্ষ্য বিস্মিতং মানসং যস্যাঃ সা কুন্তী আহ যথা—হে দেব! প্রত্যয়ার্থং যথার্থত্ব-পরীক্ষার্থং মে ময়া বিদ্যা প্রযুক্তা, অত যাহি। মে মম ক্ষমস্ব ॥৩৩

শূরের পুত্র ভজমান, ভজমানের পুত্র শিনি, শিনির পুত্র ভোজ এবং ভোজের পুত্র হৃদীক।২৬

হৃদীকের পুত্র দেববাহু, দেবমীঢ়, শতধনু ও কৃতবর্মা। দেবমীঢ়ের পুত্র শূর, তাঁহার পত্নীর নাম মারিষা।২৭

শূর মারিষার গর্ভে বসুদেব, দেবভাগ, দেবশ্রবা, আনক, সৃঞ্জয়, শ্যামক, কঙ্ক, শমীক, বৎসক ও বৃক—এই দশটি নিষ্পাপ পুত্র উৎপাদন করেন। বসুদেবের জন্মকালে দেবতাগণের দুন্দুভি ও আনকের (ঢাকের) শব্দ হইয়াছিল বলিয়া শ্রীহরির অধিষ্ঠানস্বরূপ বসুদেবকে আনকদুন্দুভি বলা হয়। পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্তি, শ্রুতশ্রবা ও রাজাধিদেবী এই পাঁচ কন্যা বসুদেব প্রভৃতির ভগিনী। পিতা শূর কন্যা পৃথাকে অপুত্রক নিজসখা রাজা কুন্তির নিকট তাঁহার সন্তানরূপে সমর্পণ করিয়াছিলেন।২৮-৩১

এই পৃথা (কুন্তী) অতিথি সেবা দ্বারা দুর্বাসাকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট হইতে দেবহূতি নামে এক বিদ্যা লাভ করেন (ইহা দ্বারা যে কোন দেবতাকে আহ্বান করিলে তিনি নিকটে আসেন)। এক সময়ে কুন্তী পবিত্রা হইয়া বিদ্যার প্রভাব পরীক্ষার জন্য সূর্যদেবকে আহ্বান করিয়া তৎক্ষণাৎ তাঁহাকে উপস্থিত হইতে দেখিলেন এবং ইহাতে বিস্মিত-চিত্তা হইয়া বলিলেন—হে দেব! আমি কেবলমাত্র প্রত্যয়ের জন্য অর্থাৎ বিদ্যার প্রভাব বিষয়ে বিশ্বাসের জন্যই বিদ্যার প্রয়োগ করিয়াছিলাম; আপনি আমাকে ক্ষমা করুন এবং নিজস্থানে প্রস্থান করুন।৩২-৩৩

অমোঘং দর্শনং দেবি আধিৎস্যে ত্বয়ি চাত্মজম্ ।
যোনির্যথা ন দুষ্যেত কর্তাহং তে সুমধ্যমে ॥ ৩৪
ইতি তস্যাং স আধায় গর্ভং সূর্য্যো দিবং গতঃ ।
সদ্যঃ কুমারঃ সংজজ্ঞে দ্বিতীয় ইব ভাস্করঃ ॥৩৫
তং সাত্যজন্নদীতোয়ে কৃচ্ছ্রাল্লোকস্য বিভ্যতী ।
প্রপিতামহস্তামুবাহ পাণ্ডুর্বৈ সত্যবিক্রমঃ ॥৩৬
শ্রুতদেবাং তু কারূষো বৃদ্ধশর্মা সমগ্রহীৎ ।
যস্যামভূদ্ দন্তবক্র ঋষিশপ্তো দিতেঃ সুতঃ ॥৩৭
কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ শ্রুতকীর্ত্তিমবিন্দত ।
সন্তর্দনাদয়স্তস্যাং পঞ্চাসন্ কৈকয়াঃ সুতাঃ ॥৩৮
রাজাধিদেব্যামাবন্ত্যৌ জয়সেনোঽজনিষ্ট হ ।
দমঘোষশ্চেদিরাজঃ শ্রুতশ্রবসমগ্রহীৎ ॥৩৯
শিশুপালঃ সুতস্তস্যাঃ কথিতস্তস্য সম্ভবঃ ।
দেবভাগস্য কংসায়াং চিত্রকেতুবৃহদ্বলৌ ॥৪০
কংসবত্যাং দেবশ্রবসঃ সুবীর ইষুমাংস্তথা ।
কঙ্কায়ামানকাজ্জাতঃ সত্যজিৎ পুরুজিৎ তথা ॥৪১

রবিঃ আহ, হে দেবি! দেবস্য মম সন্দর্শনম্ অমোঘং ন ব্যর্থম্। ত্বয়ি আত্মজম্ আদধে আধাস্যে। হে সুমধ্যমে! যথা তে তব যোনিঃ ন দুষ্যেত ন বিদীর্য্যেত তথা অহং কর্ত্তা করিষ্যামি। ইতি উক্ত্বা সঃ সূর্য্যঃ তস্যাং গর্ভম্ আধায় দিবং স্বর্গং গতঃ,। ততঃ তত্র দ্বিতীয়ঃ ভাস্করঃ ইব কুমারঃ সদ্যঃ সংজজ্ঞে ॥৩৪-৩৫

লোকস্য লোকাৎ জনাপবাদাৎ বিভ্যতী সতী সা পৃথা তং বালং (পেটিকায়াং সংস্থাপ্য) কৃচ্ছাৎ কষ্টেন নদীতোয়ে অত্যজৎ চিক্ষেপ। তব প্রপিতামহঃ সত্যবিক্রমঃ বৈ পাণ্ডুঃ তাং কুন্তীম্ উবাহ উপযেমে ॥৩৬

বৃদ্ধশর্ম্মা কারূষঃ শ্রুতদেবাং সমগ্রহীৎ উপযেমে। যস্যাং পূর্ব্বম্ ঋষিভিঃ শপ্তঃ ভগবদ্দ্বারপালঃ বিজয়ঃ দিতেঃ সুতঃ হিরণ্যাক্ষো অভূৎ সঃ ইদানীং দন্তবক্রঃ অভূৎ ॥৩৭

কৈকেয়ঃ ধৃষ্টকেতুঃ শ্রুতকীর্ত্তিম্ অবিন্দত উপযেমে, যস্যাং তু কৈকেয়াঃ সন্তর্দ্দনাদয়ঃ পঞ্চ সুতাঃ আসন্ ॥৩৮

জয়সেনঃ রাজাধিদেব্যাম্ আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ দ্বৌ সুতৌ অজনিষ্ট জনয়ামাস। চেদিরাজঃ দমঘোষঃ শ্রুতশ্রবসম্ অগ্রহীৎ। তস্য সম্ভবঃ তস্যাঃ সুতঃ শিশুপালঃ কথিতঃ। দেবভাগস্য কংসায়াং চিত্রকেতু-বৃহদ্বলৌ দ্বৌ সুতৌ। দেবশ্রবসঃ কংসবত্যাং সুবীরঃ ইষুমান্ ইতি দ্বৌ পুত্রৌ। কঙ্কাং

সূর্যদেব বলিলেন—হে সুন্দরি! দেবদর্শন কখনও নিষ্ফল হয় না। আমি তোমার গর্ভে একটি পুত্র উৎপাদন করিব। যাহাতে তোমার যোনি দূষিত না হয়, আমি সেরূপ ব্যবস্থা করিব।৩৪

এই বলিয়া সূর্যদেব তাঁহার গর্ভাধান করিয়া স্বর্গলোকে গমন করিলেন। এদিকে সদ্যই দ্বিতীয় সূর্যের ন্যায় এক কুমার ভূমিষ্ঠ হইয়াছিলেন।৩৫

কুন্তী লোকভয়ে ভীতা হইয়া অতি কষ্টের সহিত সেই পুত্রকে নদীর জলে ত্যাগ করিয়াছিলেন। তোমার প্রপিতামহ সত্যবিক্রম পাণ্ডু সেই কুন্তীকে বিবাহ করেন।৩৬

করূষ নরপতি বৃদ্ধশর্মা শ্রুতদেবাকে বিবাহ করেন। ঋষির অভিশাপগ্রস্ত দৈত্যপুত্র দন্তবক্র তাঁহার গর্ভজ সন্তান।৩৭

কেকয় বংশজাত ধৃষ্টকেতু শ্রুতকীর্তিকে বিবাহ করেন। তাঁহার গর্ভে সন্তর্দন প্রভৃতি পাঁচ পুত্রের জন্ম হয়। তাঁহারা কৈকয়রূপে পরিচিত।৩৮

রাজা জয়সেন রাজাধিদেবীর গর্ভে বিন্দ ও অনুবিন্দ নামক দুই পুত্রের জন্মদান করেন। চেদিরাজ দমঘোষ শ্রুতশ্রবাকে বিবাহ করিয়াছিলেন।৩৯

শ্রুতশ্রবার পুত্র শিশুপাল। তাহার জন্মবৃত্তান্ত পূর্বে বলা হইয়াছে। কংসার গর্ভে দেবভাগ হইতে চিত্রকেতু ও বৃহদ্বল নামক দুই পুত্রের জন্ম হয়।৪০

দেবশ্রবা হইতে কংসাবতীর গর্ভে সুবীর ও

সৃঞ্জয়ো রাষ্ট্রপাল্যাং চ বৃষদুর্মর্ষণাদিকান্ ।
হরিকেশহিরণ্যাক্ষৌ শূরভূম্যাং চ শ্যামকঃ ॥৪২
মিশ্রকেশ্যামপ্সরসি বৃকাদীন্ বৎসকস্তথা ।
তক্ষপুষ্করশালাদীন্ দুর্বাক্ষ্যাং বৃক আদধে ॥৪৩
সুমিত্রার্জুনপালাদীন্ শমীকাত্তু সুদামনী ।
কঙ্কশ্চ কর্ণিকায়াং বৈ ঋতধামজয়াবপি ॥৪৪
পৌরবী রোহিণী ভদ্রা মদিরা রোচনা ইলা ।
দেবকীপ্রমুখা আসন্ পত্ন্য আনকদুন্দুভেঃ ॥৪৫

বলং গদং সারণং চ দুর্মদং বিপুলং ধ্রুবম্ ।
বসুদেবস্তু রোহিণ্যাং কৃতাদীনুদপাদয়ৎ ॥৪৬

সুভদ্রো ভদ্রবাহুশ্চ দুর্মদো ভদ্র এব চ ।
পৌরব্যাস্তনয়া হ্যেতে ভূতাদ্যা দ্বাদশাভবন্ ॥৪৭

নন্দোপনন্দকৃতকশূরাদ্যা মদিরাত্মজাঃ ।
কৌশল্যা কেশিনং ত্বেকমসূত কুলনন্দনম্ ॥৪৮

কঙ্কায়াং সত্যজিৎ তথা পুরুজিৎ চ জজ্ঞিরে ॥৩৯-৪১

সৃঞ্জয়ঃ রাষ্ট্রপাল্যং বৃষদুর্ম্মর্ষণাদিকান্ উৎপাদয়ামাস। শ্যামকঃ শূরভূম্যাং হরিকেশ-হিরণ্যাক্ষৌ জনয়ামাস। বৎসকঃ তথা অপ্সরসি মিশ্রকেশ্যাং বৃকাদীন্ উৎপাদয়ামাস। বৃকঃ দুর্ব্বাক্ষ্যাং তক্ষ-পুষ্কর-মালাদীন্ আদধে ॥৪২-৪৩

সমীকাৎ সুদামনী-সুমিত্রার্জ্জুন-পালাদীন্ জনয়ামাস, তথা আনকঃ কর্ণিকায়াং ভার্য্যায়াম্ ঋতধামাজয়ৌ দ্বৌ সুতৌ। আনকদুন্দুভেঃ বসুদেবস্য পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা, রোচনা, ইলা, দেবকীপ্রমুখাঃ পত্ন্যঃ আসন্ ॥৪৪-৪৫

বসুদেবঃ তু রোহিণ্যাং বলং, গদং, সারণং, দুর্ম্মদং, বিপুলং, ধ্রুবং, কৃতাদীন্ চ জনয়ামাস ॥৪৫

বসুদেবস্য সুভদ্রঃ, ভদ্রবাহুঃ, দুর্ম্মদঃ, ভদ্রঃ, ভূতাদ্যাঃ, দ্বাদশতনয়াঃ পৌরব্যাঃ ভার্য্যায়াঃ অভবন্ ॥৪৭

তথা মদিরায়াং ভার্য্যায়াং নন্দোপনন্দ-কৃতক-সুরাদ্যাঃ আত্মজাঃ অভবন্। কৌশল্যা বসুদেব-ভার্য্যা তু একং কুলনন্দনং কেশিনম্ অসূত ॥৪৮

ইষুমান্ জন্মগ্রহণ করেন। কঙ্ক হইতে নিজ পত্নী কঙ্কার গর্ভে, সত্যজিৎ ও পুরুজিতের জন্ম হয় ।৪১

সঞ্জয় রাষ্ট্রপালীর গর্ভে বৃষ ও দুর্মর্ষণ প্রভৃতি পুত্রগণের জন্মদান করেন এবং শ্যামক হইতে শূরভুমির গর্ভে হরিকেশ ও হিরণ্যাক্ষের জন্ম হয় ।৪২

বৎসক অপ্সরা মিশ্রকেশীর গর্ভে বৃক প্রভৃতি পুত্রগণের জন্মদান করেন। বৃক দুর্বাক্ষীর গর্ভে তক্ষ, পুষ্কর ও শাল প্রভৃতি পুত্র উৎপাদন করিয়াছিলেন ।৪৩

সুদামনী শমীকের ঔরসে সুমিত্র, অর্জুন ও পাল প্রভৃতি পুত্র প্রসব করেন। আনক নিজ ভার্যা কর্ণিকার গর্ভে ঋতধাম ও অজয় নামক পুত্রদ্বয় উৎপাদন করিয়াছিলেন ।৪৪

দেবকীপ্রভৃতি সাত ভগ্নী এবং পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা, রোচনা ও ইলা ইঁহারা বসুদেবের ভার্যা ছিলেন ।৪৫

বসুদেব রোহিণীর গর্ভে বলদেব, গদ, সারণ, দুর্মদ, বিপুল ও ধ্রুব এবং কৃতপ্রভৃতি পুত্রগণের জন্মদান করেন ।৪৬

সুভদ্র, ভদ্রবাহু, দুর্মদ, ভদ্র ও ভূতপ্রভৃতি দ্বাদশ জন পৌরবীর গর্ভজাত পুত্র ।৪৭

হে কুরুনন্দন! নন্দ, উপনন্দ, কৃতক ও শূরপ্রভৃতি মদিরার পুত্র। কৌশল্যা কেশি নামক একটি পুত্র প্রসব করিয়াছিলেন ।৪৮

রোচনায়ামতো জাতা হস্তহেমাঙ্গদাদয়ঃ ।
ইলায়ামুরুবল্কাদীন্ যদুমুখ্যানজীজনৎ ॥৪৯

বিপৃষ্ঠো ধৃতদেবায়ামেক আনকদুন্দুভেঃ ।
শান্তিদেবাত্মজা রাজন্ শ্রমপ্রতিশ্রুতাদয়ঃ ॥৫০

রাজানঃ কল্পবর্ষাদ্যা উপদেবাসুতা দশ ।
বসুহংসসুবংশাদ্যাঃ শ্রীদেবায়াস্তু ষট্ সুতাঃ ॥৫১

দেবরক্ষিতয়া লব্ধা নব চাত্র গদাদয়ঃ ।
বসুদেবঃ সুতানষ্টানাদধে সহদেবয়া ॥৫২

পুরুবিশ্রুতমুখ্যাংস্তু সাক্ষাদ্ ধর্ম্মো বসূনিব ।
বসুদেবস্তু দেবক্যামষ্ট পুত্রানজীজনৎ ॥৫৩

কীর্তিমন্তং সুষেণং চ ভদ্রসেনমুদারধীঃ ।
ঋজুং সম্মর্দনং ভদ্রং সংকর্ষণমহীশ্বরম্ ॥৫৪

অষ্টমস্তু তয়োরাসীৎ স্বয়মেব হরিঃ কিল ।
সুভদ্রা চ মহাভাগ তব রাজন্ পিতামহী ॥৫৫

যদা যদেহ ধর্মস্য ক্ষয়ো বৃদ্ধিশ্চ পাপ্মনঃ ।
তদা তু ভগবানীশ আত্মানং সৃজতে হরিঃ ॥৫৬

হস্তহেমাদয়ঃ রোচনায়াং জাতাঃ, তথা ইলায়ান্ উরুবল্কাদীন্ যদুমুখ্যান্ সুতান্ অজীজনৎ। ধৃতদেবায়াং বিপৃষ্ঠঃ নাম এক পুত্রঃ আনক-দুন্দুভেঃ জাতঃ। শান্তিদেবায়াং প্রশম-প্রসিতাদয়ঃ। উপদেবায়াং কল্পবর্ষাদ্যাঃ দশ তথা শ্রীদেবায়াং বসু-হংস-সুহংসাদ্যাঃ ষট্ ॥৪৯-৫১

দেবরক্ষিতায়াং গদাদয়ঃ নব। সাক্ষাৎ ধর্ম্মঃ অষ্টৌ বসূন্ ইব বসুদেবঃ সহদেবয়া ভার্য্যয়া প্রবরশ্রুতমুখ্যান্ অষ্টৌ সুতান্ আদধে জনয়ামাস। দেবক্যামপি বসুদেবঃ কীর্ত্তিমদাদীন্ অষ্টপুত্রান্ অজীজনৎ। তেষু ষট্ পুত্রাঃ কীর্ত্তিমান্, সুষেণঃ, ভদ্রসেনঃ, ঋজুঃ, সম্মর্দ্দনঃ, ভদ্রশ্চেতি সপ্তমস্তু অহীনাম্ ঈশ্বরঃ সঙ্কর্ষণঃ ভগবান্ এব। তয়োঃ অষ্টমঃ হরিঃ স্বয়মেব অভূৎ, ন তু কর্মাদিনা। হে রাজন্! তয়োঃ একা কন্যা চ আসীৎ, যা সুভদ্রা তব পিতামহী এব ॥৫২-৫৫

যদা যদা কালে ধর্ম্মস্য ক্ষয়ঃ বিনাশঃ, পাপ্মনঃ চ বৃদ্ধিঃ ভবতি, তদা হি ভগবান্ ঈশঃ হরিঃ আত্মানং সৃজতে ॥৫৬

বসুদেবের ঔরসে রোচনার গর্ভে হস্ত, হেমাঙ্গদ-প্রভৃতি এবং ইলার গর্ভে যদুকুলশ্রেষ্ঠ উরুবল্কপ্রভৃতি পুত্রগণের উৎপত্তি হইয়াছিল ।৪৯

হে মহারাজ! বসুদেব হইতে ধৃতদেবার গর্ভে বিপৃষ্ঠনামক একটি পুত্রের জন্ম হয়। শান্তিদেবার গর্ভে প্রশম ও প্রথিতপ্রভৃতি জন্মগ্রহণ করেন ।৫০

রাজন্য, কল্প ও বর্ষপ্রভৃতি দশজন উপদেবার পুত্র। শ্রীদেবার গর্ভে বসু, হংস ও সুবংশপ্রভৃতি ছয় জন পুত্র জন্মগ্রহণ করেন ।৫১

দেবরক্ষিতা গদপ্রভৃতি নয় জন পুত্র লাভ করেন। ধর্ম যেরূপ অষ্টবসুর জন্মদান করেন, সেরূপ বসুদেবও সহদেবার গর্ভে প্রবর, শ্রুতমুখ্যপ্রভৃতি আটটি পুত্রের উৎপাদন করিয়াছিলেন। এইরূপ দেবকীর গর্ভেও উদারমতি বসুদেব আটটি পুত্রের জন্মদান করেন ।৫২-৫৩

তাঁহাদের নাম—কীর্তিমান্, সুষেণ, ভদ্রসেন, ঋজু, সংমর্দন, ভদ্র এবং নগরাজ সঙ্কর্ষণ ।৫৪

হে মহারাজ! ভগবান্ স্বয়ং শ্রীহরিই শ্রীকৃষ্ণরূপে তাঁহাদের অষ্টম পুত্র হইয়াছিলেন। আপনার পিতামহী মহাভাগা সুভদ্রাও তাঁহাদেরই কন্যা ।৫৫

হে মহারাজ! যে যে সময়ে জগতে ধর্মের ক্ষয় ও পাপের বৃদ্ধি ঘটে, সেই সেই সময়েই (উহার প্রতিকারের জন্য) জগদীশ্বর ভগবান্ শ্রীহরি অবতার-রূপে আত্মপ্রকাশ করিয়া থাকেন ।৫৬

ন হ্যস্য জন্মনো হেতুঃ কর্মণো বা মহীপতে।
আত্মমায়াং বিনেশস্য পরস্য দ্রষ্টুরাত্মনঃ ॥৫৭
যন্মায়াচেষ্টিতং পুংসঃ স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় হি।
অনুগ্রহস্তন্নিবৃত্তেরাত্মলাভায় চেষ্যতে ॥৫৮
অক্ষৌহিণীনাং পতিভিরসুরৈর্নৃপলাঞ্ছনৈঃ।
ভুব আক্রম্যমাণায়া অভারায় কৃতোদ্যমঃ ॥৫৯
কর্মাণ্যপরিমেয়াণি মনসাপি সুরেশ্বরৈঃ।
সহসংকর্ষণশ্চক্রে ভগবান্ মধুসূদনঃ ॥৬০
কলৌ জনিষ্যমাণানাং দুঃখশোকতমোনুদম্।
অনুগ্রহায় ভক্তানাং সুপুণ্যং ব্যতনোদ্ যশঃ ॥৬১
যস্মিন্ সৎকর্ণপীযূষে যশস্তীর্থবরে সকৃৎ।
শ্রোত্রাঞ্জলিরুপস্পৃশ্য ধুনুতে কর্মবাসনাম্ ॥৬২

হে মহীপতে! আত্মনঃ ঈশস্য পরস্য দ্রষ্টুঃ সর্ব্বসাক্ষিণঃ অস্য ভগবতঃ আত্মমায়াং স্বকীয়াম্ ইচ্ছাং বিনা জন্মনঃ কর্ম্মণঃ বা হেতুঃ নাস্তি ॥৫৭

যস্য মায়াচেষ্টিতং পুংসঃ জীবস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় (উপাধিস্থষ্ট্যাদিনা ধর্ম্মাদি-সম্পাদনেন) অনুগ্রহঃ জ্ঞেয়ঃ, তথা (তেনৈব শ্রূয়মাণেন) তস্য স্থিত্যাদেঃ নিবৃত্তেঃ আত্মলাভায় চ ইষ্যতে, তস্য জীবানুগ্রাহকস্য কুতঃ কর্ম্মাদি-পারতন্ত্র্যং জন্মাদি ॥৫৮

অক্ষৌহিণীনাং পতিভিঃ নৃপলাঞ্ছনৈঃ (নৃপাণাং ক্ষত্রিয়াণাম্ ইব লাঞ্ছনানি চিহ্নানি যেষাং তৈঃ) অসুরৈঃ আক্রম্যমাণায়াঃ ভারায়মাণায়াঃ ভুবঃ অভারায় ভারাবতারায় কৃতঃ উদ্যমঃ যেন সঃ ॥৫৯

সহসঙ্কর্ষণঃ ভগবান্ মধুসূদনঃ সুরেশ্বরৈঃ ইন্দ্রাদিভিঃ মনসা অপি অপরিমেয়াণি কর্ম্মাণি চক্রে ॥৬০

কলৌ জনিষ্যমাণানাং ভক্তানাম্ অনুগ্রহায় দুঃখং শোকং তমঃ তৎকারণম্ অজ্ঞানং চ নুদতি অপনয়তি তথাভূতং সুপুণ্যং যশঃ ব্যতনোৎ ॥৬১

সতাং নির্ম্মলান্তঃকরণানাং কর্ণপীযূষে অমৃততুল্যে যস্মিন্ যশোরূপে তীর্থবরে শ্রোত্রম্ এব অঞ্জলিঃ পানসাধনং যস্য সঃ পুরুষঃ সকৃৎ বারমেকম্ উপস্পৃশ্য আচম্য কর্ম্মবাসনাং ধুনুতে ক্ষপয়তি ॥৬২

হে মহারাজ! ভগবান্ স্বয়ং মায়ার নিয়ন্তা, সর্বসঙ্গরহিত, সকলের সাক্ষী এবং সর্বব্যাপী। এ অবস্থায় একমাত্র মায়ার বিলাস ব্যতীত তাঁহার জন্ম বা কর্মের অন্য কোন কারণ থাকিতে পারে না।৫৭

হে মহারাজ! ভগবানের মায়ার বিলাস জীবের প্রতি তাঁহার অনুগ্রহরূপেই স্বীকার্য হয়; যেহেতু প্রলয়ান্তে জীবের দেহাদি সৃষ্টিদ্বারা ধর্মাদির প্রবর্তনহেতুই মায়িক সৃষ্টি, স্থিতি ও প্রলয় ঘটিয়া থাকে। আবার এই মায়ার বিলাস শ্রবণ করিলে জীবের দেহাদি সৃষ্টির চিরনিবৃত্তিহেতু আত্মলাভ অর্থাৎ মুক্তি সম্ভবপর বলিয়াও এই মায়িক বিলাস সংসারী জীবের প্রতি ভগবানের অনুগ্রহই বলিতে হয়।৫৮

(ভগবানের মায়ার বিলাস পৃথিবীর প্রতিও তাঁহার অনুগ্রহস্বরূপ ইহাও বলিতেছেন) হে মহারাজ! অসংখ্য সেনাবৃন্দের অধিপতি রাজচিহ্নধারী অসুরগণের ভারে আক্রান্তা পৃথিবীর ভার লাঘবের জন্যও তাঁহার মায়িক বিলাসের প্রয়োজন হয়।৫৯

ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেবের সহিত এই ধরাতলে যে সকল কর্মের অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা ব্রহ্মাদিশ্রেষ্ঠ দেবতাগণের মনের দ্বারাও বিচারের অযোগ্য।৬০

কলিযুগে যে সকল ভক্ত জন্ম গ্রহণ করিবেন, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদের দুঃখ, শোক ও অজ্ঞাননাশক স্বীয় পরম পবিত্র যশোরাশি বিস্তার করিয়া গিয়াছেন ॥৬১

সজ্জনগণের কর্ণযুগলের অমৃতস্বরূপ, সেই যশোরূপ পুণ্যতীর্থে কর্ণরূপ অঞ্জলির সাহায্যে একবার মাত্র আচমন করিয়াই মানব তাহার কর্ম বাসনা পরিত্যাগ করিতে সমর্থ হয়।৬২

ভোজবৃষ্ণ্যন্ধকমধুশূরসেনদশার্হকৈঃ।
শ্লাঘনীয়েহিতঃ শশ্বৎ কুরুসৃঞ্জয়পাণ্ডুভিঃ ॥৬৩

স্নিগ্ধস্মিতেক্ষিতোদারৈর্বাক্যৈর্বিক্রমলীলয়া।
নৃলোকং রময়ামাস মূর্ত্যা সর্বাঙ্গরম্যয়া ॥৬৪

যস্যাননং মকরকুণ্ডলচারুকর্ণ-
ভ্রাজৎকপোলসুভগং সবিলাসহাসম্।
নিত্যোৎসবং ন ততৃপুর্দৃশিভিঃ পিবন্ত্যো
নার্যো নরাশ্চ মুদিতাঃ কুপিতা নিমেশ্চ ॥৬৫

জাতো গতঃ পিতৃগৃহাদ্ ব্রজমেধিতার্থো
হত্বা রিপূন্ সুতশতানি কৃতোরুদারঃ।
উৎপাদ্য তেষু পুরুষঃ ক্রতুভিঃ সমীজে
আত্মানমাত্মনিগমং প্রথয়ঞ্জনেষু ॥৬৬

ভোজাদিভিঃ কুরু-প্রভৃতিভিঃ চ শ্লাঘনীয়ম্ ঈহিতং লীলা যস্য সঃ শ্রীকৃষ্ণঃ স্নিগ্ধং স্মিতম্ যত্র তথাভূতং যৎ ঈক্ষিতম্ অবলোকনং তেন উদারৈঃ বাক্যৈঃ বিক্রমঃ পরাক্রমঃ তৎ-পূর্ব্বিকয়া লীলয়া সর্ব্বৈঃ অঙ্গৈঃ রম্যয়া মূর্ত্ত্যা চ নৃলোকং রময়ামাস ॥৬৩-৬৪

যস্য শ্রীকৃষ্ণস্য মকরকুণ্ডলাভ্যাং চারূ কর্ণৌ ভ্রাজন্তৌ কপোলৌ চ তৈঃ সুভগং সুন্দরং তথা সবিলাসো হাসো যস্মিন্ তৎ, নিত্যম্ উৎসবঃ শোভাতিশয়ঃ যস্মিন্ তৎ আননং তদ্দৃশিভিঃ নেত্রৈঃ পিবন্ত্যঃ অতিতৃষ্ণায় পশ্যন্ত্যঃ মুদিতাঃ নার্য্যঃ নরাঃ চ ন ততৃপুঃ তৃপ্তাঃ ন জাতাঃ, অপি তু নিমেঃ নিমেষোন্মেষকর্ত্তুঃ চ কুপিতাঃ বভূবুঃ ॥৬৫

পুরুষঃ পুরুষোত্তমঃ আদৌ নিজরূপেণ জাতঃ সন্ পিতৃগৃহাৎ ব্রজং গতঃ; তত্র ব্রজবাসিনাম্ এধিতাঃ সংবর্দ্ধিতাঃ অর্থাঃ যেন তাদৃশঃ সন্ রিপূন্ কংসাদীন্ হত্বা কৃতোরুদারঃ (কৃতাঃ উরবঃ ষোড়শসহস্রৈকশতাষ্টসংখ্যকাঃ দারাঃ কলত্রাণি যেন সঃ) তেষু দারেষু শতশতানি উৎপাদ্য, আত্মনিগমং বেদমার্গং জনেষু প্রথয়ন্ প্রথয়িতুং ক্রতুভিঃ নানাবিধৈঃ যজ্ঞৈঃ আত্মানম্ এব সমীজে সম্যক্ আরাধিতবান্ ॥৬৬

হে মহারাজ! ভোজ, বৃষ্ণি, অন্ধক, মধু, শূরসেন, দশার্হ, কুরু, সৃঞ্জয় ও পাণ্ডুর বংশধরগণ নিরন্তর তাঁহার চরিতাবলীর প্রশংসা করেন।৬৩

সেই ভগবান্ শ্রীকৃষ্ণ স্নিগ্ধ সহাস দৃষ্টিপাতযুক্ত উদার বাক্যালাপ, বিক্রমলীলা এবং সর্বাঙ্গসুন্দর নিজ বিগ্রহদ্বারা নরলোকে আনন্দ বিতরণ করিয়াছিলেন।৬৪

তাঁহার হাস্যবিলাসযুক্ত বদনমণ্ডল মকরাকৃতি কুণ্ডল-যুগলের শোভায় মনোহর কর্ণযুগল ও সমুজ্জ্বল গণ্ডযুগলের সমাবেশে অতিসুন্দর বলিয়া সর্বদাই উহা দর্শকমণ্ডলীর উৎসব বিস্তার করায় নর ও নারীগণ নয়নদ্বারা সানন্দে সেই বদনশোভা পান করিয়াও পরিতৃপ্ত হইতে পারেন নাই, পরন্তু নেত্রের নিমেষহেতু দর্শনের বিচ্ছেদ ঘটিত বলিয়া তাহারা নিমেষ-সৃষ্টি-কর্তা নিমির প্রতি ক্রুদ্ধ হইতেন।৬৫

(সংক্ষেপতঃ শ্রীকৃষ্ণ লীলা বলিতেছেন) হে মহারাজ! ভগবান্ শ্রীকৃষ্ণ প্রথমতঃ নিজ চতুর্ভুজ-রূপে আবির্ভূত হইয়া পশ্চাৎ মানবাকৃতি ধারণপূর্বক পিতৃগৃহ হইতে ব্রজে গমন করেন, পরে ব্রজবাসিগণের স্বার্থসম্পাদনপূর্বক শত্রুগণকে বধ করিয়া বহু রমণীকে বিবাহ করেন এবং তাঁহাদের গর্ভে অসংখ্য পুত্র উৎপাদনপূর্বক সেই পরমপুরুষ লোকসমাজে স্বীয় বেদমার্গ বিস্তারের জন্য যজ্ঞসমূহদ্বারা যজ্ঞেশ্বর-রূপী নিজেরই অর্চনা করিয়াছিলেন।৬৬

পৃথ্ব্যাঃ স বৈ গুরুভরং ক্ষপয়ন্ কুরূণা-
মন্তঃ-সমুত্থকলিনা যুধি ভূপচম্বঃ।
দৃষ্ট্যা বিধূয় বিজয়ে জয়মুদ্বিঘোষ্য
প্রোচ্যোদ্ধবায় চ পরং সমগাৎ স্বধাম ॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪
নবমস্কন্ধঃ সমাপ্তঃ।

তথা কুরূণাম্ অন্তঃসমুত্থ-কলিনা পৃথ্ব্যাঃ পৃথিব্যাঃ গুরুম্ অধিকং ভারং ক্ষপয়ন্ যুধি সংগ্রামে ভূপানাং চম্বঃ সেনাঃ স্বদৃষ্ট্যৈব বিধূয় নিরস্য, বিজয়ে অর্জ্জুনে জয়ম্ উদ্বিঘোষ্য উদ্ধবায় পরং তত্ত্বং প্রোচ্য উপদিশ্য চ স্বধাম বৈকুণ্ঠং জগাম॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে নবম-স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ। সমাপ্তশ্চায়ং নবমস্কন্ধঃ।

সেই ভগবান্ শ্রীকৃষ্ণই পৃথিবীর গুরুতর ভার হরণের জন্য কুরুবংশীয়গণের পরস্পর সঞ্জাত বিবাদমূলক যুদ্ধে কালরূপী নিজের দৃষ্টিমাত্রদ্বারাই পৃথিবীস্থিত রাজগণের সেনাসমুদয় সংহার করিয়া অর্জুনের বিজয়-বার্তা ঘোষণা করেন এবং লীলাবসানে উদ্ধবের নিকট পরম তত্ত্ব উপদেশ করিয়া নিজ ধামে বিজয় যাত্রা করিয়াছিলেন।৬৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রষট্‌তীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্বিংশ অধ্যায় সমাপ্ত।

নবম স্কন্ধ সমাপ্ত

LIBRARY
No.............
[illegible]
BANARAS

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্তিত-আর্য্যশাস্ত্রে
শ্রীমন্মহর্ষিবেদব্যাস প্রণীত-শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণে

দশমঃ স্কন্ধঃ

পণ্ডিতকুলতিলক-শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়সমলঙ্কৃতঃ ।
শ্রীশচীনন্দনগোস্বামিভক্তিরত্ন-কৃতবঙ্গভাষানুবাদসহিতঃ ।

দশমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণাবতারকথনম্, ব্রহ্মণা পৃথিব্যা আশ্বাসনম্, কংসস্য দেবকীবধোদ্যোগাদ্ বসুদেববচনেন নিবৃত্তিঃ, ষণ্ণাং দেবকীপুত্রাণাং কংসেন বধশ্চ।]

রাজোবাচ।

কথিতো বংশবিস্তারো ভবতা সোমসূর্য্যয়োঃ।
রাজ্ঞাং চোভয়বংশ্যানাং চরিতং পরমাদ্ভুতম্ ॥১
যদোশ্চ ধর্মশীলস্য নিতরাং মুনিসত্তম।
তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণোর্বীর্য্যাণি শংস নঃ ॥২

[illegible]তীর্য্য যদোর্বংশে ভগবান্ ভূতভাবনঃ।
কৃতবান্ যানি বিশ্বাত্মা তানি নো বদ বিস্তরাৎ ॥৩
নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্
ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ ॥৪

অন্বয়ঃ

রাজা উবাচ। ভবতা সোমসূর্য্যয়োঃ চন্দ্রস্য সূর্য্যস্য চ বংশবিস্তারঃ পুত্রপৌত্রাদিক্রমঃ কথিতঃ, তথা উভয়বংশ্যানাং চন্দ্রসূর্য্যবংশোদ্ভবানাং রাজ্ঞাং পরমাদ্ভুতং চরিতং চ কথিতম্ ॥১

হে মুনিসত্তম মুনিশ্রেষ্ঠ! নিতরাং ধর্ম্মশীলস্য যদোঃ বংশবিস্তারঃ চ কথিতঃ। "তত্র যদুবংশে অংশেন অবতীর্ণস্য বিষ্ণোঃ শ্রীকৃষ্ণস্য বীর্য্যাণি চরিতানি নঃ অস্মান্ শংস কথয় ॥২

অন্বয়ঃ

ভূতভাবনঃ জীবপ্রতিপালকঃ বিশ্বাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণঃ যদোঃ বংশে অবতীর্য্য যানি কর্ম্মাণি কৃতবান্, তানি কর্ম্মাণি নঃ অস্মান্ বিস্তরাৎ বদ ॥৩

অপশুঘ্নাৎ আত্মঘাতিনঃ অথবা পশুঘ্নাৎ পশুঘাতিনঃ বিনা কঃ পুমান্ নিবৃত্ততর্ষৈঃ বিষয়তৃষ্ণাশূন্যৈঃ উপগীয়মানাৎ ভবৌষধাৎ শ্রোত্রমনোঽভিরামাৎ উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ শ্রীকৃষ্ণগুণানুকীর্ত্তনাৎ বিরজ্যেত বিরক্তঃ ভবেৎ ॥৪

প্রথম অধ্যায়।

[শ্রীকৃষ্ণাবতারকথন, ব্রহ্মাকর্ত্তৃক পৃথিবীকে আশ্বাস দান, বসুদেবের বাক্যে দেবকীর বধোদ্যোগ হইতে কংসের নিবৃত্তি এবং দেবকীর ছয় পুত্রের কংসকর্ত্তৃক বধ।]

(মহারাজ পরীক্ষিত যাবতীয় দেবাদি চরিত্রের মূল স্বরূপ শ্রীকৃষ্ণচরিত্র বিশদরূপে শ্রবণ করিবার নিমিত্ত বক্তা শ্রীশুকদেব গোস্বামীর প্রীতি উৎপাদনের জন্য তৎকথিত বাক্যের অভিনন্দন পূর্ব্বক কহিতেছেন—) হে মুনিসত্তম! চন্দ্র ও সূর্য্যের বংশ বিস্তার অর্থাৎ (তত্তদ্বংশীয় প্রত্যেক নরপতিগণের পুত্রপৌত্রাদির জন্মকথা) পূর্ব্বাপর সঙ্গতিক্রমে প্রায় সমস্তই কীর্ত্তন করিয়াছেন এবং এই উভয় বংশে যে সকল নৃপতিগণ জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগের দিগ্‌বিজয়াদি পরমাদ্ভুত চরিত্রও বর্ণন করিয়াছেন। সুতরাং (চন্দ্রবংশান্তর্গতহেতু) ভগবদ্‌ভক্তিলক্ষণ ধর্ম্মশীল যদুর বংশাবলী ও তাঁহার বংশধরসকলের পরমাশ্চর্য্য চরিত্রও সম্যক্ প্রকারে বলিয়াছেন, অধুনা সেই যদুবংশে শ্রীবলদেবের সহিত অবতীর্ণ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের মহাপ্রভাবময় লীলাসমূহ কৃপা করিয়া আমাদিগের নিকট কীর্ত্তন করিতে আজ্ঞা হয়।১-২

হে মুনিবর! যদি বলেন,—"শ্রীভগবানের মহাপ্রভাবময় সমস্ত চরিত্রই পরমাশ্চর্য্য, তাহা হইলে তৎসমুদয়ই আমাদিগের নিকট কীর্ত্তন করুন" এই অভিপ্রায়ে কহিতেছেন—

যিনি সর্ব্বৈশ্বর্য্যে পরিপূর্ণ (ভগবান্) হইয়াও ভূতভাবন অর্থাৎ কৃপাবলম্বন পূর্ব্বক জীবগণকে প্রতিপালন করিয়া আসিতেছেন, কারণ তিনি বিশ্বস্থ প্রাণিমাত্রের চেতনাদিশক্তির প্রেরক হইয়া স্বভাবতই তাহাদিগের হিতকারী (বিশ্বাত্মা)

পিতামহা মে সমরেঽমরঞ্জয়ৈ-
র্দেবব্রতাদ্যাতিরথৈস্তিমিঙ্গিলৈঃ।
দুরত্যয়ং কৌরব-সৈন্যসাগরং
কৃত্বাতরন্ বৎসপদং স্ম যৎপ্লবাঃ ॥৫

দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টমিদং মদঙ্গং
সন্তানবীজং কুরুপাণ্ডবানাম্।
জুগোপ কুক্ষিং গত আত্তচক্রো
মাতুশ্চ মে যঃ শরণং গতায়াঃ ॥৬

যে মম পিতামহাঃ যুধিষ্ঠিরাদয়ঃ যৎপ্লবাঃ যং শ্রীকৃষ্ণং সমাশ্রিতাঃ অমরঞ্জয়ৈঃ তিমিঙ্গিলৈঃ তিমিঙ্গিলমৎস্যসদৃশৈঃ দেবব্রতাদ্যাতিরথৈঃ ভীষ্মাদিভিঃ মহারথৈঃ দুরত্যয়ং দুষ্পারং কৌরবসৈন্যসাগরং বৎসপদং কৃত্বা অতরন্ স্ম ॥৫

[illegible]ঃ শ্রীকৃষ্ণঃ আত্তচক্রঃ ধৃতচক্রঃ এব শরণং গতায়াঃ শরণাপন্নায়াঃ মে মম মাতুঃ উত্তরায়াঃ কুক্ষিং গর্ভং গতঃ সন্ কুরুপাণ্ডবানাং সন্তানবীজং বংশস্য নিদানং দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টম্ অশ্বত্থামাস্ত্রৈঃ দগ্ধম্ ইদং মদঙ্গং জুগোপ রক্ষিতবান্ ॥৬

অতএব সেই শ্রীকৃষ্ণ যদুবংশের অবতীর্ণ হইয়া যে সমস্ত কর্ম্ম করিয়াছেন, তৎসমুদয় কর্ম্মের প্রয়োজনাদি নির্দ্ধারণপূর্ব্বক আমাদিগের নিকট বর্ণন করুন অর্থাৎ যাহা ইতিপূর্ব্বে নবম স্কন্ধে দুই শ্লোক দ্বারা অতি সংক্ষেপে বলিয়াছেন, তাহাই আমাদিগের মন্দমতি সহজে বোধের জন্য বহুশ্লোকে বিস্তার পূর্ব্বক কীর্ত্তন করুন।৩

হে ব্রহ্মন্! সবিস্তার শ্রীকৃষ্ণচরিত্রশ্রবণে আমাদিগের 'অলং বুদ্ধি' অর্থাৎ "এই পর্য্যন্তই শ্রবণ করিব, আর অধিক শ্রবণ করিব না" এইরূপ বিরক্ত হইবার আশঙ্কা করিবেন না ; কারণ, আমরা সংসার রোগগ্রস্ত হইয়া মহাসৌভাগ্যবশতঃ ভবাদৃশ সদ্বৈদ্য প্রাপ্ত হইয়াছি, আপনি যে রোগীর রোগ বুঝিয়া ভবরোগ নিবারক শ্রীকৃষ্ণলীলামৃত-মহৌষধ প্রদান করিতেছেন, তৎসেবনে ভবরোগাভিভূত আমরা কেনই বা বিরক্ত হইব? আত্মঘাতী অথবা পশুঘ্ন অর্থাৎ স্বর্গসুখাভিলাষী কর্ম্মী বা ব্যাধ বা গোঘাতক যবন ব্যতিরেকে ভবরোগাক্রান্ত কোন্ ব্যক্তি উত্তমঃ-শ্লোক ভগবানের গুণানুবাদশ্রবণে বিরত হইয়া থাকে? যেহেতু, ইহা ভবব্যাধির একমাত্র মহৌষধস্বরূপ অর্থাৎ ইহা সেবনে ভবব্যাধি সমূলে উপশমপ্রাপ্ত হইয়া থাকে; কারণ, যাঁহারা এই শ্রীকৃষ্ণলীলামৃত মহৌষধ সেবন করিয়া সংসারব্যাধি হইতে মুক্তিলাভ করিয়াছেন, সেই জীবন্মুক্ত মহাত্মগণ ভবরোগগ্রস্ত মানবের প্রতি উপদেশ করিয়া থাকেন যে,—হে ভবরোগাভিভূত মানবগণ! আমরা যেমন শ্রীকৃষ্ণচরিতামৃত মহৌষধ সেবন করিয়া ভবরোগ-মুক্ত হইয়াছি, তদ্রূপ তোমরাও ইহা সেবন করিয়া নিরাময় হও, কোনরূপ আশঙ্কা করিও না, আমরাই ইহার সাক্ষী বা প্রমাণ জানিবে। এতাদৃশ সপ্রমাণক মহৌষধের আশ্চর্য্য মহিমা এই,—সামান্য দৈহিক রোগাক্রান্ত হইয়া তদুপদেশার্থ কটুতিক্তাদি নানাবিধ ঔষধ সেবন করিয়া থাক, কিন্তু এই ভব মহাব্যাধি-নিবারক শ্রীকৃষ্ণচরিতামৃত মহৌষধ অন্য ঔষধ-সদৃশ নহে, ইহা কটুতিক্তাদি দোষ বিবর্জ্জিত ও শ্রোত্র ও মনের দ্বারা সেবন করিতে হয়। অতএব আমরা ভবরোগাক্রান্ত হইয়া তদ্রোগঘ্ন বিশেষতঃ সেবনে সুখকর এতাদৃশ অব্যর্থ ও দুর্ল্লভ মহৌষধ সেবনে কেনই বা বিরত হইব ?৪

যদিও অন্যান্য দেবতাদির বিচিত্র লীলাসকল বিদ্যমান রহিয়াছে, তথাপি শ্রীকৃষ্ণই আমাদের কুলদেবতা অর্থাৎ মদীয় কুলের একমাত্র গতিস্বরূপ; অতএব তাঁহার লীলাকথা নিরন্তর শ্রবণ করাই আমার একান্ত কর্ত্তব্য। প্রসিদ্ধ আছে যে, আমার পিতামহ যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডবগণ যাঁহাকে তরণ-সাধন ভেলারূপে অবলম্বন পূর্ব্বক দুর্য্যোধনাদির সৈন্যরূপ সাগর বৎসপদতুল্য জলাশয় মনে করিয়া অর্থাৎ বৎসপদ সদৃশ জলময় স্থল পার হইতে যেমন

বীর্য্যাণি তস্যাখিলদেহভাজা-
মন্তর্বহিঃ পূরুষকালরূপৈঃ।
প্রযচ্ছতো মৃত্যুমুতামৃতং চ
মায়ামনুষ্যস্য বদস্ব বিদ্বন্ ॥৭

রোহিণ্যাস্তনয়ঃ প্রোক্তো রামঃ সঙ্কর্ষণস্ত্বয়া।
দেবক্যা গর্ভসম্বন্ধঃ কুতো দেহান্তরং বিনা ॥৮
কস্মান্মুকুন্দো ভগবান্ পিতুর্গেহাদ্ ব্রজং গতঃ।
ক্ব বাসং জ্ঞাতিভিঃ সার্দ্ধং কৃতবান্ সাত্বতাং পতিঃ ॥৯

হে বিদ্বন্! অন্তর্বহিঃ অন্তর্বহির্দৃষ্টীনাম্ অখিলদেহভাজাং সকলশরীরধারিণাং পূরুষকালরূপৈঃ পূরুষরূপৈঃ অমৃতং মুক্তিং, কালরূপৈঃ শমনরূপৈঃ চ মৃত্যুং সংসারং প্রযচ্ছতঃ দদতঃ তস্য শ্রীকৃষ্ণস্য বীর্য্যাণি বদস্ব ॥৭

সঙ্কর্ষণঃ রামঃ বলরামঃ রোহিণ্যাঃ তনয়ঃ ইতি ত্বয়া পূর্ব্বং কথিতঃ। দেহান্তরং বিনা দেবক্যাঃ গর্ভসম্বন্ধঃ কুতঃ ঘটতে ॥৮

ভগবান্ মুকুন্দঃ শ্রীকৃষ্ণঃ পিতুঃ বসুদেবস্য গেহাৎ কস্মাৎ ব্রজং নন্দগোপবাসস্থানং গতঃ। সাত্বতাং যাদবানাং পতিঃ ক্ব কুত্র জ্ঞাতিভিঃ সাকং সহ বাসং কৃতবান্ ॥৯

কেহ দুঃখ বিবেচনা করে না, তদ্রূপ অনায়াসে উত্তীর্ণ হইয়াছিলেন। যদি বলেন প্রসিদ্ধ সাগর হাঙ্গর-কুম্ভীরাদি জলজন্তু দ্বারা সমাক্রান্ত বলিয়া দুষ্পারণীয় হইয়া থাকে, তবে এই সৈন্যরূপ সাগর কি প্রকারে দুস্তর হইল? তদুত্তরে বলিতেছি যে, এই কুরুসৈন্য-সাগরেও তিমিঙ্গিলসদৃশ ও অমরবিজয়ী মহাশৌর্য্যশালী ভীষ্ম প্রভৃতি অতিরথগণে অতিশয় দুস্তর হইয়াছিল। অতএব পিতামহগণ যে শ্রীকৃষ্ণের চরণাশ্রয় করিয়া এতাদৃশ অসাধ্যসাধন করিয়াছেন, তাহারই কার্য্যসকল বর্ণন করুন।৫

বিশেষতঃ যিনি আমার জীবন রক্ষা করিয়াছেন, তাঁহার কথা শ্রবণই আমার অবশ্য কর্ত্তব্য। যখন দ্রোণপুত্র অশ্বত্থামা পাণ্ডববংশ সমূলে বিনাশ করিবার অভিপ্রায়ে কুরু-পাণ্ডবের সন্তান জীবস্বরূপ মাতৃগর্ভে অবস্থিত মৎপ্রতি নির্দ্দয়ভাবে অব্যর্থ ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করিয়াছিলেন, তখন অন্যের অনিবার্য্য প্রলয়াগ্নিসদৃশ সেই ব্রহ্মাস্ত্র দ্বারা প্রত্যক্ষ আমার এই অঙ্গ দগ্ধ হইলেও মদীয় জননী উত্তরাদেবী গর্ভরক্ষায় নিরুপায় দেখিয়া "হে দেবদেব হে জগন্নাথ! রক্ষা কর, রক্ষা কর—এইবিপদে রক্ষা কর, আর কাহারও সাধ্য নাই, হে প্রভো! আমার জীবনান্তক হইলেও দুঃখ নাই, কিন্তু হে ভক্তবৎসল! তোমার ভক্তবংশ সমূলে বিনাশ হইল"। এইরূপ সকাতরে শ্রীকৃষ্ণের শরণাপন্না হইলে ভক্তাধীন ভগবান্ ভক্তবাৎসল্যে ব্যগ্র হইয়া ভক্তবংশধর আমার রক্ষার নিমিত্ত সুদর্শন চক্র ধারণ পূর্ব্বক মাতৃগর্ভে প্রবেশানন্তর মদীয় অঙ্গ ও জননীর দেহ রক্ষা করিয়াছেন। অতএব এতাদৃশ দয়াময় বিশেষতঃ জীবনপ্রদ ভগবানের লীলাকথা শ্রবণ না করা কিংবা শ্রবণে শৈথিল্য বা বিরক্ত হওয়া অকৃতজ্ঞতা ভিন্ন আর কি বলা যাইতে পারে।৬

সেই ভগবান্ কেবল যে আমারই জীবনপ্রদ তাহাও নহে, পরন্তু সংসারস্থ জীবমাত্রের সর্ব্বগতি প্রদাতা অর্থাৎ শত্রু-মিত্র উভয়েরই সদগতি প্রদান করিয়া থাকেন, যেহেতু অখিল দেহধারিগণের মধ্যে অন্তরঙ্গ বাসুদেব প্রভৃতি ভক্তগণকে চতুর্ভুজ কখন বা দ্বিভুজ স্বরূপ প্রদর্শন করাইয়া পরমানন্দ প্রদান করিয়া থাকেন; এবং বহিরঙ্গ আপাতত শত্রুরূপী কংসাদি অসুরদিগকে কালরূপ দ্বারা নিধন ও মোক্ষ অর্পণ করেন, সেই মায়ামানুষ নরাকৃতি পরমপুরুষ শ্রীভগবানের অতি রহস্য লীলাসমূহ কীর্ত্তন করুন।৭

হে প্রভো! আপনি নবমস্কন্ধে শ্রীবলরামকে রোহিণীনন্দন বলিয়াছেন, পুনরায় তাঁহাকেই শ্রীদেবকীর গর্ভসম্ভুত বলিয়া বর্ণন করিলেন। এই বাক্যে আমাদের বড়ই আশঙ্কা হইল, সেইজন্য জিজ্ঞাসা করিতেছি যে, দেহান্ত ব্যতিরেকে অর্থাৎ এক দেহে রোহিণীতনয়ের আবার দেবকীগর্ভসম্বন্ধ

ব্রজে বসন্ কিমকরোন্মধুপুর্য্যাঞ্চ কেশবঃ।
ভ্রাতরঞ্চাবধীৎ কংসং মাতুরদ্ধাহতদর্হণম্ ॥১০
দেহং মানুষমাশ্রিত্য কতি বর্ষাণি বৃষ্ণিভিঃ।
যদুপুর্য্যাং সহাবাৎসীৎ পত্ন্যঃ কত্যভবন্ প্রভোঃ ॥১১

এতদন্যচ্চ সর্ব্বং মে মুনে কৃষ্ণবিচেষ্টিতম্।
বক্তুমর্হসি সর্ব্বজ্ঞ শ্রদ্দধানায় বিস্তৃতম্ ॥১২
নৈষাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোদমপি বাধতে।
পিবন্তং ত্বন্মুখাম্ভোজ-চ্যুতং হরিকথামৃতম্ ॥১৩

কেশবঃ ব্রজে মধুপুর্য্যাং মথুরায়াং চ বসন্ কিম্ অকরোৎ। অতদর্হণং বধস্য অযোগ্যং, মাতুঃ ভ্রাতরং মাতুলং কংসং চ অদ্ধা সাক্ষাৎ (কথম্) অবধীৎ ॥১০

মানুষং দেহম্ আশ্রিত্য বৃষ্ণিভিঃ জ্ঞাতিভিঃ সহ যদুপুর্য্যাং দ্বারকায়াং কতি বর্ষাণি অবাৎসীৎ। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য কতি পত্ন্যঃ স্ত্রিয়ঃ অভবন্ ॥১১

হে সর্বজ্ঞ মুনে! এতৎ অন্যৎ চ সর্ব্বং কৃষ্ণবিচেষ্টিতং শ্রীকৃষ্ণস্য কর্ম্ম শ্রদ্দধানায় শ্রদ্ধাবতে মে মহ্যং বিস্তৃতং বক্তুম্ অর্হসি ॥১২

অতিদুঃসহা এষা ক্ষুৎ ক্ষুধা ত্যক্তোদং পরিত্যক্তজলম্ অপি ত্বন্মুখাম্ভোজচ্যুতং তব মুখপদ্মবিনিঃসৃতং হরিকথামৃতং পিবন্তং মাং ন বাধতে ॥১৩

কি প্রকারে সম্ভব হইতে পারে ?৮

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) ও মুকুন্দ (মুক্তিদাতা) হইয়াও কি কারণে পিতা বসুদেবের গৃহ হইতে ব্রজে গমন করিলেন ? যিনি ষড়ৈশ্বর্য্যশালী, তিনি যে কংসভয়ে ভীত হইয়া ব্রজে গিয়াছিলেন, ইহা কখন সম্ভব হইতে পারে না, আর যিনি মুকুন্দ অর্থাৎ সর্ব্বজীবের মুক্তি দাতা, তাঁহার যদি কংসকে মুক্তিপ্রদান করিবারই অভিপ্রায় থাকিত, তাহা হইলে মথুরায় পিতৃগৃহে অবস্থান করিয়াই কংসকে মুক্তি দিতে পারিতেন। অপর জিজ্ঞাসা এই যে ভক্তজনপালক শ্রীকৃষ্ণ প্রকটাবস্থায় জ্ঞাতিগণের সহিত কিরূপে বৃন্দাবনে ও দ্বারকায় অবস্থান করিয়াছিলেন ? অর্থাৎ বৃন্দাবন ও দ্বারকার যথোচিত বৈশিষ্ট্য বর্ণন করুন।৯

ভগবান্ কেশব প্রকটাবস্থায় ব্রজ, মধুপুরী ও দ্বারকাতে বাস করিয়া কি কার্য্য করিয়াছিলেন ? আর কেনই বা বধের অযোগ্য জননীর ভ্রাতা (মাতুল) কংসকে স্বয়ং বধ করিয়াছেন ?১০

অপর—সেই সচ্চিদানন্দময় ভগবান্ নরাকৃতি পরম মনোহর শ্রীবিগ্রহ প্রকট করিয়া বৃষ্ণিগণের সহিত মধুপুরীতে মনুষ্যপরিমাণে কত বৎসর বাস করিয়াছিলেন, আর প্রভুর অঙ্গীকৃত যে সকল পত্নী ছিলেন, তাহারই বা পরিমাণ কি ?১১

হে মুনিবর! আপনি সকলই বিদিত আছেন। ভগবান্ যে লীলা সম্পাদন করিয়াছেন, আমি তাহাতে অনভিজ্ঞ, অতএব আপনি তৎসমুদয় বর্ণন করুন। আমি যাহা যাহা জিজ্ঞাসা করিলাম ও অন্যান্য যে যে কিছু শ্রীকৃষ্ণের বিচিত্র কর্ম্ম রহিয়াছে, তৎসমুদয় আমার নিকট বিস্তার পূর্বক কীর্ত্তন করুন। ভগবল্লীলাশ্রবণে শ্রদ্ধান্বিত হইয়াছি, অতএব আপনি তাহা বলিতে কোনরূপ আশঙ্কা করিবেন না।১২

হে ভগবন্! আমি ইতিপূর্বে মহানুভব বিপ্রের নিকট যে অপরাধ করিয়াছিলাম,সেই দুঃখে অবিলম্বে প্রাণত্যাগ করিব বলিয়া জল পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছি ; কিন্তু এই কথামৃত পান দ্বারাই এখনও প্রাণ রক্ষিত হইয়াছে। অধুনা যদি কথামৃত পানে বিরত হই, তাহা হইলে এক্ষণেই আমার প্রাণ বহির্গত হইবে সন্দেহ নাই। যদি বলেন "ক্ষুধা তৃষ্ণায় ব্যাকুল হইয়াছ, ক্ষণকাল বিশ্রামাদি কর, নচেৎ কথাশ্রবণে চিত্তের চাঞ্চল্য হইতে পারে", হে প্রভো! এইরূপ বাক্য আমাকে বলিবেন না, কারণ সকল অর্থের মূল যে তৃষ্ণা, যাহার প্রভাবে আমি মুনিগলে মৃতসর্প প্রদান করিয়াছিলাম, তত্তুল্য অতি দুঃসহা বিবেকহারিণী এই ক্ষুধা, জল পর্যন্ত পরিত্যাগ করিলেও আমাকে

সূত উবাচ।

এবং নিশম্য ভৃগুনন্দন সাধুবাদং
বৈয়াসকিঃ স ভগবানথ বিষ্ণুরাতম্।
প্রত্যর্চ্চ্য কৃষ্ণচরিতং কলিকল্মষঘ্নং
ব্যাহর্ত্তুমারভত ভাগবতপ্রধানঃ ॥১৪

শ্রীশুক উবাচ।

সম্যগ্ব্যবসিতা বুদ্ধিস্তব রাজর্ষিসত্তম।
বাসুদেবকথায়াং তে যজ্জাতা নৈষ্ঠিকী রতিঃ ॥১৫

বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি।
বক্তারং প্রচ্ছকং শ্রোতৄংস্তৎপাদসলিলং যথা ॥১৬

ভূমির্দৃপ্তনৃপব্যাজ-দৈত্যানীকশতাযুতৈঃ।
আক্রান্তা ভূরিভারেণ ব্রহ্মাণং শরণং যযৌ ॥১৭

গৌর্ভূত্বাশ্রুমুখী খিন্না ক্রন্দন্তী করুণং বিভোঃ।
উপস্থিতান্তিকে তস্মৈ ব্যসনং সমবোচত ॥১৮

হে ভৃগুনন্দন শৌনক! অথ ভগবান্ ভাগবতপ্রধানঃ ভগবদ্ভক্তেষু শ্রেষ্ঠঃ বৈয়াসকিঃ শুকদেবঃ এতং সাধুবাদং সাধুপ্রশ্নং নিশম্য শ্রুত্বা বিষ্ণুরাতং পরীক্ষিতং প্রত্যর্চ্চ্য সভাজয়িত্বা, কলিকল্মষঘ্নং কলিপাপনাশকং কৃষ্ণচরিতং ব্যাহর্ত্তুং বক্তুম্ আরভত ॥১৪

হে রাজর্ষিসত্তম নৃপশ্রেষ্ঠ! তব বুদ্ধিঃ সম্যগ্ ব্যবসিতা কৃতনিশ্চয়া। যৎ যতঃ বুদ্ধেঃ বাসুদেবকথায়াং শ্রীকৃষ্ণচরিতে তে তব নৈষ্ঠিকী আত্যন্তিকী রতিঃ অনুরাগঃ জাতা। তৎপাদসলিলং যথা শ্রীকৃষ্ণপাদনিঃসৃতং সলিলং (গঙ্গা) ত্রিভুবনম্ ইব বাসুদেবকথাপ্রশ্নঃ বক্তারং প্রচ্ছকং শ্রোতৄন্ ত্রীন্ পুরুষান্ পুনাতি হি ॥১৫-১৬

ভূমিঃ পৃথিবী দৃপ্তনৃপব্যাজদৈত্যানীকশতাযুতৈঃ অহঙ্কৃতরাজাপদেশদৈত্যসৈন্যবহুশতৈঃ ভূরিভারেণ আক্রান্তা সতী ব্রহ্মাণং শরণং যযৌ ॥১৭

খিন্না দুঃখিতা করুণং রুদন্তী অশ্রুমুখী সাশ্রু-নয়না (ভূমিঃ) গৌঃ ভূত্বা বিভোঃ ব্রহ্মণঃ অন্তিকে সমীপে উপস্থিতা সতী তস্মৈ স্বং ব্যসনং দুঃখম্ অবোচত কথয়ামাস ॥১৮

আর পীড়া প্রদান করিতে পারিতেছে না। যেহেতু আমি ভবদীয় মুখপদ্মবিগলিত সর্ব্বদুঃখহারী শ্রীহরির কথামৃত পান করিতে প্রবৃত্ত হইয়াছি। আহা! হরি-কথামৃত পানে প্রবৃত্ত হইয়াই আমার ঐহিক ক্ষুৎপিপাসা দূর হইল, অপর যাঁহারা হরি কথামৃত পান করিয়াছেন, তাঁহাদিগের যে ভবতৃষ্ণা দূর হইয়াছে, ইহাতে আর সন্দেহ কি হইতে পারে?১৩

সূত বলিলেন,—হে ভৃগুনন্দন [শৌনক]! মহারাজ পরীক্ষিতের এতাদৃশ সমীচীন প্রশ্নসমূহ শ্রবণানন্তর সেই ভাগবতপ্রধান ভগবান্ শ্রীশুকদেবগোস্বামী মহারাজ পরীক্ষিৎকে বিবিধ প্রশংসাবচনে সম্মানিত করিয়া কলি-কল্মনাশক শ্রীকৃষ্ণচরিত বর্ণন করিতে করিতে আরম্ভ করিলেন।১৪

শ্রীশুকদেব কহিলেন,—হে রাজর্ষিসত্তম! তোমার বুদ্ধি, সম্যক্ প্রকারে কৃতনিশ্চয় হইয়াছে অর্থাৎ বুদ্ধি যাহাতে স্থিরতা লাভ করা উচিত, তাহাতেই সম্যক্ স্থিরতা লাভ করিয়াছে, কেননা এই বুদ্ধি হইতেই তোমার বাসুদেবকথায় নৈষ্ঠিকী (পরাকাষ্ঠা চরম-সীমায় উপনীত) রতির আবির্ভাব হইয়াছে।১৫

হে রাজন্! তুমি যে শ্রীকৃষ্ণকথার প্রশ্ন করিলে, তদ্বারা তোমার, আমার ও অন্যান্য শ্রোতৃগণের জীবনও ধন্য হইল, কেননা ভগবান্ বাসুদেবের চরণামৃত সেক্তা (যিনি সেচন করেন), সিচ্যমান (যাহাকে সেচন করা যায়) ও এতদুভয় সঙ্গী এই ত্রিবিধজনকে পবিত্র করিয়া থাকেন, কিংবা বাসুদেবের পদোদ্ভবা গঙ্গা যেমন উর্দ্ধলোক (স্বর্গ), মধ্যলোক (মর্ত্তলোক), অধোলোক (পাতাল) এই তিন লোক পবিত্র করিয়া থাকেন, তদ্রূপ বাসুদেব কথাপ্রশ্নও প্রশ্নকর্ত্তা, বক্তা ও শ্রোতৃবৃন্দ এই ত্রিবিধ জনসকলকে পরম পবিত্র করিয়া থাকেন।১৬

সেই যাহা হউক এখন ভগবদবতারের প্রসিদ্ধ কারণ শ্রবণ কর, গর্ব্বিত নরপতিচ্ছলে দৈত্যগণ

ব্রহ্মা তদুপধার্য্যাথ সহ দেবৈস্তয়া সহ।
জগাম স-ত্রিনয়নস্তীরং ক্ষীরপয়োনিধেঃ ॥১৯
তত্র গত্বা জগন্নাথং দেবদেবং বৃষাকপিম্।
পুরুষং পুরুষসূক্তেন উপতস্থে সমাহিতঃ ॥২০
গিরং সমাধৌ গগনে সমীরিতাং
নিশম্য বেধাস্ত্রিদশানুবাচ হ।
গাং পৌরুষীং মে শৃণুতামরাঃ পুন-
র্বিধীয়তামাশু তথৈব মা চিরম্ ॥২১

পুরৈব পুংসাবধৃতো ধরাজ্বরো
ভবদ্ভিরংশৈর্যদুষূপজন্যতাম্।
স যাবদুর্ব্ব্যা ভরমীশ্বরেশ্বরঃ
স্বকালশক্ত্যা ক্ষপয়ংশ্চরেদ্ ভুবি ॥২২

বসুদেবগৃহে সাক্ষাদ্ভগবান্ পুরুষঃ পরঃ।
জনিষ্যতে তৎপ্রিয়ার্থং সম্ভবন্তু সুরস্ত্রিয়ঃ ॥২৩

অথ সত্রিনয়নঃ মহাদেবসহিতঃ ব্রহ্মা তৎ দুঃখম্ অবধার্য্য জ্ঞাত্বা দেবৈঃ সহ তয়া পৃথিব্যা চ সহ ক্ষীরপয়োনিধেঃ ক্ষীরসমুদ্রস্য তীরং জগাম ॥১৯

তত্র ক্ষীরসমুদ্রতীরে গত্বা সমাহিতঃ অনন্যমনাঃ সন্ দেবদেবং বৃষাকপিং সর্ব্বকামপ্রদং সর্ব্বক্লেশাপহরং চ পুরুষং নারায়ণং পুরুষসূক্তেন সহস্রশীর্ষেত্যাদিভিঃ বেদোক্তমন্ত্রৈঃ উপতস্থে তুষ্টাব ॥২০

বেধাঃ ব্রহ্মা গগনে আকাশে সমীরিতাং ভগবতা উচ্চারিতাং গিরং বাচং সমাধৌ যোগে নিশম্য শ্রুত্বা ত্রিদশান্ দেবান্ উবাচ হ। হে অমরাঃ দেবাঃ! মে মৎসকাশাৎ পৌরুষীং মহাপুরুষকথিতাং গাং বাচম্ আশু শীঘ্রং শৃণুত মা চিরম্ অবিলম্বিতম্ এব তথা বিধীয়তাম্। পুংসা হরিণা ধরাজ্বরঃ ভূতাপঃ পুরা এব অবধৃতঃ জ্ঞাতঃ। সঃ ঈশ্বরেশ্বরঃ যাবৎ স্বকালশক্ত্যা উর্ব্ব্যাঃ পৃথিব্যা ভরং ক্ষপয়ন্ বিনাশয়ন্ ভুবি চরেৎ, তাবৎ ভবদ্ভিঃ অংশৈঃ যদুষু যদুবংশেষু উপজন্যতাম্। ভগবান্ পরঃ পুরুষঃ হরিঃ বাসুদেবগৃহে সাক্ষাৎ জনিষ্যতে। অমরস্ত্রিয়ঃ তৎ প্রিয়ার্থং ভুবি সম্ভবন্তু ॥২১-২৩

যখন পৃথিবী সমাচ্ছন্ন করিয়া ফেলিল, তখন তাহাদিগের অসংখ্য সেনাসকলের ভূরিভারে আক্রান্ত ধরণী ব্রহ্মার শরণাপন্না হইলেন।১৭

সেই পৃথিবী গাভীরূপ ধারণ করিয়া শোকাকুলিত মানসে করুণস্বরে রোদন করিতে করিতে সুমেরুস্থ ব্রহ্মার সমীপে উপস্থিত হইয়া স্বীয় দুঃখ নিবেদন করিলেন।১৮

পৃথিবীর দুঃখবার্তা শ্রবণ করিয়া ব্রহ্মা মনে মনে বিচার করিলেন যে, "বিশ্বের সৃষ্টি করাই মদীয় কার্য্য এবং বিশ্বপালন করা ভগবান্ বিষ্ণুর কার্য্য। সেই ভগবান্ বিষ্ণু ক্ষীরোদসমুদ্রে অবস্থান করিতেছেন, সেই স্থলে গমন পূর্বক তাঁহাকে নিবেদন করাই সঙ্গত।" অনন্তর ব্রহ্মা পৃথিবী ও ইন্দ্রাদি দেবগণের সহিত ত্রিলোচনকে সঙ্গে লইয়া ক্ষীরোদ-সমুদ্র তীরে গমন করিলেন।১৯

সেই স্থলে উপস্থিত হইয়া দেবদেব জগন্নাথ সর্বকামনাপূর্ণকারী সর্বদুঃখহারী ভগবান্‌কে বেদোক্ত মন্ত্রদ্বারা স্তব করিতে লাগিলেন।২০

বিধাতা সমাধিকালে গগনমণ্ডলে সমুচ্চারিত বাক্য অর্থাৎ আকাশ-বাণী শ্রবণ করিয়া সহর্ষে দেবগণকে কহিলেন—হে অমরবৃন্দ! যদি অমরত্ব রক্ষা করিতে বাসনা থাকে, তাহা হইলে পরম-পুরুষ ভগবান্ যে কথা বলিলেন, তাহা শীঘ্র আমার নিকট শ্রবণ কর, আর অবিলম্বেই তদনুষ্ঠান কর।২১

ব্রহ্মা সমাধিকালে আকাশ-বাণীরূপে শ্রীবিষ্ণুর আদেশ শ্রবণ করিয়া দেবগণের প্রতি বলিতেছেন—হে দেবগণ! ক্ষীরোদনাথ বলিলেন—স্বয়ং গোলোক-নাথ ভগবান্ শ্রীকৃষ্ণ আমাদিগের বিজ্ঞাপনের পূর্বেই পৃথিবীর সন্তাপ বিদিত হইয়াছেন। সেই ঈশ্বরেশ্বর মর্ত্ত্যলোকে প্রকট হইয়া স্বীয় কালশক্তি দ্বারা ধরার ভার হরণ করিতে যতকাল

বাসুদেবকলানন্তঃ সহস্রবদনঃ স্বরাট্।
অগ্রতো ভবিতা দেবো হরেঃ প্রিয়চিকীর্ষয়া ॥২৪
বিষ্ণোর্মায়া ভগবতী যয়া সংমোহিতং জগৎ।
আদিষ্টা প্রভুণাংশেন কার্য্যার্থে সম্ভবিষ্যতি ॥২৫

শ্রীশুক উবাচ।

ইত্যাদিশ্যামরগণান্ প্রজাপতিপতির্বিভুঃ।
আশ্বাস্য চ মহীং গীর্ভিঃ স্বধাম পরমং যযৌ ॥২৬

শূরসেনো যদুপতির্মথুরামাবসন্ পুরীম্।
মাথুরান্ শূরসেনাংশ্চ বিষয়ান্ বুভুজে পুরা ॥২৭

রাজধানী ততঃ সাভূৎ সর্ব্বযাদবভূভুজাম্।
মথুরা ভগবান্ যত্র নিত্যং সন্নিহিতো হরিঃ ॥২৮

তস্যাং তু কর্হিচিচ্ছৌরির্বসুদেবঃ কৃতোদ্বহঃ।
দেবক্যা সূর্য্যয়া সার্দ্ধং প্রয়াণে রথমারুহৎ ॥২৯

বাসুদেবকলা হরেঃ অংশঃ সহস্রবদনঃ স্বরাট্ দেবঃ অনন্তঃ হরেঃ প্রিয়চিকীর্ষয়া অগ্রতঃ পূর্ব্বতঃ ভবিতা ॥২৪

যয়া মায়য়া জগৎ সংমোহিতং, সা ভগবতী বিষ্ণোঃ মায়া প্রভুণা আদিষ্টা, সাপি অংশেন সম্ভবিষ্যতি ॥২৫

বিভুঃ প্রভুঃ প্রজাপতিপতিঃ ব্রহ্মা ইতি অমরগণান্ দেবগণান্ আদিশ্য গীর্ভিঃ বাগ্‌ভিঃ মহীম্ আশ্বাস্য চ পরমম্ উত্তমং স্বধাম ব্রহ্মলোকং যযৌ ॥২৬

পুরা যদুপতিঃ শূরসেনঃ মথুরাং পুরীম্ আবসন্ বাসং কুর্ব্বন্ মাথুরান্ শূরসেনান্ চ বিষয়ান্ দেশান্ বুভুজে শশাস। ততঃ (আরভ্য) সা মথুরা সর্ব্বযাদবভূভুজাং সর্ব্বযদুকুলরাজানাং রাজধানী অভূৎ। যত্র মথুরায়াং হরিঃ নিত্যং সন্নিহিতঃ (অস্তি) ॥২৭-২৮

তস্যাং মথুরায়াং কর্হিচিৎ কৃতোদ্বাহঃ কৃতবিবাহঃ শৌরিঃ বসুদেবঃ সূর্য্যয়া নবোঢ়য়া দেবক্যা সার্দ্ধং সহ প্রয়াণে গৃহগমনায় রথম্ আরুহৎ ॥২৯

ভূতলে প্রকটরূপে বিচরণ করিবেন, তোমরাও নিজ নিজ অশেষ অংশের সহিত তৎপার্ষদ্ যদু এবং পাণ্ডব প্রভৃতির পুত্র পৌত্রাদিরূপে জন্মগ্রহণ করিয়া তাহাদের নিকটে অবস্থান করিবে।২২

সর্বাবতারী পুরুষোত্তম শ্রীভগবান্ স্বয়ংই বসুদেব-গৃহে প্রাদুর্ভূত হইলেন। অতএব অমর-পত্নীগণ পরিচর্য্যা দ্বারা তদীয় প্রীত্যুৎপাদনার্থ এবং প্রিয়া শ্রীরাধাদি ও শ্রীরুক্মিণ্যাদির দাসত্ব করিতে জন্মগ্রহণ করিবে।২৩

শ্রীকৃষ্ণের প্রিয় কার্য্যের নিমিত্ত দ্বারকাদি প্রসিদ্ধ চতুর্ব্যূহ-প্রধান বাসুদেব শ্রীকৃষ্ণের অংশ সহস্রবদন স্বরাট্ সর্বপূজ্য অনন্ত (বলদেব) অগ্রেই আবির্ভূত হইবেন।২৪

যাঁহার দ্বারা জগৎ সম্মোহিত হয়, সেই সর্বশক্তিমান্ শ্রীভগবান্ বিষ্ণুর মায়াখ্যা শক্তি সাক্ষাৎ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আদিষ্টা হইয়াছেন; তাঁহার ইচ্ছাশক্তিকে অবলম্বন করিয়া শ্রীদেবকীর গর্ভসঙ্কর্ষণ এবং শ্রীযশোদাদি-মোহনরূপ কার্য্য সম্পাদনের নিমিত্ত শ্রীযশোদাতে জন্মগ্রহণ করিবেন।২৫

শ্রীশুকদেব বলিলেন,—প্রজাপতি মরীচিগণের পতি, বিভু ব্রহ্মা দেবগণের প্রতি এই প্রকার শ্রীবিষ্ণুর আদেশের অনুবাদস্বরূপ আদেশ প্রদান করিয়া "ধরে! ধন্যা। শীঘ্রই স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের সুমধুর পাদপদ্মে অলঙ্কৃতা হইবে," এইরূপ বাক্যের দ্বারা পৃথিবীকে আশ্বাস প্রদান করিয়া বিদূরস্থ সত্যলোকবর্ত্তী মূর্ত্তিমান্ বেদাদি নিজ পরিবারবর্গের সাক্ষাৎ শ্রীভগবদবতার দ্বারা সন্তুষ্টিবিধান করিবার নিমিত্ত পরমধাম সত্যলোকে গমন করিলেন।২৬

শ্রীমথুরাতে শ্রীভগবদবতার বলিতে শ্রীশুকদেব প্রথমে দুই শ্লোকের দ্বারা তাহার কারণ নির্দ্দেশ করিতেছেন—পূর্ব্বকালে যদুকুলশ্রেষ্ঠ শূরসেন মথুরাপুরীতে বাস করিয়া মথুরামণ্ডলসম্বন্ধি-দেশ এবং

উগ্রসেনসুতঃ কংসঃ স্বসুঃ প্রিয়চিকীর্ষয়া।
রশ্মীন্ হয়ানাং জগ্রাহ রৌক্মৈ রথশতৈর্বৃতঃ ॥৩০
চতুঃশতং পারিবর্হং গজানাং হেমমালিনাম্।
অশ্বানাময়ুতং সার্দ্ধং রথানাঞ্চ ত্রিষট্‌শতম্ ॥৩১
দাসীনাং সুকুমারীণাং দ্বে শতে সমলঙ্কৃতে।
দুহিত্রে দেবকঃ প্রাদাদ্ যানে দুহিতৃবৎসলঃ ॥৩২

শঙ্খতূর্য্যমৃদঙ্গাশ্চ নেদুর্দুন্দুভয়ঃ সমম্।
প্রয়াণপ্রক্রমে তাবদ্ বরবধ্বোঃ সুমঙ্গলম্ ॥৩৩
পথি প্রগ্রহিণং কংসমাভাষ্যাহাশরীরবাক্।
অস্যাস্ত্বামষ্টমো গর্ভো হন্তা যাং বহসেঽবুধ ॥৩৪
ইত্যুক্তঃ স খলঃ পাপো ভোজানাং কুলপাংসনঃ।
ভগিনীং হন্তুমারব্ধঃ খড়্গপাণিঃ কচেঽগ্রহীৎ ॥৩৫

উগ্রসেনসুতঃ কংসঃ রৌক্মৈঃ স্বর্ণনির্ম্মিতৈঃ’ রথশতৈঃ বৃতঃ সন্ স্বসুঃ ভগিন্যাঃ প্রিয়চিকীর্ষয়া হয়ানাং ঘোটকানাং রশ্মীন্ প্রগ্রহান্ জগৃহে জগ্রাহ ॥৩০

দুহিতৃবৎসলঃ দেবকঃ হেমমালিনাং সুবর্ণমালাবিভূষিতানাং গজানাং হস্তিনাং চতুঃশতম্, অশ্বানাম্ অযুতং, রথানাং ত্রিষট্‌শতং, সমলঙ্কৃতে অলঙ্কারৈঃ অলঙ্কৃতে সুকুমারীণাং দাসীনাং দ্বে শতে, ইতি পারিবর্হম্ উপস্করং প্রীতিদেয়ং প্রাদাৎ ॥৩১-৩২

হে তাত বৎস পরীক্ষিৎ! বরবধ্বোঃ প্রয়াণপ্রক্রমে গমনোদ্‌যোগে শঙ্খতূর্য্যমৃদঙ্গানি দুন্দুভয়ঃ চ সুমঙ্গলং যথা তথা সমং যুগপৎ নেদুঃ ॥৩৩

পথি অশরীরবাক্ দৈববাণী প্রগ্রহিণং গৃহীতাশ্বরজ্জুং কংসম্ আভাষ্য সম্বোধ্য আহ—। হে অবুধ মূঢ়! ত্বং যাং দেবকীং বহসে, অস্যাঃ দেবক্যাঃ অষ্টমঃ গর্ভঃ গর্ভোৎপন্নঃ বালকঃ ত্বাং হন্তা হনিষ্যতি ॥৩৪

ইতি উক্তঃ দেববাণ্যা কথিতঃ খলঃ দুর্জ্জনঃ পাপঃ ভোজানাং কুলপাংসনঃ কুলকলঙ্কঃ, খড়্গপাণিঃ গৃহীতখড়্গঃ, সঃ কংসঃ ভগিনীং হন্তুম্ আরব্ধঃ সন্ কচে কেশে অগ্রহীৎ ॥৩৫

মথুরামণ্ডলভুক্ত স্বীয় “শূরসেন” নামে বিখ্যাত দেশসমূহকে উপভোগ করিয়াছিলেন। তদবধি মথুরা নিখিল যদুবংশীয় ভুপালগণের রাজধানী হইয়াছিল; যে মথুরাতে বিলক্ষণ রূপ গুণ লীলা মাধুর্য্যে মনোহর হরি সর্ব্বৈশ্বর্য্যযুক্ত ভগবান্ শ্রীকৃষ্ণ তত্রত্য জনগণের নিকট নিত্য অবস্থিতি করেন।২৭-২৮

কংস কারাগারে শ্রীভগবানের আবির্ভাব বলিতে শ্রীশুকদেব তাহার প্রসঙ্গ আরম্ভ করিতেছেন—কয়েক দিন পরে সেই মথুরাতে শূরসেন শূরনন্দন বসুদেব দেবকীদেবীকে বিবাহ করিয়া তদনন্তর নববিবাহিতা পত্নীর সহিত নিজ গৃহে গমনার্থে রথে আরোহণ করিলেন।২৯

ইতিমধ্যে ভগিনীস্নেহপরবশ উগ্রসেন-তনয় কংস শত শত সুবর্ণ নির্ম্মিত রথে পরিবৃত হইয়া ভগিনীর প্রিয় কামনায় নিজেই অশ্বের প্রগ্রহ (লাগাম) ধারণ পূর্ব্বক সারথ্য কর্ম্ম করিতে লাগিলেন।৩০

দুহিতৃবৎসল দেবক কন্যা-জামাতার গৃহ মনসভীয় কন্যাকে সুবর্ণমালায় বিভূষিত চারিশত হস্তী পঞ্চদশ সহস্র অশ্ব, অষ্টাদশ শত রথ এবং শিবিকা প্রভৃতিতে সমারূঢ় বিচিত্র উত্তম বসন ভূষণাদি দ্বারা যথাবিধি অলঙ্কৃত নবযৌবনা দুই শত দাসী যৌতুক প্রদান করিলেন।৩১-৩২,

বৎস। পরীক্ষিৎ! বর-বধূর গমন আরম্ভ হইবা মাত্র শঙ্খ, তূর্য্য, ভেরী, মৃদঙ্গ এবং দুন্দভিসকল স্বয়ংই এককালে বা সমভাবে ভাবী শুভলক্ষণ শ্রবণ-তৃপ্তিকর ধ্বনি করিয়াছিল।৩৩

পরে গমনসময়ে অশ্ব-রজ্জুধারী কংসকে সম্বোধন করিয়া “রে মূর্খ! তুমি যাহাকে পতি-গৃহে লইয়া যাইতেছ, ইহার অষ্টম গর্ভ তোমাকে বধ করিবে”—এইরূপ আকাশবাণী হয়।৩৪

কংস ঐ আকাশবাণী শ্রবণমাত্রেই খড়্গহস্তে ভগিনীকে বধ করিতে উদ্যত হইয়া তাঁহার কেশপাশ

তং জুগুপ্সিতকর্ম্মাণং নৃশংসং নিরপত্রম্ ।
বসুদেবো মহাভাগ উবাচ পরিসান্ত্বয়ন্ ॥৩৬

বসুদেব উবাচ ।

শ্লাঘনীয়গুণঃ শূরৈর্ভবান্ ভোজযশস্করঃ ।
স কথং ভগিনীং হন্যাৎ স্ত্রিয়মুদ্বাহপর্ব্বণি ॥৩৭
মৃত্যুর্জন্মবতাং বীর দেহেন সহ জায়তে।
অদ্য বাব্দশতান্তে বা মৃত্যুর্বৈ প্রাণিনাং ধ্রুবঃ ॥৩৮
দেহে পঞ্চত্বমাপন্নে দেহী কর্ম্মানুগোঽবশঃ ।
দেহান্তরমনুপ্রাপ্য প্রাক্তনং ত্যজতে বপুঃ ॥৩৯
ব্রজংস্তিষ্ঠন্ পদৈকেন যথৈবৈকেন গচ্ছতি ।
যথা তৃণজলূকৈবং দেহী কর্ম্মগতিং গতঃ ॥৪০
স্বপ্নে যথা পশ্যতি দেহমীদৃশং
মনোরথেনাভিনিবিষ্টচেতনঃ ।
দৃষ্টশ্রুতাভ্যাং মনসানুচিন্তয়ন্
প্রপদ্যতে তং কিমপি হ্যপস্মৃতিঃ ॥৪১

মহাভাগঃ বসুদেবঃ জুগুপ্সিতকর্ম্মাণং গর্হিতকর্ম্মকারিণং নৃশংসং নিষ্ঠুরং নিরপত্রপং নির্লজ্জং তং কংসং পরিসান্ত্বয়ন্ উবাচ ॥৩৬

শূরৈঃ বীরৈঃ শ্লাঘনীয়গুণঃ ভোজযশস্করঃ ভোজবংশপ্রদীপঃ যঃ সঃ ভবান্ কংসঃ উদ্বাহপর্ব্বণি বিবাহমহোৎসবে স্ত্রিয়ং তথা ভগিনীং কথং হন্যাৎ ॥৩৭

হে বীর ! মৃত্যুঃ জন্মবতাং জীবানাং দেহেন সহ জায়তে। অদ্য বা অব্দশতান্তে শতবৎসরান্তে বা প্রাণিনাং মৃত্যুঃ বৈ ধ্রুবঃ নিশ্চিতঃ ॥৩৮

দেহে পঞ্চত্বং মৃত্যুম্ আপন্নে প্রাপ্তে সতি দেহী জীবঃ কর্ম্মানুগঃ স্বকর্ম্মবশবর্ত্তী সন্ দেহান্তরম্ অন্যং দেহম্ অনুপ্রাপ্য প্রাক্তনং পূর্ব্বগৃহীতং বপুঃ দেহং ত্যজতে ॥৩৯

ব্রজন্ গন্তা পুরুষঃ একেন পদা তিষ্ঠন্ একেন এব যথা গচ্ছতি, এবং দেহী জীবঃ তৃণজলৌকা যথা তথা কর্ম্মগতিং গতঃ সন্ বপুঃ ত্যজতি ॥৪০

দৃষ্টশ্রুতাভ্যাং দর্শনেন শ্রবণেন চ মনসা অচিন্তয়ন্ মনোরথেন অভিনিবিষ্টচেতনঃ আহিতচিত্তঃ পুরুষঃ যথা স্বপ্নে ঈদৃশং কিমপি অনির্বাচ্যং দেহং পশ্যতি ; দৃষ্ট্বা চ তৎ এব অহমিতি প্রপদ্যতে মন্যতে ; তথা প্রাক্তনদেহাৎ অপস্মৃতিঃ অত্যন্ত বিস্মরণম্ এব মৃত্যুঃ ॥৪১

অপরহস্তে গ্রহণ করিল ; যেহেতু সে খল ও পাপমূর্ত্তি, সুতরাং ভোজকুলের কলঙ্ক স্বরূপ, অতএব তাহার এ কার্য্য বিস্ময়জনক নয় ।৩৫

তখন মহাভাগ বসুদেব ক্রূর ও নির্লজ্জ কংসকে অতিশয় নিন্দিত কর্ম্মে প্রবৃত্ত দেখিয়া সাম ও যুক্তি সহকারে প্রবোধ দিতে দিতে বলিলেন ।৩৬

শূরগণ আপনার গুণের প্রশংসা করেন এবং আপনি ভোজবংশের যশোবর্দ্ধনকারী, এমন হইয়া ভগিনীকে বিশেষতঃ বিবাহোৎসবে কিরূপে বধ করিবেন ?৩৭

হে বীর ! উৎপন্ন জীবগণের দেহের সঙ্গেই মৃত্যুও নির্দ্ধারিত হইয়া থাকে। সুতরাং অদ্যই হউক আর শত বৎসরান্তেই হউক প্রাণিদিগের অবশ্যই মৃত্যু হইবে—একথা প্রসিদ্ধ আছে। অতএব অপরিহার্য্য মরণের ভয়ে ভগিনীকে বধ করা সঙ্গত নহে ।৩৮

মৃত্যু উপস্থিত হইলে, দেহী স্ব স্ব কর্ম্মানুসারে অন্য একটী দেহ আশ্রয় করিয়া পূর্ব্ব দেহটি পরিত্যাগ করে ।৩৯

পুরুষ গমনকালে যেমন একটি পদ অগ্রে স্থাপন করিয়া, পরে পশ্চাতের পদ উত্তোলন পূর্ব্বক গমন করে, যেমন জলৌকা (জোঁক) একটি তৃণ অবলম্বন করিয়া পরে আশ্রিত তৃণ পরিত্যাগ করে, সেইরূপ দেহীও স্ব স্ব কর্ম্মানুসারে অন্যদেহ অবলম্বনপূর্ব্বক পূর্ব্বদেহ পরিত্যাগ করিয়া থাকে ।৪০

মানব যেমন জাগ্রতকালে বিবিধ বিষয় দর্শন ও অপূর্ব্ব মনোমোহন পদার্থ শ্রবণ করিয়া এতই আকৃষ্টচিত্ত হয় যে, স্বপ্নকালে সেই সমস্ত কাল্পনিক পদার্থকে প্রত্যক্ষের ন্যায় অনুভব করে ; এমন কি !

যতো যতো ধাবতি দৈবচোদিতং
মনো বিকারাত্মকমাপ পঞ্চসু।
গুণেষু মায়ারচিতেষু দেহ্যসৌ
প্রপদ্যমানঃ সহ তেন জায়তে ॥৪২
জ্যোতির্যথৈবোদকপার্থিবেষ্বদঃ
সমীরবেগানুগতং বিভাব্যতে।
এবং স্বমায়ারচিতেষ্বসৌ পুমান্
গুণেষু রাগানুগতো বিমুহ্যতি ॥৪৩

দৈবচোদিতং প্রারব্ধকর্ম্মণা প্রেরিতং বিকারাত্মকং মনঃ মায়ারচিতেষু পঞ্চসু গণেষু মধ্যে যতঃ যতঃ ধাবতি যং যম্ অভিনিবেশেন আপ প্রাপ্নোতি, অসৌ দেহী প্রপদ্যমানঃ তদেবাহমিতি মন্যমানঃ তেন সহ জায়তে ॥৪২

উদকপার্থিবেষু জলযুক্তঘটাদিষু তৈলাদিষু বা (প্রতিবিম্বত্বেন স্থিতম্) অদঃ জ্যোতিঃ চন্দ্রাদিকং যথা সমীরবেগানুগতং বায়ুবেগেন কম্পাদিযুক্তং বিভাব্যতে প্রতীয়তে, তথা অসৌ দেহী জীবঃ স্বমায়ারচিতেষু গুণেষু দেহেষু রাগানুগতঃ সন্ বিমুহ্যতি ॥৪৩

আয়নার স্বীয় প্রকৃত অবস্থা ও দেহাদি বিস্মৃত হইয়া আসক্তির অনুরূপ দেহ ধারণে স্বপ্নকালীন বস্তুসম্ভোগ করে, তদ্রূপ জীব ও কামনা অনুসারে পূর্ব্ব দেহ বিসর্জ্জন করিয়া দেহান্তর লাভ করে।৪১

বাসনাময় চিত্ত নানাপ্রকার সংস্কারে পরিপূর্ণ থাকিলেও পঞ্চত্বকালে ফলোন্মুখী কর্ম্মের দ্বারা অভিনিবেশ করাতে দেহী জীব তদনুরূপ জন্ম পরিগ্রহ করে।৪২

যেমন বায়ুবেগে আলোড়িত জলের কম্পন অনুসারে প্রতিবিম্বিত চন্দ্রকেও কম্পিত বলিয়া প্রতীতি হয়, বস্তুতঃ চন্দ্রের কম্পনাদি কিছুই নাই, সেইরূপ জীবাত্মা স্বমায়ারচিত দেহাদিতে অনুরূপবশতঃ মুগ্ধ হইয়া অভিনিবেশ প্রাপ্ত হয়। প্রকৃত প্রস্তাবে জীবাত্মার জন্ম মরণ প্রভৃতি কিছুই নাই।৪৩

তস্মান্ন কস্যচিদ্ দ্রোহমাচরেৎ স তথাবিধঃ।
আত্মনঃ ক্ষেমমন্বিচ্ছন্ দ্রোগ্ধুর্বৈ পরতো ভয়ম্ ॥৪৪
এষা তবানুজা বালা কৃপণা পুত্রিকোপমা।
হন্তুং নার্হসি কল্যাণীমিমাং ত্বং দীনবৎসলঃ ॥৪৫

শ্রীশুক উবাচ।

এবং স সামভির্ভেদৈর্বোধ্যমানোঽপি দারুণঃ।
ন ন্যবর্ত্তত কৌরব্য পুরুষাদাননুব্রতঃ ॥৪৬

তস্মাৎ তথাবিধঃ সঃ আত্মনঃ ক্ষেমং শুভম্ অন্বিচ্ছন্ কস্যচিৎ দ্রোহং ন আচরেৎ। (যতঃ) দ্রোগ্ধুঃ দ্রোহকারিজনস্য পরতঃ যমাদিভ্যঃ ভয়ং (বিদ্যতে) ॥৪৪

এষা তব অনুজা কনিষ্ঠা বালা কৃপণা দীনা পুত্রিকোপমা তব কন্যাসদৃশী; দীনবৎসলঃ ত্বম্ ইমাং কল্যাণীং হন্তুং ন অর্হসি ॥৪৫

শ্রীশুকঃ উবাচ! হে কৌরব্য পরীক্ষিৎ! পুরুষাদান্ দৈত্যান্ অনুব্রতঃ অনুসৃতঃ দারুণঃ সঃ কংসঃ সামভিঃ সান্ত্বনাবাক্যৈঃ ভেদৈঃ ভয়প্রদবাক্যৈঃ চ এবং চোদ্যমানঃ উপদিশ্যমানঃ অপি ন ন্যবর্ত্তত ॥৪৬

অতএব এরূপ অবস্থায় আপনার মঙ্গল কামনা করিতে হইলে, কাহারও প্রতি বিদ্রোহাচরণ করা কর্ত্তব্য নহে। পরাপকারী ব্যক্তির ইহলোক ও পরলোকে কোথায়ও নিস্তার নাই।৪৪

হে বৎস! তুমি দীনদিগের প্রতি বিশেষ স্নেহ প্রকাশ করিয়া থাক। এই দেবকী তোমার কনিষ্ঠা ভগিনী, সুতরাং কন্যাস্থানীয়া; এই নিরপরাধা বালিকাকে হত্যা করা তোমার কোন প্রকারে উচিত নহে।৪৫

শ্রীশুকদেব বলিলেন,—হে কৌরব্য পরীক্ষিৎ! দৈত্যমতাবলম্বী দারুণ কংস এইরূপ সামাদি ভেদবাক্যে উপদিষ্ট হইলেও কিছুতেই নিবৃত্ত হইল না।৪৬

নির্ব্বন্ধং তস্য তং জ্ঞাত্বা বিচিন্ত্যানকদুন্দুভিঃ ।
প্রাপ্তং কালং প্রতিবোঢ়ুমিদং তত্রান্বপদ্যত ॥৪৭
মৃত্যুর্বুদ্ধিমতাপোহ্যো যাবদ্ বুদ্ধিবলোদয়ম্ ।
যদ্যসৌ ন নিবর্ত্তেত নাপরাধোঽস্তি দেহিনঃ ॥৪৮
প্রদায় মৃত্যবে পুত্রান্ মোচয়ে কৃপণামিমাম্ ।
সুতা মে যদি জায়েরন্ মৃত্যুর্বা ন ম্রিয়েত চেৎ ॥৪৯
বিপর্য্যয়ো বা কিং ন স্যাদ্গতির্ধাতুর্দুরত্যয়া ।
উপস্থিতো নিবর্ত্তেত নিবৃত্তঃ পুনরাপতেৎ ॥৫০
অগ্নের্যথা দারুবিয়োগযোগয়ো-
রদৃষ্টতোঽন্যন্ন নিমিত্তমস্তি ।
এবং হি জন্তোরপি দুর্ব্বিভাব্যঃ
শরীরসংযোগবিয়োগহেতুঃ ॥৫১
এবং বিমৃশ্য তং পাপং যাবদাত্মনিদর্শনম্ ।
পূজয়ামাস বৈ শৌরির্বহুমানপুরঃসরম্ ॥৫২
প্রসন্নবদনাম্ভোজো নৃশংসং নিরপত্রপম্ ।
মনসা দূয়মানেন বিহসন্নিদমব্রবীৎ ॥৫৩

আনকদুন্দুভিঃ বসুদেবঃ তস্য তং নির্ব্বন্ধম্ আগ্রহং জ্ঞাত্বা বিচিন্ত্য প্রাপ্তং কালং প্রতিবোঢ়ুং যাপয়িতুং তত্র ইদম্ অন্বপদ্যত নিশ্চিতবান্ ॥৪৭

বুদ্ধিমতা জনেন যাবদ্ বুদ্ধিবলোদয়ং বুদ্ধিবলানুরূপং মৃত্যুঃ অপোহ্যঃ নিবর্ত্তনীয়ঃ । যদি অসৌ মৃত্যুঃ ন নিবর্ত্তেত, দেহিনঃ প্রাণিনঃ অপরাধঃ ন অস্তি ॥৪৮

মৃত্যবে মৃত্যুস্বরূপায় কংসায় পুত্রান্ প্রদায় কৃপণাং দীনস্বভাবাম্ ইমাং দেবকীং মোচয়ে । যদি মে সুতাঃ জায়েরন্, মৃত্যুঃ কংসঃ চেৎ বা ন ম্রিয়তে ॥৪৯

বিপর্য্যয়ঃ বৈপরীত্যং বা অথবা কিং ন স্যাৎ । যতঃ ধাতুঃ বিধাতুঃ গতিঃ দুরত্যয়া দুরতিক্রমণীয়া । উপস্থিতঃ দেবকীমৃত্যুঃ নিবর্ত্তেত । নিবৃত্তঃ অনুপস্থিতঃ কংসস্য মৃত্যুঃ আপতেৎ ॥৫০

অগ্নেঃ (বৃক্ষান্ দহতঃ) বহ্নেঃ দারুবিয়োগযোগয়োঃ বৃক্ষদহনাদহনয়োঃ অদৃষ্টাৎ অন্যৎ নিমিত্তঃ যথা ন অস্তি, এবং হি জন্তোঃ দেহিনঃ অপি শরীরসংযোগবিয়োগহেতুঃ জীবিতমরণকারণং দুর্ব্বিভাব্যঃ ॥৫১

শৌরিঃ বসুদেবঃ যাবৎ আত্মনিদর্শনং যথাজ্ঞানং বিমৃশ্য বিচার্য্য বহুমানপুরঃসরং যথা তথা তং পাপং কংসং পূজয়ামাস ॥৫২

বসুদেবঃ দূয়মানেন দুঃখিতেন চেতসা মনসা (যুক্তঃ বহিঃ) হসন্ অতএব প্রসন্নবদনাম্ভোজঃ প্রফুল্লমুখঃ সন্ ক্রূরং নিরপত্রপং নিলর্জ্জং কংসং পুনঃ অব্রবীৎ ॥৫৩

তখন বসুদেব তাহার নির্বন্ধাতিশয় জানিতে পারিয়া উপস্থিত বিপদ হইতে উত্তীর্ণ হইবার মানসে মনে মনে এইরূপ পরামর্শ করিলেন ।৪৭

বুদ্ধিমান্ ব্যক্তি আপনার বুদ্ধি ও বল অনুসারে যদি মৃত্যু নিবারিত না হয়, তবে আর তাঁহার অপরাধ নাই ।৪৮

এদ্দিকে যদি আমার অনেকগুলি পুত্র জন্মে, অথচ মৃত্যুস্বরূপ কংসও জীবিত থাকে, তবে এই কংসের হস্তে পুত্রদিগকে অর্পণ করিবার প্রতিজ্ঞা করিয়া এক্ষণে এই দীনা দেবকীর প্রাণ রক্ষা করি। পরে কি হইবে কে বলিতে পারে। হয়ত আমার পুত্রের হস্তেই এই কংসের মৃত্যু হইতে পারে। বিধাতার নির্দিষ্ট মার্গ কেহই অতিক্রম করিতে সমর্থ নহে। যাহা ঘটিবার সম্ভাবনা নাই, তাহাও আসিয়া উপস্থিত হয় ।৪৯-৫০

যেমন দাবানল বনমধ্যে প্রজ্বলিত হইয়া সম্মুখস্থ কোন বৃক্ষকে স্পর্শ না করিয়াও যে দূরবর্ত্তী বৃক্ষকে দগ্ধ করে, তাহা কোন অনির্দিষ্ট হেতু ব্যতীত অন্য কোন প্রত্যক্ষ কারণ প্রতীত হয় না, সেইরূপ প্রাণিসকলের জন্ম ও মৃত্যু অদৃষ্ট বলেই ঘটিয়া থাকে ।৫১

শৌরি বসুদেব নিজ বুদ্ধির সামর্থ্যানুসারে এইরূপ বিচার করিয়া যথেষ্ট সম্মান প্রদর্শন পূর্ব্বক কংসের সম্বর্দ্ধনা করিলেন ।৫২

বসুদেবের হৃদয় দুঃখানলে দগ্ধ হইতেছিল; তথাপি বিকশিত কমলের ন্যায় প্রফুল্লবদনে হাস্য করিতে করিতে সেই নিলর্জ্জ ক্রূরমতি কংসকে পুনর্ব্বার

বসুদেব উবাচ।

ন হ্যস্যাস্তে ভয়ং সৌম্য যদ্‌বাগাহাশরীরিণী।
পুত্রান্ সমর্পয়িষ্যেঽস্যা যতস্তে ভয়মুত্থিতম্ ॥৫৪

শ্রীশুক উবাচ।

স্বসুর্বধান্নিববৃতে কংসস্তদ্‌বাক্যসারবিৎ।
বসুদেবোঽপি তং প্রীতঃ প্রশস্য প্রাবিশদ্ গৃহম্ ॥৫৫
অথ কাল উপাবৃত্তে দেবকী সর্ব্বদেবতা।
পুত্রান্ প্রসুষুবে চাষ্টৌ কন্যাঞ্চৈবানুবৎসরম্ ॥৫৬
কীর্ত্তিমন্তং প্রথমজং কংসায়ানকদুন্দুভিঃ।
অর্পয়ামাস কৃচ্ছ্রেণ সোঽনৃতাদতিবিহ্বলঃ ॥৫৭
কিং দুঃসহং নু সাধূনাং বিদুষাং কিমপেক্ষিতম্।
কিমকার্য্যং কদর্য্যাণাং দুস্ত্যজং কিং ধৃতাত্মনাম্ ॥৫৮
দৃষ্ট্বা সমত্বং তচ্ছৌরেঃ সত্যে চৈব ব্যবস্থিতিম্।
কংসস্তুষ্টমনা রাজন্ প্রহসন্নিদমব্রবীৎ ॥৫৯
প্রতিযাতু কুমারোঽয়ং নহ্যস্মাদস্তি মে ভয়ম্।
অষ্টমাদ্ যুবয়োর্গর্ভান্মৃত্যুর্মে বিহিতঃ কিল ॥৬০

অশরীরিণী বাক্ দৈববাণী যৎ আহ তদনুসারেণ হে সৌম ভদ্র কংস! অস্যাঃ দেবক্যাঃ তে তব ভয়ং নহি আস্তে। যতঃ যেভ্যঃ পুত্রেভ্যঃ তে ভয়ম্ উত্থিতম্, অস্যাঃ দেবক্যাঃ তান্ পুত্রান্ তে সমর্পয়িষ্যে ॥৫৪

শ্রীশুকঃ উবাচ। তদ্বাক্যসারবিৎ কংসঃ স্বসুর্বধাৎ নিববৃতে। বসুদেবঃ অপি প্রীতঃ সন্ কংসং প্রশস্য গৃহং প্রাবিশৎ ॥৫৫

অথ কালে প্রসূতিকালে উপাবৃত্তে উপস্থিতে সর্ব্বদেবতা দেবকী অষ্টৌ পুত্রান্ একাং কন্যাং চ এব অনুবৎসরং প্রসুষুবে ॥৫৬

অনৃতাৎ মিথ্যাবচনাৎ অতি বিহ্বলঃ অতিভীতঃ সঃ আনকদুন্দুভিঃ বসুদেবঃ প্রথমজং প্রথমজাতং কীর্ত্তিমন্তং তন্নামানং পুত্রং কৃচ্ছ্রেণ কংসায় অর্পয়ামাস ॥৫৭

সাধূনাং কিং দুঃসহম্? বিদুষাং বা কিম্ অপেক্ষিতম্? কদর্য্যাণাং কিম্ অকার্যং? ধৃতাত্মনাং ধীরাণাং বা কিং দুস্ত্যজম্ অস্তি? ॥৫৮

হে রাজন্ পরীক্ষিৎ! কংসঃ শৌরেঃ বসুদেবস্য তৎ সমত্বং সত্যে ব্যবস্থিতং চ দৃষ্ট্বা এব তুষ্টমনঃ প্রহসন্ ইদম্ অব্রবীৎ ॥৫৯

অয়ং কুমারঃ প্রতিযাতু, অস্মাৎ কুমারাৎ মে ভয়ং নহি অস্তি। যুবয়োঃ অষ্টমাৎ গর্ভাৎ পুত্রাৎ মে মৃত্যুঃ কিল বিহিতঃ ॥৬০

তিনি বলিতে লাগিলেন।৫৩

হে সৌম্য! আকাশবাণী অনুসারে এই দেবকী হইতে তোমার ভয়ের কোন কারণ নাই। দেবকীর গর্ব্ভোৎপন্ন পুত্র হইতেই যদি তোমার মৃত্যু ঘটিবার সম্ভাবনা থাকে, ইহার পুত্রদিগকে জন্মিবামাত্র তোমার করে আমি সমর্পণ করিব।৫৪

শ্রীশুকদেব বলিবেন,—কংস বসুদেবের বাক্য যুক্তি-যুক্ত বিবেচনা করিয়া ভগিনীবধ হইতে নিবৃত্ত হইল। বসুদেবও প্রীতিমনে তাহার প্রশংসা করত স্বগৃহাভিমুখে প্রস্থান করিলেন।৫৫

অনন্তর যথাকালে গর্ব্ভধারণ করত সর্ব্বদেবতা-স্বরূপা দেবকী প্রতি বৎসরে এক একটি করিয়া আটটি তনয় ও একটি তনয়া প্রসব করিলেন। বসুদেব মিথ্যাকে অতি ভয় করিতেন। এক্ষণে পূর্ব্ব প্রতিজ্ঞা স্মরণ করিয়া প্রথমজ পুত্র কীর্ত্তিমান্‌কে অতি-কষ্টে কংসের হস্তে সমর্পণ করিলেন।৫৬-৫৭

কারণ সাধুদিগের দুঃসহ কিছুই নাই। পণ্ডিতেরা কোন বস্তুরই অপেক্ষা করেন না। কদর্য্য মনুষ্যদিগের অকার্য্যও কিছুই নাই। আর যাঁহারা ভগবান্ হরিতে চিত্ত সমর্পণ করিয়াছেন, তাঁহারা সংসারে সমস্ত বস্তুই পরিত্যাগ করিতে পারেন।৫৮

হে রাজন্! কংস বসুদেবের সত্যনিষ্ঠতা ও সাধুতা দর্শনে অতিশয় প্রীতি হইয়া সহাস্যবদনে এই কথা বলিলেন, তোমাদিগের অষ্টম পুত্র হইতেই আমার মৃত্যুভয় নির্দ্ধারিত হইয়াছে; এই বালক হইতে আমার ভয়ের কোন সম্ভাবনা নাই। এক্ষণে এই কুমার গৃহে প্রত্যাগমন করুক।৫৯-৬০

তথেতি সুতমাদায় যযাবানকদুন্দুভিঃ।
নাভ্যনন্দত তদ্বাক্যমসতোঽবিজিতাত্মনঃ ॥৬১
নন্দাদ্যা যে ব্রজে গোপা যাশ্চামীষাঞ্চ যোষিতঃ।
বৃষ্ণয়ো বসুদেবাদ্যা দেবক্যাদ্যা যদুস্ত্রিয়ঃ ॥৬২
সর্ব্বে বৈ দেবতাপ্রায়া উভয়োরপি ভারত।
জ্ঞাতয়ো বন্ধুসুহৃদো যে চ কংসমনুব্রতাঃ ॥৬৩
এতৎ কংসায় ভগবান্ শশংসাভ্যেত্য নারদঃ।
ভূমের্ভারায়মাণানাং দৈত্যানাঞ্চ বধোদ্যমম্ ॥৬৪

ঋষের্বিনির্গমে কংসো যদূন্ মত্বা সুরানিতি।
দেবক্যা গর্ভসম্ভূতং বিষ্ণুঞ্চ স্ববধং প্রতি ॥৬৫
দেবকীং বসুদেবঞ্চ নিগৃহ্য নিগড়ৈর্গৃহে।
জাতং জাতমহন্ পুত্রং তয়োরজনশঙ্কয়া ॥৬৬
মাতরং পিতরং ভ্রাতৄন্ সর্ব্বাংশ্চ সুহৃদস্তথা।
ঘ্নন্তি হ্যসুতৃপো লুব্ধা রাজানঃ প্রায়শো ভুবি ॥৬৭
আত্মানমিহ সঞ্জাতং জানন্ প্রাগ্ বিষ্ণুনা হতম্।
মহাসুরং কালনেমিং যদুভিঃ স ব্যরুধ্যত ॥৬৮

আনকদুন্দুভিঃ বসুদেবঃ তথা ইতি তথা অস্তু ইত্যুক্ত্বা সুতং পুত্রম্ আদায় যযৌ। অবিজিতাত্মনঃ অবশীকৃতেন্দ্রিয়স্য অসতঃ কংসস্য তৎ বাক্যং ন অভ্যনন্দত ॥৬১

ব্রজে যে নন্দাদ্যাঃ নন্দপ্রভৃতয়ঃ গোপাঃ, যা অমীষাং গোপানাং যোষিতঃ স্ত্রিয়ঃ (যে চ) বসুদেবাদ্যাঃ বৃষ্ণয়ঃ বৃষ্ণিবংশসম্ভূতাঃ। যে চ দেবক্যাদ্যাঃ যদুস্ত্রিয়ঃ যদুকুলনার্য্যঃ ॥৬২

হে ভারত পরীক্ষিৎ! যে চ কংসম্ অনুব্রতাঃ অনুগতাঃ উভয়োঃ যদুগোপকুলয়োঃ অপি জ্ঞাতয়ঃ বন্ধুসুহৃদঃ সর্ব্বে বৈ নিশ্চিতং দেবতাপ্রায়াঃ ॥৬৩

ভগবান্ নারদঃ ভূমেঃ ভারায়মাণানাং ভারভূতানাং দৈত্যানাং বধোদ্যমং চ এতৎ কংসায় শংসয়ামাস কথয়ামাস। ঋষেঃ নারদস্য বিনির্গমে প্রয়াণে সতি কংসঃ যদূন্ সুরান্ দেবান্ ইতি তথা বিষ্ণুং স্ববধং প্রতি দেবক্যাঃ গর্ভসম্ভূতম্ ইতি চ মত্বা দেবকীং বসুদেবং চ গৃহে নিগড়ৈঃ শৃঙ্খলৈঃ নিগৃহ্য বদ্ধা অজনশঙ্কয়া বিষ্ণুশঙ্কয়া তয়োঃ বসুদেবদেবক্যোঃ জাতং জাতং পুত্রম্ অহন্ হন্তি স্ম ॥৬৪-৬৬

অসুতৃপঃ স্বপ্রাণান্ তর্পয়ন্তঃ লুব্ধাঃ রাজানঃ ভুবি মাতরং পিতরং ভ্রাতৄন্ সুহৃদঃ সর্ব্বান্ সখীন্ চ প্রায়শঃ ঘ্নন্তি ॥৬৭

প্রাক্ বিষ্ণুনা হতং মহাসুরং কালনেমিম্ ইহ অস্মিন্ বংশে সঞ্জাতং স্বয়ম্ আত্মানং চ জানন্ সঃ যদুভিঃ সহ ব্যরুধ্যত বিরোধং কৃতবান্ ॥৬৮

বসুদেব তদনুসারে পুত্রটি লইয়া গৃহে প্রত্যাগমন করিলেন বটে, কিন্তু অব্যবস্থিতচেতা দুর্মতি কংসের বাক্যে তাঁহার আন্তরিক শ্রদ্ধা না হওয়ায় তিনি নিশ্চিন্ত হইতে পারিলেন না।৬১

নন্দপ্রভৃতি গোপগণ, তাহাদিগের স্ত্রীগণ, বসুদেবপ্রভৃতি যাদবগণ ও দেবকীপ্রভৃতি যদুকুলের স্ত্রীগণ, ইহারা প্রায় সকলেই দেবতা।৬২

আর নন্দ ও বসুদেবের যে সকল জ্ঞাতি, বন্ধু ও সুহৃদগণ কংসের অনুগত হইয়া রহিয়াছে, তাহারাও সকলে দেবতাংশে জন্মগ্রহণ করিয়াছেন।৬৩

ভগবান্ নারদ এই সমস্ত কথা কংসকে অবগত করাইলেন এবং আরও বলিলেন যে পৃথিবীর ভারভূত দৈত্যগণের বিনাশের জন্যই দেবগণ এত উদ্যোগ করিতেছেন।৬৪

দেবর্ষি নারদ এই বলিয়া প্রস্থান করিলে কংস যদুবংশীয় বীরগণকে দেবতা এবং স্বয়ং বিষ্ণুই তাহার বধের উদ্দেশ্যে দেবকীর গর্ভে আবির্ভূত হইবেন বলিয়া মনে মনে ভাবিতে লাগিল।৬৫

এইরূপ নিশ্চয় করিয়া কংস, বসুদেব ও দেবকীকে নিগড়বদ্ধকরত কারাগারে নিক্ষেপ করিল এবং তাহাদিগের পুত্র জন্মিবামাত্র বিষ্ণুর আশঙ্কায় বধ করিতে লাগিল।৬৬

এই পৃথিবীতে ইন্দ্রিয়-পরতন্ত্র কামাত্মা রাজগণ স্বীয় সুখ-সম্ভোগার্থ মাতা, পিতা, ভ্রাতা, সুহৃদ্ এবং সখাদিগকেও বধ করিতে কিছুমাত্র সঙ্কুচিত হয় না।৬৭

পূর্ব্বে বিষ্ণু কালনেমিনামক মহাসুরকে নিধন করিয়াছিলেন। এক্ষণে সেই অসুরই কংসরূপে

উগ্রসেনঞ্চ পিতরং যদুভোজান্ধকাধিপম্ ।
স্বয়ং নিগৃহ্য বুভুজে শূরসেনান্ মহাবলঃ ॥৬৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
প্রথমোঽধ্যায়ঃ ॥১

মহাবলঃ কংসঃ যদুভোজান্ধকাধিপং পিতরম্ উগ্রসেনং চ নিগৃহ্য কারাগারে বদ্ধা শূরসেনসংজ্ঞকান্ দেশান্ স্বয়ং বুভুজে শশাস ॥৬৯

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দশমস্কন্ধে প্রথমাধ্যায়ঃ ॥

জন্মগ্রহণকরত আপনার পূর্ব্ব বৃত্তান্ত স্মরণ করিয়া যদুদিগের সহিত বিরোধ করিতে আরম্ভ করিল ।৬৮

তাহার পিতা উগ্রসেন যদু, ভোজ ও অন্ধকদিগের অধিপতি ছিলেন ; কংস এক্ষণে তাহাকে কারাগারে আবদ্ধ করিয়া শূরসেনপ্রভৃতি প্রদেশসকল আপনি ভোগ করিতে আরম্ভ করিল ।৬৯

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্‌ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত প্রথমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ ।

[শ্রীভগবতো দেবকীগর্ব্বেঽনুপ্রবেশঃ, ব্রহ্মাদিদেবৈস্তস্য স্তবনং, দেবক্যাঃ সান্ত্বনঞ্চ ।]

শ্রীশুক উবাচ ।
প্রলম্ব-বক-চাণূর-তৃণাবর্ত্তমহাশনৈঃ ।
মুষ্টিকারিষ্ট-দ্বিবিদ-পূতনা-কেশি-ধেনুকৈঃ ॥১
অন্যৈশ্চাসুরভূপালৈর্বাণভৌমাদিভির্যুতঃ ।
যদূনাং কদনং চক্রে বলী মাগধসংশ্রয়ঃ ॥২

তে পীড়িতা নিবিবিশুঃ কুরু-পঞ্চাল-কেকয়ান্ ।
শাল্বান্ বিদর্ভান্ নিষধান্ বিদেহান্ কোশলানপি ॥৩
একে তমনুরুন্ধানা জ্ঞাতয়ঃ পর্য্যুপাসতে ।
হতেষু ষট্‌সু বালেষু দেবক্যা ঔগ্রসেনিনা ॥৪

অন্বয়ঃ

প্রলম্ব-বক-চানূর-তৃণাবর্ত্ত-মহাশনৈঃ মুষ্টিকারিষ্ট-দ্বিবিদপূতনা-কেশিধেনুকৈঃ বাণভৌমাদিভিঃ অন্যৈঃ অসুরভূপালৈঃ চ যুতঃ বলী (কংসঃ) মাগধসংশ্রয়ঃ জরাসন্ধম্ আশ্রিতঃ সন্ যদূনাং কদনং পীড়নং চক্রে । তে যাদবাঃ পীড়িতাঃ সন্তঃ কুরুপঞ্চাল-কেকয়ান্, শাল্বান্, বিদর্ভান্, নিষধান্, বিদেহান্ কোশলান্ দেশান্ অপি নিবিবিশুঃ নিবাসং চক্রুঃ ॥১-৩

দ্বিতীয়োঽধ্যায়ঃ ।

[শ্রীভগবানের দেবকীগর্ভে অনুপ্রবেশ, ব্রহ্মাদি দেবগণ কর্ত্তৃক তাঁহার স্তব এবং দেবকীকে সান্ত্বনাপ্রদান]

কংস যদুগণের সহিত বিরোধ করিতে লাগিল, এই প্রথম অধ্যায়োক্ত বিরোধকেই বিস্তার রূপে শ্রীশুকদেব বর্ণন করিতেছেন—

শ্রীশুকদেব বলিলেন(—হে রাজন্) প্রলম্ব, বক, চাণূর, তৃণাবর্ত্ত, অঘাসুর, মুষ্টিক, বৃষভাসুর, দ্বিবিদ, পূতনা, কেশী, ধেনুক এবং অন্যান্য বাণ ও নরকাসুরপ্রভৃতি অসুররাজগণের সহিত মিলিত হইয়া এবং মগধরাজ জরাসন্ধের আশ্রয়ে অতি বলবান্ হওয়ায় কংস যাদবগণের সহিত বিরোধ করিতে লাগিল ।১-২

তাহারা দুষ্ট কংস হইতে পীড়িত হইয়া কুরু, পঞ্চাল, কেকয়, শাল্ব, বিদর্ভ, নিষধ, মৈথিল এবং

সপ্তমো বৈষ্ণবং ধাম যমনন্তং প্রচক্ষতে।
গর্ভো বভূব দেবক্যা হর্ষশোকবিবর্দ্ধনঃ ॥৫
ভগবানপি বিশ্বাত্মা বিদিত্বা কংসজং ভয়ম্।
যদূনাং নিজনাথানাং যোগমায়াং সমাদিশৎ ॥৬
গচ্ছ দেবি ব্রজং ভদ্রে গোপগোভিরলঙ্কৃতম্।
রোহিণী বসুদেবস্য ভার্য্যাস্তে নন্দগোকুলে।
অন্যাশ্চ কংসসংবিগ্না বিবরেষু বসন্তি হি ॥৭

দেবক্যা জঠরে গর্ভং শেষাখ্যং ধাম মামকম্।
তৎ সন্নিকৃষ্য রোহিণ্যা উদরে সন্নিবেশয় ॥৮
অথাহমংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং শুভে।
প্রাপ্স্যামি ত্বং যশোদায়াং নন্দপত্ন্যাং ভবিষ্যসি ॥৯
অর্চ্চিষ্যন্তি মনুষ্যাস্ত্বাং সর্ব্বকামবরেশ্বরীম্।
ধূপোপহারবলিভিঃ সর্ব্বকামবরপ্রদাম্ ॥১০

একে কতিপয়াঃ জ্ঞাতয়ঃ তং কংসম্ অনুরুন্ধানাঃ অনুবর্ত্তমানাঃ পর্য্যুপাসতে। ঔগ্রসেনিনা কংসেন দেবক্যাঃ ষট্‌সু বালেষু পুত্রেষু হতেষু সৎসু বৈষ্ণবং ধাম বিষ্ণোঃ অংশঃ হর্ষশোকবিবর্দ্ধনঃ দেবক্যাঃ সপ্তমঃ গর্ত্তঃ বভূবঃ, যং বিষ্ণোঃ অংশম্, অনন্তং প্রচক্ষতে আহ। বিশ্বাত্মা ভগবান্ হরিঃ অপি নিজনাথানাং স্বাশ্রিতানাং যদূনাং কংসজং ভয়ং বিদিত্বা যোগমায়াং সমাদিশৎ আদিষ্টবান্। হে ভদ্রে দেবি! গোপগোভিঃ অলঙ্কৃতং ব্রজং গচ্ছ। নন্দগোকুলে নন্দগোপরাজস্য গোকুলাখ্যে বাসস্থানে বসুদেবস্য ভার্য্যা রোহিণী আস্তে প্রতিবসতি। অন্যাঃ বসুদেবভার্য্যাঃ চ কংসসংবিগ্নাঃ কংসভীতাঃ সত্যঃ বিবরেষু অলক্ষ্যস্থানেষু হি বসন্তি ॥৪-৭

দেবক্যাঃ জঠরে (সন্তং) তৎ শেষাখ্যং শেষনামকং মামকং ধাম মদংশভূতং গর্ত্তং সংনিকৃষ্য রোহিণ্যাঃ উদরে সংনিবেশয় স্থাপয় ॥৮

হে শুভে মায়ে! অথ অহম্ অংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং প্রাপ্স্যামি। ত্বং নন্দপত্ন্যাং যশোদায়াং ভবিষ্যসি ॥৯

মনুষ্যাঃ সর্ব্বকামবরেশ্বরীং সর্ব্বকামানাং নিয়ন্ত্রীং সর্ব্বকামপ্রদাং সর্ব্বেষাম্ অভিলাষপ্রদাত্রীং ত্বাং নানোপহারবলিভিঃ নানাবিধপূজাদ্রব্যৈঃ অর্চ্চিষ্যন্তি ॥১০

কোশলপ্রভৃতি দেশে প্রচ্ছন্নভাবে অবস্থান করিতে লাগিলেন।৩

কেবল অক্রূরপ্রভৃতি কতিপয় ভক্ত শ্রীকৃষ্ণের অবতার-দর্শন-রূপ স্বার্থ অপেক্ষা করিয়া চাতুর্য্যপ্রকাশে কংসকে বশীভূতকরতঃ তাহার আজ্ঞাধীন হইয়া শ্রীমথুরাতেই বসবাস করিতে লাগিলেন।৪

(পূর্ব্বাধ্যায়ে কংস-হস্তে নিহত পুত্রগণের সংখ্যা নির্দ্দেশ না হওয়ায় এস্থানে তাহার নির্দ্দেশ করিতেছেন) উগ্রসেননন্দন কংসকর্ত্তৃক দেবকীর ছয় পুত্র নিহত হইলে অভিজ্ঞ ব্যক্তিগণ যাঁহাকে "অনন্ত" বলিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণাংশ চতুর্ব্ব্যূহ দ্বিতীয় সঙ্কর্ষণ দেবকীর হর্ষ-শোকের বর্দ্ধনকারী সপ্তমগর্ভ রূপে আবির্ভূত হইলেন।৫

পূর্ব্বে শ্রীক্ষীরোদনাথ বিষ্ণু-ব্রহ্মাদি দেবগণকে আদেশ করিয়াছিলেন, অধুনা সর্ব্বাংশী ভগবান্ শ্রীকৃষ্ণ নিজেই বসুদেব প্রভৃতি স্বীয় অনুগত ভক্তসকলের কংস হইতে ভয় অবগত হইয়া ব্রহ্মাদি দেবগণের ও বিমোহকারিণী নিজ-শক্তি বিশেষ যোগমায়াকে বিশেষ রূপে উৎসাহ প্রদানপূর্ব্বক আদেশ করিতেছেন।৬

হে দেবি (জগৎপূজ্যে) সর্ব্বমঙ্গল্যে! তুমি গোপ-গোপী ও গোগণে বিভূষিত ব্রজে গমন কর।৭

বসুদেবের অন্যতমা পত্নী শ্রীরোহিণীদেবী নন্দগোকুলে অবস্থান করিতেছেন এবং তাঁহার অন্যান্য ভার্য্যাগণও কংস-ভয়ে, অগম্য স্থানে বাস করিতেছেন। তুমি আমার আদেশানুসারে শ্রীদেবকীর জঠরস্থ মদীয় অংশরূপে প্রসিদ্ধ এবং আমারই আধার শক্তিময় সংকর্ষণনামক গর্ভকে অক্লেশে আকর্ষণ করিয়া শ্রীরোহিণীর উদরে অন্যের অলক্ষিতভাবে স্থাপন কর।৮

২২২৫

নামধেয়ানি কুর্ব্বন্তি স্থানানি চ নরা ভুবি।
দুর্গেতি ভদ্রকালীতি বিজয়া বৈষ্ণবীতি চ ॥১১
কুমুদা চণ্ডিকা কৃষ্ণা মাধবী কন্যকেতি চ।
মায়া নারায়ণীশানী শারদেত্যম্বিকেতি চ ॥১২
গর্ভসঙ্কর্ষণাৎ তং বৈ প্রাহুঃ সঙ্কর্ষণং ভুবি।
রামেতি লোকরমণাদ্ বলং বলবদুচ্ছ্রয়াৎ ॥১৩
সন্দিষ্টৈবং ভগবতা তথেত্যোমিতি তদ্বচঃ।
প্রতিগৃহ্য পরিক্রম্য গাং গতা তৎ তথাকরোৎ ॥১৪
গর্ভে প্রণীতে দেবক্যা রোহিণীং যোগনিদ্রয়া।
অহো বিস্রংসিতো গর্ভ ইতি পৌরা বিচুক্রুশুঃ ॥১৫
ভগবানপি বিশ্বাত্মা ভক্তানামভয়ঙ্করঃ।
আবিবেশাংশভাগেন মন আনকদুন্দুভেঃ ॥১৬

নরাঃ ভুবি দুর্গা ইতি, বিজয়া, বৈষ্ণবী ইতি চ কুমুদা, চণ্ডিকা, কৃষ্ণা, মাধবী, কন্যকা ইতি চ, মায়া, নারায়ণী, ঈশানী, শারদা ইতি, অম্বিকা ইতি চ নামধেয়ানি স্থানানি কামরূপাদীনি চ কুর্ব্বন্তি ॥১১-১২

গর্ভসংকর্ষণাৎ তং শেষাখ্যং গর্ভং ভুবি সংকর্ষণং বৈ প্রাহুঃ বদন্তি। লোকরমণাৎ রামেতি। বলোচ্ছ্রয়াৎ সামর্থ্যাধিক্যাৎ বলভদ্রং প্রাহুঃ ॥১৩

ভগবতা হরিণা ইত্যেবং সংদিষ্টা মায়া ওম্ ইতি তথা অস্তু ইতি তদ্বচঃ প্রতিগৃহ্য স্বীকৃত্য, পরিক্রম্য গাং পৃথিবীং গতা সতী তৎ হরিবচনং তথা অকরোৎ ॥১৪

যোগনিদ্রয়া দেবক্যাঃ গর্ভে রোহিণীং প্রণীতে প্রাপিতে সতি অহো গর্ভঃ বিস্রংসিতঃ কংসেন পাতিতঃ ইতি পৌরাঃ বিচুক্রুশুঃ বিলেপুঃ ॥১৫

ভক্তানাম্ অভয়প্রদঃ বিশ্বাত্মা ভগবান্ হরিঃ অপি অংশভাগেন সর্ব্বৈশ্বর্য্যেণ সহিত এব আনকদুন্দুভেঃ বসুদেবস্য মনঃ আবিবেশ মনসি আবির্বভূব ॥১৬

হে শুভে! অনন্তর আমি অংশভাগরূপে অর্থাৎ পরিপূর্ণরূপে শ্রীদেবকীর পুত্রভাব প্রাপ্ত হইব এবং তুমি শ্রীনন্দ-পত্নী যশোদাতে আবির্ভূত হইবে (নিগূঢ়ার্থ এই—হে শুভে! অনন্তর আমি প্রকাশভেদে দেবকীর পুত্রভাব এবং প্রকাশান্তরে শ্রীযশোদার পুত্রভাব প্রাপ্ত হইব, তুমি যশোদার নিকটে কেবল বিদ্যমানতা প্রাপ্ত হইও)।৯

তুমি পুত্রাদিকামী যাবতীয় মানুষের শ্রেষ্ঠ নিয়ন্ত্রী হইবে এবং ত্বদীয় ভক্তগণের সমস্ত অভিলষিত বর প্রদান করিবে। অতএব সকাম মনুষ্যসকল বিবিধ উপহার ও বলিদ্বারা তোমাকে অর্চ্চনা করিবে।১০

আর পৃথিবীতে লোকসকল তোমার অনেক স্থান এবং দুর্গা, ভদ্রকালী, বিজয়া, বৈষ্ণবী, কুমুদা. চণ্ডিকা, কৃষ্ণা, মাধবী, কন্যকা, মায়া, নারায়ণী; ঈশানী, শারদা তথা অম্বিকা এই সকল নাম প্রচার করিবে।১১-১২

আর গর্ভাকর্ষণ বশতঃই ঐ রোহিণী-নন্দনকে পৃথিবীস্থ লোকেরা সঙ্কর্ষণ বলিবে। তিনি লোকসকলের প্রীত্যুৎপাদন করিবেন বলিয়া তাঁহাকে সকলে রাম বলিয়া সম্বোধন কবিবে এবং অত্যন্ত বলশালী হইবেন. সেইজন্য লোকে বলভদ্র বলিয়াও আহ্বান করিবে।১৩

ভগবান্ শ্রীহরিকর্ত্তৃক এইরূপ আদিষ্ট হইয়া "ভাল তাহাই হউক" বলিয়া যোগমায়া শ্রীভগবানের বাক্য স্বীকার করিলেন এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া মর্ত্তলোকে গমনপূর্ব্বক তদনুরূপ কার্য্য অর্থাৎ দেবকীর গর্ভ আকর্ষণ করিয়া রেহিণীতে স্থাপন করিলেন।১৪

যোগমায়া দেবকীর গর্ভ আকর্ষণ করিয়া এমন ভাবে রোহিণী-উদরে স্থাপন করিলেন যে, গর্ভাকর্ষণ জন্য দেবকীর কোনরূপ দুঃখ, রোহিণীর উদরে গর্ভ স্থাপন জন্য বিস্ময়াদি ও গোকুলবাসিগণের তদ্বিষয়ক কোন রূপ জ্ঞান হয় নাই, অতএব পুরবাসিগণ তদ্বৃত্তান্ত জ্ঞাত না থাকায় আর্ত্তস্বরে "হায়! হায়! এবার কংস-ভয়ে

স বিভ্রৎ পৌরুষং ধাম ভ্রাজমানো যথা রবিঃ।
দুরাসদোঽতিদুর্দ্ধর্ষো ভূতানাং সংবভূব হ ॥১৭

ততো জগন্মঙ্গলমচ্যুতাংশং
সমাহিতং শূরসুতেন দেবী।
দধার সর্ব্বাত্মকমাত্মভূতং
কাষ্ঠা যথানন্দকরং মনস্তঃ ॥১৮

সা দেবকী সর্ব্বজগন্নিবাস-
নিবাসভূতা নিতরাং ন রেজে।
ভোজেন্দ্রগেহেঽগ্নিশিখেব রুদ্ধা
সরস্বতী জ্ঞানখলে যথা সতী ॥১৯

তাং বীক্ষ্য কংসঃ প্রভয়াজিতান্তরাং
বিরোচয়ন্তীং ভবনং শুচিস্মিতাম্।
আহৈষ মে প্রাণহরো হরির্গুহাং
ধ্রুবং শ্রিতো যন্ন পুরেয়মীদৃশী ॥২০

সঃ বসুদেবঃ পৌরুষং ধাম বিভ্রৎ রবিঃ সূর্য্যঃ ইব রাজমানঃ শোভমানঃ সন্ ভূতানাং প্রাণিনাং দুরাধর্ষঃ দুরাসদঃ অনভিগম্যঃ অতিদুর্দ্ধর্ষঃ অনভিভবনীয়ঃ চ সংবভূব হ ॥১৭

ততঃ দেবী দেবকী শূরসুতেন বসুদেবেন সমাহিতং দীক্ষয়া অর্পিতং জগন্মঙ্গলং সর্ব্বাত্মকম্ ধাম শ্রীমূর্ত্তিম্ আত্মভূতম্ অচ্যুতাংশং কাষ্ঠা দিক্ আনন্দকরং চন্দ্রম্ ইব মনস্তঃ মনসা এব দধার ধৃতবতী ॥১৮

সর্ব্বজগন্নিবাসনিবাসভূতা সর্ব্বাশ্রয়ং হরিং গর্ব্ভে ধারয়ন্তী সা দেবকী ভোজেন্দ্রগেহে কংসকারাগারে রুদ্ধা সতী (ঘটাদিরুদ্ধা অগ্নিশিখা ইব) জ্ঞানখলে জ্ঞানবঞ্চকে জনে সতী শোভনা সরস্বতী যথা নিতরাং ন শুশুভে ॥১৯

কংসঃ অজিতান্তরাং, গর্ব্ভে বিষ্ণুং ধারয়ন্তীং প্রভয়া ভবনং বিরোচয়ন্তীং দীপয়ন্তীং শুচিস্মিতাং তাং দেবকীং বীক্ষ্য আহ, মে প্রাণহরঃ এষঃ হরিঃ গুহাং গর্ব্ভং নূনং শ্রিতঃ প্রবিষ্টঃ, যৎ যস্মাৎ ইয়ং দেবকী পুরা ঈদৃশী তেজঃসম্পন্না ন আসীৎ ॥২০

দেবকীর গর্ভপাত হইল কিংবা বোধ হয় কংসই কোনরূপ মন্ত্র বা ঔষধাদি যে কোন উপায়ে গর্ভ নষ্ট করিয়াছে” এইরূপ সন্দেহে বিবিধ বিলাপ করিতে লাগিল।১৫

এদিকে বিশ্বস্থ জীবমাত্রের আত্মা অর্থাৎ প্রভু হইলেও কেবল ভক্তগণের প্রতিই যিনি অভয় প্রদান করিয়া থাকেন, সেই সর্ব্বৈশ্বর্য্যপরিপূর্ণ শ্রীভগবান্ পুরুষাদি অবতারবৃন্দের সহিত ও ষড়ৈশ্বর্য্যের সহিত পূর্ণস্বরূপে শ্রীবসুদেবের মনোমধ্যে আবির্ভূত হইলেন।১৬

বসুদেব শ্রীভগবৎ-সম্বন্ধি তেজঃ ধারণ করায় দিবাকরের ন্যায় তেজস্বী হইলেন বলিয়া কংসাদি দুষ্ট প্রাণিগণ তাঁহার নিকটে গমন করিতে কিংবা তাঁহাকে দর্শন করিতে বা পরাভব করিতে অসমর্থ হইল।১৭

অনন্তর পূর্ব্বদিক্ যেমন আনন্দকর চন্দ্রকে ধারণ করে, তদ্রূপ শুদ্ধমত্তা শ্রীদেবকীদেবী শ্রীবসুদেবকর্ত্তৃক বৈধ দীক্ষাদ্বারা অর্পিত জগন্মঙ্গল সর্ব্বমূলস্বরূপ ও সর্ব্বাংশপরিপূর্ণ শ্রীভগবানকে মনোদ্বারা ধারণ করিলেন, তিনি পূর্ব্বেও দেবকীর আত্মাতে বর্ত্তমান ছিলেন।১৮

দেবকী প্রাকৃত ও অপ্রাকৃত সর্ব্বজগতের আশ্রয়স্বরূপ শ্রীভগবানের আধার হইয়াও সর্ব্বজনের আহ্লাদক রূপে শোভা পান নাই। কেবল স্বয়ং কিংবা বসুদেবাদি দুই এক জন অন্তরঙ্গের সহিত আনন্দানুভব করিতে লাগিলেন; কারণ ভোজরাজ কংসের গৃহে অবরুদ্ধা হইয়া এমন অবস্থায় অবস্থান করিতেছিলেন যে, অগ্নিশিখা যেমন গৃহে রুদ্ধা হইলে নগরাদি বহিঃস্থিত বস্তু প্রকাশ করিতে পারে না, কিন্তু গৃহস্থিত বস্তু বা সমীপবর্ত্তী দুই তিন ব্যক্তির প্রকাশ বা শীতাদি নাশ করিয়া থাকে; পরন্তু সেই অগ্নিশিখা দৈবাৎ প্রবলা হইয়া যেমন রোধকের গৃহ পর্য্যন্ত দগ্ধ করিয়া থাকে, তদ্রূপ শ্রীদেবকীও কংসের ঐশ্বর্য্যাদি

কিমদ্য তস্মিন্ করণীয়মাশু মে
যদর্থতন্ত্রো ন বিহন্তি বিক্রমম্।
স্ত্রিয়াঃ স্বসুর্গুরুমত্যা বধোঽয়ং
যশঃ শ্রিয়ং হন্ত্যনুকালমায়ুঃ ॥২১

স এষ জীবন্ খলু সম্পরেতো
বর্তেত যোঽত্যন্তনৃশংসিতেন।
দেহে মৃতে তং মনুজাঃ শপন্তি
গন্তা তমোঽন্ধং তনুমানিনো ধ্রুবম্ ॥২২

অত্র তস্মিন্ ময়া আশু কিং করণীয়ম্, যতঃ অর্থতন্ত্রঃ স্বার্থপরঃ পুমান্ বিক্রমং ন বিহন্তি ন নাশয়তি। গুরুমত্যাঃ গর্ত্তধারিণ্যাঃ স্বসুঃ ভগিন্যাঃ স্ত্রিয়ঃ অয়ং বধঃ অনুকালং সর্ব্বদৈব যশঃ শ্রিয়ম্ আয়ুঃ চ হন্তি ॥২১

যঃ অত্যন্ত-নৃশংসিতেন ক্রূরকর্ম্মণা বর্ত্ততে, সঃ জনঃ জীবন্ অপি সংপরেতঃ মৃতঃ (স্যাৎ)। মনুজাঃ তং নৃশংসং শপন্তি সাক্ষেপম্ আক্রোশন্তি। দেহে মৃতে সতি তনুমানিনঃ পাপিনঃ অথবা তনুমানিনঃ স্বতনুং পালয়তঃ অস্য দেহে মৃতে সতি ধ্রুবম্ অন্ধং তমঃ স গন্তা গমিষ্যতি ॥২২

দগ্ধ করিবেন। যাহারা শিষ্যকে জ্ঞান দান করিতে বঞ্চনা করে, তাহাদিগের অধিগত বিদ্যার ন্যায় দেবকী অতিশয় শোভা পাইলেন না।১৯

শ্রীভগবান্ কুক্ষিমধ্যে অবস্থান করায় শ্রীদেবকী স্বীয়প্রভাদ্বারা কারাগৃহ আলোকিত করিতেছেন এবং স্বাভাবিক তদানন্দ জন্য হাস্য করিতেছেন। কংস কোনদিন তদবস্থাপন্না দেবকীকে সাক্ষাৎ অবলোকন করিয়া মনে মনে কহিতে লাগিলেন—আমার প্রাণহর হরি নিশ্চয়ই ইঁহার গর্ভে প্রবেশ করিয়াছেন, যে হেতু ইতিপূর্ব্বে ইনি কখনই এই প্রকার প্রভাবতী ছিলেন না।২০

সম্প্রতি মদ্বৈরী হরির বধ সাধনবিষয়ে সহসা আমার কি কর্ত্তব্য? গর্ভস্থিত এই হরিকে বিনাশ করাও কর্ত্তব্য নহে, কারণ লোক স্বার্থপর হইলেও স্বপরাক্রম নষ্ট করে না, অধুনা ইহার বধে আমার বীরত্ব ও বিক্রম নাশ হইবে সন্দেহ নাই। অতএব এই গর্ভগত হরি, গর্ভ হইতে বহির্গত হইয়া যথাসময়ে তরুণাবস্থা প্রাপ্ত হইলে ইহার সহিত সংগ্রাম করিয়া জয় বা পরাজয় হইলেও জগতে আমার বিক্রম বিদ্যমান থাকিবে, পরন্তু গর্ভ-বধে বিক্রম কিছুই নাই। কিংবা স্বার্থপর পুরুষেও আপন বিক্রম বিনষ্ট করে না, যদিও বিষ্ণু এখন দেবকার্য সাধনার্থ গর্ভমধ্যে অবস্থিতি করিতেছেন সত্য, তথাপি স্বপরাক্রম প্রকাশ করিয়া অবশ্যই আমার সহিত যুদ্ধ করিবে এবং আমার নিকট নিশ্চয়ই পরাভব হইবে, অতএব অধুনা গর্ভগত হরিকে বিনাশ করিলে আমার কেবল বিক্রম-হানিত্ব হইবে এমন নহে, পরন্তু ধর্ম্মাদিহানি পর্যন্তও হইবে, কারণ গর্ভবধে দেবকীর বধ অবশ্যম্ভাবী এবং দেবকী স্ত্রী-জাতি তাহাতে আবার ভগিনী, বিশেষতঃ গর্ভিণী, এই অবস্থায় ইহার বধ-সাধন সত্বই আমার যশশ্রী ও আয়ু নষ্টের কারণ হইবে, অতএব আমি স্বার্থপর হইলেও আপন পরাক্রম পরিত্যাগ করিয়া দেবকীর বধ সাধনে প্রবৃত্ত হইতে পারি না।২১

যে ব্যক্তি অত্যন্ত ক্রূরভাব আবরণ দ্বারা জীবন ধারণ করে, সে জীবিত থাকিলেও মৃততুল্য। মনুষ্যসকল জীবদ্দশাতে বা মরণান্তে তাহাকে "রে পাপিন্! কুম্ভীপাক নরকে পতিত হও" এই বলিয়া অভিসম্পাত করিয়া থাকে। পরের অনিষ্ট করিয়া যে ব্যক্তি আপন দেহ পোষণ করে সে দেহান্তে অন্ধতম নামক নরকে গমন করে।২২

ইতি ঘোরতমাদ্ভাবাৎ সন্নিবৃত্তঃ স্বয়ং প্রভুঃ।
আস্তে প্রতীক্ষংস্তজ্জন্ম হরের্বৈরানুবন্ধকৃৎ ॥২৩
আসীনঃ সংবিশংস্তিষ্ঠন্ ভুঞ্জানঃ পর্য্যটন্ মহীম্।
চিন্তয়ানো হৃষীকেশমপশ্যৎ তন্ময়ং জগৎ ॥২৪
ব্রহ্মা ভবশ্চ তত্রৈত্য মুনিভির্নারদাদিভিঃ।
দেবৈঃ সানুচরৈঃ সাকং গীর্ভির্বৃষণমৈড়য়ন্ ॥২৫

সত্যব্রতং সত্যপরং ত্রিসত্যং
সত্যস্য যোনিং নিহিতঞ্চ সত্যে।
সত্যস্য সত্যমৃতসত্যনেত্রং
সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ ॥২৬

প্রভুঃ কংসঃ ইতি ঘোরতমাৎ ভাবাৎ স্বয়ং সন্নিবৃত্তঃ। বৈরানুবন্ধকৃৎ শত্রুতানির্ব্বন্ধপরঃ সন্ হরেঃ তৎ জন্ম প্রতীক্ষন্ আস্তে ॥২৩

আসীনঃ, সংবিশন্, তিষ্ঠন্, ভুঞ্জানঃ, পর্য্যটন্, পিবন্ হৃষীকেশং বিষ্ণুং চিন্তয়ানঃ কংসঃ জগৎ তন্ময়ং বিষ্ণুময়ম্ অপশ্যৎ ॥২৪

ব্রহ্মা, ভবঃ, রুদ্রঃ চ নারদাদিভিঃ মুনিভিঃ, সানুচরৈঃ দেবৈঃ চ সাকং সহ গীর্ভিঃ বাগ্‌ভিঃ বৃষণং কামবর্ষিণং বিষ্ণুম্ ঐড়য়ন্ তুষ্টুবুঃ ॥২৫

সত্যব্রতং সত্যপরং, ত্রিসত্যং কালত্রয়েঽপি সত্যং, সত্যস্য ক্ষিত্যাদীনাং যোনিং কারণং, সত্যে পৃথিব্যাদিষু নিহিতম্ অন্তর্য্যামিতয়া স্থিতং, সত্যস্য পৃথিব্যাদীনাং সত্যনাশেঽপি অবশিষ্যমানম্ ঋতসত্যনেত্রম্ ঋতসত্যয়োঃ প্রবর্ত্তকং, সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ প্রাপ্তাঃ ॥২৬

এই প্রকার বিচার করিয়া কংস ঐ গর্ভপাতাদি ঘোরতর সঙ্কল্প হইতে নিবৃত্ত হইল, যেহেতু সে স্বয়ংই রাজা, তাহাকে বাধা দিবার কেহ নাই, অতএব অন্যের মন্ত্রণাদি দ্বারা নিবৃত্ত না হইলেও অন্তর্য্যামী শ্রীভগবানের বশবর্ত্তী হইয়াই সম্প্রতি এই সাধুভাব অবলম্বন করিল বটে, কিন্তু ভগবান্ শ্রীহরির প্রতি বিদ্বেষভাব রাখিয়া মূঢ়তাবশতঃ জন্মাদি বিবর্জ্জিত ও বৈরাদি অশেষ দোষহারী বা সর্ব্বমনোহর শ্রীহরির জন্ম প্রতীক্ষা করিতে লাগিল ।২৩

বৈরানুবন্ধ-জনিত ভয়ে সেই কংস উপবেশন, শয়ন, অবস্থান, ভোজন, ভ্রমণ এবং পানাদি সর্ব্বাবস্থাতে সর্ব্ব ইন্দ্রিয়ের ঈশ্বর শ্রীভগবান্‌কে চিন্তা করিতে করিতে সমস্ত জগৎ বিষ্ণুময় দেখিতে লাগিল ।২৪

সেই সময়ে ব্রহ্মা এবং মহেশ্বর, নারদ, সনক সনন্দপ্রভৃতি মুনিগণের সহিত এবং সানুচর (গন্ধর্ব্বাদি) দেবগণের সহিত সেই স্থানে আগমন করিয়া বিবিধ রম্য বাক্যে সর্ব্বকামবর্ষী শ্রীভগবান্‌কে স্তব করিতে লাগিলেন ।২৫

ভগবান্ প্রতিশ্রুত বাক্য সত্য করিলেন, ইহাতে আনন্দিত হইয়া দেবগণ প্রথমতঃ সত্যস্বরূপে স্তব করিতে লাগিলেন—হে ভগবন্! আপনার ব্রত অর্থাৎ সঙ্কল্প সত্য; আপনি যাহা বলিবেন, তাহা মিথ্যা হইবার নয়; সত্য দ্বারাই আপনাকে লাভ করা যায়; আপনি তিনকালেই সত্য বলিয়া ত্রিসত্য অর্থাৎ আপনি এই প্রপঞ্চ জগৎ সৃষ্টির পূর্ব্বে ও পরে এবং স্থিতি সময়ে সত্যস্বরূপে বর্ত্তমান আছেন; কারণ, ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও আকাশ এই পঞ্চভূতের আপনিই উৎপত্তি স্থান, আর ঐ পঞ্চভূতে লয় হইলেও আপনিই বর্ত্তমান থাকেন, সত্যবাক্য ও সর্ব্বত্র সমদর্শন এই উভয়ের আপনি প্রবর্তক বা এই উভয়ই আপনার প্রাপক, আপনি সত্যস্বরূপ আমরা সর্ব্বান্তঃকরণে আপনার আশ্রয় গ্রহণ করিলাম।

অথবা আপনি যে বলিয়াছেন—যে ব্যক্তি "হে প্রভো! আমি তোমার হইলাম এই বলিয়া একবার মাত্রও যদি শরণাগত হয়, তাহাকে আমি সর্ব্বদা অভয় দান করিয়া থাকি" এই আমার ব্রত, অতএব আমরা শরণাগত হইয়াছিলাম বিধায় আমাদিগকে অভয় দান করিয়া আপনার ব্রত সত্য করিলেন।

একায়নোঽসৌ দ্বিফলস্ত্রিমূল-
শ্চতুরসঃ পঞ্চবিধঃ ষড়াত্মা।
সপ্তত্বগষ্টবিটপো নবাক্ষো
দশচ্ছদী দ্বিখগো হ্যাদিবৃক্ষঃ ॥২৭

ত্বমেক এবাস্য সতঃ প্রসূতি-
স্ত্বং সন্নিধানং ত্বমনুগ্রহশ্চ।
ত্বন্মায়য়া সংবৃতচেতসস্ত্বাং
পশ্যন্তি নানা ন বিপশ্চিতো যে ॥২৮

(কিঞ্চ হে কৃষ্ণ!) অসৌ (সংসারঃ) আদিবৃক্ষঃ (এব যতঃ অয়ম্) একায়নঃ (প্রকৃত্যাশ্রয়ঃ) দ্বিফলঃ (সুখদুঃখফলঃ) ত্রিমূলঃ (গুণত্রয়মূলঃ) চতুরসঃ (ধর্ম্মার্থাদিরসঃ) পঞ্চবিধঃ পঞ্চেন্দ্রিয়-জ্ঞানপ্রকারঃ ষড়াত্মা (শোকমোহজরামৃত্যুক্ষুৎপিপাসাসমাবৃতঃ সপ্তত্বক্ (ত্বগাদিসপ্তধাতুত্বক্) অষ্টবিটপঃ (ভূতপঞ্চকমনো) বুদ্ধ্যহঙ্কারশাখঃ) নবাক্ষঃ (নবদ্বারচ্ছিদ্রঃ) দশচ্ছদী (দশপ্রাণপর্ণঃ) দ্বিখগঃ (জীবেশ্বরপক্ষিসহিতঃ) চ প্রতীয়তে ॥২৭

অস্য সতঃ (সংসারবৃক্ষস্য) ত্বম্ একঃ এব প্রসূতিঃ (জন্মকারণং) ত্বং সন্নিধানং (লয়স্থানং) ত্বম্ অনুগ্রহঃ (পালকঃ) ত্বন্মায়য়া সংবৃতচেতসঃ ত্বাং ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ ইতি নানা পশ্যন্তি, যে বিপশ্চিতঃ তে তু তথা ন পশ্যন্তি ॥২৮

স্বভক্তপালক অন্যান্য দেবতার ন্যায় আপনি অনিত্য অনুৎকৃষ্ট নহেন, কারণ আপনি সর্ব্বকালবর্ত্তী ও সর্ব্বদেশবর্ত্তী ও সর্ব্বকালশ্রেষ্ঠ। কিংবা "কৃষ্ণ সত্যে প্রতিষ্ঠিত হয়েন, কৃষ্ণে সত্য প্রতিষ্ঠিত হয়, সত্য হইতেও সত্য কৃষ্ণ, অতএব কৃষ্ণের নাম সত্য" এই বাক্যানুসারে আপনি সত্যনামক পরমেশ্বর আপনি ত্রিসত্য অর্থাৎ আপনার বুদ্ধি, বল ও কার্য্য সত্য। আপনার অংশসমূহও সত্য, কারণ আপনি মৎস্য-কূর্ম্মাদ্যবতারবৃন্দের উদ্গমস্থান বা অবতারী। আপনার ধামও নিত্য অর্থাৎ মথুরা-বৈকুণ্ঠাদি লোকে আপনি সর্ব্বদা স্থিত। আপনি সত্যের সত্য, আপনার বিগ্রহ নিত্য। অতএব হে নিত্যস্বরূপ! আমরা এতাদৃশ আপনার শরণাপন্ন হইলাম।২৬

হে প্রভো! আপনি যদি বলেন, "তোমরাও লোকেশ্বর ও মৎসদৃশ, অতএব আমার শরণাপন্ন হইতেছ কেন?" এইরূপ বলিবেন না, কারণ সর্ব্ব সৃষ্ট্যাদির কারণ প্রযুক্ত আপনিই একমাত্র সর্ব্বেশ্বর, আমরা আপনার আশ্রিত, লোকাদিরূপ দ্বৈত প্রপঞ্চ সমস্ত আপনা ভিন্ন কিছুই নাই, সমষ্টি ব্যষ্টি দেহরূপ এই সংসার, অনাদিকালপ্রসূত অথচ নিরন্তর পরিবর্ত্তনশীল বৃক্ষের ন্যায় প্রতীত হইতেছে। এই সংসাররূপ বৃক্ষের মূল বা আশ্রয় একমাত্র প্রকৃতি। সুখ ও দুঃখ এই দুটী ইহার ফল। সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটী গুণ ইহার মূলত্রয়, ধর্ম্ম অর্থ কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ইহার চারি রস,—শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, জিহ্বা, নাসিকা এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ইহার জ্ঞান-প্রকার। জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, বিপরিণাম, অপক্ষয়, বিনাশ এই ছয়টি অথবা শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসা এই ছয়টি ইহার স্বভাব। ত্বক্, মাংস, রুধির, মেদ, অস্থি, মজ্জা, শুক্র এই সাতটি ইহার ত্বক্ (বল্কল)। ভূমি, জল, তেজঃ বায়ু, আকাশ, মনঃ, বুদ্ধি, অহঙ্কার, এই আটটি ইহার শাখা। নয়টি ইন্দ্রিয়-ছিদ্র ইহার নয় অক্ষ অর্থাৎ কোটর। প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, নাগ, কূর্ম্ম, কৃকর দেবদত্ত, ধনঞ্জয় এই দশটি বায়ু ইহার দশ পত্র। জীব ও ঈশ্বর এই দুটি এই সংসার বৃক্ষের পক্ষী।২৭

এই প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ সংসার-বৃক্ষের আপনিই একমাত্র উৎপত্তির কারণ। আপনিই ইহার লয়ের স্থান। আপনিই ইহার পালক। (যদি বলেন ব্রহ্মা, বিষ্ণু, শিব—ইহারা সৃষ্টি স্থিতি ও পালনের কর্ত্তা আমাকে কেন এইরূপ বলিতেছ; তদুত্তর এই—যাহাদিগের বুদ্ধি আপনার মায়াদ্বারা আচ্ছন্ন, তাহারাই আপনাকে ব্রহ্মাদি বহু দেবতা

বিভর্ষি রূপাণ্যববোধ আত্মা
ক্ষেমায় লোকস্য চরাচরস্য।
সত্ত্বোপপন্নানি সুখাবহানি
সতামভদ্রাণি মুহুঃ খলানাম্ ॥২৯
ত্বয্যম্বুজাক্ষাখিলসত্ত্বধাম্নি
সমাধিনাবেশিতচেতসৈকে।
ত্বৎপাদপোতেন মহৎকৃতেন
কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিম্ ॥৩০

(এবংভূতঃ) অববোধঃ আত্মা সচ্চিদানন্দঘনৈকমূর্ত্তিঃ ত্বং চরাচরস্য লোকস্য ক্ষেমায় সতাং সুখাবহানি খলানাম্ অভদ্রাণি (বিঘ্নকরাণি) সত্ত্বোপপন্নানি (সাত্ত্বিকানি) রূপাণি মুহুঃ বিভর্ষি ধারয়সি ॥২৯

হে অম্বুজাক্ষ পদ্মপলাশলোচন! অমলসত্ত্বধাম্নি ত্বয়ি একে আবেশিতচেতসা সমাধিনা মহৎকৃতেন ত্বৎপাদপোতেন ভবাব্ধিং গোবৎসপদং কুর্ব্বন্তি ॥৩০

বলিয়া দেখে, কিন্তু যাঁহারা বিদ্বান্, তাঁহারা সেইরূপ দেখেন না, একমাত্র আপনাকেই তত্তদ্রূপে অবস্থিত অবলোকন করিয়া থাকেন। অথবা যাঁহাদিগের চিত্ত আপনার মায়াদ্বারা আচ্ছন্ন নয়, সেই ভক্তগণ আপনাকে একরূপেই দর্শন করিয়া থাকেন, আর যাঁহারা জ্ঞানাভিমান বিদ্বান্ বলিয়া অভিমান করে, তাঁহারাই আপনাকে সন্দর্শন করিয়া থাকেন।২৮

আপনি এইরূপ বলিলেন না যে, আমি দেবকীনন্দন আমাকে তোমরা এইরূপ বর্ণনা করিতেছে কেন? হে প্রভো! আপনি জ্ঞানস্বরূপ আত্মা, স্থাবর-জঙ্গমাত্মক এ-জগতের মঙ্গলার্থ ধার্ম্মিকগণের সুখকর ও অধার্ম্মিকদিগের নাশকর বিশুদ্ধ সত্ত্বময় রূপসকল ধারণ করিয়া থাকেন। অতএব আপনি কাহারও পুত্র নহেন।২৯

হে পদ্মপলাশলোচন! অখিল সত্ত্বগণের আশ্রয়স্বরূপ আপনাতে সমাধিদ্বারা চিত্ত নিবেশবশতঃ মুখ্য বিবে[illegible] সেই চিত্তদ্বারা ভবদীয় চরণতরীকে সেব্যরূপে অঙ্গীকারপূর্ব্বক এই ভব-সাগরকে গোষ্পদ এবং তুচ্ছ মনে করিয়া অনায়াসে পার হইয়া যান।৩০

স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্
ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।
ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে
নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্ ॥৩১
যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ ॥৩২

কিঞ্চ, হে দ্যুমন্ স্বপ্রকাশ! অদভ্রসৌহৃদাঃ তে ভীমং সুদুস্তরং ভবার্ণবং স্বয়ং সমুত্তীর্য্য ভবৎপদাম্ভোরুহ-নাবং ত্বৎ-চরণপোতম্ অত্র লোকতারণার্থং নিধায় (সংস্থাপ্য পারং) যাতাঃ। যতঃ ভবান্ হি সদনুগ্রহঃ ভক্তানুগ্রহকারী ॥৩১

হে অরবিন্দাক্ষ! ত্বয়ি (অস্তমতয়ঃ ভক্তিহীনাঃ অপি তু) বাদবিশুদ্ধবুদ্ধয়ঃ (তর্কনিপুণাঃ অতএব) বিমুক্তমানিনঃ যে অন্যে ন আদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ (ত্বদ্ভক্তিশূন্যাঃ তে) কৃচ্ছ্রেণ পরং মোক্ষসন্নিহিতং পদম্ আরুহ্য ততঃ অধঃ পতন্তি ॥৩২

আপনি যদি বলেন, পূর্ব্বতন সাধুগণ মদীয় চরণতরী দ্বারা ভব-সাগর পার হইয়াছেন, তবে ইদানীন্তন ব্যক্তিসকলের ভব-পারের উপায় কি? তদুত্তরে বলিতেছি—হে দ্যুমন্! (হে স্বপ্রকাশক!) সর্ব্বভূতে প্রীতিযুক্ত ভক্তগণ আপনার চরণতরীর সামীপ্যমাত্র এই ভয়ানক দুস্তর ভবার্ণব বৎসপদতুল্য হওয়ায় অনায়াসে ভব সাগর পার হইয়াও পরবর্ত্তী লোকের উদ্ধারার্থ সেই চরণতরী এই কূলে রাখিয়া অর্থাৎ শিষ্যপরম্পরা দ্বারা ভক্তিপথের সম্প্রদায় প্রচার করিয়া ভব-পারে গমন করেন, যেহেতু আপনি আপনার ভক্তগণকে অনুগ্রহ করিয়া থাকেন। যে ব্যক্তি একবার আপনাকে আশ্রয় করিয়া থাকে, তাহার আর অন্য কিছুরই অপেক্ষা থাকে না, আপনি স্বয়ং তাহাদিগকে উদ্ধার করিয়া থাকেন।৩১

হে কমলনয়ন! যাহারা আপনাতে ভক্তি স্থাপন

তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্-
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥৩৩
সত্ত্বং বিশুদ্ধং শ্রয়তে ভবান্ স্থিতৌ
শরীরিণাং শ্রেয় উপায়নং বপুঃ।
বেদক্রিয়াযোগতপঃ-সমাধিভি-
স্তবার্হণং যেন জনঃ সমীহতে ॥৩৪
সত্ত্বং ন চেদ্ধাতরিদং নিজং ভবেদ্
বিজ্ঞানমজ্ঞানভিদাপমার্জ্জনম্।
গুণপ্রকাশৈরনুমীয়তে ভবান্
প্রকাশতে যস্য চ যেন বা গুণঃ ॥৩৫

হে মাধব! ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ প্রেমযুক্তাঃ তে তাবকাঃ বৈষ্ণবাঃ তথা মার্গাৎ ক্বচিৎ ন ভ্রশ্যন্তি, (অপিতু) ত্বয়া অভিগুপ্তাঃ সমন্তাৎ পরিরক্ষিতাঃ (অতএব) নির্ভয়াঃ সন্তঃ বিনয়াকানীকপমূর্দ্ধসু বিঘ্নগণেশ-সৈন্যপানাং মস্তকেষু পদং দত্ত্বা বিচরন্তি ॥৩৩

এবম্ভূতঃ ভবান্ (অস্য) স্থিতৌ শরীরিণাং শ্রেয়ঃ উপায়নং কর্ম্মফলপ্রদং বিশুদ্ধং সত্ত্বং বপুঃ শ্রয়তে, যেন বপুষা জনঃ বেদক্রিয়াযোগসমাধিভিঃ তব অর্হণং পূজাং সমীহতে করোতি ॥৩৪

হে ধাতঃ! ইদং সত্ত্বং চেৎ (তব) নিজং বপুঃ ন ভবেৎ, তর্হি অজ্ঞানভিদাপমার্জ্জনং ভ্রমপ্রমাদনিবর্ত্তকম্ বিজ্ঞানং ন ভবেৎ। যস্য চ (সম্বন্ধিতে) যেন (বা প্রমাত্রা) গুণঃ বুদ্ধ্যাদি প্রকাশতে, (সঃ) ভবান্ গুণপ্রকাশৈঃ (সর্ব্বসাক্ষী ইতি) অনুমীয়তে ॥৩৫

না করিয়া নিজকে বিমুক্তমানী বলিয়া অভিমান করে আপনাতে ভক্তির অভাবপ্রযুক্ত মলিনচিত্ত সেই সকল মানব অতিকষ্টে বিষয় সুখ পরিত্যাগপূর্ব্বক তপস্যাদি সাধনদ্বারা মোক্ষসন্নিহিত সৎকুলে জন্মাদি পরমপদ প্রাপ্ত হইয়াও ভবদীয় পাদপদ্মের অনাদর করিয়া তাহা হইতে অধঃপতিত হইয়া থাকে।৩২

হে প্রভো! হে মাধব! যেমন স্বয়ং বিমুক্তমানিগণ ভবদীয় চরণ অনাদর করিয়া অধঃপতিত হয়, তদ্রূপ তোমার ভক্তগণ ভক্তিমার্গ হইতে কদাপি ভ্রষ্ট হয় না, যদিও বিশেষ কোন দুরদৃষ্টবশতঃ আত্মতত্ত্বাদির জ্ঞানের অভাব, স্বধর্ম্মের পরিত্যাগ ও কথঞ্চিৎ পাতকগ্রস্ত হইয়া জন্মান্তর স্বীকার করিয়া থাকেন সত্য, তথাপি আপনাতে বদ্ধসৌহৃদ্য থাকে বলিয়া "ন মে ভক্তঃ প্রণশ্যন্তি অর্থাৎ আমার ভক্ত কখনও বিনষ্ট হয় না" এই প্রতিজ্ঞাকারী আপনা কর্ত্তৃক সুরক্ষিত হইয়া বিঘ্নকারীদিগের সেনানায়কের অর্থাৎ গুরুতর বিঘ্নসকলের মস্তকে পাদ প্রদান করিয়া নির্ভয়ে বিচরণ করিয়া থাকেন।৩৩

আপনি বিশ্বপালনার্থে মানবগণের মঙ্গলপ্রদ (কর্ম্মফলদাতৃ) বিশুদ্ধ (মায়াতীত) সত্ত্ব (চিন্ময়) শরীর ধারণ করিয়া থাকেন; যে শরীর অবলম্বন করিয়া লোক বেদাধ্যয়নরূপ ব্রহ্মচারীর ধর্ম্ম, ক্রিয়াযোগরূপ গৃহস্থের ধর্ম্ম, বনবাসাদিরূপ বানপ্রস্থের ধর্ম্ম, এবং সমাধিরূপ যতির ধর্ম্ম—এই চতুর্ব্বিধ স্বধর্ম্ম দ্বারা আপনার পূজা করিয়া থাকে। আপনি শরীর ধারণ না করিলে পূজার অভাবে লোকের কর্ম্মফল সিদ্ধ হইত না।৩৪

হে ধাতঃ! সর্ব্বশক্তিধারিন্! আপনার বিশুদ্ধ সত্ত্বময় এই শরীর যদি প্রকটিত না হয়, তাহা হইলে ভজনের অভাবে "অজ্ঞান ও অজ্ঞানকৃত ভেদ" এই উভয়ের নিবর্ত্তক যে ভবদীয় সাক্ষাৎকারাত্মক বিজ্ঞান তাহাও হইতে পারে না। বুদ্ধ্যাদি জড়গুণ সকল প্রকাশ দ্বারা আপনকার সাক্ষিত্বাদি গুণ প্রকাশ হইতে পারে, কিংবা যাহার বাহ্য গুণ প্রকাশ পাইতেছে, তিনি ঈশ্বর এইরূপ আপনার অনুমান করা যাইতে পারে মাত্র। অথবা আপনি শরীর ধারণ করিয়াছেন বলিয়াই আপনার সম্বন্ধি প্রকাশ বাহুল্য এবং দুর্দ্ধর্ষত্বাদি গুণ, শ্রীদেবকী, ও বসুদেবে প্রকাশ পাইতেছে, ঐ গুণের দ্বারাই আপনি সত্য সঙ্কল্প প্রভৃতি বলিয়া অনুমিত হয়েন।৩৫

কেবল রামনাম, কেবল রামনাম, একমাত্র রামনামই আমার জীবন। সংসার-বিষয়-অন্ধ পাপকর্ম্মকারি-নরগণের রামনাম ব্যতীত অন্য কোন গতি নাই, নাই, নাই।

ভারত্ত-বিভাগে

প্রাণপ্রয়াণপাথেয়ং সংসারব্যাধিভেষজম্।
দুঃখশোকপরিত্রাণং শ্রীরামেত্যক্ষরদ্বয়ম্॥

ইতিহাসোত্তমে

শ্রীরামকীর্ত্তনে নিত্যং যস্য পুংসো ন জায়তে।
সলোমপুলকং গাত্রং স ভবেৎ কুলিশোপমম্ (?)॥
রামনামসমং নাম ন ভূতং ন ভবিষ্যতি।
তস্মাত্তদেব সঙ্কীর্ত্ত্য মুচ্যতে কর্ম্মবন্ধনাৎ॥

"শ্রীরাম" এই অক্ষর দুইটী দেহ হইতে প্রাণের চিরপ্রস্থানের পাথেয়, সংসার-রোগের উত্তম ঔষধ ও দুঃখ-শোকের পরিত্রাণকারক।

যে পুরুষের নিত্য রামনামকীর্ত্তনে গাত্র পুলকিত হয় না, সে দেহ বজ্রের তুল্য জানিবে।

রামনামের সমান নাম হয় নাই, হইবে না; সেইহেতু তাহাই সর্ব্বতোভাবে কীর্ত্তন করত কর্ম্মপাশ হইতে মানব মুক্ত হয়।

ক্রিয়াযোগসারে

যে মানবাঃ প্রতিদিনং রঘুনন্দনস্য
নামানি ঘোর-দুরিতৌঘ-বিনাশকানি।
ভক্ত্যার্চ্চয়ন্তি বিবুধপ্রবরার্চ্চিতস্য
তে পাপিনোঽপি ভটা মম নৈব দণ্ড্যাঃ॥
রামেতি নাম যাত্রায়াং যে স্মরন্তি মনীষিণঃ।
সর্ব্বসিদ্ধির্ভবেত্তেষাং যাত্রায়াং নাত্র সংশয়ঃ॥

তত্রৈব শিবঃ—

বিষ্ণোর্নামানি বিপ্রেন্দ্র সর্ব্ববেদাধিকানি বৈ।
তেষাং মধ্যে তু তত্ত্বজ্ঞৈঃ রামনাম পরং স্মৃতম্॥
নারায়ণাদি-নামানি কীর্ত্তিতানি বহূন্যপি।
আত্মা তেষাঞ্চ সর্ব্বেষাং রামনামপ্রকাশকম্॥

তত্রৈব—

রামনামপ্রভাবোঽয়ং সর্ব্ববেদৈঃ প্রপূজিতঃ।
মহেশ এব জানাতি নান্যো জানাতি বৈ মুনে॥

হে দূতগণ! যে মানবগণ প্রতিদিন ব্রহ্মা-শঙ্কর আদি শ্রেষ্ঠদেববৃন্দপূজিত ও দারুণপাপসমূহ-বিনাশক রঘুনাথের নামনিকর ভক্তি-সংকারে অর্চ্চনা করেন, তাঁহারা পাপী হইলেও আমার দণ্ডনীয় নহেন—জানিবে।

যে বুদ্ধিমান্‌গণ যাত্রাকালে 'রাম' এই নাম স্মরণ করেন, তাঁহাদের যাত্রায় সর্ব্বসিদ্ধি হয়, এ সম্বন্ধে কোনও সন্দেহ নাই।

হে বিপ্রেন্দ্র! বিষ্ণুর নামসকল সর্ব্ববেদের অধিক, তন্মধ্যে তত্ত্বজ্ঞগণ কর্ত্তৃক রামনাম শ্রেষ্ঠ বলিয়া বিবেচিত হয়।

নারায়ণাদি বহুনাম কীর্ত্তিত হইয়াছে, রামনাম সেই সকলের বিকাশকারী অর্থাৎ ব্যক্তকারক আত্মা।

হে মুনে! সর্ব্ববেদে প্রপূজিত রামনামের এই প্রভাব (তেজ) মহেশ্বরই জানেন, অন্য কেহ অবগত নহে।

ভরদ্বাজ-স্তোত্র

সীতাপতে রাম রঘূত্তমেতি
যো নাম জল্পেৎ যুধি তস্য তৎক্ষণাৎ।
দিশং দ্রবন্ত্যেব যুযুৎসবোঽপি
ভিয়ং দধানা হৃদয়েষু শত্রবঃ॥

প্রপন্নগীতায়াম্

যে কেচিদ্ দুস্তরং প্রাপ্য রঘুনাথং স্মরন্তি হি।
তেষাং দুঃখোদধিঃ শুষ্কো ভবত্যপি ন সংশয়ঃ॥

শিবসর্ব্বস্বে

শ্রুতি-স্মৃতি-পুরাণেষু রামনামসমীরিতম্।
যন্নাম কীর্ত্তনেনৈব তাপত্রয়বিনাশনম্॥
যাবন্ন কীর্ত্তয়েদ্ রামং কলিকল্মষসম্ভবম্।
তাবত্তিষ্ঠতি দেহেঽস্মিন্ ভয়ং চাত্র প্রবর্ত্ততে॥